

## স্বপ্নের ভালবাসা

### এক

এলটন'স কাফে-র সামনে একটা ঝাঁকি খেয়ে দাঁড়িয়ে পড়ল ট্রাকটা। ক্লান্ত ভঙ্গিতে ক্যাব থেকে নামল গ্যারি চেস্টার, নুড়ি বিছানো উঠানের উপর দিয়ে হোঁচট খেতে খেতে কাফের দিকে এগোল।

কাফের ভিতর বেশ ভিড়, সিগারেটের ধোঁয়া ঘন কুয়াশার মত ঝুলে আছে বাতাসে।

'হাই, চেস্টার!' ওকে একটা টেবিলে বসতে দেখে এগিয়ে এল কাফের মালিক বর্ষীয়ান এলটন। 'আবার দেখা পেয়ে ভাল লাগছে। ড্রাইভাররা আজ কেউ আর এই দুর্যোগ মাথায় করে বেরংবে না বলছে। যদি চাও, তোমাকেও একটা রুম দিতে পারব আমরা।'

'ধন্যবাদ, কিন্তু থামার কোনও উপায় নেই আমার,' বলল চেস্টার। অবসাদে আড়ষ্ট হয়ে আছে ওর চেহারা। চোখের পাতা এত নেমে এসেছে, যেন এখনই ঘুমিয়ে পড়বে। 'গরম এক কাপ কফি দাও, জলদি! কাল সকালের মধ্যে আমাকে ফ্রেন্যনো-য় পৌছাতে হবে।'

'এ লোক তো আচ্ছা পাগল দেখছি!' বলে চলে গেল বুড়ো এলটন। প্রায় সঙ্গে সঙ্গে ফিরে এল কফি নিয়ে। 'তোমরা ট্রাক ড্রাইভাররা সবাই পাগল। একটু ঘুমিয়ে নিলে কী এমন ক্ষতি হয়, অঁ্যা? তোমাকে দেখে মনে হচ্ছে অস্তত তিনিদিনের আঘুমা।'

'তোমার কি ধারণা, গাধার এই খাটনিটা খেতে আমরা মজা

পাই? জানোই তো, ট্রেনলাইন বসায় ট্রাক ভাড়া কমে গেছে, ওভারটাইম না খাটলে বট-বাচ্চা নিয়ে টিকে থাকা যায় না।'

'সাবধানে থেকো, বাছা। তোমাকে ভাল দেখাচ্ছে না। ওই ভারী ট্রাক নিয়ে পাহাড়ি পথ পাড়ি দেয়ার অবস্থা নেই তোমার।'

'ধ্যাং, থামো তো তুমি!' বিরক্ত হয়ে বলল চেস্টার। 'বলছি না গিয়ে উপায় নেই আমার!' চুমুক দিল কফিতে। 'ট্রাকে পাঁচশ' বাক্স পাকা আঙুর আছে, বুবালে, ডেলিভারি দেয়ার আগে পচন ধরলে রাস্তার ফরিদ হয়ে যাব।'

'হ্ম।' মাথা ঝাঁকাল এলটন। 'বুবাতে পারছি। যাও, মা মেরি তোমার সহায় হবেন।' জানালা দিয়ে বাইরে তাকাল ও। 'বৃষ্টিটা আজ রাতে আর ছাড়বে বলে মনে হচ্ছে না।'

'নাহ।' টেবিলে কফির দাম রাখল চেস্টার।

'পাহাড়ে ওঠার সময় সাবধান কিন্তু, ঘুমিয়ে পোড়ো না,' কয়েনগুলো তুলে নিল কাফেমালিক। 'গুডনাইট, বাছা।'

কাফের চেয়ে ক্যাবটা বেশি ঠাণ্ডা, নিজেকে আগের চেয়ে সজাগ লাগছে চেস্টারের। স্টার্ট দিয়ে ট্রাক ছেড়ে দিল, উঠে এল রাস্তায়, তারপর চোখদুটো জ্বলে নিয়ে বৃষ্টি আর অন্ধকারের ভিতর দিয়ে ছুটল।

ডানদিকে, হাইওয়ে থেকে বেশ খানিক দূরে, হিলসাইড স্যানাটোরিয়ামের উপরতলার কিছু আলোকিত জানালা দেখতে পাচ্ছে চেস্টার। ভেঁতা নাকটা কঁচকাল ও। যখনই ওটাকে পাশ কাটায়, প্রতিবার বিষাদে ছেয়ে যায় মন। ওর ধারণা, সম্ভাব্য সবরকম দুর্ঘটনা থেকে যদি ও প্রাণে বেঁচে যায়, ওর শেষ আশ্রয় হবে কোনও পাগলাগারদ। তবে না, ওখানে ভর্তি হতে পারবে না ও, হিলসাইড স্যানাটোরিয়াম শুধু বড়লোকদের জন্য।

দমকা বাতাসের সঙ্গে হাজার হাজার বর্শার মত ছুটে এসে উইন্ডশিল্ডের গায়ে আছড়ে পড়ছে বৃষ্টির ফোঁটাগুলো। রাস্তাটা খুব বেশি দূর দেখা যাচ্ছে না, হইলটা শক্ত করে চেপে ধরে সাবধানে

এগোচে চেস্টার।

হঠাত সামনের দিকে ঝুঁকল, ঝাপসা উইভশিল্ডের ভিতর দিয়ে চোখ কুঁচকে তাকাল। হাইওয়ের পাশে দাঁড়ানো একটা মেয়ের গায়ে হেডলাইটের আলো পড়েছে। তুমল বৃষ্টি হচ্ছে, অথচ সেদিকে মেয়েটির যেন কোনও খেয়াল নেই। ট্রাকটাকে আসতে দেখে কোনও সংকেতও দিচ্ছে না।

কিছু না ভেবেই ব্রেক কর্ষণ চেস্টার, রাস্তায় ঘষা খেয়ে কর্কশ আওয়াজ তুলল পিছনের চাকা। মেয়েটির পাশে থামাল ট্রাক, ক্যাব থেকে বৃষ্টির মধ্যে মাথা বের করে দিল ও। হেডলাইটের আলো এখন সরাসরি মেয়েটির গায়ে না পড়ায় ভাল করে দেখতে পাচ্ছে না। তবে মাথায় যে হ্যাট নেই, চুলগুলো মাথার সঙ্গে লেপ্টে আছে, এটুকু ওর চোখে ধরা পড়ল।

বিমুঢ় বোধ করছে চেস্টার, খানিকটা ঘাবড়েও গেছে।

‘লিফট দরকার?’ গলা চড়িয়ে জিজেস করল ও, ঝাড় বৃষ্টির আওয়াজকে ছাপিয়ে যেন শোনা যায়। ক্যাবের দরজাটাও খুলে ফেলল।

মেয়েটি একচুল নড়েছে না। চেস্টার ওর মুখের সাদা আকৃতি দেখতে পাচ্ছে, অনুভব করছে অদৃশ্য চোখ দুটো ওকে দেখছে। ‘বলছি, তোমার কি লিফট দরকার?’ বিরক্ত হয়ে গলা আরেকটু চড়াল ও। ‘তা ছাড়া, ওখানে কী জন্যে দাঁড়িয়ে আছ তুমি? এই বৃষ্টির মধ্যে?’

‘হ্যাঁ, লিফট দরকার,’ বলল মেয়েটি। চেস্টারের কানে শান্ত আর ঠাণ্ডা লাগল ওর কর্তৃপক্ষ।

হাত বাড়াল ও, মেয়েটির কবজি ধরল, তারপর টান দিয়ে ক্যাবের ভিতর নিজের পাশে তুলে আনল। ‘উফ, কী বৃষ্টি রে বাবা! এমন ভেজা রাত খুব কমই দেখেছি।’ মেয়েটির গায়ের উপর ঝুঁকে ক্যাবের দরজা বন্ধ করল। ড্যাশবোর্ডের স্লান আলোয় দেখল পুরুষদের ট্রেক্সকোট পরে আছে মেয়েটি।

‘হ্যাঁ, খুব বিচ্ছিরি বৃষ্টিটা,’ বলল ও।

‘বিচ্ছিরি বলে বিচ্ছিরি!’ বিমুঢ় ভাবটা এখনও কাটিয়ে উঠতে পারছে না চেস্টার। ভাবছে, কে ও? রাস্তায় একা কেন দাঁড়িয়ে ছিল? ওর ট্রাক দেখে হাতই বা তোলেনি কেন?

হ্যান্ডব্রেক রিলিজ করে ট্রাক ছেড়ে দিল চেস্টার। অন্ধকার চিরে আবার ছুটে চলল সেটা।

হঠাত দূরে কোথাও বান বান করে কী যেন বেজে উঠল।

‘কী ব্যাপার!’ বলল চেস্টার। ‘যেন কোথাও অ্যালার্ম বাজছে।’

‘ওটা পাগলাগারদের ঘণ্টি,’ বলল মেয়েটি। ‘ওই অ্যালার্মের মানে হলো ভাগ্যগুণে ওখান থেকে কেউ পালাতে পেরেছে।’ মৃদু শব্দে হেসে উঠল ও।

চেস্টারের কানে হাসির আওয়াজটা কেমন যেন ধাতব লাগল, গা শিরশিরি করে উঠল ওর। অ্যালার্মের করণ সুর বাতাসে ভেসে এসে এখনও ওদের কানে আঘাত করছে। ‘সত্যি কোনও পাগল পালিয়েছে নাকি?’ সামনের দিকে ঝুঁকে রাস্তার দু’পাশের বোপে চোখ বুলাচ্ছে ও, ভয় পাচ্ছে কিন্তুকিমাকার চেহারা নিয়ে কোনও উন্নাদ না আবার ট্রাকের সামনে লাফ দিয়ে পড়ে। ‘তা হলে তো আমাকে দেখতে পেয়ে খুশি হয়েছ তুমি। কোথায় যাচ্ছিলে?’

‘কোথাও না,’ বলল মেয়েটি। সামনের দিকে ঝুঁকে ভেজা উইভশিল্ডের ভিতর দিয়ে রাস্তার দিকে তাকাল।

ড্যাশবোর্ডের আলো পড়ল ওর লম্বা আর সরু হাতে। চেস্টার লক্ষ করল ওর বাম হাতে শুকনো একটা ক্ষত রয়েছে। ‘কোথাও না?’ প্রশ্ন করে হেসে উঠল ও। ‘ওরে বাপ্রে, সে তো বহুত দূর।’

‘কোথাও থেকে আসিনি আমি, কোথাও যাচ্ছি না, আমার কোনও পরিচয়ও নেই,’ বলল মেয়েটি, আশ্চর্য একটা তিক্ততা রয়েছে কথার সুরে। ‘আমি পরিত্যক্ত। সবাই আমাকে ত্যাগ করেছে...সবাই! ব্যস।’

‘ভেবো না ব্যক্তিগত বিষয়ে নাক গলাতে চেয়েছি,’ বলল

চেস্টার। ‘আমি ফ্রেনো পর্যন্ত যাব, কোথায় নামবে জানিয়ো।’  
‘ঠিক আছে,’ নির্লিঙ্গ সুরে বলল মেয়েটি।

ট্রাক এখন চড়াই বেয়ে উঠছে, আগুন হয়ে উঠেছে ইঞ্জিন, ক্যাবের ভিতর গরম লাগছে ওদের। সুম পাছে চেস্টারের, চোখ খুলে রাখতে কষ্ট হচ্ছে, অসাড় হয়ে আসছে মাথার ভিতরটা। ওর গাড়ি চালানোর মধ্যে যান্ত্রিক একটা ভাব চলে এসেছে, ভুলে গেছে পাশে বসা মেয়েটির কথা, ট্রাকের বাঁকির সঙ্গে কাপড়ের তৈরি পুতুলের মত দুলছে।

চারদিনে মাত্র হয় ঘণ্টা স্মৃতিয়েছে চেস্টার, ক্লান্তি এখন ওকে পুরোপুরি কাবু করে ফেলেছে। হঠাতে করেই নিজের উপর আর কোনও নিয়ন্ত্রণ থাকল না ওর, স্মৃতিয়ে পড়ল। সামনের দিকে বাঁকল, স্টিয়ারিং হুইলের সঙ্গে ঠুকে গেল মাথাটা।

সঙ্গে সঙ্গে জেগে উঠল চেস্টার, সিধে করল শিরদাঁড়া, নিচুগলায় অভিশাপ দিল নিজেকে। দেখল রাস্তার কিনারার দিকে ছুটেছে ট্রাক—হেডলাইটের আলোয় উঁচু জমিনের উপর অত্যন্ত উজ্জ্বল দেখাচ্ছে সবুজ ঘাস।

ঘাস ঢাকা উঁচু একটু জমিন সামনে, তারপরেই গভীর খাদ। দ্রুত ভুইল ঘোরাল চেস্টার, কর্কশ আওয়াজ তুলে রাস্তার মাঝখানে ফিরে আসছে সামনের দুই চাকা, পিছনের চাকাগুলো কিনারার উঁচু জমিনের গায়ে চড়ল, তবে চূড়ায় না উঠে প্রচণ্ড বাঁকি দিয়ে ফিরে এল নীচে।

ট্রাকের পিছনে টাওয়ারের মত উঁচু হয়ে আছে আঙুর ভরা বাক্স। রশি দিয়ে বাঁধা ওগুলো, তারপুলিনে ঢাকা, তা সত্ত্বেও মারাত্মক ভঙ্গিতে এদিক-ওদিক কাত হলো। এক মুহূর্তের জন্য চেস্টারের মনে হলো, আর রক্ষে নেই, ট্রাকটা এবার উল্টে যাচ্ছে। তবে না, নিজেকে সিধে করে নিল যন্ত্রদানব, আঁকাবাঁকা পথ ধরে আবার ছুটল স্বাভাবিক গতিতে।

‘উ-উফ! দুঃখিত।’ হাঁপাচ্ছে চেস্টার, পাঁজরে বাড়ি খাচ্ছে

হৎপিণ্টটা। ‘আমার বোধহয় তন্দ্রা চলে এসেছিল।’ ঘাড় ফিরিয়ে মেয়েটির দিকে তাকাল, ভাবছে দেখতে পাবে ঠক ঠক করে কাঁপছে।

কিন্তু কীসের ভয়, উইন্ডশিল্ডের ভিতর দিয়ে সোজা সামনের দিকে তাকিয়ে রয়েছে মেয়েটি—সম্পূর্ণ শান্ত, চুপচাপ, যেন কিছুই ঘটেনি।

‘তোমার ভয় লাগেনি?’ জিজেস করল চেস্টার, ওর শান্ত ভাব দেখে অস্বস্তি বোধ করছে। ‘আরেকটু হলে তো খাদে পড়ে যেতাম আমরা।’

‘আমরা মারা যেতাম, তাই না?’ নরম সুরে বলল মেয়েটি, বাতাসের গর্জনকে ছাপিয়ে কোনও রকমে শুনতে পেল চেস্টার। ‘আপনি বুঝি মরতে খুব ভয় পান?’

ভোঁতা নাকটা কোঁচকাল চেস্টার। ট্রাকে বসে এভাবে কথা বললে অমঙ্গল হয়, বলল চেস্টার। ‘রোজই মানুষ ট্রাক অ্যাক্সিডেন্টে মারা যাচ্ছে।’ তীক্ষ্ণ একটা বাঁক ঘোরার জন্য স্পিড কমাল ও, সামনের রাস্তা ক্রমশ উঁচু হয়ে উঠে গেছে পাহাড়ের গা বেয়ে। ‘একটা কিছু ধরে শক্ত হয়ে বসো—রাস্তাটা ভাঙ্গাচোরা।’

বাঁক ঘোরার পর দু’পাশে এখন ঘন বোপ দেখতে পাচ্ছে ওরা। বোপের পর একদিকে গভীর পাহাড় খাদ, আরেকদিকে আকাশ ছো�ঁয়া পাহাড়। নড়েচড়ে বসে গিয়ার বদলাল চেস্টার, বুকে হেঁটে এগোচ্ছে যেন ট্রাক, মাত্রা ছাড়া খাটনি হওয়ায় আহত পশুর মত গোঙাচ্ছে ইঞ্জিন।

‘বাতাস ঝামেলা করবে আরও খানিক ওপরে উঠলে,’ গলা চড়িয়ে মেয়েটিকে বলল চেস্টার। এরইমধ্যে বাতাসের হুক্সার শুনতে পাচ্ছে ওরা। ইঞ্জিন আর বাতাসের গর্জনের সঙ্গে আরও একটা একটানা আওয়াজ কানে ঢুকল, সন্দেহ নেই সামনে কোথাও পাথরধস শুরু হয়েছে। ‘ফাঁকা উপত্যকা ধরে ছুটে এসে পাহাড়ের গায়ে আছড়ে পড়ছে এই বাড়। গেল বছৰ এরকম

একটা ট্রিপে বাতাসের কারণে আটকা পড়েছিলাম আমি, আরেকটু ওপরে।'

মেয়েটি কিছু বলছে না, এমনকী ওর দিকে একবার তাকাচ্ছেও না। চেস্টার ভাবল, কি যেন বলল তখন ও? কোথাও থেকে আসিনি আমি, কোথাও যাচ্ছি না, আমার কোনও পরিচয়ও নেই। আমি পরিত্যক্ত। সবাই আমাকে ত্যাগ করেছে...সবাই! মনে হয় কারও উপর অভিমান হয়েছে ওর। কে জানে, বাড়ি থেকে পালিয়েও আসতে পারে।

মাথা নাড়ল চেস্টার, মেয়েটির জন্য দুশ্চিন্তা হচ্ছে।

তবে পরবর্তী তীক্ষ্ণ বাঁকটা ঘোরার সময় ট্রাক চালানো ছাড়া অন্য সবকিছু ভুলে গেল অভিজ্ঞ ড্রাইভার। হঠাতে করে বন্য প্রাণীর হিস্তান নিয়ে ওদের উপর বাঁপিয়ে পড়ল বাতাস। থর থর করে কেঁপে উঠে প্রায় দাঁড়িয়ে পড়ল ট্রাক—ওরা যেন কোনও নিরেট পাঁচিলের সঙ্গে ধাক্কা খেয়েছে। ক্যাচ ক্যাচ আওয়াজ করছে কেবল উইন্ডশিল্ড-ওয়াইপার, পানি সরাতে পারছে না। বৃষ্টির পরদা এত গাঢ়, কিছুই দেখা যাচ্ছে না সামনে।

একটা গালি দিল চেস্টার, দাঁতে দাঁত চেপে এক্সিলারেটের পেডাল দাবাল। বাঁকি খেয়ে এগোতে চেষ্টা করল ট্রাক, এক ইঞ্জিন দুই ইঞ্জিন করে এগোচ্ছে, কিন্তু বাতাসের সঙ্গে পেরে উঠছে না, এমনি সময়ে রাস্তার উপর আঙ্গুরভর্তি বাল্কাণলো খসে পড়বার আওয়াজ পেল ও; রশির বাঁধন ছিঁড়ে, তারপুলিন একপাশে সরিয়ে দিয়ে ছিটকে বেরিয়ে যাওয়ার পথ করে নিয়েছে ওগুলো।

'হায় যিশু!' প্রায় চেঁচিয়ে উঠল চেস্টার। 'মারা পড়েছি, মা মেরি! সর্বনাশ হয়ে যাচ্ছে আমার!'

রিভার্স গিয়ার দিয়ে ট্রাকটাকে পিছিয়ে নেওয়ার চেষ্টা করল ও। ধপাধপ আরও বাক্স খসে পড়ছে রাস্তার উপর। পাহাড় ঘেঁষে পিছু হটছে ওরা, পিছনে ফেলে আসা বাঁকে ফিরে গিয়ে আশ্রয় নেবে।

হঠাতে চেস্টার অনুভব করল খাদের দিকের চাকাগুলো পিছলাচ্ছে। 'খসে পড়ব আমরা,' ভাবল ও, ভয়ে কাঠ হয়ে গেছে। ইচ্ছে হলো ক্যাবের দরজা খুলে লাফ দেয় নীচে, নিজেকে বাঁচায়, কিন্তু ট্রাক আর কার্গোর মায়া কোনওমতে ত্যাগ করতে পারছে না।

খাদের দিকে পিছলাতে শুরু করেছিল ট্রাক, কী মনে করে নিজে থেকেই সিধে হলো আবার। পিছনের চাকা কিনারা ছাড়িয়ে প্রায় ঝুলে পড়তে গিয়েও সামলে নিয়েছে, বাঁকটা ঘুরে নিরাপদ আশ্রয়ে পৌঁছাতে পারল ওরা।

এক কষল চেস্টার, ইঞ্জিন বন্ধ করল, তারপর হ্যান্ডব্রেক টেনে দিয়ে হেলান দিল সিটে—প্রতিটি পেশি কাঁপছে থরথর করে, মুখের ভিতরটা শুকনো খসখসে শিরিশ। 'বড় বাঁচা বেঁচে গেছি,' বলল ও, ক্যাপটা মাথার পিছন দিকে ঠেলে দিল, ঘামে ভেজা কপালটা মুছল আস্তিন দিয়ে। 'সত্যি, বড় বাঁচা বেঁচে গেছি!'

'এখন কি হবে?' জিজ্ঞেস করল মেয়েটি, আগের মতই ঠাণ্ডা আর শাস্তি।

কিছু বলবার ধৈর্য হলো না, তবে কতটা কী ক্ষতি হয়েছে দেখবার জন্য বাতিটা জ্বলে বৃষ্টির মধ্যে নেমে গেল চেস্টার। হেডলাইটের আলোয় চোখে পড়ল রাস্তার উপর এখানে-ওখানে ছড়িয়ে রয়েছে বেশ কয়েকটা বাক্স। কিছু ভেঙে গেছে, আলো লাগায় চকচক করছে খেঁতলানো আঙ্গুরের হলদেটে থোকা।

চেস্টার ভাবছে, আর উপায় নেই, এখন তাকে বাধ্য হয়ে সকাল হওয়ার জন্য অপেক্ষা করতে হবে। গত বছরের মতই মাল-সামান খুইয়ে পাহাড়ের উপর আটকা পড়ে গেছে সে।

ঘুমাতে হবে ওকে, তা না হলে মারা যাবে। ক্লাস্ট, ভেজা শরীর নিয়ে ক্যাবে ফিরে এল চেস্টার। উপরে ওঠার সময় দেখল, মেয়েটি সরে এসে ওর সিটে বসেছে, স্টিয়ারিং হাঁটলের পিছনে। এত বেশি পরিশ্রান্ত যে ওকে সরতে বলবারও ইচ্ছে হলো না,

ক্যাবের এক কোণে কাত হয়ে চোখ বুজল।

কাল সকালে কী কী কাজ, কতটুকু লোকসান হয়েছে, এ-সব  
কিছুই ভাববার সুযোগ হলো না চেস্টারের, চোখ বন্ধ করবার সঙ্গে  
সঙ্গে তলিয়ে গেল সে গভীর ঘুমে।

## দুই

কতক্ষণ ঘুমিয়েছে বলতে পারবে না চেস্টার। ঘুম ভাঙল  
জোরালো ঝাঁকি আর তীক্ষ্ণ আওয়াজে। চোখ মেলে দেখল  
রকেটের বেগে ঢাল বেয়ে নেমে যাচ্ছে ট্রাক, অন্ধকারের ভিতর  
হেডলাইটের আলো যেন জ্বলন্ত বল্লম। ঘুম আর বিহ্বলতায়  
অসাড়, তারই মধ্যে টের পেল ট্রাকটা ও নয়, ঢালাচ্ছে মেয়েটি।  
এই সময় তীক্ষ্ণ আওয়াজটার তাংপর্যও বুবাতে পারল—ওটা  
সাইরেনের শব্দ। হাইওয়ে পেট্রল পুলিশ ওদের পিছু নিয়েছে।

চেস্টার এখন সম্পূর্ণ সজাগ। ‘কী করছ তুমি?’ মেয়েটির  
উদ্দেশে চেঁচিয়ে উঠল ও। ‘এক্ষুনি থামো! আমার মাল  
ফেলে...পিছনে পুলিশ লেগেছে...তুমি শুনতে পাচ্ছ না? থামো  
বলছি!'

ওর কথা যেন শুনতে পায়নি মেয়েটি, হইলের পিছনে পাথুরে  
স্ট্যাচুর মত বসে আছে, পা দিয়ে চাপ বাড়াচ্ছে গ্যাস পেডালে।  
স্পিড দ্রুত থেকে দ্রুততর হচ্ছে, একসময় মারাত্মকভাবে এদিক-  
ওদিক কাত হতে শুরু করল ট্রাক। পিছনে, তারপুলিনের ভিতর,  
পরস্পরের সঙ্গে অনবরত বাঢ়ি খাচ্ছে বাক্সগুলো।

‘তুমি পাগল নাকি?’ ট্রাকের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলতে পারে,  
এই ভয়ে মেয়েটিকে ধরতে গিয়েও হাত টেনে নিল, সাহস পাচ্ছে

না চেস্টার। ‘এখনই পাহাড় থেকে পড়ে যাব আমরা! ট্রাক  
থামাও, বোকা মেয়ে!’

কিন্তু নিষ্পাণ মূর্তির কানে কিছুই ঢুকছে না। অন্ধকার, বৃষ্টি  
আর প্রচণ্ড বাতাসের ভিতর দিয়ে বিপজ্জনক গতিতে ছুটে চলেছে  
ওরা।

পিছনে ওদেরকে হ্রফি দেওয়ার সুরে বেজে চলেছে  
সাইরেন। ক্যাবের জানালা দিয়ে মাথা বের করে ট্রাকের  
পিছনাকে তাকাল চেস্টার। ওর মুখ আর মাথা সঙ্গে সঙ্গে ভিজে  
গেল। নিঃসঙ্গ একটা হেডলাইট মিটামিট করছে ওদের পিছনে।  
ধারণা করল, হাই-স্পিড মোটর-সাইকেল নিয়ে কোনও স্টেট  
পুলিশ ওদের পিছু নিয়েছে।

সিধে হয়ে মেয়েটির দিকে তাকাল ও, চিংকার করে বলল,  
‘পেছনে পুলিশ! ট্রাকের সামনে চলে আসছে! ওর কাছ থেকে  
কিছুতেই পালানো যাবে না! রাস্তার ধারে ট্রাক থামাও!’

হেসে উঠে মেয়েটি বলল, ‘দেখতেই পাবেন পালানো যাবে  
কি যাবে না!’ বাতাস আর ইঞ্জিনের শব্দকে ছাপিয়ে উঠল ওর  
কঠস্বর, ধাতব সুরটা কানে বাজায় আবার শিরশির করে উঠল  
চেস্টারের গা।

‘তুমি আমার সর্বনাশ করছ! দোহাই লাগে, বোকামি কোরো  
না!’ সাহস করে মেয়েটির দিকে খানিক সরে এল চেস্টার। ‘যে-  
কোনও মুহূর্তে একটা কিছুর সঙ্গে ধাক্কা খাবে ট্রাক। এই রাস্তায়  
কোনও মোটর-সাইকেলকে খসানো অসম্ভব। লক্ষ্মী মেয়ে, প্রিজ,  
গাড়ি থামাও! অনুন্য করছে ও।

সামনে হঠাৎ চওড়া হতে শুরু করল রাস্তা। যা হওয়ার এখনই  
হবে, ভাবল চেস্টার। পাশ কাটিয়ে এগিয়ে যাবে পুলিশ, তারপর  
মোটর-সাইকেলটা ঘুরিয়ে নেবে ওদের দিকে, সামনের পথ  
আগলে রেখে ট্রাকটাকে বাধ্য করবে থামতে। তবে, বিপদে  
পড়বে মেয়েটা। আমার বিরংদে পুলিশ কোনও অভিযোগ তুলতে

পারবে না। বন্ধ পাগল, দায়িত্বজ্ঞানহীন একটা মেয়ের পাল্লায় পড়েছি!

চেস্টার যা ভেবেছে ঠিক তা-ই হলো। হঠাৎ একটা ইঞ্জিনের গর্জন ভেসে এল, হেডল্যাম্পের চোখ-ধাঁধানো আলো দেখা গেল, ওদেরকে পাশ কাটিয়ে সামনে চলে গেল স্টেট পুলিশ। লম্বা-চওড়া কাঠামো, পরনে কালো রেইনকোট, হ্যান্ডেলবারের উপর ঝুঁকে রয়েছে মাথাটা।

হাইওয়ে পেট্রল পুলিশের সার্জেন্ট মাত্র কয়েক মিনিট হলো শিফটিং ডিউটি শুরু করেছে, ওর উপর নির্দেশ আছে প্রতিটি যানবাহন সার্চ করে দেখতে হবে।

‘এবার তোমাকে থামতেই হবে,’ গলার রগ ফুলিয়ে বলল চেস্টার। ‘রাস্তার মাঝখানে থাকবে মোটর-সাইকেল, ধীরে ধীরে স্পিড কমে আসবে। তুমি না থামলে ট্রাকের নীচে চাপা পড়বে অফিসার।’

‘সেক্ষেত্রে ওকে চাপাই দেব আমি,’ শান্ত গলায় বলল মেয়েটি।

হাঁ করে ওর দিকে তাকিয়ে থাকল চেস্টার। হঠাৎ উপলক্ষ করল, এই মেয়ের পক্ষে তা সম্ভব, এ সব পারে! ‘সত্যি তুমি পাগল?’ চিন্কারটা নিজের কানেই বিকৃত শোনাল। পরমুহূর্তে একটা লাফ দিল ওর হৃৎপিণ্ড। বুরোছে এবার! হিলসাইড স্যানাটোরিয়াম! অ্যালার্ম বেল! ‘ওই অ্যালার্মের মানে হলো, ভাগ্যগুণে ওখান থেকে কেউ পালাতে পেরেছে।’ গলার আওয়াজে ধাতব সুর!... ‘কোথাও থেকে আসিনি আমি, কোথাও যাচ্ছি না, আমার কোনও পরিচয়ও নেই। আমি পরিত্যক্ত। সবাই আমাকে ত্যাগ করেছে...সবাই।’

‘সেক্ষেত্রে ওকে চাপাই দেব আমি।’

মেয়েটা পাগল! হিলসাইড স্যানাটোরিয়াম থেকে ও-ই তা হলে পালিয়েছে! পুলিশ ওর পিছু নিয়েছে, আবার ও-ই

পাগলাগারদে ফিরিয়ে নিয়ে যাবে ওকে!

ওর কাছ থেকে দূরে সবে গেল চেস্টার, কোটুর থেকে চোখ দুটো ঠিকরে বেরিয়ে আসতে চাইছে, ভয়ে অন্তরাত্মা পর্যন্ত শুকিয়ে গেছে ওর। নিজেকে বোঝাল, ভয় পেলে চলবে না। কিছু একটা করতে হবে। তা না হলে পুলিশ অফিসারকে খুন করবে মেয়েটা, তাকে খুন করবে, মারা যাবে নিজেও। পাগল যে, কার কী হবে না হবে গ্রাহ্য করবে না।

চেস্টার ভাবল কোনওভাবে যদি ইগনিশন সুইচের নাগাল পেত ও! তবে ভাবছে সাহস করে কাজটা করা কি উচিত হবে? তাতে যদি আপসেট হয়ে পড়ে পাগলী? ট্রাকটা তখন হয়তো রাস্তা ছেড়ে অন্যকোনও দিকে ছুটবে।

চেস্টারের বুকের ভিতর যেন একটা ঘোড়া ছুটছে। শ্বাসকষ্ট শুরু হলো ওর। ক্যাবের জানালা দিয়ে বাইরে তাকাল ও।

এখন আবার ঢাল বেয়ে উঠছে ওরা। ওদের বাম দিকে সাদা রঙ করা কাঠের বেড়া, শুরু হয়েছে কয়েক মাইল পিছনে, আঁকাবাঁকা রাস্তার পাশের দীর্ঘ খাদটাকে ঘিরে রেখেছে। মেয়েটি যদি বাম দিকে স্টিয়ারিং ঘোরায়, তা হলে ওরা শেষ। তবে রাস্তা ছেড়ে ডান দিকে গেলে বাঁচার একটা সুযোগ পাওয়া যেতেও পারে—ক্ষীণ, তবে গ্যাস ট্যাঙ্ক বিক্ষেপিত হওয়ার আগে ট্রাক থেকে হয়তো বেরতে পারবে ওরা।

হঠাৎ চোখে পড়ল, পুলিশ অফিসার ওদেরকে থামবার সংকেত দিচ্ছে। ওর ক্যারিয়ারের পিছনের সাইন ঘন ঘন জুলছে আর নিভচ্ছে: পুলিশ / স্টপ!

‘দয়া করে এবার থামো, বাছা!’ মরিয়া হয়ে চেঁচিয়ে উঠল চেস্টার। ‘তোমাকে নয়, আমাকে ধরতে এসেছে অফিসার। তোমার ভয় পাবার কোনও কারণ নেই...’

আপনমনে হেসে উঠল মেয়েটি। সামনের দিকে ঝুঁকে ঝাপসা, মিটমিটে সাইনটা ভাল করে দেখবার চেষ্টা করল। ওর

তাব দেখে চেস্টারের মনে হলো, ট্রাকটাকে ওটার দিকে তাক করতে চাইছে সে।

চেস্টার দেখল, পুলিশ অফিসার স্পিড কমাচ্ছে। বাইক আর ট্রাকের দূরত্ব দ্রুত কমে আসছে। হেডলাইটের চোখ-ধাঁধানো আলো স্থির হয়ে আছে লোকটার পিঠে।

‘এ-ও একটা গাধা!’ ভাবল চেস্টার। ‘মেয়েটা যে পাগল, নিশ্চয়ই ওর জানা আছে। বোৰা উচিত ওকে চাপা দেবে।’ জানালা দিয়ে মাথা বের করল ও, তারপর বাইকের উপর ঝুঁকে থাকা আকৃতির উদ্দেশে চিংকার করে বলল: ‘সরে যান! পাগলীটা আপনার ওপর দিয়ে ট্রাক চালিয়ে দেবে! আরে, আপনি গাধা নাকি? এক পাশে সরে যান! ও আপনাকে চাপা দিতে যাচ্ছে!'

ওর মুখের শব্দ ছিনিয়ে নিল বাড়ো বাতাস, কোনও কাজে না লেগে কোথায় মিলিয়ে গেল সব। বাতাস আর ইঞ্জিনের গর্জন ছাড়া অন্য কিছু শুনতে পাচ্ছে না পুলিশ অফিসার। এখনও রাস্তার মাঝাখানে অটল, ধীরে ধীরে স্পিড কমিয়ে আনছে। হেডলাইটের আলো আছড়ে পড়ছে পিঠে। ট্রাকের সামনের বাম্পার ওর বাইকের পিছনের চাকা থেকে বিশ ফুট দূরেও নয় এখন।

আকস্মাত বাট করে ঘুরেই ইগনিশন কী লক্ষ্য করে ছো মারল চেস্টার। ক্ষিপ্রবেগে বাধা দিল মেয়েটি, যেন তৈরি হয়েই ছিল—আঙুলগুলো বাঁকিয়ে আঙটার মত করে ওর মুখে খামচি দিল। চামড়া কেটে মাংসে গেঁথে গেল ধারাল নখগুলো। দিক বদলাচ্ছে ট্রাক, ঘাস ঢাকা উঁচু জমিনে উঠে পড়ছে, তারপর আবার রাস্তায় ফিরে এসে সিধে হলো।

মুখে হাত বুলাচ্ছে চেস্টার, হু হু করে জ্বালা করছে ক্ষত, আঙুলের ফাঁক গলে রক্ত গড়াতে শুরু করেছে। ব্যথা আর আতঙ্কে ওর মুখের চামড়া কুঁচকে রয়েছে।

তারপর, মুখ তুলে তাকাতেই, দেখতে পেল ব্যাপারটা। কাঁধের উপর দিয়ে পিছনদিকে তাকাল পুলিশ অফিসার, চমকে উঠে নিজের বিপদ্টা টের পেল। এক পলকের জন্য কাদা মাখা, গগলস্ পরা মুখটা দেখতে পেল চেস্টার—খুলে যাচ্ছে মুখ, শব্দহীন চিংকার বেরংচে।

খিল খিল করে হেসে উঠে গ্যাস পেডালে আরও জোরে চাপ দিল মেয়েটি। দুটো বাহন যেন শুন্যে ঝুলে আছে; পালাবার চেষ্টা করছে বনের হরিণ, এখনই বাঁপিয়ে পড়বে ওর উপর হিংস্র বাঘ, নাগালের মধ্যে পেলেই টুঁটি কামড়ে ধরবে। কিন্তু অবশ হয়ে গেছে লোকটার সমস্ত পেশি। আতঙ্কিত অফিসার কিছু করে ওঠার আগেই প্রকাণ্ড যন্ত্রদানব প্রচণ্ড শক্তিতে বাঁপিয়ে পড়ল ছোট বাইকটার উপর।

এক ধাক্কায় শূন্যে উঠে পড়ল বাইক। বাতাসের গর্জন সত্ত্বেও অফিসারের আতঙ্কিত চিংকার শুনতে পেল চেস্টার। সংঘর্ষের আওয়াজটাও ভেসে এল। ধাক্কা খেয়ে পাহাড়ের গায়ে আছড়ে পড়েছে তার বাইক। সঙ্গে সঙ্গে বিস্ফোরিত হলো কমলা শিখা।

‘লোকটাকে মেরে ফেললে!’ চিংকার করছে চেস্টার। ‘তুমি উন্মাদ! তুমি ভয়ঙ্কর একটা পিশাচিনী!'

কিছু চিন্তা না করেই সামনের দিকে ঝুঁকল চেস্টার, ইগনিশনের চাবি লক্ষ্য করে আবার ছো মারল—এবার তৈরি ছিল, মাথাটা নিচু করে নিয়ে বাঁকা আঙুলের হামলা থেকে রক্ষা করল নিজেকে। চাবিটাকে ঘোরাতে পেরেছে ও, ভুইলটাও হাতের মধ্যে এসে গেছে।

ওটাকে ডানদিকে ঘুরিয়ে পাহাড়ের গায়ে ট্রাক তুলে দেওয়ার চেষ্টা করছে চেস্টার, কিন্তু মেয়েটির গায়ে প্রচণ্ড শক্তি, ধন্তাধন্তি করে ওর সঙ্গে পারা যাচ্ছে না। রাস্তার উপর মাতালের মত আচরণ করছে ট্রাক, আর ক্যাবের ভিতর চলছে ভুইলের দখল

নিয়ে যুদ্ধ।

দুটো মুখ একেবারে কাছে চলে এল। সবুজ কাঁচের পিছনে এক জোড়া ল্যাম্প যেন মেয়েটির চোখ দুটো। ওকে অভিশাপ দিচ্ছে চেস্টার, চোয়াল লক্ষ্য করে ঘুসি চালাল। কাত হয়ে পড়ল ট্রাক, মেয়েটির গালের পাশে লেগে পিছলে গেল ঘুসিটা।

এবার হইলের পিছন থেকে সরে এসে চেস্টারের উপর বাঁপিয়ে পড়ল মেয়েটি, দু'হাত বাড়িয়ে ওর গলাটা টিপে ধরেছে, লম্বা আঙুলগুলো ডেবে যাচ্ছে মাংসের ভিতর।

রাস্তা থেকে বেরিয়ে যাচ্ছে ট্রাক। সাদা কাঠের বেড়া ভেঙে ফেলল। হেডলাইটের আলো বন করে ঘুরে গেল অতল গহুরের দিকে। কিনারায় পৌঁছে গেল ট্রাক, মাডগার্ডের ভিতর বাড়ি খাচ্ছে নুড়ি পাথর। ভাঙ্চুরের কর্কশ ধাতব আওয়াজ হলো, শুন্যে এক মুহূর্ত ঝুলে থাকল ট্রাকটা, তারপর খসে পড়ল নীচের উপত্যকায়।

কাকে লিফট দিয়েছিল ও? কে এই অঙ্গুত মেয়ে? কিছুই আর জানা হলো না চেষ্টারের।

## তিনি

হঠাতে ঘুম ভেঙে যাওয়ায় ভয় ভয় লাগছে। চোখ খুলছে না, বোঝার চেষ্টা করছে ও কে, কোথায় রয়েছে, কী কারণে ঘুমটা ভাঙ্গল। দিন কয়েক হলো নতুন এই উপসর্গটা দেখা দিয়েছে—ঘুম ভাঙ্গার পর সঙ্গে সঙ্গে সব কথা মনে পড়ে না, বেশ কিছুটা সময় লাগে নিজেকে চিনতে।

ও হ্যাঁ, ওর নাম লিয়ন কারমেন। স্প্যানিশ-আমেরিকান, পদার্থ বিজ্ঞানে পিএইচডি, আমেরিকার ন্যাশনাল আন্ডারওয়াটার

অ্যান্ড মেরিন এজেন্সির প্রজেক্ট ডিরেক্টর। বয়স উন্নতি, অবিবাহিত, মা-বাবা বেঁচে নেই।

প্রশান্ত মহাসাগরের তীরে; দক্ষিণ ক্যালিফোর্নিয়া, লস অ্যাঞ্জেলেসে থাকে ওরা—বত্রিশ তলা অ্যাপার্টমেন্ট ভবনের বাইশতলার একটা ফ্ল্যাটে। ওরা মানে, ও আর ওর ছোট বোন।

পুরানো সেই চিনচিনে মাথাব্যথাটা ঘুমাতে যাওয়ার আগে যেমন ছিল, এখনও তেমনি আছে; বরং একটু যেন বেড়েছে। ঘুমটা কি তা হলে সেজন্যই ভাঙ্গল?

কয়েক সেকেন্ড কান পেতে থাকল লিয়ন। কোথাও কোনও শব্দ নেই। তারপরেও খুঁতখুঁত করছে মন, অন্য কোনও কারণে ঘুম ভাঙ্গনি তো?

রাত এখন কত হতে পারে? বেডসাইড টেবিলে রাখা হাতঘড়ির নাগাল পাওয়ার জন্য অন্ধকারে হাতড়াতে গিয়ে হঠাৎ স্থির হয়ে গেল লিয়ন। খুটখাট আওয়াজ হচ্ছে। ওর বেডরুমে নয়, পাশের বেডরুমে। খুক করে কাশল ও।

‘ভাইয়া, তুমি এখনও জেগে?’ অন্ধকারে নরম গলা ভেসে এলো অলিভার, নিজের কামরা থেকে এই ঘরে চলে আসছে।

‘হ্যাঁ...’

‘সেই মাথাব্যথাটা?’

‘হ্যাঁ। তুই ঘুমাসনি?’

জবাব না দিয়ে অলিভা বলল, ‘মাথাটা টিপে দেব?’

‘না, ব্যথা আরও বেড়ে যাবে,’ বলল লিয়ন, অনুভব করল ওর বিছানার পাশে এসে দাঁড়িয়েছে অলিভা। ‘তোরও বুঝি সেই ইনসোমনিয়া?’

‘হ্যাঁ, আজ নিয়ে তিনি রাত ঘুমাইনি,’ ম্লান সুরে বিড়বিড় করল অলিভা। ‘খোলা ছাদে চারঘণ্টা হেঁটে ঠাণ্ডায় শরীর বরফ হয়ে গেল, কিন্তু কিছুতেই ক্লান্ত হতে পারছি না।’

‘কেন, লক্ষ্মীটি, ঘুমের ওষুধ খেলেই তো পারতি!’

‘না,’ বলল অলিভা।  
‘কালই আমি ডাক্তারের সঙ্গে কথা বলব,’ নরম সুরে বলল লিয়ন।

‘না।’  
‘কিন্তু দিনের পর দিন কেন ঘুম আসছে না সেটা জানতে হলে তো...’

‘তুমি চাইছ আবার আমি ছাদে হাঁটতে যাই?’ হঠাৎ বলল অলিভা। ‘তুমি জানো ডাক্তার, হাসপাতাল, চিকিৎসা, ওষুধ, —এগুলো সব আমার চরম শক্র, আমার প্রতিপক্ষ। ওদের সিস্টেমের একটাই লক্ষ্য, আমাকে রোগী বানানো। অথচ আমি জানি আমার কোনও অসুখ নেই।’

মনে মনে উদ্বিগ্ন হয়ে উঠল লিয়ন। ‘তবু চেষ্টা করে দেখতে হবে ঘুমটা যাতে আসে, জানতে হবে কেন আসছে না।’

কয়েক সেকেণ্ড চুপ করে থাকার পর বিড়বিড় করে জবাব দিল অলিভা। ‘আমার মন খারাপ।’

‘কেন মন খারাপ?’  
‘তা জানি না।’  
‘কেউ তোকে বকেছে?’ জানতে চাইল লিয়ন।  
‘তুমি ছাড়া আমার আর আছে কে যে বকবে!’  
‘আমার তো মনে পড়ে না তোকে কখনও বকেছি।’

‘একটু যদি বকাবকা করতে,’ ধীরে ধীরে বলল অলিভা, ‘হ্যাতো অন্যরকম হতাম। কিছুটা যে নষ্ট হয়েছি, সে তো তোমার আদর আর লাই পেয়েই।’

‘মন খারাপ... আর কী হয়?’  
‘কেউ আমাকে ডাকে। একা শুধু আমি শুনতে পাই। তার সেই ডাকে আমার সাড়া দিতে ইচ্ছে করে।’  
‘তুই চলে গেলে আমার কী হবে?’ জানতে চাইল লিয়ন। ‘তা ছাড়া, আমাকে ফেলে চলে যেতে তোর খারাপ লাগবে না?’

‘তুমি আমার মনটা ভাল করে দাও। তা হলেই আমার ঘুম চলে আসবে। ঘুমাতে পারলে তোমাকে ছেড়ে কোথাও আমার যেতে ইচ্ছে করবে না।’

‘মন খারাপ... কাউকে ভালবাসিস?’  
‘না...হ্যাঁ... আসলে ব্যাখ্যা করাটা খুব কঠিন। সত্যিই ভাল একজনকে বাসি...কতটুকু গভীর তা নিজেরই জানা নেই।’  
‘আমাকে ওর নামটা বলবি, প্লিজ?’

‘না, ভদ্রলোককে আলোচ্য বিষয় করে তোলাটা উচিত হবে না,’ মৃদুকণ্ঠে বলল অলিভা। ‘বিশেষ করে আমি নিজে যেখানে দ্বিধায় ভুগছি।’

‘ভদ্রলোক? কোনও ছেলে নয়?’  
‘তু-তুমি এত বেশি কৌতূহল দে-দেখাচ্ছ যে আমার কাছে রী-রীতিমত আপত্তিকর...’ ক্লান্ত পায়ে নিজের বেডরুমে ফিরে যাচ্ছে অলিভা।

‘এই শোন, যাবি না!’ হেসে উঠে তাঢ়াতাঢ়ি বলল লিয়ন। হাত বাঢ়িয়ে বেডসাইড টেবিল থেকে রিস্টওয়াচ নিয়ে কবজিতে পরছে। ভোর পাঁচটা। সকাল হতে আর মাত্র এক ঘণ্টা বাকি। ‘যে খবরটা সব সময় তুই আমাকে দিস, আজ আমি সেটা তোকে দিতে পারি।’

দরজার কাছে পৌঁছে থমকে দাঁড়াল অলিভা। ‘বুঝলাম না। কী খবর দিই তোমাকে আমি?’

‘তোর মাসুদ ভাই এখন এখানে—আমেরিকায়।’  
এক নিমেষে আনন্দে নেচে উঠল অলিভার সমগ্র অস্তিত্ব।  
অতি কষ্টে নিজেকে স্বাভাবিক রেখে জিজেস করল, ‘সত্যি?’

‘সত্যি।’  
‘ঠিক কোথায় এখন মাসুদ ভাই?’ জানতে চাইল অলিভা।  
‘লস অ্যাঞ্জেলেসে আসছে?’ উত্তরটা শোনার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছে ও।

রানার নাম শুনলে ওর বোনের মধ্যে কী হয়, বুবাতে পারে না তা নয়, কিন্তু এ যে অসম্ভব একটা ব্যাপার... ধীরে-সুস্থে জবাব দিল লিয়ন, ‘তা এখনও আমি জানি না রে।’

আজ আর অফিসে যাওয়া হবে না ওর। কথা ছিল সাগরে নোঙুর ফেলা নুমার রিসার্চ শিপ স্টার ওয়ান-এর ল্যাব দেখতে যাবে আজ, স্টোও বাতিল করতে হবে। ‘তবে এক কাজ করলে পারি... ওদের অফিসে গিয়ে জেনে নেয়া যায়। তুই কী বলিস?’

হাসি ফুটল অলিভার মুখে। বোনকে নিয়ে আজ বেড়াতে বেরুবে লিয়ন, ওর মনটা যাতে ভাল হয়। মন ভাল থাকলে খুব সহজেই ঘূম চলে আসে।

ফ্ল্যাটবাড়ি থেকে সকাল ন'টায় বেরিয়ে এসে সারাটা দিন শহরময় টো টো করে ঘুরে বেড়াচ্ছে ওরা। প্রথমেই অলিভাকে নিয়ে হলিউডে ঢুকল লিয়ন, দু'একটা সিনেমার শুটিং দেখল, লাখও খেল বিখ্যাত গোল্ডেন ইন রেস্টুরেন্টে।

বেড়াতে বেরিয়ে শুরু থেকেই বাংলাদেশকে নিয়ে গল্প করছে ওরা। এ-বিষয়ে অলিভার আগ্রহই বেশি। খানিক পর প্রসঙ্গটা ‘এল’ টার্ন নিয়ে মাসুদ রানায় গিয়ে স্থির হলো।

‘প্রায় সমবয়েসী বন্ধু তোমরা,’ বলল অলিভা। ‘তার মানে মাসুদ ভাই আমার চেয়ে অত্তত বারো বছরের বড়।’

‘বয়সে আমার চেয়ে দুই-এক বছরের ছোটই হবে রানা, তবে অভিজ্ঞতার দিক থেকে কমকরেও একশো বছর পিছিয়ে আছি আমি ওর থেকে,’ বলল লিয়ন।

ওর কথায় সায় দিয়ে মাথা ঝাঁকাল অলিভা, তারপর বলল, ‘নুমার অনেক এক্সপিডিশনে একসঙ্গে ছিলে তোমরা। তোমাদের বন্ধুত্ব পরীক্ষিত, তুমিই বলেছ, পরম্পরের জন্যে করতে পার না এমন কোনও কাজ নেই।’

‘তা ঠিক।’

‘তা হলে আজ তুমি আমাকে এমন একটা অভিযানের কথা শোনাও, যেটায় মাসুদ ভাই নির্ঘাত মৃত্যুর হাত থেকে বাঁচিয়েছে তোমাকে।’

বিকেলের দিকে অলিভাকে নিয়ে প্রিয় বন্ধুর ইনভেস্টিগেশন ফার্ম রানা এজেন্সির লস অ্যাঞ্জেলেস শাখায় চলে এল লিয়ন। অফিসের সবাই খুব ভালভাবে চেনে ওদেরকে, পছন্দও করে, বিশেষ করে অলিভাকে। মন ভাল থাকলে যে-কোনও মানুষের মধ্যে ওর শিল্পীসুলভ আনন্দময় উচ্ছ্বাস সংক্রমণে অলিভার কোনও জুড়ি নেই। তবে ওদের কারও জানা নেই যে এখানে যেদিন আসে সেদিনই শুধু ভাল থাকে ওর মনটা, বাকি দিনগুলো নরকযন্ত্রণার মধ্যে কাটে মেয়েটির।

বহুবার বলেছে, তবু ওর প্রশ্নের জবাবে শাখাপ্রধান নাহিদ নিয়াজ ধৈর্য ধরে আবার একবার ব্যাখ্যা করল রানা এজেন্সির এজেন্ট হতে হলে একটা মেয়ের কী ধরনের যোগ্যতা থাকা দরকার।

তারপর কথায় কথায় জানা গেল রানা এখন নিউ ইয়র্কে; তিন-চারদিনের মধ্যে লস অ্যাঞ্জেলেসে একবার আসতে পারে।

দশ মিনিট পর বিদায় নিয়ে আবার পথে বেরুল ওরা। কান পেতে অপেক্ষা করছে লিয়ন। এখন কী শুনবে জানা আছে ওর।

গাড়িতে চড়ার আগেই ওর কাঁধে হাত রাখল অলিভা, তারপর কানের কাছে ঠুঁটি তুলে ফিসফিস করে বলল: ‘ভাইয়া, আমাদের ফ্ল্যাটে ছোট একটা পার্টি দেবে তুমি। দেবে তো? মাসুদ ভাইকে দাওয়াত দিতে ভুলো না যেন।’

লিয়নের কাছে ব্যাপারটা নতুন কিছু নয়। রানা স্টেটস-এ এসেছে জানতে পারলে এই আবদারটা করবেই অলিভা, আর ওকে সেটা রক্ষাও করতে হবে। কারণ, পরের কয়েকটা দিন খুব ভাল কাটবে বোনটির।

## চার

পাঁচ মাস পর। লস অ্যাঞ্জেলেস।

আজকের পার্টিটা এইমাত্র ভাঙল। অত্যন্ত ঘনিষ্ঠ মাত্র কয়েকজন বন্ধুকে দাওয়াত দিয়েছিল লিয়ন। তারা চলে গেছে, শুধু রানা যেতে পারেনি এখনও। জোর-জবরদস্তি করে ওকে ধরে রেখেছে অলিভা।

লিভিং রুমের একপ্রান্তে, খোলা জানালার সামনে একা দাঁড়িয়ে পূর্ণিমার চাঁদ দেখছে লিয়ন। কামরার আরেক প্রান্ত থেকে ওর দিকে তাকিয়ে রয়েছে রানা।

রানা জানে, শাস্ত ও বিষণ্ণ প্রকৃতির মানুষ লিয়ন, তবে এ-ও জানে, শামুকের মত নিজেকে গুটিয়ে রাখাটা ওর স্বভাব নয়। নিঃস্বার্থ পরোপকারী বলে কেউ আছে কি না জিজ্ঞেস করলে, সন্দেহ নেই, নুমার লোকজন ওর নামটাই প্রথমে উচ্চারণ করবে। চেনা হোক বা অচেনা, যে-কোনও মানুষের বিপদে ঝাপিয়ে পড়বার একটা নেশা আছে ওর মধ্যে, কারও কোনও সাহায্য প্রয়োজন হলে বলতে হয় না, সবার আগে এগিয়ে যাবে লিয়ন।

কী কারণে বলা মুশ্কিল, নুমার অনারারি স্পেশাল প্রজেক্ট ডিরেক্টর মাসুদ রানাকে খুব পছন্দ করে লিয়ন। বেশ কয়েক বছর আগেই সেটা প্রকাশ পেয়েছে।

সে-সময় ডিটেকশন সম্পর্কে প্রবল আগ্রহ দেখা গিয়েছিল লিয়নের মধ্যে। সময় পেলে রানা এজেন্সির লস অ্যাঞ্জেলেস শাখায় আসা-যাওয়া করত, শখের বশে জটিল কিছু কেস নিয়ে মাথা ঘামিয়েছে। বেশ কয়েকটা কেসের সমাধানও করে দিয়েছে

লিয়ন।

রানার হিসাবে, ওর সাকসেস রেট অ্যাভারেজের চেয়ে অনেক উপরে। কিন্তু এই কাজের বিনিময়ে কোনও সম্মানী নিতে রাজি করানো যায়নি ওকে। বলেছে, তোমার অফিস মানে আমারও অফিস, এখানে দেনা-পাওনার কোনও ব্যাপার নেই।

তারপর দেখা গেছে, সাগরতলে বা মেরু অঞ্চলে যে-কোনও এক্সপিডিশনে পদার্থবিদ দরকার হলে নিজের নামটা তালিকায় রাখতে বলেছে লিয়ন—তার আগে অবশ্যই জেনে নিয়েছে সেখানে মাসুদ রানা থাকছে কি না।

প্রথমদিকে ওদের মধ্যে কথবার্তা বা ভাব বিনিময় খুব কমই হয়েছে। তবে আচরণ আর ভাবভঙ্গ থেকে স্পষ্ট বোঝা গেছে, রানা সম্পর্কে তীব্র কৌতুহল আছে ওর, রানার সঙ্গ পছন্দ করে, কোনও সাহায্যে লাগতে পারলে খুশি হয়। এ-সব দেখে রানাও খুশিমনে বন্ধুত্বের হাত বাড়িয়ে দিয়েছে।

তারপর অনেকগুলো বছর পার হয়ে গেছে। আপদে-বিপদে, সুখে-দুঃখে পরস্পরকে যতটা সন্তুষ্ট সাহায্য করেছে ওরা, সেজন্য প্রাণের উপর বুঁকি নিতে হলে নির্দিধায় তা-ও নিয়েছে, ধীরে ধীরে আরও গাঢ় আর অচেছে হয়ে উঠেছে ওদের বন্ধুত্ব।

বন্ধু বিষণ্ণ আর চুপচাপ, ব্যাপারটা লক্ষ করে সোফা ছাড়ল রানা, ওর পাশে গিয়ে দাঁড়াল। ‘কী রে, কিছু হয়েছে নাকি?’ জিজ্ঞেস করল। ‘এমন মনমরা হয়ে আছিস যে?’

‘না, কী আর হবে... আগের সেই মাথাব্যথাটা... বড় ভোগাচ্ছে রে!’ একটা দীর্ঘশ্বাস গোপন করল লিয়ন।

সঙ্গে সঙ্গে নয়, একটু পর জানতে চাইল রানা, ‘তুই তা হলে সেই আগের পণেই অটল থাকবি, ডাঙ্কার দেখাবি না?’

‘তুই তো জানিস, ডাঙ্কার দেখাতে আমার ভয় করে,’ বলল লিয়ন। ‘তবে কী জানিস, আমার বাবারও এরকম মাথাব্যথা ছিল। কতদিন বেঁচে ছিল ধারণা কর দেখি।’

‘ধারণা করতে হবে কেন, আমি জানি, অলিভা আমাকে  
বলেছে—পঁচাশি বছর বেঁচে ছিলেন তিনি।’

‘কাজেই চিন্তা করিস না, সামান্য এই মাথাব্যথা আমাদেরকে  
বিছিন্ন করতে পারবে না,’ বলে হেসে উঠল লিয়ন, রানার কানে  
পরিষ্কার ধরা পড়ল বেদনার একটা অস্পষ্ট সূর রয়েছে হাস্টার  
মধ্যে। এবার ওর পালা দীর্ঘশ্বাস গোপন করবার।

এই সময় দুই বান্ধবীকে বিদায় দিয়ে দমকা বাতাসের মত  
ওদের দিকে ছুটে এল অলিভা। ফ্ল্যাটে রানার পা পড়তে যা দেরি,  
সেই থেকে হাসি আর আনন্দে বিভোর হয়ে আছে মেয়েটা।  
‘মাসুদ ভাই! হাত ধরে টান দিল, একরকম টেনে-হিঁচড়েই  
জানালা আর লিয়নের কাছ থেকে সরিয়ে নিয়ে গেল রানাকে।

রানাকে নিয়ে মুখোমুখি সোফায় বসল অলিভা, বলল, ‘রবি  
ঠাকুরের সেই কবিতাটা আমি মুখস্ত করে ফেলেছি, মাসুদ ভাই।  
বলছি, শুনে বলো ঠিক হলো কি না।’

‘শুনি।’

শুন্দ করল অলিভা: ‘প্রথম দিনের সূর্য প্রশংসন করেছিল সত্তার  
নৃতন আবির্ভাবে—কে তুমি? মেলেনি উন্নত। বৎসর বৎসর চলে  
গেল। দিবসের শেষ সূর্য শেষ প্রশংসন উচ্চারিল, পশ্চিম সাগর তীরে,  
নিষঙ্ক সন্ধ্যায়—কে তুমি? পেল না উন্নত।’

‘বাহ, একদম নিখুঁত উচ্চারণ!’ রানার প্রশংসায় অতিরঞ্জন  
নেই এতটুকু।

খানিক পর ঘাড় ফিরিয়ে ওদের দিকে একবার তাকিয়ে  
আবার একটা দীর্ঘশ্বাস চাপল লিয়ন। হাসি-আনন্দ-গানে নিজে  
তো মেতে আছেই, সেই সঙ্গে রানাকেও মাতিয়ে রেখেছে  
অলিভা। কে বলবে ওর বিষণ্ণ বিবর্ণ বোনটার মন বছরের তিনশ’  
পঁয়ষষ্ঠি দিনই খারাপ থাকে!

অলিভার শৈশব থেকে দেখছে, পৃথিবীর কোনও কিছুই ওকে  
খুশি করতে পারে না। কোনওদিন পারবে বলে আশাও করেনি

লিয়ন। তবে বছর দুয়েক হলো ওকে বিস্মিত করে দিয়ে অন্তুত  
একটা ব্যাপার ঘটছে।

ওদের বাড়িতে রানা এলেই সীমাহীন হাসি-আনন্দে পাহাড়ি  
ঝরনার মত উচ্ছল ও আত্মহারা হয়ে ওঠে অলিভা। পৃথিবীর  
সবচেয়ে সুখী আর পরিত্পত্তি ঘোড়শী বলে মনে হয় তখন ওকে।  
ওর সমগ্র অস্তিত্ব থেকে জলতরঙের মত স্বর্গীয় সুর ধ্বনিত হয়।  
সুগন্ধী গোলাপকুঁড়ির সমষ্টি হয়ে ওঠে ওর কোমল কাঠামো, সব  
যেন একযোগে বিকশিত হতে শুরু করে, ওর আঁকা ছবিগুলো  
হয়ে ওঠে মাস্টারপিস।

ঘাড় ফিরিয়ে আবার ওদের দিকে তাকাল লিয়ন। সোফায়  
হেলান দিয়ে রয়েছে রানা, স্টোর হাতলে বসে ওর দিকে ঝুঁকে  
কী যেন একটা আবদার জানাচ্ছে অলিভা। কথা শেষ করে অধীর  
আগ্রহে তাকিয়ে থাকল রানার মুখের দিকে।

‘তুমি এখন ছেলেমানুষ, অলিভা,’ শান্ত গান্ধীর্যের সঙ্গে ওকে  
বোঝাবার চেষ্টা করল রানা। আর্ট কলেজে সবে থার্ড ইয়ারে  
উঠেছে অলিভা। ‘বড় হও, লেখাপড়া শেষ করো, তারপরেও যদি  
তোমার আগ্রহ থাকে, নিয়ে নেব তোমাকে রানা এজেন্সিতে; দেখা  
যাবে, কত রহস্য উদ্ঘাটন করতে পার তুমি।’

‘আমি যথেষ্ট বড় হয়েছি, আগামী মাসে আঠারোয় পড়ব,’  
প্রবলবেগে মাথা নেড়ে প্রতিবাদের সুরে বলল অলিভা, ‘কাজেই  
আমাকে ছেলেমানুষ বলার মানে হলো—তুম এড়িয়ে যাচ্ছ। তবে  
না, আজ এত সহজে পার পাবে না—তোমার এজেন্সিতে একটা  
চাকরি এবার আমাকে দিতেই হবে।’

আরও ক’মিনিট পর উদ্ধিঙ্গ হয়ে লক্ষ করল লিয়ন, অলিভার  
আবদার ধীরে ধীরে জেদে পরিণত হচ্ছে। শুধু তাই নয়, ওর  
ঠোঁটের উপর বিন্দু বিন্দু ঘাম জমছে, কেমন যেন একটু খেপাটে  
হয়ে উঠেছে চেহারা। একপা-দু’পা করে ওদের দিকে এগোল ও,  
রানার মুখোমুখি একটা সিঙ্গেল সোফায় বসল, অপেক্ষা করছে

কখন রানার সঙ্গে চোখাচোখি হবে।

রানাও বুঝতে পারছে, ক্রমেই সিরিয়াস হয়ে উঠছে অলিভা। অগত্যা বাধ্য হয়ে বলল, ‘ঠিক আছে, দেখি কী করা যায়। তার আগে জানা দরকার লিয়নের এতে অনুমতি আছে কি না। কী রে, তুই চাস অলিভা আমার এজেন্সিতে চাকরি করুক?’

‘হ্যাঁ, মন্দ কী,’ সঙ্গে সঙ্গে জানাল লিয়ন। ‘পার্ট-টাইম একটা জব তো ও করতেই পারে।’

ওর দিকে অবাক হয়ে তাকিয়ে থাকল রানা। তারপর প্রতিবাদের সুরে শুরু করল, ‘কী বলছিস, লিয়ন, ওর লেখাপড়া তো তা হলে গোলায়...’

বন্ধুর উদ্দেশে একটা চোখ টিপল লিয়ন।

‘আচ্ছাহ, বেশ, তুই যখন বলছিস,’ কিছুক্ষণ ইতস্তত করে অনিচ্ছাসত্ত্বেও বলল রানা, ‘ঠিক আছে তা হলে...’

‘থ্যাক্ষ ইউ, মাসুদ ভাই, থ্যাক্ষ ইউ!’ লাফ দিয়ে সোফার হাতল ছাড়ল অলিভা, বন করে ঘুরে ছুটে গেল ভাইয়ের দিকে। ঘুঁকে আলিঙ্গন করল ওকে, তারপর নাচের ছন্দে লাফাতে লাফাতে বেরিয়ে গেল লিভিং রুম থেকে।

একটু পর ওর বেডরুমের দরজা বন্ধ হওয়ার আওয়াজ ভেসে এল। তারপর শোনা গেল অলিভার মিষ্টি গলার অস্পষ্ট গান।

‘হঠাতে চাকরির আবদার... কী ব্যাপার?’ জানতে চাইল রানা, কিছুই বুঝতে পারছে না ও।

‘প্রেম,’ বড় করে একটা নিঃশ্঵াস ফেলে বলল লিয়ন।

প্রথমে হতভয় হয়ে পড়লেও, পরমুহূর্তে রেগে গেল রানা। ‘এই শালা, এটা কি ঠাট্টা করার মত কোনও বিষয়?’

নিজের ঠোঁটে একটা আঙুল রেখে ধীরে ধীরে সোফা ছাড়ল লিয়ন। এগিয়ে এসে ওর হাত ধরে বলল, ‘আয়, তোকে একটা জিনিস দেখাই।’

রানাকে নিয়ে প্যাসেজে বেরিয়ে গেল লিয়ন। কয়েক পা হেঁটে

একটা কামরার সামনে থামল। পকেট থেকে চাবি বের করে তালা খুলছে, ঘাড় ফিরিয়ে চট করে একবার দেখে নিল অলিভার কামরার দিকটা। তারপর দরজার কবাট খুলে চুকে পড়ল ভিতরে। রানা জানে, এটা অলিভার স্টুডিয়ো—দিন রাত পাগলের মত ছবি আঁকে ও খানে। লিয়নের পিছু নিয়ে চুকল রানাও।

ঘরের আলো জ্বলে দরজায় তালা লাগাল লিয়ন। কিছুই বলতে হলো না, যা দেখবার রানা নিজেই দেখতে পাচ্ছে। কামরার ভিতর যেখানেই ওর চোখ পড়ছে, সব দেয়ালে অসংখ্য ক্যানভাস। প্রতিটি ক্যানভাসে তেলরঙে আঁকা শুধু রানা আর রানা। শিল্পী অলিভা।

ডেক্সের ড্রয়ার থেকে একটা ডায়েরি বের করে প্রথম পাতা উল্টে রানার হাতে ধরিয়ে দিল লিয়ন। কারও ডায়েরি তার অজান্তে পড়া অত্যন্ত অনৈতিক কাজ, তবু বন্ধুর মাত্রাছাড়া আগ্রহ দেখে খোলা পাতায় চোখ বুলাল রানা। অলিভা লিখেছে: ‘মাসুদ ভাই আমার প্রথম ও শেষ প্রেম। মাসুদ ভাইকে ছাড়া আমি বাঁচব না। আমি ওকে ভালবাসি।’ ভুরু কেঁচকাল রানা।

আরেক জায়গায় লিখেছে: ‘স্বপ্নের মধ্যে আমি মাসুদ ভাইয়ের ডাক শুনতে পাই। ওর সেই ডাকে আমি সাড়া দিই। কিন্তু বাস্তব জীবনে ওর ডাক পাবার অপেক্ষায় বসে থাকাটা খুব বোকামি হবে। এখানে আমিই ওকে ডাকব, বাধ্য করব সাড়া দিতে। যেমন করে হোক, ওকে আমার পেতেই হবে... পেতেই হবে।’

হতচিকিত বন্ধুর হাত ধরে টান দিল লিয়ন। ‘আয়, সব কথা বলছি তোকে।’ রানাকে নিয়ে লিভিং রুমে ফিরে এল, ডায়েরিটা আগের জায়গাতে রেখে এসেছে।

হ্রাস্ফরি আধ খালি একটা বোতল আর দুটো গ্লাস নিয়ে মুখোমুখি সোফায় বসল ওরা।

দশ মিনিট পর শুরু করল লিয়ন—

ছোটবেলা থেকে অলিভার মাথায় খানিকটা প্রবলেম আছে,

তোকে বলেছি। তুইও নিশ্চয়ই টের পেয়েছিস, মানসিক দিক থেকে ও পুরোপুরি সুস্থ নয়। যত দিন যাচ্ছে, ততই বাড়ছে রোগটা। ডাক্তাররা বলছেন, যা করতে চায় তা-ই করতে দিতে হবে, তা না হলে রোগটা দ্রুত নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে। ভাল চিকিৎসার জন্য স্যানাটেরিয়ামে ভর্তি করা একান্ত দরকার, কিন্তু কোনওভাবেই ওকে রাজি করানো যাচ্ছে না।

ব্যাপারটা সিরিয়াস কিছু নয়, স্বেফ সাময়িক একটা মানসিক অসুস্থতা, এটা উপলব্ধি করে হালকা বোধ করল রানা। সেই মুহূর্তেই নিজের সিদ্ধান্ত জানিয়ে দিল বন্ধুকে: বেশ তো, অলিভা যা চাইছে তাই হবে—আমাদের লস অ্যাঞ্জেলেস শাখায় কাল থেকে বসুক ও। কখন কতক্ষণ বসতে হবে, অ্যাপ্রেনচিস হিসাবে কত বেতন পাবে ইত্যাদি সব জানিয়ে দেবে নাহিদ নিয়াজ।

হাত বাড়িয়ে বন্ধুর কাঁধটা ধরে ম্যু চাপ দিল লিয়ন। ‘বড় দুশ্চিন্তায় ছিলাম, রে। অসংখ্য ধন্যবাদ, তুই আমাকে বাঁচালি।’

‘আরে, ব্যাটা, এর মধ্যে ধন্যবাদ দেয়ার কী পেলি?’ বলল রানা। ‘অলিভা আমারও তো বোন—ওর জন্যে এটুকু যদি করতে না পারি... কী যে বলিস না!'

## পাঁচ

রানা এজেন্সিতে যোগ দিয়েছে দুই হাণ্ডাও হয়নি, অলিভার তীক্ষ্ণ বুদ্ধি তাক লাগিয়ে দিল সবাইকে। মাত্র দু'দিনের মধ্যে এজেন্সির কাজের ধারা বুঝে নিল ও। জটিল যে-কোন সমস্যা চট করে সমাধান করে দিতে পারে, লাইন অভ অ্যাকশন স্থির করতে সময় নেয় মাত্র কয়েক মিনিট। ফলে অচিরেই শাখার সবাই ওর ভঙ্গ

হয়ে পড়ল। খবরটা অন্যান্য ব্রাঞ্চেও পৌছে গেল দ্রুত।

ক্যালিফোর্নিয়া বিরাট রাজ্য, এই রাজ্যে বড় বড় শহরও কম নয়, অনেক শহরেই রানা এজেন্সির একটা করে শাখা আছে। ডাক পেলেই আশপাশের এরকম শাখায় আসা-যাওয়া শুরু করল অলিভা। দূরের ব্রাঞ্চ থেকেও প্রায়ই ওর সাহায্য চাওয়া হচ্ছে। আর সেটাৰ সুযোগও নিচে অলিভা। পড়াশোনা গোল্লায় গেল।

ধীরে ধীরে টের পেতে শুরু করল রানা, ওর ঘাড়ে কী এসে চেপেছে। মাত্র চার মাসেই অলিভার পাগলামি অস্থির করে তুলল ওকে।

রানা আমেরিকায় এলে হয়, কোথায় আছে জেনে নিয়ে ঠিক সেখানে হাজির হয়ে যাবে অলিভা। হয়তো আবদার করে বলবে, দামি কোনও রেন্টোরাঁর টেবিল রিজার্ভ করে রেখেছে, ওর সঙ্গে ডিনার খেতেই হবে। কিংবা আজ ওর জন্মদিন, ওকে সঙ্গে নিয়ে কনসার্ট শুনতে যেতে হবে। রানার সান্নিধ্য পাওয়ার জন্য অজুহাতের অভাব কখনওই হয় না ওর। এবং সরল নিরীহ ভঙ্গিতে এমন আবদার ধরে, রানা না পারে রাগ করতে, না পারে প্রত্যাখ্যান করতে।

নিজেকে বোবায় ও, ওর নিজের একটা ছোট বোন থাকলে সে-ও তো এরকম আবদার করতে পারত, তাই না? তারপর নিজেকে তিরক্ষার করেছে—বোন থাকলে আবার কী, অলিভাই তো সে-ই বোন আমার।

তবে শান্তভাবে তাকে বুঝিয়েছে রানা—নানান ধরনের শক্তির বিরুদ্ধে কাজ করতে হয় ওকে, সে-সব খুবই বুঁকিপূর্ণ কাজ। যে-কোনও সময় তাদের টার্গেট হয়ে যেতে পারে অলিভা, সেটা ওদের দুজনের জন্যই অত্যন্ত বিপজ্জনক হয়ে উঠতে পারে। কিন্তু ওসব কথায় কোনও কাজ হয়নি। চুপচাপ শোনে, কিন্তু মানে না।

এরপর অভিনয় শুরু করল রানা, এমন ভাব দেখাল অলিভার আচরণে ও যেন অতিষ্ঠ হয়ে উঠেছে। তাতেও কাজ না হওয়ায়

এমনকী কঠিন ভাষায় ধরক দিয়ে বারণ করেছে অ্যাপয়েন্টমেন্ট না করে অলিভা যেন ওর সঙ্গে দেখা করতে না আসে, যদিও মেয়েটির প্রতি এত বেশি স্নেহ এসে গেছে যে পর পর কয়েকদিন দেখা না হলে নিজেই খারাপ লাগে ওর।

এবার কিছুটা কাজ হলো। সরাসরি রানার সঙ্গে দেখা করা বন্ধ হলো অলিভার। তার বদলে শুরু হলো চুপিসারে অনুসরণ। যেখানেই যায় রানা, পিছু নিয়ে সেখানেই ওর যাওয়া চাই।

রানার চোখে সবই ধরা পড়ে। একদিকে প্রশ্রয়ের হাসি, আরেকদিকে পাগলী মেয়েটার নিরাপত্তার কথা ভেবে শঙ্কা। ওকে ডেকে আবার বুঝিয়েছে ও, কাজটা ভাল করতে না অলিভা—ওর শক্র ও মিত্র, দু'পক্ষই তাকে টার্গেট করতে পারে।

বোঝালে বোবে অলিভা; তবে রানার সঙ্গ পাওয়ার জন্য দিন কয়েক পর নতুন কৌশল অবলম্বন করে। সত্যি বলতে কি, প্রায় সময় ব্যাপারটা উপভোগই করে রানা। একটা সময় তো কেটেই যাবে এই পাগলামি।

কিন্তু এরপর পরিস্থিতি অন্যরকম হয়ে গেল। কোনও রকম রাখ-ঢাক নয়, একদিন ওর হোটেল স্যুইটে ঢুকে পরিষ্কার ভাষায় রানাকে সরাসরি বলল অলিভা: ‘তোমাকে আমি ভালবাসি। স্বীকার করো, তুমি ও আমাকে ভালবাসো।’

‘কান্টা টেনে ছিঁড়ে দেব, বুঝালে?’ ধরকে উঠে চোখ রাঙ্গাল রানা। ‘তুমি দেখছি সত্যি সত্যি বখে গেছ, ফাজিল মেয়ে!’

‘আমি তোমার সন্তানের মা হতে চাই, মাসুদ ভাই,’ শান্ত দৃঢ়তার সঙ্গে বলল অলিভা। ‘তোমাকে যে ভালবেসেছি, তার একটা চিহ্ন থাকা দরকার। ভালবাসার মধ্যে কী এমন অন্যায় দেখলে যে কান টেনে ছিঁড়তে হবে?’

অলিভার দুঃসাহস দেখে আর ভাষা শুনে এক মুহূর্ত বোবা হয়ে থাকল রানা। তারপর বলল, ‘কিন্তু আমি তো তোমাকে ভালবাসি না...’

মাথা নাড়ল অলিভা, তারপর সবজান্তার ভঙ্গিতে হেসে উঠে বলল, ‘বাসো, আমি জানি। তুমি আমাকে ভালবাস জেনেই তোমাকে আমি ভালবেসেছি। তুমি রোজ স্বপ্নে আমাকে ডাকো। লিয়ন ভাই কী মনে করবে ভেবে স্বীকার করতে ভয় পাচ্ছ তুমি।’

রানা বুঝাল, এই মেয়ের সঙ্গে তর্ক করা বৃথা। এ-ও উপলক্ষ্মি করল যে অলিভার মানসিক রোগটা কমা তো দূরের কথা, দিনে দিনে আরও বাড়ছে। ‘এ-সব তোমার ভুল ধারণা,’ শুরু করল ও, কিন্তু অকস্মাত অলিভার চেহারা বদলে যাচ্ছে দেখে থেমে গেল। এরকম আগেও কয়েকবার হতে দেখেছে ও।

হঠাৎ করেই লাল হয়ে উঠেছে অলিভার চোখ দুটো, দৃষ্টিতে রোমহর্ষক কী যেন রয়েছে। গালের একপাশে থরথর করে কাঁপছে পেশিগুলো, যেন ওগুলোর উপর ওর কোনও নিয়ন্ত্রণ নেই। ‘এ-সব আমার ভুল ধারণা, না?’ ফিসফিস করে বলল ও। ‘তুমি আমাকে ভালবাস না, না?’ হাঁপাতে শুরু করেছে। ‘আমি আত্মহত্যা করলে তখন বাসবে?’

সাবধান হয়ে গেল রানা, নরম করল গলা। ‘ঠিক আছে, ব্যাপারটা নিয়ে চিন্তা করার জন্যে কটা দিন সময় দাও আমাকে,’ মনুকষ্টে বলল ও। ‘চলো, আজ আমরা ব্যালে দেখতে যাই, তারপর ভাল কোনও রেস্তোরাঁয় ডিনার খাওয়া যাবে, কি বলো? তুমি রাজি, প্রিজ?’

বেশ খানিক সময় নিয়ে, ধীরে ধীরে শান্ত হয়ে এল অলিভা। মাথা বাঁকিয়ে বলল, ‘রাজি।’

রানা সিদ্ধান্ত নিয়েছে ভাল একজন সাইকিয়াট্রিস্টের সঙ্গে ও নিজে কথা বলবে, জিজেস করবে এরকম পরিস্থিতিতে কী করা উচিত ওর।

‘হ্যাঁ, ঠিক আছে,’ লক্ষ্মী মেয়ের মত ওর প্রস্তাবটা মেনে নিল অলিভা। ‘কটা দিন কেন, আমি তোমার জন্যে জনম-জনম অপেক্ষা করতে রাজি আছি।’

এর দু'দিন পরেই হঠাৎ জরুরি একটা কাজে দেশে ফিরতে হলো রানাকে। কাজের মধ্যে থাকলেও, এমন ব্যবস্থা করে রেখেছে যে নিয়মিত রিপোর্ট পায় কোথায় কী করে বেড়াচ্ছে পাগলী বোনটা। দিনের বড় একটা অংশ কাটে ওকে নিয়ে কী করা যায় তা-ই ভেবে।

রানা যখন আমেরিকায় থাকে না, ওর গন্ধ শুকে বেড়ায় অলিভা। রানা এজেন্সির শাখা আছে এমন সব শহরে চলে যায় ও, অফিসে ঢুকে শাখাপ্রধানকে বলে: ‘আমাকে তো চেনেনই, আমি অলিভা, মাসুদ রানার ফিয়াসে। পিল্জ, রানার চেম্বারটা খুলে দিন; ওখানে বসে দরকারী কয়েকটা কাজ সারব আমি।’

চেম্বারে ঢোকার পর রানাকে ফোন করে অলিভা। হঠাৎ কোনওদিন হয়তো পেয়েও যায় ওকে। ‘মাসুদ ভাই, তোমার চেম্বার থেকে বলছি। তুমি এখানে নেই, কিন্তু এ-ঘরের বাতাসে তোমার গন্ধ ভেসে আছে...’

‘তুমি ভাল আছ, লক্ষ্মী বোন আমার?’

ওর সম্মেধন শুনে ধূমক দিয়েছে অলিভা, ‘অ্যাই, কে তোমার বোন, অ্য়া? সব বুবি আমি, এ-সব তোমার এড়িয়ে যাবার কৌশল। কিন্তু সে সুযোগ তুমি পাচ্ছ না...’

এবারও ফোন করল অলিভা, তবে কোনও শাখা অফিস থেকে নয়, এমনকী আমেরিকা থেকেও নয়। অবিশ্বাস্য হলেও সত্যি, রানার পিছু নিয়ে বাংলাদেশে চলে এসেছে মেয়েটা। সোনার গাঁ হোটেলে উঠেছে, রাত দুপুরে রানার ফ্ল্যাটের নম্বরে ফোন করে বলছে: ‘আই লাভ ইউ, আই লাভ ইউ, আই লাভ ইউ, রানা। কোনও দূরত্ব বা বাধা আমি গ্রাহ্য করি না—দেখো, কেমন চলে এসেছি।’

‘চলে এসেছ... তুমি কোথায়?’ আকাশ থেকে পড়তে যাচ্ছে রানা।

‘কটা দিন সময় চেয়েছিলে, মনে আছে?’ বলল অলিভা।

‘তারপর দুই হঞ্চা পার হয়ে গেছে। তোমার উত্তরটা জানতে এসেছি। আমি ঢাকায়, এইমাত্র সোনার গাঁয়ে উঠেছি।’

‘ঠিক আছে,’ নিজেকে দ্রুত সামলে নিয়ে বলল রানা। ‘তোমার স্যুইট নম্বর বলো, আমি আসছি।’ নামকরা একজন সাইকিয়াট্রিস্টের সঙ্গে আলাপ করেছে ও, সিদ্ধান্ত নিয়েছে তাঁর পরামর্শ অনুসারেই এগোবে।

রাত একটা। নক করতে স্যুইটের দরজা খুলে দিল অলিভা।

ভিতরে ঢুকল রানা, দরজাটা বন্ধ করছে, আবেগের আতিশয়ে ওর গলা ধরে ঝুলে পড়বার চেষ্টা করল অলিভা।

‘ছাড়ো, অলিভা,’ শান্ত, দৃঢ় কঠে বলল রানা। হাসি নেই মুখে। ‘এটা ছেলেমানুষি করার সময় নয়, আমরা এখন অত্যন্ত সিরিয়াস একটা ব্যাপারে আলোচনা করব।’

‘গুলি মারো সিরিয়াস আলোচনা,’ অকারণে হেসে উঠে বলল অলিভা। ‘আমি পষ্টাপষ্টি জানতে চাই, তুমি আমাকে ভালবাসো কি না।’

‘আগে শান্ত হয়ে বসো ওখানে।’ লিভিংরুমে ঢুকে অলিভাকে একটা সোফা দেখাল রানা, ওটার মুখেমুখি আরেকটা সোফায় বসল নিজে। অলিভা বসবার পর জিজেস করল, ‘কী যেন বলছিলে?’

‘আমি জানতে চাই তুমি আমাকে ভালবাসো কি না।’

‘বাসি,’ বলল রানা। ‘অনেক চিপ্তা করে দেখলাম, তোমার কথাই সত্যি। আমিও তোমাকে ভালবাসি।’

‘ওহ গড, মাসুদ ভাই!’ আনন্দে আর অবিশ্বাসে বিহুল হয়ে রানার দিকে তাকিয়ে থাকল অলিভা। ‘সত্যি? সত্যি তুমি আমাকে ভালবাসো?’

‘সত্যি, অলিভা, সত্যি আমি তোমাকে ভালবাসি,’ ভরাট গলায় আশ্বস্ত করল রানা। তারপর জানতে চাইল, ‘আর তুমি?’

তুমিও সত্য আমাকে ভালবাসো?’

‘হান্ড্রেড পার্সেন্ট!’ জোর দিয়ে বলল অলিভা।

‘বেশ। এখন আমাদের বিবেচনা করতে হবে, আমাদের ভালবাসার যৌক্তিক পরিণতিটা কী হওয়া উচিত। একটা ছেলে আর একটা মেয়ে পরম্পরাকে ভালবাসে বিয়ে করে সুখী হবার জন্যে। বুঝতে পারছ আমি কি বলছি, অলিভা?’

‘হ্যাঁ, মাসুদ ভাই, অনেক আগে থেকেই জানি আমি।’ মাথা বাঁকাল অলিভা। ‘আমরাও বিয়ে করে সুখী হব।’

‘হ্যাঁ। আর সুখী হবার জন্যে কী দরকার তা-ও নিশ্চয়ই জানো তুমি? স্বামী-স্ত্রী দুজনকেই সুস্থ হতে হয়। তা না হলে দাম্পত্যজীবন সুখের হতে পারে না। ঠিক কি না?’

সায় দেওয়ার ভঙ্গিতে মাথা বাঁকাল অলিভা।

‘এবার একটা সত্যি কথা বলো, তুমি কি নিজেকে সম্পূর্ণ সুস্থ বলে মনে করো?’ জানতে চাইল রানা।

ঝাড়া পাঁচ সেকেন্ড চোখ নামিয়ে চুপ করে থাকবার পর মাথা তুলে রানার দিকে তাকাল অলিভা—দু’চোখে ভয়। ধীরে ধীরে মাথা নাড়ল ও, তারপর বলল, ‘মাসুদ ভাই, প্রায়ই ভাবি এই ব্যাপারটা নিয়ে তোমার সঙ্গে আলোচন করব, কিন্তু তারপর ভুলে যাই। আচ্ছা, আমার যে মাঝে-মধ্যে নিজেকে পাগল মনে হয়, এটা কি খুব খারাপ লক্ষণ? এই চিন্তাটা কি আমাকে এক সময় বদ্ধ উন্নাদ করে দিতে পারে?’

‘দূর বোকা!’ হেসে উড়িয়ে দিল রানা অলিভার আশঙ্কা। ‘তোমার সমস্যা হলো, তুমি অসম্ভব কল্পনাপ্রবণ, সেজন্যেই মাঝে মধ্যে উন্নত সব চিন্তা-ভাবনা ঢেকে তোমার মাথায়।’

‘ও, তা হলে এটা কোনও সমস্যা নয়! কিন্তু আমার তা হলে নিজেকে অসুস্থ বলে মনে হয় কেন?’

‘সমস্যা নয় বলা ঠিক হবে না। তুমি অসুস্থ ঠিকই, তবে সেটা তেমন গুরুতর কিছু নয়। লিয়নের মত আমিও ডাঙ্গারের সঙ্গে

কথা বলেছি, তাঁরা বলছেন দিনকয়েক কোনও একটা স্যানাটোরিয়ামে থেকে চিকিৎসা নিলে তোমার অসুখটা চিরকালের জন্যে ভাল হয়ে যাবে—তখন আমাদের বিয়েতে আর কোনও বাধা থাকবে না। অবশ্য তুমি যা বলবে তা-ই হবে...’

‘তা হলে আর দেরি কোরো না,’ তাগাদা দেওয়ার সুরে বলল অলিভা। ‘যত তাড়াতাড়ি পার সেরে ফেলো কাজটা।’

রানা ঠিক বুঝতে পারছে না। ‘কোন্ক কাজটা?’

‘কোনও স্যানাটোরিয়ামে ভর্তি করে দাও আমাকে! সুস্থ হতে যত দেরি করব ততই তো পিছিয়ে যাবে আমাদের বিয়েটা, তাই না?’

তিনমাস হলো ক্যালিফোর্নিয়ার মডেস্টো শহরে, হিলসাইড নামে বিখ্যাত একটা স্যানাটোরিয়ামে রয়েছে অলিভা।

প্রতি মাসে প্রচুর টাকা খরচ করে সম্ভাব্য সবচেয়ে সেরা চিকিৎসা, সেই সঙ্গে যথাসম্ভব আরাম-আয়েশের ব্যবস্থা করা হয়েছে ওর জন্য। কেবিনের লাগোয়া একটা স্টুডিও আছে, মন চাইলে সেখানে বসে অলিভা যাতে ছবি আঁকতে পারে।

অলিভাকে দেখতে গিয়ে ওই স্টুডিওতে একবার উঁকি দিয়েছে রানা। অনেক ঘন্টা ওর একটা ছবি এঁকেছে অলিভা। বিষণ্ণ চেহারা, কাঁদছে রানা।

তবে ডাঙ্গার জানিয়েছেন, অলিভার রিপোর্ট খুব একটা ভাল নয়। ওর মনে সন্দেহ দেখা দিয়েছে, রানা ওকে ভুল বুঝিয়ে আটকে রেখে গেছে এখানে। ফলে ডাঙ্গারদের সঙ্গে বিশেষ সহযোগিতা করছে না ও, ঠিকমত ওষুধ খাচ্ছে না। এমনকী মাঝে-মধ্যে ভায়োলেন্টও হয়ে উঠছে।

ওর ধারণা রানা ও লিয়ন, দুজনেই ওরা হস্তয়হীন পাষাণ, তা না হলে প্রায় দেড় মাস হতে চলল কেউ ওরা ওকে একবার দেখতে পর্যন্ত আসে না!

\*

দেড় মাস আগের কথা। প্রিয় বন্ধুর জরঁরি তলব পেয়ে লঙ্ঘন থেকে সোজা ক্যালিফোর্নিয়ায় উড়ে আসতে হয়েছে রানাকে। মডেস্টো এয়ারপোর্টে ওকে রিসিভ করতে এসেছে লিয়ন।

আগেও ওকে দেখে স্মান, অসুস্থ বলে মনে হয়েছে রানার, এবারও হলো। প্রতিবারই জিজেস করে, কিছু হয়েছে কি না। উন্নত পেয়েছে—মাথাব্যথা; ডাক্তারের কাছে যেতে ভয় করে।

‘কী রে, তোকে তো এবার আরও কাহিল লাগছে। কিছু হয়েছে?’

আজ আর মাথাব্যথার কথাটা বলল না লিয়ন। বলল, ‘বলব বলেই ডেকেছি। আগে আমার স্যুইটে চল।’

অলিভিয়াকে স্যানাটোরিয়ামে ভর্তি করবার পর মডেস্টোর একটা ফাইভ স্টার হোটেলে উঠেছে লিয়ন।

স্যুইটে পৌছেই মদ নিয়ে বসল ও।

রানা জিজেস করল, ‘এই দুপুরবেলা, খালি পেটে?’

নিঃশব্দে হাসল লিয়ন। ‘আমার আর সকাল-দুপুর বলে কিছু নেই, দোষ্ট। আমি চলে যাচ্ছি।’

ওর বলবার ভঙ্গিটা এমনই, রানার বুকটা ছ্যাং করে উঠল। অথচ খুব ভালভাবেই জানে ও প্রাণপ্রিয় বন্ধুর কী হয়েছে, জানে কী বলবে বলে ডেকেছে ওকে। ‘খুলে বল। কী বাধিয়েছিস?’

‘এতদিন তোদের কাউকে বলিনি,’ ধীরে ধীরে বলল লিয়ন। ‘অনেক আগেই ধরা পড়েছে অসুখটা।’ রানা কিছু বলতে যাচ্ছে দেখে হাত তুলে ওকে থামিয়ে দিল। ‘না, এর কোনও চিকিৎসা নেই।’ দেরাজ থেকে একটা বড় এন্ডেলাপ বের করে রানার দিকে বাঢ়িয়ে দিল। ‘রিপোর্টগুলো দেখ।’

এন্ডেলাপটা খুলে রিপোর্টগুলোয় চোখ বুলাল রানা, আসলে চোখ বুলাবার ভান করল, তারপর রেখে দিল টেবিলে। ও জানে কী লেখা আছে রিপোর্টে—ব্রেন ক্যাল্পার।

অনেকদিন আগেই নুমার একজন ডাক্তারকে প্রশ্ন করেছিল রানা, ‘আমার বন্ধু লিয়ন সব সময় ক্লান্তি বোধ করে। চিনচিনে মাথাব্যথাটাও সারছে না। কত করে বলি, কিষ্ট কোনওমতে ডাক্তার দেখাবে না। কী হতে পারে বলুন তো?’

ডাক্তার জবাব দিয়েছেন, ‘আপনি জানেন না? ওর তো ব্রেন ক্যাল্পার। আমিই প্রথম ধরি। এখন অন্য ডাক্তার দেখছেন ওকে, আমার সিনিয়র—না, ভাল হবে না।’

সন্দেহ নেই অনেক দোরি করে ফেলেছে লিয়ন। ক্যাল্পারটা এমনভাবে ছড়িয়েছে, অপারেশন করতে হলে প্রায় পুরো ব্রেনটাই কেটে ফেলে দিতে হয়।

কিছু না বলে রানা শুধু একটা দীর্ঘশ্বাস চাপল।

‘রানা, দোষ্ট, তোকে একটা দায়িত্ব নিতে হবে,’ হঠাতে জরঁরি আবেদনের সুরে বলল লিয়ন। ‘নিরি তো?’

‘মারব এক চড়,’ কর্কশ সুরে বলল রানা, গলায় উঠে আসা কান্নাটাকে কোনও রকমে ঠেকিয়ে রেখেছে। ‘কী করতে হবে তা-ই বল।’

প্রথমে দেরাজ থেকে একগাদা দলিল-দস্তাবেজ বের করে রানার সামনে রাখল লিয়ন, বলল, ‘তাড়াতাড়ি একবার চোখ বুলিয়ে নে। অলিভিয়ার নামে একটা ট্রান্সিট বোর্ড হচ্ছে, তুইও ওটার সদস্য।’

দলিলটা রানার পড়া না হওয়া পর্যন্ত অপেক্ষা করল ও, তারপর ধীরে ধীরে শুরু করল।

ওদের দূর-সম্পর্কের আংকেল মারা যাওয়ার আগে তাঁর সব টাকা আর সম্পত্তি লিয়নের নামে লিখে দিয়ে গেছেন। টাকার অংকটা পাঁচ মিলিয়ন ডলার। সম্পত্তির দাম হবে কমপক্ষে পঞ্চাশ মিলিয়ন।

লিয়নের ইচ্ছে ওই টাকা থেকেই অলিভিয়া চিকিৎসা চলবে। সে যখন সুস্থ হয়ে উঠবে, টাকা ও সম্পত্তি সবই তার হাতে তুলে

দেওয়া হবে।

তিনজনকে নিয়ে একটা ট্রাস্টি বোর্ড গঠন করা হচ্ছে। তাঁদের মধ্যে দুজন লস অ্যাঞ্জেলেসের নামকরা সলিসিটর, হাওয়ার্ড রেচার আর মাইকেল গুডউইল, দুজনেরই শাখা অফিস আছে মডেস্টো শহরে; বাকি একজন রানা।

নামকরা সাইকিয়াট্রিস্ট, হিলসাইড স্যানাটোরিয়ামের মালিক ডষ্টর পেরি প্রেস্টন এবং ওই একই স্যানাটোরিয়ামের ডেপুটি ডিরেক্টর ড. লেভি শেলডন সাক্ষী হিসাবে সই করবেন চুক্তিপত্রে।

সলিসিটরদের মধ্যে মাইকেল গুডউইলকে খুব ভালভাবে চেনে রানা, কোনও রকম গোলমাল করবার মানুষ নন তিনি। উকিল পাড়ায় আদর্শবান সৎ মানুষ বলে খ্যাতি আছে ওঁর। তবে হাওয়ার্ড রেচারকে চেনে না ও।

স্যানাটোরিয়ামের মালিক পেরি প্রেস্টন বা পরিচালক লেভি শেলডন, দুজনেই এত ব্যস্ত মানুষ যে এখানে আসবার জন্য সময় বের করতে পারবেন না, তাই ঠিক হয়েছে সন্তান্য সদস্যদের নিয়ে ওখানে যাবে লিয়ন। সেটা আজই, আর দশ মিনিট পর। সাক্ষীদের সামনে চুক্তিপত্রে সই করে সদস্য হতে হবে ওদের তিনজনকে।

টেলিফোন করে জেনে নিল লিয়ন, সলিসিটররা ইতিমধ্যে হিলসাইডে পৌছে গেছেন। এরপর স্যানাটোরিয়ামের উদ্দেশে রওনা হয়ে গেল ওরা।

চুক্তিপত্রে নানা বিধি-বিধানের কথা বলা আছে, তার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো, অলিভার নামে ব্যক্তে যে টাকা জমা রাখা হয়েছে তা তুলতে হলে চেক-এ ট্রাস্টি বোর্ডের অন্তত দুজন সদস্যের সই লাগবে, একা কেউ টাকা তুলতে পারবে না। ট্রাস্টি বোর্ডের ট্রেজারার করা হয়েছে সলিসিটর হাওয়ার্ড রেচারকে, চেক বইটা ওঁর কাছেই থাকবে।

তবে অলিভার সম্পত্তি বিক্রি বা হস্তান্তর করার প্রয়োজন হলে

তিন সদস্য এবং দুই সাক্ষীর উপস্থিতি ও সই দরকার হবে।

অলিভা সুস্থ না হলে, কিংবা মারা গেলে, কোনও জনহিতকর প্রতিষ্ঠানে সব টাকা আর সম্পত্তি দান করে দিতে হবে।

গাড়িতে ওঠার পর লিয়ন জানাল, রানাকে যেহেতু প্রতি মাসে ক্যালিফোর্নিয়ায় পাওয়া যাবে না, অলিভার ব্যক্তিগত খরচ আর চিকিৎসার ব্যয় মেটানোর জন্য দুই সলিসিটর চেক-এ সই করে ব্যাক্ষ থেকে টাকা তুলবেন, তবে খরচপাতি সবই হবে ট্রেজারারের হাত দিয়ে।

সবশেষে লিয়ন বলল, ‘অলিভাকে তুই বিয়ে করলে ভাল হত, নিশ্চিন্তে মরতে পারতাম। কিন্তু জানি বয়সে ছোট হয়ে যায় মনে করে রাজি হবি না তুই। তবে এ-ও জানি, আমি না থাকলেও ওকে তুই দেখে-শুনে রাখবি। ওর বিয়েটাও তোকেই দিতে হবে।’

বিশ মিনিটের মধ্যে স্যানাটোরিয়ামে পৌছে গেল ওরা।

একে একে সবার সঙ্গে রানার পরিচয় করিয়ে দিল লিয়ন। স্যানাটোরিয়ামের মালিক ডষ্টর প্রেস্টন ছোটখাট মানুষ, মাথায় চকচকে টাক, বয়স হবে ষাট কি বাষটি, দুই চোখে বিষণ্ণ দৃষ্টি।

ডেপুটি ডিরেক্টর ডষ্টর শেলডন অত্যন্ত ব্যক্তিত্বসম্পন্ন মানুষ, কথা বলেন কম, বয়স চালিশের কাছাকাছি।

সলিসিটরদের মধ্যে হাওয়ার্ড রেচার রানার দৃষ্টি কেড়ে নিলেন। দীর্ঘ কাঠামো, উন্নত ললাট, চওড়া চোয়াল, বড় বড় চোখ—সব মিলিয়ে আভিজাত্য আর তীক্ষ্ণ বুদ্ধিমত্তার ছাপ আছে চেহারায়; রানা ভাবল, এই ভদ্রলোককে ট্রাস্টির ট্রেজারার বানিয়ে ভুল করেনি লিয়ন, দেখেই বোঝা যায় যোগ্য মানুষ।

রেচারের তুলনায় দ্বিতীয় সলিসিটর মাইকেল গুডউইলকে মান্দাতা আমলের মানুষ বলে মনে হলো রানার। সন্তুর বছর বয়েস, কিন্তু দেখায় আরও অনেক বেশি-প্রায় কুঁজো হয়ে পড়েছেন। তবে এই অঞ্চলে নীতিবান বলে অত্যন্ত সুনাম আছে

ভদ্রলোকের।

দুই সাক্ষীর সামনে রানা আর দুই সলিসিটর একে একে চুক্তিপত্রে সই করে ট্রাস্টি বোর্ডের সদস্য হলেন। এরপর সাক্ষীরাও সই করলেন। দাতা হিসাবে সবার আগে সই করছে লিয়ন।

সেদিনই লিয়নকে হাসপাতালে ভর্তি করে দিল রানা। রোগ সারানোর কোনও চিকিৎসা নেই, শুধু তীব্র ব্যথাটা যতটা পারা যায় কমানোর চেষ্টা করলেন ডাক্তাররা।

একমাস পর মারা গেল লিয়ন। রানা খবর পেল ঠিকই, তবে কঠিন একটা অ্যাসাইনমেন্ট নিয়ে আফ্রিকায় রয়েছে ও তখন। বন্ধুকে কবর দেওয়ার সময় উপস্থিত থাকতে পারেনি।

এরপর আরও পাঁচ-ছয় মাস পার হয়ে গেছে। প্রতি মাসে একবার, কোনও কোনও মাসে দু'বার স্যানাটোরিয়ামে গিয়ে অলিভাকে দেখে আসছে রানা। কিন্তু অলিভাকে দেখলেই মনটা ওর বিষণ্ণ হয়ে ওঠে। দিনে দিনে আরও খারাপের দিকে যাচ্ছে ওর অবস্থা, ভাল হওয়ার কোনও লক্ষণ নেই।

প্রতিবার আগের চেয়ে উদ্বিঘ্ন আর শক্তি দেখে আসছে অলিভাকে রানা। ‘কবে আমি ভাল হব, মাসুদ ভাই? কবে আমাদের বিয়ে হবে?’ দেখা হলেই ব্যাকুল সুরে জানতে চায় ও।

হেসে উঠে আরেকটু ধৈর্য ধরতে বলে রানা।

‘তুমি জোর করে হাসছ! বুদ্ধিমতী মেয়ে, ঠিক ধরে ফেলে। ‘তার মানে কি সত্যি সত্যি আমি পাগল হয়ে যাচ্ছি? বন্ধ উন্নাদ হয়ে যাব? আমার কি তা হলে তোমাকে আর পাওয়া হবে না?’

বুকে প্রচঙ্গ কষ্ট নিয়ে ওকে সাত্ত্বনা দিতে হয় রানাকে, মিথ্যে অভয় দিয়ে বলতে হয়, ‘ডাক্তার বলেছেন আর কিছুদিনের মধ্যেই সম্পূর্ণ সুস্থ হয়ে উঠবে তুমি। ওষুধের কোর্সটা শেষ হোক...’

কথাটা সত্যি নয়, ডাক্তাররা আসলে ওকে কোনও আশার

কথা শোনাতে পারেননি। বরং ওকে আতঙ্কিত করে দিয়ে বলেছেন, অলিভার মধ্যে ধীরে ধীরে ‘হোমিসাইডাল টেনডেন্সি’ হো করছে। অনেক সময় ডাক্তার বা নার্সরাও ওর নাগালের মধ্যে নিরাপদ বোধ করে না।

রানার মিথ্যে আশ্বাস শুনতে শুনতে ক্রমে হিংস্র হয়ে উঠতে থাকে অলিভা। চি�ৎকার শুরু করে: ‘তুমিও জানো, কেন আমি ভাল হচ্ছি না! ডাক্তাররা আমার বিবরণে ষড়যন্ত্র করছে, ওরা চাইছে না তোমার সঙ্গে আমার বিয়ে হোক! ওদের নামে কোর্টে নালিশ করব আমি...’

এক পর্যায়ে মেইল নার্স ও ডাক্তারদের ডাকতে হয়, রানা একা ওকে সামলাতে পারে না।

রানার উপর অলিভার কোনও রাগ নেই—সব রাগ ডাক্তার, চিকিৎসা পদ্ধতি, লিয়ন আর নিজের নিয়তির উপর। লিয়ন যে মারা গেছে ওকে তা জানানো হয়নি।

রানা দেখছে চোখের সামনে তাজা একটা গোলাপ কেমন শুকিয়ে যাচ্ছে, অর্থ কারুরই কিছু করবার নেই। অসহায় রানা, তাকিয়ে তাকিয়ে দেখছে শুধু। প্রায় সময়ই অলিভার কেবিন থেকে বেরিয়ে এসে চোখের পানি ধরে রাখতে পারে না ও।

## ছয়

মডেস্টো শহরটা ক্যালিফোর্নিয়ার রাজধানী স্যাক্ৰামেন্টো থেকে একশ’ কিলোমিটার দক্ষিণে। ওই শহরে, পাহাড়ি ঢালের মাথায়, খোলা সবুজ মাঠ আর সুদৃশ্য বাগানের মাঝখানে, ধৰ্মবে সাদা রঞ্জের বিশাল একটা উঁচু দালান বহুদূর থেকে পর্যটকদের দৃষ্টি

কাড়ে। ওটাই হিলসাইড স্যানাটোরিয়াম। স্যাক্রামেনটো নদী থেকে বেশি দূরে নয় জায়গাটা।

মানসিক প্রতিবন্ধীদের চিকিৎসা করা হয় এখানে। এই মুহূর্তে ঝোড়ো বাতাসের শৌঁ শৌঁ শব্দকে ছাপিয়ে নারীকষ্টের একটা ভোঁতা চিকিৎসার বেরিয়ে আসছে প্যাড লাগানো চার দেয়ালের ভিতর থেকে। ভয় বা ব্যথা পেলে এভাবে কেউ কাঁদে না, আওয়াজটার মধ্যে ভৌতিক আর অশুভ একটা ভাব আছে, যেন কোনও পাপী আত্মা কী এক আক্রোশে ফুঁসছে বা প্রতিবাদ জানাচ্ছে। তুঙ্গে ওঠার পর ধীরে ধীরে নিষ্ঠেজ হয়ে আসছে বুকফাটা কান্না, তারপর বেশ কিছুক্ষণ শুধু ফোঁপানোর শব্দ শোনা যাচ্ছে, পাগল মেয়েটা এই মুহূর্তে বোধহয় নিজেই নিজের করুণার পাত্রী।

কিছুক্ষণ পর থেমে গেল মেয়েটা, হয়তো ক্লান্ত হয়ে পড়েছে। কিন্তু না! একটু পরেই আবার শুরু হলো। এবার কাঁদছে না, হাসছে। তবে ওর এই হাসির শেষেও ফোঁপানোর ভেজা ভেজা আওয়াজটা থাকল। হাসি-কান্নার এই পালা আজ বোধহয় সারারাত ধরেই চলবে।

তরুণী নার্স, আকর্ষণীয় ফিগার, চাকা লাগানো ট্রিলিতে সাপার-ট্রি নিয়ে চওড়া করিডর ধরে সাবধানে হেঁটে আসছে। করিডরের তেমাথার পৌঁছে ট্রিলিটা কারুকাজ করা একটা দরজার পাশে থামাল। সাদা ইউনিফর্মের পকেট থেকে চাবি বের করে কবাটের কী হোলে ঢোকাতে যাবে, এই সময় চোখে পড়ল বাঁক নিয়ে এদিকেই হেঁটে আসছে শক্ত-সবল এক যুবক।

ওকে দেখতে পেয়ে নিঃশব্দ হাসছে লোকটা—ফ্লোরেসেন্ট বাতির আলো লেগে ঝিক করে উঠল সোনা দিয়ে বাঁধানো নকল দাঁত দুটো। তবে উপরতলা থেকে ভেসে আসা আরেক প্রস্তুতি কান্না প্রথমে স্লান, তারপর বিকৃত করে দিল ওর হাসিটাকে।

‘উফ, আমার দাঁতকপাটি লাগার অবস্থা হয়েছে, মিলা,’ নার্সের সামনে থেমে দুঁহাত দিয়ে নিজের কান চেপে ধরে বলল লোকটা। ‘ওহ, খোদা, কী ভয়ঙ্কর!'

‘জানি, বাষ্পতি নম্বরের কথা বলছ।’ কাঁধ বাঁকাল মিলা। ওর চুলের রং শুকনো খড়ের মত, সাদা ক্যাপের চারধারে ছোট ছোট বৃক্ত-অর্ধবৃক্তের গোছা হয়ে ঝুলছে। ‘বড়-বৃষ্টি হলেই এরকম করবে ও। ওয়ার্ড সুপারিনিনেন্টকে বলতে হবে এবার ওকে সাউন্ডপ্রফ কেবিনে পাঠানো দরকার।’

দুজন নার্স আর একজন ডাক্তার পাশ কাটাল ওদেরকে, তিনজনই বিশেষভাবে লক্ষ করল মিলার সঙ্গীকে।

‘ইঞ্জেকশন দিয়ে ঘুম পাড়িয়ে রাখে না কেন?’ নিচু গলায় জিজ্ঞেস করল যুবক। ‘এরকম জানলে কিন্তু এখানে আমি চাকরি করতে আসতাম না।’

‘কী বলছ, ডেল?’ হেসে উঠল মিলা। ‘মেন্টাল হসপিটালে এরকমই তো হবার কথা।’

‘সন্দেহ হচ্ছে আমার সমস্ত নার্ড না ছিঁড়ে যায়,’ বলল ডেল, বিষণ্ণ ভঙ্গিতে মাথা নাড়ল। ‘এই, তুমি শোনোনি? আজ সকালে আটট্রিশ নম্বরের ছুঁড়িটা নখ ঢুকিয়ে আমার চোখ দুটো বের করে নিচিল। মা মেরির অশেষ কৃপায় একটুর জন্যে বেঁচে গেছি।’

‘এক থেকে দশতলা, কারও আর শুনতে বাকি নেই। কে যেন বলছিল, জ্বর আসা ভালুকের মত কাঁপছিলে তুমি।’

‘ভেবে দেখো,’ নিঃশব্দে হাসছে ডেল, আবার ঝিক করে উঠল ওর সোনার দাঁত দুটো, ‘তা না হলে কি ওয়ার্ড সুপারকে দিয়ে ব্র্যান্ডির বোতলটা খোলাতে পারতাম?’

মিলা কিছু বলবার আগেই বাষ্পতি নম্বর কেবিনের মেয়েটা কান্না থামিয়ে হাসতে শুরু করল। হঠাৎ জ্ব কোঁচকাল ও, ডেলের কাণ দেখে হতবাক হয়ে গেছে—ট্রিলির ট্রিতে রাখা একটা প্লেটের ঢাকনি তুলে একমুঠো কালো পিচ ফল নিল সে, মুখে পুরে পরম

ত্রুটির সঙ্গে চিবাচ্ছে ।

‘ছি-ছি, আমার পেশেন্টের খাবারে তুমি হাত দিলে যে?’  
মিলার গলায় তিরক্ষার । ‘টাকনি লাগাও, সরো ওখান থেকে।  
কার খাবারে হাত দিয়েছ তা যদি জানতে...’ মাঝপথে থেমে গেল  
ও ।

‘দুঃখিত, ভুল হয়ে গেছে,’ বলল ডেল । ‘কার খাবার, হিলারি  
ক্লিনটনের? বারাক ওবামার কাছে হেরে যাবার ভয়ে পাগল হয়ে  
গেছেন?’

ইউনিফর্ম পরা গার্ডরা জোড়ায় জোড়ায় এক করিডর থেকে  
আরেক করিডরে টহল দিয়ে বেড়াচ্ছে; দু’তলা থেকে দুজনকে  
নামতে দেখল মিলা । ‘আরে না,’ বলল ও । ‘এখনও বিয়ে হয়নি  
মেয়েটার, অথচ শুধু নগদ টাকাই পাবে পাঁচ মিলিয়ন ডলার।  
সম্পত্তি পাবে আরও ধরো পঞ্চাশ মিলিয়ন!’

মৃদু শব্দে শিস বাজাল ডেল । ‘তা-ই নাকি? তুমি জানলে  
কীভাবে?’

‘ওর ভাই একটা ট্রাস্টি বোর্ডকে টাকা আর সম্পত্তি  
দেখাশোনার দায়িত্ব দিয়ে মারা গেছে,’ বলল মিলা । ‘বোন সুস্থ  
হলে পাবে সব। আমাদের স্যানাটোরিয়ামের মালিক ওই  
ট্রাস্টদের একজন সাক্ষী। মাস কয়েক আগে যখন চুক্তিপত্রে সই  
হয়, আমি তখন একটা কাজে ডষ্টের প্রেস্টেনের চেম্বারেই ছিলাম।’  
একটা দীর্ঘশ্বাস ফেলল ও । ‘যাই বলো, একেই বলে কপাল!’

‘প্রহসনও বলতে পারো—অগাধ আছে ওর, অথচ ব্যবহার  
করতে পারছে না; আর আমি খরচ করতে জানি, কিন্তু পকেট  
খালি। এই, মেয়েটা দেখতে কেমন?’

হেসে উঠল মিলা । ‘তা জেনে তোমার কী লাভ?’  
ডেলও হাসছে । ‘বিশ্বাস করো, অত টাকা পেলে পেত্রীকেও  
বিয়ে করতে রাজি আমি... পাগল হোক আর ছাগল...’

হঠাৎ দপ করে নিভে গেল মিলার হাসি । ‘ঠাণ্টা নয়, ডেল ।

মেয়েটাকে না, আমার খুব ভয় করে । হোমিসাইডাল টেনডেসি  
আছে ওর।’

‘বলো কী! থাক বাবা, দরকার নেই অমন টাকায়। আমার  
জন্যে তোমার মত মেয়েই ভাল—টাকা দিতে না পারলেও, সুখ  
দিতে জানে।’

‘এই,’ খুশি হয়ে জিজেস করল মিলা, ‘তোমার ডিউটি শেষ  
নাকি?’

‘আজ রাতেও দাওয়াত পাব মনে হচ্ছে?’

হেসে উঠল মিলা, শিরদাঁড়া ধনুকের মত বাঁকা করে বলল,  
‘না হে, আমার ছুটি হবে আরও এক ঘণ্টা পর।’

হাতঘড়ির উপর চোখ বুলাল ডেল । ‘তাতে কী, তোমার ডাক  
পেলে আমি সারারাত অপেক্ষা করতে রাজি আছি।’

নার্সদের একটা দলকে এদিকে আসতে দেখে ফিসফিস করে  
জানতে চাইল মিলা, ‘ডিরেক্টর সারের প্রাইভেট গ্যারেজে?’

মাথা চুলকে ডেল বলল, ‘সারের ড্রাইভার জেরাল্ড ছাড়াও  
ওয়াগন ড্রাইভার হ্যাকাবি থাকবে ওখানে...ঠিক আছে, বিয়ার  
খাওয়ার পয়সা দিলে প্রাইভেসির ব্যবস্থা করে দেবে ওরা। গেলাম  
তা হলে। আমাকে কিন্তু সত্যি সত্যি সারারাত অপেক্ষা করিয়ে  
রেখো না—ঠিক আটটায়, কেমন?’

যতক্ষণ না বাঁক নিয়ে অদৃশ্য হলো ততক্ষণ ডেলের দিকে  
তাকিয়ে থাকল মিলা, তারপর দরজার দিকে ফিরে হাতের চাবি  
টোকাল কী হোলে । তিনতলার মেয়েটা আবার কাঁদতে শুরু  
করেছে, এবার আগের চেয়েও জোরে—তা-ই হওয়ার কথা,  
ভাবল ও, বাইরে ঝড়-বৃষ্টির প্রকোপও খুব বেড়েছে । দালানের  
কোথাও একটা দরজার কপাট দড়াম করে বন্ধ হলো ।

দরজা খোলার পর ট্রে নিয়ে কেবিনের ভিতর চুকল মিলা ।  
কামরাটা বেশ বড় । দেয়ালগুলো সাদা রঙ করা । মেঝেতে  
সোনালি কাপেটি । ফার্নিচার বলতে একটা বেড, দুটো চেয়ার-

টেবিল, ওয়ার্ড্রোব, টিভি, ফোন আর দেয়াল আলমারি। সিলিঙ্গের অদ্যশ্য কোনও উৎস থেকে সাদা কোমল আলো ছড়িয়ে পড়ছে।

কামরায় আরও তিনটে দরজা আছে—বাথরুম, পেইন্টিং-স্টুডিও আর টেরেসে যাওয়ার জন্য। টেরেসটা গ্রিল দিয়ে ঘেরা।

টেরেসে বেরহ্বার দরজার ঠিক পাশেই বেড। তাতে পড়ে থাকা আকৃতি দেখে বোৰা যাচ্ছে চাদরমুড়ি দিয়ে অকাতরে ঘুমাচ্ছে মেয়েটি।

একটু অন্যমনক্ষ মিলা, ডেলের কথা ভাবছে। টেবিলের উপর ট্রেটা নামিয়ে রেখে দরজা বন্ধ করল, তারপর বিছানার দিকে এগোল। ‘উঠুন,’ বলল ও, নরম গলায় অনুরোধের সুর। ‘এই অসময়ে কেউ ঘুমায় নাকি! পিল্জ, আমাকে দেরি করিয়ে দেবেন না, আপনার জন্যে সাপার এনেছি।’

চাদরের তলায় কেউ নড়ছে না। মিলার কপালে চিতার রেখা। কোনও কারণ ছাড়াই হঠাত খুব অস্বস্তি বোধ করছে ও।

‘কী হলো, উঠুন! তীক্ষ্ণকষ্টে বলল মিলা, ঘুমস্ত মেয়েটির কাঁধে হাত রেখে চাপ দিল একটু। অনুভব করল আঙুলের চাপে নরম তুলো ডেবে যাচ্ছে। আতঙ্কে শিউরে উঠে উপলক্ষ্মি করল, চাদরের তলায় কোনও মেয়ে নয়, সম্ভবত বালিশ রয়েছে।

টান দিয়ে চাদরটা সরাল মিলা। সত্যিই তা-ই, গুটানো কম্বলের ভিতর বালিশ ভরে নারীমূর্তির আকৃতি দেওয়া হয়েছে। হতচকিত ভাবটা তখনও কাটিয়ে উঠতে পারেনি, এই সময় ওর পিছনে ধীরে ধীরে ফাঁক হলো টেরেসের দরজা। শিকারি বিড়ালের মত নিঃশব্দ পায়ে এগিয়ে এসে ঝুঁকল অলিভা, দু'হাত বাড়িয়ে মিলার পা দুটো পেঁচাল, তারপর নিজের দিকে টান দিল সঙ্গোরে।

কিছু বুঝে ওঠার আগেই আছাড় খেল মিলা। কার্পেটে নয়, ওর কপালটা প্রথমে বাড়ি খেল পাশের শক্ত দেয়ালে। সঙ্গে সঙ্গে জ্ঞান হারাল ও। খুলি ফেটে রক্ত বেরংচে।

সেদিকে একবারও না তাকিয়ে বাথরুমে টুকল অলিভা। নিজের কয়েকটা ড্রেস ফালি ফালি করে ছিঁড়ে একটার সঙ্গে আরেকটা জোড়া লাগিয়েছে আগেই, রশির মত ঝুলিয়েও দিয়েছে জানালা দিয়ে।

জানালার গোবরাটে চড়ল, তারপর নিজের বানানো রশি বেয়ে দ্রুত নেমে গেল নীচে। কোমরে একটা ভারি টর্চ গেঁজা আছে, পাঁচিল টপকাবার সময় কেউ বাধা দিতে চেষ্টা করলে তার মাথায় ভাঙ্গবে ওটা।

## সাত

একটা অ্যাসাইনমেন্ট শেষ করে আজই সকালে মডেস্টো শহরে ফিরেছে রানা। দুই রাত ঘুম হয়নি, অসম্ভব ক্লান্ত ও। গোসল সেরে দাঢ়ি কামাবে, হালকা কিছু খাবে, তারপর লম্বা একটা ঘুম দিয়ে সন্ধ্যায় কোনও এক সময় হিলসাইডে দেখতে যাবে অলিভাকে।

দৃঃসংবাদটা শুনল রানা হিলটন হোটেলের স্যুইটে ঘুম ভাঙ্গার পর সঙ্গে ঠিক আটটায়। সোয়া সাতটাৰ দিকে একজন নার্স আৱ একজন গার্ডকে আহত করে হিলসাইড স্যানাটোরিয়াম থেকে পালিয়েছে অলিভা। গার্ডের অবস্থা অত্যন্ত গুরুতর, বাঁচবে কি না সন্দেহ।

ইতিমধ্যে স্যানাটোরিয়ামের চারদিক আৱ আশপাশের এলাকায় তল্লাশি চালানো শুরু হয়েছে, তবে এখন পর্যন্ত ওৱ কোনও হিসেব পাওয়া যায়নি। এত তাড়াতাড়ি পুলিশকে খবর দেওয়া উচিত হবে কি না ভেবে দ্বিধায় ভুগছে কৃত্পক্ষ। শেষ

পর্যন্ত ঠিক হয়েছে, ট্রাস্টি বোর্ডের তিন সদস্যকে আগে জানানো হোক, ওঁরা কে কী বলেন শুনে তারপর সিদ্ধান্ত নেওয়া যাবে।

হিলসাইড স্যানাটোরিয়াম থেকে ফোন করে ওর এজেন্সির মডেস্টো শাখাকে খবরটা দেওয়া হয়েছে। শাখা-প্রধান নঙ্গে মাহমুদ রানাকে জানাল, হিলসাইড স্যানাটোরিয়ামের মালিক ডক্টর পেরি প্রেস্টন নিজেই ফোন করেছিলেন। ভদ্রলোক অনুরোধ করেছেন, রানা যেন ট্রাস্টি বোর্ডের অপর দুই সদস্য সলিসিটর হাওয়ার্ড রেচার আর মাইকেল গুডউইলকে বিষয়টা অবহিত করেন।

ধাক্কাটা কাটিয়ে উঠতে মাত্র দশ সেকেন্ড সময় নিল রানা।

ইতিকর্তব্য স্থির করতে লাগল আরও বিশ সেকেন্ড: সময় নষ্ট না করে যত তাড়াতাড়ি সম্ভব অলিভাকে খুঁজে বের করতে হবে। স্থানীয় পুলিশের সঙ্গে তল্লাশিতে অংশ নেবে ও, তবে মাসুদ রানা হিসাবে নয়।

নার্স ও গার্ডকে আহত করেছে অলিভা, তার মানে রীতিমত হিংস্র হয়ে উঠেছে। এই মুহূর্তে ওকে দেখে চিনতে পারলে কী করে বসবে বলা যায় না। এখনই নিজের চেহারা আর পরিচয় বদলে ফেলতে হবে ওকে। প্রিয়জনের সামনে আত্মহত্যা করবার একটা প্রবণতা থাকে এ-ধরনের মানসিক রোগীদের।

রানা এজেন্সির মডেস্টো শাখা থেকে রানার হোটেল মাত্র এক কিলোমিটার দূরে। শাখা-প্রধান নঙ্গে মাহমুদকে নির্দেশ দিল: ‘আমার চেম্বারের দেরাজে রডরিক ফেদেরো নামে একটা পরিচয়-পত্র পাবে—মেক্সিকান-আমেরিকান, পেশায় ফ্রি লাঙ জার্নালিস্ট। তাড়াতাড়ি পাঠিয়ে দাও ওটা, ফটো দেখে চেহারাটা বদলে নিই। ভাল একটা ক্যামেরাও পাঠাও।’

‘মাসুদ ভাই,’ জানতে চাইল মাহমুদ, ‘আমরা কি সার্চ শুরু করব?’

‘না,’ বারণ কলল রানা। কারণ জানে, আশপাশের প্রতিটি এজেন্সির সব কজন এজেন্টকে চেনে অলিভা। ‘তবে সবাই তোমরা অ্যালার্ট থাকো। আমার কাছে বিপার আছে, নিজেদের রিসিভারে আমার সিগনাল পেলে যত তাড়াতাড়ি পারো হোমিং ডিভাইসের সাহায্যে পৌঁছে যাবে ওখানে।’

‘জী, ঠিক আছে, মাসুদ ভাই।’

ফোনের রিসিভার রেখে দিয়ে এক সেকেন্ড চিন্তা করল রানা, তারপর মোবাইল ফোনের মেমোরি থেকে সলিসিটর হাওয়ার্ড রেচারের নম্বর নিয়ে চাপ দিল বোতামে। লস অ্যাঞ্জেলেস, দূর পাল্লার কল, নেটওর্ক পেতে অসুবিধে হতেই পারে।

কয়েকবার রিঙ হলো, কিন্তু অপরপ্রাপ্ত থেকে ধরছে না কেউ। এরপর রানা দ্বিতীয় সলিসিটর মাইকেল গুডউইলের নম্বরে যোগাযোগ করল। এটাও লস অ্যাঞ্জেলেসে।

দু’বার রিঙ হওয়ার পর অপরপ্রাপ্ত থেকে এক ভদ্রমহিলার গলা ভেসে এল। ‘কাকে চাইছেন, প্লিজ?’

‘মিস্টার গুডউইলকে দরকার আমার...’

রানার কথা শেষ হলো না, ভদ্রমহিলা বললেন, ‘তিনি তো এক মাস হলো মারা গেছেন। আপনি কে বলছেন, প্লিজ? আমি মিসেস গুডউইল।’

মদু হলেও, ধাক্কা খেল রানা। ‘সত্যি দুঃখিত, মিসেস গুডউইল...’

‘ধন্যবাদ। আপনি কে বলছেন, প্লিজ?’ আবার জানতে চাইলেন ভদ্রমহিলা। ‘ওঁকে আপনার কী কারণে দরকার ছিল জানতে পারলে আমি হয়তো...’

‘আমি মাসুদ রানা। অলিভা কারমেন নামে একটা মেয়ের সয়-সম্পত্তি দেখাশোনা করার জন্যে তিনজনকে নিয়ে একটা ট্রাস্টি বোর্ড গঠন করা হয়েছিল, আমিও ওটার সদস্য,’ বলল রানা। ‘বাকি দুজন মিস্টার গুডউইল আর মিস্টার হাওয়ার্ড

বেচার।'

'ও, হ্যাঁ, ওই ব্যাপারটা আমি জানি—তা কী ব্যাপার?'

'মেয়েটা একটু আগে মডেস্টোর হিলসাইড স্যানাটোরিয়াম থেকে পালিয়ে গেছে,' বলল রানা। 'নিয়ম অনুসারে ওর সলিসিটরদের খবরটা জানানো দরকার। আপনি বলতে পারবেন, প্লিজ, মিস্টার বেচারকে কোথায় পাওয়া যাবে?'

'কোথায় আবার, জুয়ার টেবিলে!' হঠাৎ কর্কশ হয়ে উঠল ভদ্রমহিলার কর্তৃপক্ষ। 'আর নয়তো কোনও বারে—মাতাল হয়ে পড়ে আছে।'

'জী?' ঘাবড়ে গেছে রানা।

'শুনুন,' বললেন মিসেস গুডউইল, 'ওই লোক নিজে তো রসাতলে গেছেই, নাগালের মধ্যে যাকে পাবে তাকেও ডোবাবে। আপনি অলিভার কথা বললেন না, আমার স্বামী বেঁচে থাকতেই বলে গেছেন—ওই মেয়ের সবকিছু আত্মাং করবে ওই লোক।'

এই ব্যাপারটা জানা আছে রানার। মিস্টার গুডউইল টেলিফোনে ওকে একবার জানিয়েছিলেন যে সলিসিটর বেচার সব সময় অলিভার অ্যাকাউন্ট থেকে প্রয়োজনের চেয়ে অনেক বেশি টাকা তুলতে চান, কিন্তু তিনি কখনওই তা হতে দেন না। 'একটু যদি ব্যাখ্যা করতেন, মিসেস গুডউইল, প্লিজ?'

'এর মধ্যে ব্যাখ্যা করার কী আছে, বলুন,' ক্ষোভ মেশানো কাতর সুরে বললেন ভদ্রমহিলা। 'আমার স্বামীকে খুন করেছে ওরা।'

হকচকিয়ে গেল রানা। 'এ আপনি কী বলছেন!'

'অলিভার অ্যাকাউন্ট থেকে টাকা চুরি করতে বেচারকে সহায়তা করেননি,' মিসেস গুডউইল ধরা গলায় বললেন, 'এটাই ছিল আমার স্বামীর অপরাধ।'

অপেক্ষা করছে রানা।

'আমার স্বামী সহ না করে একের এক চেকগুলো ফেরত

দিলে কী হবে, খবর এল ওঁর সহ নকল করে ব্যাক থেকে টাকা তুলছে বেচার,' বললেন ভদ্রমহিলা। 'অগত্যা বাধ্য হয়ে সিদ্ধান্ত নিলেন তিনি, পুলিশকে ব্যাপারটা জানাবেন। রওনা হবেন, এই সময় দশ-বারোজন গুগু চুকে পড়ল বাড়ির ভেতর—প্রত্যেকের কাছে পিস্তল আর ছুরি। ঘরে চুকেই অশ্রাব্য ভাষায় গালি-গালাজ শুরু করে দিল, বলল পুলিশের কাছে যাওয়া হচ্ছে, না? বাইরে পা ফেলে দেখো, সঙ্গে সঙ্গে খুন করে ফেলব।'

'তারপর?'

'আমার স্বামী হার্টের রোগী,' বললেন মিসেস গুডউইল, গলায় কান্না উঠে আসছে। 'কোনওমতেই ওঁর উভেজিত হওয়া চলে না। ওদেরকে আমি বললাম, ঠিক আছে, আমরা পুলিশের কাছে যাব না, তোমরা দয়া করে বিদায় হও। কিন্তু বিগড়ে গিয়ে আমার স্বামী চিকিৎসার শুরু করলেন—উনি পুলিশের কাছে যাবেনই, ভয় দেখিয়ে কেউ ওঁকে ক্ষান্ত করতে পারবে না...এইসব বলতে বলতেই দু'হাতে বুক চেপে ধরলেন, তারপর ঢলে পড়লেন মেরোতে। ব্যাপার দেখে স্টকে পড়ল গুগুরা। পাশের বাড়িতেই ডাক্তার ছিলেন, খবর পেয়ে ছুটে এলেন তিনি। পরীক্ষা করে মাথা নাড়লেন। মারা গেছেন আমার স্বামী।'

কিছু বলবার শক্তি যেন হারিয়ে ফেলেছে রানা। শুধু বড় করে একটা দীর্ঘশ্বাস ফেলল।

'তারপর,' কান্না থামিয়ে খানিক পর আবার বললেন মিসেস গুডউইল, 'আমার স্বামী মারা যাবার পর ওই লোক কী করেছে শুনবেন? অলিভার চিকিৎসার মাসিক বিল নিয়মিত আগাম পরিশোধ করে প্রথম থেকেই স্যানাটোরিয়াম কর্তৃপক্ষের সঙ্গে সম্পর্ক ভাল রেখেছে বেচার—ডষ্ট্রে প্রেস্টন আর ডষ্ট্রে শেলডন বদমাশটাকে ভালমানুষ বলেই জানে; ওঁদের সম্মতি আর সহ আদায় করে অন্য এক লোককে ট্রাস্ট বোর্ডের সদস্য করে নিয়েছে। এখন নিজের লোককে দিয়ে সহ করিয়ে যত খুশি টাকা

তুলছে সে ব্যক্ত থেকে...'

'বলেন কী!' আঁতকে উঠল রানা।

'এ-সব কথা যেন আবার বুড়ো বদমাশটার কানে না যায়, শুনতে পাই তার সঙ্গে নাকি মাফিয়া ডনদের লিঙ্ক আছে। আচ্ছা, রাখি, কেমন?'

রানাকে আর কিছু বলবার সুযোগ না দিয়ে যোগাযোগ কেটে দিলেন মিসেস গুডউইল।

মাথাটা বিম বিম করছে রানার। বিপদ যখন আসে, একা আসে না। একদিকে অলিভা নিখোঁজ, আরেকদিকে ওর টাকা-পয়সা চুরি হয়ে যাচ্ছে। একা ব্লেচারকে সামলানোই মুশকিল, সেই সঙ্গে জুটেছে আবার মাফিয়া!

এই সময় নক হলো দরজায়। সোফা ছেড়ে দরজা খুলে দিল ও। দেখল, নইম মাহমুদ এজেন্সির মেকআপ এক্সপার্ট শারমিন রেজাকে পাঠিয়েছে।

সিটিং রুমে ফিরে এসে একটা চেয়ারে বসল রানা। 'আমি আমার কাজ করি, তুমি তোমার, ঠিক আছে?'

'জী, মাসুদ ভাই।'

রেইনকোট পরে এসেছে শারমিন, সঙ্গে করে রানার জন্যেও নিয়ে এসেছে একটা। মুভি ক্যামেরা আর রেইনকোট টেবিলের উপর রাখল। তারপর একটা চেয়ার টেনে রানার ঠিক সামনে বসল, হাতব্যাগ থেকে রডরিক ফেদেরার পরিচয়-পত্র আর মেকাপের সরঞ্জাম বের করে পাশের নিচু টেবিলটা সাজাচ্ছে। একটু পরেই দ্রুত হাতে দক্ষতার সঙ্গে শুরু করল কাজ।

রানাও একের পর এক ফোন করছে। প্রথমে খোঁজ নিল হিলসাইড স্যানাটোরিয়ামে। ওখান থেকে জানা গেল—না, এখনও অলিভার কোনও খোঁজ পাওয়া যায়নি।

তারপর নইম মাহমুদকে জানাল, সলিসিটর হাওয়ার্ড ব্লেচার সম্পর্কে তথ্য দরকার। শোনা যাচ্ছে, তার সঙ্গে মাফিয়াদের

যোগাযোগ আছে, সত্যি কি না দেখা দরকার। খবর নিতে হবে ব্যাক্সে: অলিভার টাকা অ্যাকাউন্ট থেকে কী পরিমাণ তোলা হয়েছে, ওর কোনও সম্পত্তি ব্লেচার বেচে দিয়েছেন কি না।

সবশেষে ট্র্যাকিং পয়েন্ট পুলিশ স্টেশনে ফোন করল রানা।

অপরপ্রান্ত থেকে ভারী একটা কষ্টস্বর ভেসে এল: 'শেরিফ ডেভিড কুপার!'

'রডরিক ফেদেরা, ফ্রি লাঙ্গ সাংবাদিক,' বলল রানা। 'ইতিমধ্যে খবরটা নিশ্চয়ই আপনার কানে গেছে?'

এক মুহূর্ত চুপ করে থেকে শেরিফ জানতে চাইলেন, 'ঠিক কোন খবরটার কথা বলছেন বলুন তো, মিস্টার ফেদেরা?'

'তার মানে এখনও কিছু জানেন না আপনি,' বলল রানা। 'হিলসাইড স্যানাটোরিয়াম থেকে অলিভা কারমেন নামে এক পেশেন্ট পালিয়ে গেছে।'

'পুলিশকে ইনফর্ম করা হয়নি কেন?' তাঙ্ককঠে জানতে চাইলেন শেরিফ। 'আপনিই বা কোথেকে পেলেন খবরটা?'

'স্যানাটোরিয়ামের গার্ডরা চারদিকে খোঁজাখুঁজি করছে, তাদের একজনের কাছ থেকে জেনেছি আমি,' বলল রানা। 'হয়তো আরও কিছুক্ষণ খুঁজবে ওরা, পাওয়া না গেলে আপনাকে খবর দেবে।'

ইতিমধ্যে ঠোঁটের উপর নকল গোঁফ লাগিয়ে, জুলফি বড় করে, চুলের কাটিং আর রঙ বদলে দিয়ে রানার চেহারা এতটাই বদলে ফেলেছে শারমিন, সামনে ধরা আয়নায় নিজেকে সত্য সত্য চিনতে পারছে না ও। ফোনে হাতচাপা দিয়ে নিচু গলায় বলল, 'ধন্যবাদ, শারমিন।'

মিষ্টি হেসে মাথাটা একবার ঝাঁকিয়ে জিনিস-পত্র সব গুছিয়ে নিয়ে নিঃশব্দে বিদায় নিল মেয়েটা। শুনেছিল, ওদের বস অত্যন্ত ভদ্রলোক, কিন্তু অধস্তনকে যে এভাবে ধন্যবাদ দেবেন, তা ভাবতেও পারেনি। খুশিমনে উড়ে বেরিয়ে গেল দরজা দিয়ে।

‘টেলিফোন করার জন্যে আপনাকে ধন্যবাদ, মিস্টার ফেদেরা,’ ফোনের অপরপ্রান্ত থেকে বললেন শেরিফ কুপার। ‘আমি এখনই যাচ্ছি ওখানে...’

‘থানায় পৌছাতে এই ধরন মিনিট দশেক লাগবে আমার,’ বলল রানা। ‘আপনি যদি একটু অপেক্ষা করেন, প্রিজ, দুজন একসঙ্গে যেতে পারি।’

‘ওহ, শিওর! আমি আপনার জন্যে অপেক্ষা করছি।’

মাহমুদের কাছ থেকে দুঃসংবাদটা পাওয়ার পর মাত্র উনিশ মিনিট পার হয়েছে। আরও দেড় মিনিট লাগল হোটেল থেকে বেরিয়ে ট্যাক্সিতে চড়তে। আবার স্যানাটোরিয়ামে ফোন করল ও। না, এখনও অলিভাকে পাওয়া যায়নি।

রিং হলো ওর মোবাইল ফোনে। ডিসপ্লেতে মাহমুদের নাম দেখে বলল, ‘হ্যাঁ, বলো।’

‘মাসুদ ভাই,’ স্লান সুরে বলল মাহমুদ। ‘লস অ্যাঞ্জেলেস আভারগ্রাউন্ডের কয়েকটা সোর্স থেকে সলিসিটর হাওয়ার্ড ব্লেচার সম্পর্কে কিছু তথ্য পাওয়া গেছে।’

‘ভাল নয়?’

‘না। মাফিয়া ডন মারিও মারকাস-এর ক্যাসিনোয় জুয়া খেলে হারতে হারতে একেবারে ফতুর হয়ে গেছে ব্লেচার। মারকাসের কাছে লাখ লাখ ডলার দেনা তার। শুধু তাই নয়, ট্রাস্টি বোর্ডের যে সদস্য মারা গেছেন তাঁর জায়গায় মাফিয়ার ওই ডনকেই সদস্য করে নিয়েছে সে।’

কয়েক সেকেন্ড চুপ করে থাকল রানা। তারপর জানতে চাইল, ‘আর কিছু জানতে পেরেছ?’

‘জী,’ বলল মাহমুদ। ‘অলিভার অনেক টাকা ব্যাঙ্ক থেকে তুলে খরচ করে ফেলেছে ব্লেচার...’ আরও বেশ কিছু তথ্য গড়গড় করে বলে গেল।

মাহমুদ থামতে আপন মনে মাথা ঝাঁকাল রানা, বলল, ‘গুড

জব, মাহমুদ। একটু ভাবতে দাও, পরে আবার যোগাযোগ করব আমি।’ লাইন কেটে দিল রানা।

অশুভ একটা চিন্তা শক্তি করে তুলল ওকে। ওর জানা ছিল না হাওয়ার্ড ব্লেচার সলিসিটর হিসাবে নাম করেছে মাফিয়া ক্রিমিনালদের আইনী সহায়তা দিয়ে। ক্যালিফোর্নিয়ার প্রায় সব বড় মাফিয়া ডনের সঙ্গে তার সুসম্পর্ক। অনেক শহরে লোকটার শাখা অফিস আছে, এমনকী এই মডেস্টো শহরেও। অলিভার স্যানাটোরিয়াম থেকে পালিয়েছে এ-খবর শুনে সে হয়তো ভাববে অলিভার মারা গেলে তার খুব সুবিধে হয়।

অলিভার যাতে আর স্যানাটোরিয়ামে ফিরতে না পারে, যাতে কোনও ‘দুর্ঘটনা’-য় মারা যায়, তার সুবন্দোবস্ত করবার জন্য পাওনাদার ডন মারিও মারকাসকে অনুরোধও করতে পারে এই লোক। আর তা করলে সে-লোক খুশি মনেই সাহায্য করবে, কারণ সেক্ষেত্রে অলিভার সব টাকা তার পকেটেই যাবে।

ট্রাস্ট-এর বিধি অনুসারে অলিভার মারা গেলে অলাভজনক ও জনহিতকর কোনও প্রতিষ্ঠানে সমস্ত নগদ টাকা আর সয়-সম্পত্তি দান করে দিতে হবে। ব্লেচারের জন্য সেটা কোনও সমস্যাই নয়, সে নিজেই খুব সহজে ওরকম একটা প্রতিষ্ঠান বানিয়ে নেবে।

ট্যাক্সিতে বসে মোবাইল ফোনে মাহমুদকে নতুন আরেকটা নির্দেশ দিল রানা: ‘টপ প্রায়োরিটি—ব্লেচারের ওপর সারাক্ষণ কড়া নজর রাখার ব্যবস্থা করো। কোথায় কার কাছে যায়, কী করে—সন্তুষ্ট হলে তার ফটো তুলে রাখো।’

‘জী, মাসুদ ভাই।’

রেইনকোট খুলে ভাঁজ করা হাতে বোলালেন শেরিফ কুপার, তারপর ইউনিফর্ম পরা একজন গার্ডের পিছু নিয়ে চুকে পড়লেন হিলসাইড স্যানাটোরিয়ামের মালিক পেরি প্রেসটনের চেম্বারে।

ওঁর পিছু নিয়ে রানাও ঢুকল। রেইনকোটটা বাইরে খুলে রেখে

এসেছে, হাতে শুধু ক্যামেরা ।

ট্রাস্ট-এর চুক্তিপত্রে সাক্ষী হিসাবে স্বাক্ষরদাতা ডষ্ট্রে প্রেস্টনকে এর আগে একবার দেখছে রানা । ছদ্মবেশে থাকায় ওকে চিনতে পারলেন না তিনি । ষাট-বাষ্পত্তি বছর বয়স ভদ্রলোকের, চেহারায় পাণ্ডিত্য আর আভিজ্ঞাত্যের ছাপ । তবে এই মুহূর্তে বেশ বিচলিত দেখাচ্ছে তাঁকে ।

‘আমি শেরিফ, ডেভিড কুপার,’ সমন্বে দিকে হাত বাড়িয়ে বললেন পুলিশ কর্মকর্তা । তারপর ইঙ্গিতে রানাকে দেখালেন । ‘ফ্রি লাঙ্গ জার্নালিস্ট, রডরিক ফেদেরা । আমাদের একজন পেশেন্ট পালিয়েছে শুনে খবর নিতে এলাম । কতক্ষণ হলো?’

ওদের সঙ্গে করমদন্ত সেরে মাথা ঝাঁকালেন ডষ্ট্রে প্রেস্টন, তারপর হাতঘড়ির উপর চোখ বুলালেন । ‘প্রায় একঘণ্টা হয়ে এল ।’ থমথম করছে ওর চেহারা । ‘আমাদের লোকজন চারদিকে খুঁজছে ওকে । তবে পুলিশের সাহায্যও দরকার বলে মনে করছি আমি । কাজটায় খুব শক্ত নার্ভ দরকার । মেয়েটা ডেঞ্জারাস ।’

শেরিফের মান চোখের দৃষ্টি তীক্ষ্ণ হয়ে উঠল । ‘কীরকম ডেঞ্জারাস?’ ধীরে ধীরে জানতে চাইলেন তিনি ।

‘আমরা আসলে খুব নাজুক পরিস্থিতিতে পড়ে গেছি,’ রানাকে চট্ট করে একবার দেখে নিয়ে বললেন হিলসাইড স্যান্টোরিয়ামের মালিক । ‘খবরটা যদি মিডিয়ায় প্রচার পায়, আমাদের সুনাম ধূলায় লুটাবে ।’

‘আমার ওপর ভরসা রাখুন, ডষ্ট্রে প্রেস্টন, যতটুকু পারা যায় আপনাকে আমি সাহায্য করব,’ বললেন শেরিফ, তারপর রানার দিকে তাকালেন । ‘মিডিয়াকে এখনই কিছু আপনি না জানালেও পারেন, তাই না, মিস্টার ফেদেরা?’

শ্রাগ করল রানা । একটু দ্বিধা দেখা দিয়েছে ওর মনে, তবে সেটা প্রকাশ করল না । ‘ঠিক আছে, আপনি যখন বলছেন... তবে, সব কথা শুনি তো আগে ।’

‘অসংখ্য ধন্যবাদ, মিস্টার ফেদেরা,’ কৃতজ্ঞচিত্তে বললেন ডষ্ট্রে প্রেস্টন ।

‘আপনি বলছিলেন মেয়েটা ডেঞ্জারাস,’ ওঁকে মনে করিয়ে দিলেন শেরিফ ।

‘এমনিতে অত্যন্ত শান্ত, ভদ্র, ন্যৌ, মিষ্টি আর বিনয়ী অলিভা,’ শুরু করলেন ডষ্ট্রে প্রেস্টন । ‘কিন্তু মাঝে মধ্যে হঠাত তার মধ্যে হিংস্র ভাব চলে আসে । সেটাও এত মারাত্মক নয় যে সারাক্ষণ পাহারা দিয়ে রাখতে হবে । আমরা ভয় পাচ্ছি এইজন্যে যে পালাবার সময় প্রথমে একজন নার্সকে ধাক্কা দিয়ে ফেলে দিয়েছে ও, তারপর একজন গার্ডের মাথায় ভারী টর্চ দিয়ে বাড়ি মেরে মারাত্মক আহত করেছে ।’

‘ঠিক কতটা ডেঞ্জারাস ও?’

‘বলা কঠিন,’ বললেন ডষ্ট্রে প্রেস্টন । ‘হঞ্চার পর হঞ্চা স্বাভাবিক দেখেছি ওকে আমরা । এই প্রথম এতটা ভায়োলেন্ট হলো । এখন হয়তো নাগালের মধ্যে যে-কেউ ওর হামলার শিকার হতে পারে । এটা খুবই অদ্ভুত টাইপের একটা মানসিক অসুস্থতা—ফিংয়োফ্রিনিয়ার সঙ্গে আরও কিছু, কিন্তু সেটা কী এখনও ধরা যায়নি ।’

‘ওর মধ্যে খুন করার কোনও প্রবণতা কি দেখা গেছে কখনও?’ জানতে চাইল রানা ।

‘না । তবে একটা ঘটনার কথা বলি । বাগানে একদিন হাঁটাহাঁটি করার সময় অলিভা দেখতে পায় আমাদের একজন গার্ড বাইরের একটা কুকুরকে মারাধর করছে । নার্স কিছু বুঝে ওঠার আগেই ছুটে গিয়ে দু’হাতের নখ দিয়ে গার্ডের নাক-মুখ খামচে দেয় অলিভা । মেয়েটার গায়ে প্রচণ্ড শক্তি, নার্স জাপটে না ধরলে গার্ডের একটা চোখ সেদিন উপড়েই ফেলত ।’

কাঁধ ঝাঁকিয়ে শেরিফ বললেন, ‘এই বাড়ি-বৃষ্টির মধ্যে কাউকে খুঁজে বের করা সহজ কাজ হবে না । আচ্ছা, খোঁজ নিয়ে দেখা

হয়েছে, মেয়েটা ওর পরিচিতি কারও কাছে গেছে কি না?’

‘লস অ্যাঞ্জেলেসে ওর একটা ফ্ল্যাট আছে, অনেক দূরে হলেও ওটার ওপর নজর রাখার ব্যবস্থা করেছি আমরা,’ জানালেন ডষ্ট্র প্রেস্টন। ‘রানা এজেন্সির ডিরেক্টর মিস্টার মাসুদ রানাকে বিশেষভাবে পছন্দ করে মেয়েটা, তাই এজেন্সির শাখাগুলোকে সতর্ক করা হয়েছে।’

‘ওঁর মত নামকরা একজন লোকও এর সঙ্গে জড়িত?’ জ্ঞ কেঁচকালেন শেরিফ। ‘কোথায় তিনি? বিরাট নেটওর্ক ওঁদের, তল্লাশিতে ওঁরা অংশ নিচ্ছেন না?’

মাথা নাড়লেন ডষ্ট্র প্রেস্টন। ‘আমাকে বলা হয়েছে মিস্টার রানা এখানে নেই।’

‘পালাবার সময় অলিভার কাছে কোনও টাকা ছিল?’ জানতে চাইলেন শেরিফ।

‘থাকার কথা নয়।’

রানা বলল, ‘মেয়েটিকে আমরা তো কেউ চিনি না, আপনারা যদি দয়া করে ওর একটা ফটো দিতে পারেন...’

‘ওর ফাইলে মাত্র একটাই ফটো আছে, সেটা তো আমরা কপি না করে দিতে পারব না—একটু সময় লাগবে,’ বললেন ডষ্ট্র প্রেস্টন।

‘তা লাগুক,’ বলল রানা। ‘ফটো একটা না হলে চলবে না। ভাল কথা, ওর চেহারা বর্ণনা করুন, লিখে নিই।’ ডষ্ট্র প্রেস্টন একটা ফাইল খুলতেই নোটবুক আর পেন্সিল বের করল রানা। ওর দেখাদেখি শেরিফও।

‘প্রায় পাঁচ ফুট পাঁচ। মাথায় একরাশ লালচে-সোনালি চুল। বড় বড় সবুজ চোখ। ভারি সুন্দর ফিগার, অসাধারণ সুন্দরী। মাঝে-মধ্যে আড়চোখে তাকাবার অভ্যাস আছে। উত্তেজিত হয়ে পড়লে ডান গালের একটা পেশি বা শিরা সামান্য লাফায়। চমৎকার ছবি আঁকে।’

‘ধন্যবাদ, ডষ্ট্র,’ নোটবুক বন্ধ করতে গিয়েও করল না রানা। ‘বিশেষ কোনও চিহ্ন, ডষ্ট্র প্রেস্টন?’

‘ওর বাম কবজির ওপর দেড় ইঞ্চি লম্বা একটা দাগ আছে, ছোটবেলায় ধারাল কাঁচ লেগে কেটে গিয়েছিল। সহজে চেনার উপায় হলো ওর লালচে-সোনালি চুল।’

‘কী পরে আছে?’ জানতে চাইল রানা।

‘উল্লের তৈরি গাঢ় রঙের একটা ড্রেস, আর উঁচু হিল লাগানো একজোড়া জুতো খুঁজে পাওয়া যাচ্ছে না। আমার শোফার, রিপোর্ট করেছে: বাথরুম থেকে ফিরে দেখে ওর ট্রেঞ্চকোটটা হ্যাঙ্গারে নেই—আমরা ধরে নিতে পারি অলিভাই নিয়ে গেছে ওটা।’

চেয়ার ছাড়লেন শেরিফ। ‘স্টেট পেট্রলকে এখনই সবগুলো রাস্তার ওপর নজর রাখতে বলে দিচ্ছি আমি। পাহাড়ি এলাকা আর জঙ্গলগুলোয় সার্চ পার্টি পাঠাচ্ছি। চিন্তা করবেন না, আমরা ওকে ঠিকই খুঁজে বের করে ফেলব।’

চকচকে মাথাটা নিচু করলেন ডষ্ট্র প্রেস্টন, যেন বোঝাতে চাইলেন তিনি অতটা আশাবাদী হতে পারছেন না।

## আট

বিরাট নীল টয়োটা ভ্যান্টা অনায়াস ভঙ্গিতে পাহাড়ি রাস্তা ধরে উঠে যাচ্ছে, সকালের রোদ লাগায় ঝকঝক করছে ওটার লম্বা হৃত।

হৃতের পিছনে দায়ান বার্নেট; পাশে বসে কী যেন চিন্তা করছে ওর বড় ভাই যোসেফ। ওদের মধ্যে এমন কিছু নেই যা

দেখে বোৰা যাবে ওৱা দুজন আপন ভাই। দায়ান দীৰ্ঘদেহী, সুঠাম, এক রন্তি মেদ নেই শৰীৰে, বোদে পুড়ে চামড়াৰ রঙ হয়েছে গাঢ় মধু। ওৱ চোখ দুটো মায়াভো, আচৱণ মার্জিত, কথাৰাত্তায় ব্যক্তিত্ব ফুটে ওঠে। সাতাশ বছৰ বয়স হলেও, দেখে আৱণও কম মনে হয়। জিনিস পৱে আছে ও, সঙ্গে কাউবয় চেক শার্ট—গুটানো আস্তিনেৰ বাইৱে বেৱিয়ে আছে পেশল দুই বাহু।

ওৱ চেয়ে বয়সে বড় যোসেফ, লম্বায় প্ৰায় তিন ইঞ্চিং ছোট। ঠোঁট জোড়া মোটা, নাৰ্ভাস একটা ভাব লেগে থাকে ওগুলোৱ কোণে। হাঁটা-চলার সময় ঝাঁকি খায় শৰীৱটা, প্ৰতিটি কাজ ক্ষিপ্ৰ ভঙ্গিতে কৱতে অভ্যন্ত। কী কাৱণে যেন সব সময় উত্তেজিত হয়ে আছে, যে-কোনও মুহূৰ্তে নাৰ্ভাস ৰেকডাউনেৰ শিকাৱ হতে পাৱে। পাহাড়ি এলাকায় ওৱ গায়েৰ শহৰে কাপড়চোপড় একটু বেমানান, বিশেষ কৱে এদিকটা রান্শ এলাকা হওয়ায়।

ফোন কৱে ছোটভাইকে আগেই জানিয়েছিল যোসেফ, নিউ ইয়ার্ক থেকে আসছে সে, কিং'স ক্যানিয়ন-এ পৌছাবে ট্ৰেনে কৱে। নিজেৰ রান্শ থেকে ভ্যান নিয়ে ওকে আনতে গিয়েছিল দায়ান।

পৱন্পৱেৰ সঙ্গে অনেক বছৰ দেখা হয়নি ওদেৱ। দায়ান এখনও অবাক হয়ে ভাবছে, হঠাত কী কাৱণে ওৱ কাছে চলে এল যোসেফ! এমন নয় যে পৱন্পৱেৰ সঙ্গে খুব একটা মিল-মহৰত আছে ওদেৱ। মনে কৱা কঠিন, কোনও ব্যাপাৱে আদৌ ওৱা কখনও একমত হতে পেৱেছে কি না। স্টেশনে আজ কুশলাদি বিনিময়েৰ সময় যোসেফেৰ কৰ্কশ ব্যবহাৱে এতটুকু বিস্মিত হয়নি দায়ান।

রান্শে ফেৱাৱ পথে প্ৰথম দু'মাইল দুজনেৰ মুখ থেকে আট-দশটাৰ বেশি শব্দ বেৱোয়ানি। যোসেফ নাৰ্ভাস হয়ে আছে, বাৱবাৱ ঘাড় ফিৱিয়ে পিছনেৰ রাস্তাৰ উপৰ চোখ বুলাচ্ছে, যেন নিশ্চিত হতে চাইছে কেউ ওদেৱ পিছু নেয়ানি। ওৱ এই

অপ্রত্যাশিত রহস্যময় আচৱণ উত্তেজিত কৱে তুলছে দায়ানেৰ ম্বায়ুকে। তবে ভাই কী রকম মেজাজী জানে বলে কোনও প্ৰশ্ন কৱতে দিধায় ভুগছে।

'মনে হচ্ছে বেশ ভালই আছ তুমি,' ভাইকে মুখ খোলাৱ সুযোগ দিয়ে বলল ও। 'লস অ্যাঞ্জেলেসে বেশ জমিয়ে ফেলেছে, তাই না?'

'আছি একৱকম,' বলে আবাৱ ঘাড় ফিৱিয়ে গাড়িৰ পিছনদিকটা দেখে নিল যোসেফ।

'এত বছৰ পৱ আবাৱ দেখা হওয়ায় ভাল লাগছে,' বলল দায়ান, নিজেও জানে না কথাটাৰ মধ্যে কতটুকু আস্তৱিকতা আছে। 'তা হঠাত এদিকটায় কী মনে কৱে?' জিজেস কৱল, যোসেফেৰ মনে কী চলছে জানা দৱকাৱ ওৱ। ভাইকে ইতস্তত কৱতে দেখে দায়ান সন্দেহ কৱল, কিছু বানিয়ে বলবাৱ প্ৰস্তুতি নিচ্ছে ও।

একাটু কেশে নিয়ে অবশেষে যোসেফ বলল, 'ভাৱলাম হাওয়া বদল কৱলে স্বাস্থ্যেৰ জন্যে ভাল হবে।' সিটে নড়েচড়ে বসল। 'সামাৱে লস অ্যাঞ্জেলেসে গৱমটাও পড়ে খুব বেশি।' দূৰ আকাশেৰ গায়ে এবড়োখেবড়ো রেখাৰ মত দেখাচ্ছে সারি সারি পাহাড় চূড়াগুলোকে, সেগুলোৱ দিকে বিষণ্ণ দৃষ্টিতে তাকাল। যেদিকেই চোখ ঘোৱাচ্ছে, পাহাড় আৱ পাহাড়। চূড়াগুলোয় বৱফ জমে আছে, তাতে লেগে প্ৰতিফলিত ৰোদ ধাঁধিয়ে দিচ্ছে চোখ। 'বড় নিৰ্জন জায়গা, তাই না?' নৱম সুৱে বলল ও, এই প্ৰথম ওৱ চেহাৱায় স্বন্তিৰ একটা ভাব দেখা গেল।

'হ্যা, নিৱিবিলি,' বলল দায়ান। 'তবে লস অ্যাঞ্জেলেস থেকে এসে একঘেয়ে লাগবে তোমাৱ। আমাৱ ওখান থেকে সবচেয়ে কাছেৰ রানশ্টা বিশ মাইল দূৱে। অনেক সময় মাস পেৱিয়ে যায়, কাৱণও সঙ্গে দেখা হয় না।'

'কোনও অসুবিধে নেই, আমাৱ জন্যে ভালই হবে সেটা,'

বলল যোসেফ। ‘আমি বিশ্রাম নিতে এসেছি।’ শরীরটাকে মুচড়ে আবার পিছনে তাকাল। সরলরেখার মত লম্বা রাস্তায় কিছুই নেই। সম্প্রস্ত দেখাল ওকে। ‘হ্যাঁ, আমি খাপ খাইয়ে নিতে পারব।’ এক মুহূর্ত চিন্তা করল কিছু, তারপর বলল, ‘তবে সব সময় এই পারিবেশ আমার ভাল লাগবে না। একা তুমি থাকো কীভাবে? তোমার অস্ত্রিহর লাগে না?’

মাথা নাড়ল দায়ান। ‘মানিয়ে নিয়েছি,’ বলল দায়ান। ‘বাবা বলত, নিরিবিলি রানশই সবচেয়ে ভাল। আমারও এটাই পছন্দ। তবে হ্যাঁ, মাৰো-মধ্যে নিঃসঙ্গ লাগে বইকি। কিন্তু রান্শের কাজে সারাক্ষণ ব্যস্ত থাকতে হয় বলে কেটে যায় সময়।’

‘কজন তোমরা?’

‘মানে?’

‘মানে, রান্শের কাজে কজন তোমাকে সাহায্য করে?’

‘সব কাজ একা করি আমি,’ গবের সঙ্গে বলল দায়ান। ‘শুধু ফসল কাটার সময় লেবার ভাড়া করে আনি।’

‘গুড বয়,’ বলল যোসেফ, এই প্রথম ওকে হাসতে দেখল দায়ান। তারপর হাসি থামিয়ে ওর দিকে তৈক্ষ্ণ, কৌতুহলী দৃষ্টিতে তাকিয়ে জানতে চাইল, ‘আশপাশে মেয়ে-টেয়ে আছে?’

দয়ানের মুখটা গরম হয়ে উঠল। ‘আমার ঠিক জানা নেই,’ সামনের দিকে চোখ রেখে বলল ও, মনে পড়ল লস্পট হিসাবে কী রকম কুখ্যাতি ছিল যোসেফের।

‘জানি তোমার রক্ত চিরকালই বরফ,’ বলল যোসেফ, হ্যাঁট্টা মাথার পিছনদিকে একটু ঠেলে দিল। ‘তাই বলে আমাকে তুমি বিশ্বাস করতে বলো, বছরের পর বছর মেয়েমানুষ ছাড়া চলতে পারছ তুমি?’

‘এখানে আমি মাত্র এক বছর হলো আছি, এই সময়টায় কাজ ছাড়া অন্যকিছু নিয়ে মাথা ঘামাবার সময় পাইনি,’ একটু বিরক্ত হয়ে বলল দায়ান।

‘হ্ম। দেখা যাচ্ছে সঙ্গে করে একটা না এনে ভুলই করেছি,’ বলল যোসেফ। ‘ভেবেছিলাম তোমার কাছে ভাল সাপ্লাই পাব।’

সামনে রাস্তার দুটো শাখা গজিয়েছে, ডান ও বাম দিকে। ‘আমরা ডান দিকে যাব,’ প্রসঙ্গ বদলানোর জন্য বলল দায়ান। ‘বাঁয়ে গেলে রাউন্ডবেল পড়বে, তারপর পাহাড় আর উপত্যকা। ওই রুটে প্রচুর ট্রাফিক দেখতে পাবে। অরিগান থেকে যত ট্রাক আসে সব ওই রাউন্ডবেল রোড ব্যবহার করে। এই রুটটা আমাদেরকে পাহাড়ের ওপর নিয়ে যাবে।’

‘ওদিকে যেন একটা ভাঙা ট্রাক পড়ে আছে,’ হঠাৎ বলল যোসেফ, হাত তুলে দেখাল।

যোসেফের তাক করা আঙুল অনুসরণ করে তাকাল দায়ান, ব্রেক পেডালে চাপ দিয়ে দাঁড় করাল টয়োটা ভ্যান। জানালা দিয়ে মাথা বের করে পাহাড়ের ঢালু গায়ে চোখ বুলাল। রাস্তার দু’হাজার ফুট উপরে উঠে রাউন্ডবেল রোডে পৌছেছে।

ওটা যে ভাঙা একটা ট্রাক তাতে কোনও সন্দেহ নেই, একজোড়া পাইনগাছের মাঝখানে উল্টে পড়ে আছে।

‘বোকার মত থামলে কেন?’ জানতে চাইল যোসেফ, চোখে-মুখে অস্বস্তি। ট্রাক অ্যাঞ্জিলেন্ট আগে দেখোনি কোনদিন?’

‘দেখেছি বইকি,’ বলল দায়ান। ‘একটু বেশি দেখেছি।’ দরজা খুলে রাস্তায় নামল ও। ‘সেজন্যেই খোঁজ নেয়া দরকার কেউ আহত হয়ে পড়ে আছে কি না। কাল রাতে যেরকম বাড়-বৃষ্টি গেছে, বেচারা হয়তো কারও নজরেই পড়েনি।’

‘একেবারে ফ্লোরেস নাইটিসেল, অঁ্যা?’ কর্কশস্বরে বিদ্রূপ করল যোসেফ। ‘ঠিক আছে, চলো আমিও তা হলে তোমার সঙ্গে যাই—পা দুটোয় মরচে ধরে যাচ্ছে।’

ঘন ঘাসে ঢাকা খাড়া ঢাল বেয়ে বেশ খানিকটা উঠতে হলো ওদেরকে, প্রচুর ভাঙা পাথরের টুকরো টপকাতে হলো, তারপর ট্রাকটার কাছে পৌছাল ওরা।

ওল্টানো ট্রাকের ভাঙা জানালা দিয়ে ভিতরে তাকাল দায়ান। কয়েক ফুট দূরে, ট্রাকের গায়ে হেলান দিয়ে দম ফিরে পাওয়ার চেষ্টা করছে যোসেফ; ঢাঁই বেয়ে উঠতে হওয়ায় হাঁপিয়ে গেছে।

‘এসো, যোসেফ,’ ডাকল দায়ান। ‘একটু সাহায্য করো। ড্রাইভার ছাড়াও একটা মেয়ে পড়ে আছে এখানে। দেখে মনে হচ্ছে দুজনেই মারা গেছে, তবে শিওর হতে চাই আমি।’ ক্যাবের ভিতর মাথা গলাল ও, লোকটার হাত ধরল—ঠাণ্ডা আর শক্ত হয়ে গেছে। মুখ কালো করে ছেড়ে দিল ওটা। ‘ড্রাইভার বেঁচে নেই।’

‘তোমাকে তো বলেইছি কী দেখতে পাবে,’ বলল যোসেফ। ‘এবার চলো, এই নরক থেকে পালাই।’ যেখানে দাঁড়িয়ে আছে সেখান থেকে কোনও রকম আড়াল ছাড়াই মাইলের পর মাইল রাস্তার বিস্তৃতি দেখতে পাচ্ছে ও। সম্পূর্ণ খালি, কোথাও কিছু নড়ছে না। স্বন্তি বোধটা ফিরে এল মনে, ভাবল এখানে তার নিরাপত্তার কোনও অভাব হওয়ার কথা নয়।

হাতটা আরও লম্বা করে দিয়ে মেয়েটির কবজি ধরল দায়ান, ড্রাইভারের পাশেই নিখর হয়ে পড়ে রয়েছে। এর হাতটা গরম লাগছে। ‘এই, যোসেফ! মনে হচ্ছে, মেয়েটা বেঁচে আছে! যেয়ো না, এসো দুজনে ধরে বের করি ওকে।’

বিড়বিড় করে বিরক্তি প্রকাশ করল যোসেফ, ক্যাবের কাছে এসে দায়ানের কাঁধের উপর দিয়ে ভিতরে তাকাল। ‘তো শুরু করো,’ তাগাদা দিয়ে বলল ও, সন্তুষ্ট ভঙ্গিতে ঘাড় ফিরিয়ে আরেকবার দেখে নিল নীচের রাস্তাটা। ‘নাকি সারাটা দিন এখানেই কাটাতে চাও?’

ক্যাবের ভিতর চুকে অজ্ঞান মেয়েটিকে পঁজাকোলা করে তুলল দায়ান। ধীরে ধীরে দরজা দিয়ে বের করে যোসেফের হাতে তুলে দিল, যতটা সাবধানে পারা যায়।

মেয়েটিকে ক্যাবের পাশে মাটিতে নামিয়ে রাখবার সময় নিহত ড্রাইভারের দিকে চোখ পড়ল যোসেফের। ‘ওহ, গড়!

লোকটার মুখের দিকে তাকাও একবার।’

‘বেচারাকে যেন কোনও বুনো বিড়াল নখ দিয়ে আঁচড়েছে,’ বলল দায়ান, তাড়াতাড়ি বেরিয়ে এল ক্যাব থেকে।

অলিভার একটা হাত ধরে একটু উঁচু করল যোসেফ। ‘এই হলো তোমার বুনো বিড়াল,’ বলল ও। ‘এর নখের ভেতরে রাস্তা আর চামড়া রয়েছে। বিড়াল নয়, আমি বলব বাঘিনী। কি হয়েছিল কল্পনা করতে পার?’

‘কী?’

‘লোকটা ওর গায়ে হাত দিতে চেষ্টা করছিল, খেপে গিয়ে তার মুখ খামচে দিয়েছে মেয়েটা,’ বলল যোসেফ। ‘চেখের ভেতর আঙুল ঢুকিয়ে দেয়ায় কানা হয়ে যায় ড্রাইভার, ট্রাকটা রাস্তা থেকে খসে পড়ে এখানে।’ অলিভারে ধরে সিধে করল ও। ‘রূপ একেবারে ফেটে পড়ছে, কি বলো? বাজি ধরে বলতে পারি ড্রাইভার ভেবেছিল কোনও মডেল কিংবা সেলিব্রিটিকে লিফট দিচ্ছে সে, এই সুযোগ জীবনে আর কখনও পাবে না। আসলে নির্ধারিত একটা বেশ্যা, তা না হলে দুর্যোগের রাতে একা কেউ বাইরে বেরোয়! তা-ও আবার ব্যাটাছেলের ট্রেঞ্চকোট পরে!’

‘ওর মাথার পিছনে মারাত্মক একটা ক্ষত আছে,’ বলল দায়ান। ‘এখনই কিছু একটা করতে হবে।’

‘ভুলে যাও,’ বলল যোসেফ, হঠাৎ ওর গলায় কর্কশ একটা সুর চলে এসেছে। ‘আমরা ওকে এখানেই রেখে যাব। জ্বান ফিরে এলে নিজের পথ নিজেই চিনে নেবে। কিংবা কেউ একজন দেখতে পেয়ে খুশি মনে সঙ্গে করে নিয়ে যাবে। তা ছাড়া, একটা বাঘিনীর সঙ্গে আমরা জড়াতে চাই না।’

যোসেফের দিকে তাকিয়ে থাকল দায়ান। ‘অসম্ভব! তীক্ষ্ণসুরে বলল ও, ‘কাউকে এভাবে ফেলে রেখে যাওয়া যায়?’

‘সেক্ষেত্রে নীচে নামিয়ে রাস্তার ধারে রেখে গেলেই হয়,’ বলল যোসেফ। ‘কেউ না কেউ এদিকে আসবেই, সে-ই দেখতে পেয়ে

একটা ব্যবস্থা করবে। মোটকথা, এই ব্যাপারটার সঙ্গে নিজেকে আমি জড়াব না।’

‘ওর চিকিৎসা দরকার, হাসপাতালে নিতে হবে,’ শান্ত, অথচ দৃঢ়স্বরে বলল দায়ান। ‘আমার রান্শ আর এই জায়গার মাঝখানে এমন কোনও জায়গা নেই যেখানে ওকে রেখে যেতে পারি। ওকে আমার বাড়িতেই তুলব, তারপর খবর দেব ডাঙ্গার বেনেট-কে। এতে তোমার আপত্তির কী আছে আমি বুঝছি না।’

রাগ চেপে রাখতে হওয়ায় যোসেফের চেহারা কুৎসিত হয়ে উঠল। ‘আমাকে তুমি বোকা বানাতে পারবে না,’ খেকিয়ে উঠল ও। ‘বেশিদিন পাহাড়ে থাকলে আর সবার যা হয় তোমারও তা-ই হয়েছে—মেয়েমানুষ দেখে পাগল হয়ে গেছ।’

লাফ দিয়ে সিধে হলো দায়ান। ভাইয়ের উপর বাঁপিয়ে পড়তে যাচ্ছিল, একেবারে শেষ মুহূর্তে সামলে নিল নিজেকে। তারপর কী ভেবে নিঃশব্দে একটু তিক্ত হাসল ও, বলল, ‘দেখা যাচ্ছে খুব একটা বদলাওনি তুমি। মানে, বড় হওনি এখনও—সেই স্কুলবয়ই রয়ে গেছ।’ ঘুরে মেয়েটার দিকে ঝুঁকল ও, অসাড় হাত-পা নেড়েচেড়ে দেখছে কোথাও কোনও হাড় ভেঙেছে কি না; এই সময় গুঙ্গিয়ে উঠল অলিভা।

‘শুধু নেড়েচেড়ে কী লাভ,’ কুৎসিত হাসির সঙ্গে বলল যোসেফ, ‘আমি না হয় ঘুরে দাঁড়াচ্ছি—কিছু করতে হলে শুরু করে দাও।’

ওর কথা শুনতে না পাওয়ার ভান করল দায়ান, যদিও ওর ঘাড়ের পিছনটা লাল হয়ে উঠল। অলিভার পালস্ দেখছে ও। আঙুলের নীচে লাফাচ্ছে শিরাটা। লক্ষ করল মুখের রঙও ধীরে ধীরে ফিরে আসছে।

‘এখনও সময় আছে, দায়ান,’ আবার বলল যোসেফ। ‘নিজের ভাল চাও তো বেশ্যাটাকে এখানে ফেলে রেখে যাও। তা না হলে কিন্তু তোমার কপালে দুঃখ আছে, এই বলে রাখলাম।’

‘ইশ্শু, চুপ করো তো!’ ভাইকে ধমক দিয়ে অলিভাকে দুঃহাতে পাঁজাকোলা করে নিয়ে সিধে হয়ে দাঁড়াল দায়ান।

‘ঠিক আছে,’ প্রচন্ন হৃষিকের সুরে বলল যোসেফ, নির্লিঙ্গ ভঙ্গিতে কাঁধ ঝাঁকাল। ‘তবে, পরে কিন্তু বলো না যে তোমাকে আমি সাবধান করিনি! আমার মন বলছে, যারাত্মক কোনও বিপদ দেকে আনবে ওই মেয়ে। কিন্তু তা নিয়ে আমি কেন মাথা ঘামাতে যাই! সেটা তোমার মাথাব্যথা।’

ভাইকে পাশ কাটিয়ে ঢাল বেয়ে সাবধানে নামতে শুরু করল দায়ান।

## নয়

মডেস্টো শহরের পুবে, তেরো হাজার একশ’ তেতাল্লিশ ফুট উঁচু ‘বাউভারি পিক’ থেকে খুব বেশি দূরে নয়, চার পাহাড়ের মাঝখানে বড়সড় একটা উপত্যকায় দায়ান’স রান্শ। সি লেভেল থেকে আট হাজার ফুট উপরে জায়গাটা। গোটা এলাকার নাম ব্ল্যাক পিলারস।

বিশাল ব্ল্যাক পিলারস, কয়েক হাজার একর জমি ও বনভূমি সহ, পানির দরে কিনে নিয়েছে দায়ান। তবে রান্শটা শুরু করেছে অল্প একটু জায়গা নিয়ে। বাবা ছিলেন রান্শ মালিক, ছোটবেলায় লেখাপড়ার সময়টুকু ছাড়া সারাক্ষণ পাশে পাশে থেকেছে বাবার, তাঁকে কাজ করতে দেখেছে; সে-সব মনে আছে কি না যাচাই করবার জন্য যা করবার একাই করছে ও। বাস্তব অভিজ্ঞতা অর্জনের পর লোকজন নিয়ে বাড়াবে রান্শের পরিসর।

হাইওয়ে থেকে দায়ান’স রান্শ-এ পৌছাতে হলে সরু একটা

কাঁচা শাখা-পথ ধরতে হবে। বড় বড় বোল্ডার আর পাইনগাছের ফাঁক দিয়ে এঁকেবেঁকে পাঁচ কি ছয় মাইল এগিয়েছে ওটা, তারপর বাঁক নিয়ে চলে এসেছে দায়ানের লম্বা কেবিনের পাশে। কেবিনটা একটা লেকের ধারে, ওটার টলটলে নীল পানি কাঁচের মত স্বচ্ছ। বড় বড় মাছ খেলে বেড়ায়—ওপর থেকে দেখা যায় পরিষ্কার। খাওয়ার লোক বলতে একা শুধু দায়ান।

বছরকয়েক লস অ্যাঞ্জেলেসে, একটা বিমা কোম্পানিতে চাকরি করে খুব নাম করেছিল, হঠাৎ সিদ্ধান্ত নিল, বাবার মত রান্শ করবে। ব্যাকে জমা টাকা ছিল, সহজ কিস্তিতে বিরাট অঙ্কের লোনও পেয়ে যায় সৎ বলে খ্যাতি থাকার সুবাদে—চার পাহাড়ের মাঝখানে উপত্যকাটা একদিন দেখতে পেয়ে মনে ধরে যায়, দু'দিন পরেই জায়গাটা লিজ নিয়ে ফার্মিং শুরু করেছে। রান্�শ্ট্টা এখনও শিশু হলেও, দায়ান আশা করছে আগামী বছরই বেশ অনেকটা বড় করে ফেলবে, তখন স্থায়ী লেবার রাখবে।

এখনে ওর সমস্যা একটাই, নিঃসঙ্গতা। গরু আর কুকুর ছাড়া কথা বলবার মত অন্য কেউ নেই। যোসেফের আগমন এই সমস্যার সমাধান দিতে পারত, কিন্তু দায়ান দ্রুতই বুঝে নিয়েছে যে ভাইটি ওকে সঙ্গ দেওয়ার বদলে বামেলা পাকাতেই বেশি সময় ব্যয় করবে। এরইমধ্যে তার এই হঠাৎ আগমন ভাল চোখে দেখছে না ও।

একটিও কথা না বলে বাঁকা চোখে কেবিনটা একবার দেখল যোসেফ, তারপর লেকের দিকে হাঁটা ধরল। কাঁধে অচেতন অলিভাকে নিয়ে কেবিনে ঢুকল দায়ান। ওর গায়ের ট্রেঞ্চকোটটা খুলে গাড়িতে রেখে এসেছে।

কিন্তু যেইমাত্র দৃষ্টিপথের বাইরে চলে গেল ছেটভাই, অমনি দিক বদলে হন হন করে টয়োটা ভ্যান্টার দিকে এগোল যোসেফ। সতর্ক চোরের দৃষ্টিতে চট করে কেবিনের দিকটা দেখে নিল একবার, তারপর ভ্যানের সামনের হৃড়টা তুলল, ক্যাচ স্প্রিং

সরিয়ে খুলে নিল ডিস্ট্রিবিউটর ক্যাপটা। নিঃশব্দে বন্ধ করল হৃড, পকেটে ভরল ওটা, তারপর চুপিসারে উঠে এল চওড়া বারান্দায়।

ওখানে কয়েক সেকেন্ড দাঁড়িয়ে থাকল, কান পেতে শুনল কেবিনের ভিতর হাঁটা-চলা করছে দায়ান। তারপর অন্য একটা দরজা দিয়ে বড়সড় লিভিং রুমে ঢুকল ও। চোখ বুলিয়ে ফার্নিচারগুলো দেখল, তারপর হেঁটে চলে এল গান-র্যাকের সামনে।

লোহার বার, কবজা আর বুলন্ত তালা দেখতে পেয়ে চট্ট করে তালা মেরে দিল গান-র্যাকে। এবার র্যাকের ভিতরে নিরাপদে থাকবে অস্ত্রগুলো। খুশি মনে চাবিটা পকেটে ভরল যোসেফ।

এক মুহূর্ত পর লিভিং রুমে ঢুকল দায়ান।

‘তোমার গার্লফ্রেন্ডকে বিছানায় শুইয়েছ?’ দেঁতো হাসির সঙ্গে জিজেস করল যোসেফ। ‘খুব জলদি সেরেছ দেখছি কাজটা!'

‘এ-সব বন্ধ করো তো, যোসেফ,’ একটু কঠিন সুরে বলল দায়ান। ‘আমি পছন্দ করি না, কাজেই...’

ওর পা থেকে মাথা পর্যন্ত চোখ বুলাল যোসেফ, এখনও হাসছে। ‘সেটা তো ভাল লক্ষণ নয়, দায়ান।’ পকেট থেকে সিগারেটের প্যাকেট বের করে ধরাল একটা।

‘তোমার ব্যাপারটা কী বলো তো?’ জানতে চাইল দায়ান। ‘দেখা হবার পর থেকে উদ্ভট আচরণ করছ কেন তুমি?’

‘লক্ষণ হিসেবে সেটাও ভাল নয়,’ বলল যোসেফ।

কাঁধ বাঁকাল দায়ান। ‘আমি ডাক্তার বেনেটের কাছে যাচ্ছি,’ বলল ও। ‘যেতে-আসতে দুঃস্থিতির মত লাগবে। মেয়েটার ওপর তোমার একটু নজর রাখতে হবে। রাখবে তো? আমার ধারণা, ওর জখমটা মাথায়। তবে আমি না ফেরা পর্যন্ত ভালই থাকবে ও।’

‘রাজকল্যাকে তুমি উদ্ধার করেছ, এখন তার ওপর নজর রাখার মত সম্মানজনক দায়িত্ব দেয়া হচ্ছে আমাকে...কী করতে

হবে আমার শোনা যাক। ওর হাত ধরে থাকব, মাথা থেকে টুপি খুলে বাতাস করব?’

‘এটা কৌতুক করার মত কোনও বিষয় নয়,’ ঠাণ্ডা সুরে বলল দায়ান, মেজাজটা অনেক কষ্টে নিয়ন্ত্রণে রাখতে হচ্ছে। ‘ডাক্তারকে তাঁর গাড়ি নিয়ে আসতে বলব, প্রয়োজন হলে এখান থেকে ওকে যাতে নিয়ে যেতে পারেন। তবে যতক্ষণ ও এখানে আছে, দয়া করে তুমি একটু সাহায্য করো।’

‘শিওর,’ বলল যোসেফ, সেই দেঁতো হাসিটা লেগে আছে মুখে। ‘তুমি বেরিয়ে পড়ো। কথা দিচ্ছি ওকে আমি হাসি-খুশি রাখব। মেয়েরা আমাকে পছন্দ করে।’

ওর দিকে একবার কড়া দৃষ্টিতে তাকাল দায়ান, তারপর কামরা ছেড়ে বেরিয়ে গেল।

দরজা দিয়ে তাকিয়ে যোসেফ দেখল ছেটভাই উঠানে নেমে ভ্যানের দিকে এগোল, তারপর ড্রাইভিং সিটে বসে স্টার্ট দেওয়ার চেষ্টা করল। আপনমনে হেসে উঠল সে।

ইঞ্জিন স্টার্ট নিচ্ছে না দেখে গাড়ি থেকে নামল দায়ান, সামনের হৃড খুলে পরীক্ষা করছে কোথায় কী হয়েছে।

একটু পর যোসেফ দেখল হন হন করে বারান্দার দিকে ফিরে আসছে দায়ান। হাসি মুখে সে-ও বারান্দায় বেরঞ্জ।

ওর সামনে এসে দাঁড়াল দায়ান, বলল, ‘তুমি ডিস্ট্রিবিউটর ক্যাপটা খুলে নিয়েছ।’

‘নিয়েছি,’ বলল যোসেফ, হাসিটা থামছে না। ‘তাতে কী?’

নিজেকে স্থির রাখল দায়ান, হাত পাতল। ‘দাও ওটা।’

‘যদি না দিই?’ যেন কৌতুক করছে যোসেফ। ‘ধরো, ওটা আমার কাছেই থাকবে।’

‘কেন?’

‘বেশ্যাটাকে রেখে আসতে বলেছিলাম, কিন্তু তুমি আমার কথা শোনোনি, তাই।’ এখন আর হাসছে না যোসেফ।

‘আরেকটা কথা। যতক্ষণ আমি এখানে আছি, বাইরের কাউকে রান্�শে ঢুকতে দেয়া যাবে না—ডাক্তার-ফাক্তার কাউকে না; আমি অনুমতি না দিলে এখান থেকে কেউ বাইরে কোথাও যেতেও পারবে না।’

মুঠো পাকাল দায়ান। ‘শোনো, যোসেফ, তোমার মাথায় কী চলছে আমি জানি না, তবে আমার সঙ্গে লেগে তুমি কোনদিন সুবিধে করতে পারোনি, এখনও পারবে না। ডিস্ট্রিবিউটর ক্যাপটা দাও, তা না হলে আমি কিন্তু জোর খাটাতে বাধ্য হব।’

‘তাই?’ বলে পিছু হটল যোসেফ। ‘তা হলে শোনা যাক এটা সম্পর্কে তোমার কী ধারণা...’ হঠাৎ ওর হাতে একটা পিস্তল বেরিয়ে এসেছে—কুৎসিতদর্শন ভোঁতা একটা .38 অটোমেটিক। ‘এখনও মাথায় আইডিয়া গজাচ্ছে, লিট্ল ব্রাদার?’ ভাইয়ের বুকে লক্ষ্যস্থির করছে। ‘এসো, দেখি, কেমন তুমি জোর খাটাতে পারো।’

পিছু হটল দায়ানও, মুখের চামড়া টান টান হয়ে উঠেছে। ‘তুমি পাগল হয়ে গেছ! পিস্তলটা রেখে দাও।’

‘এবার তা হলে তোমাকে সব কথা বলতে হয়,’ কর্কশস্বরে ফিসফিস করল যোসেফ। ‘ভাই-টাই কিছু না, আমার কাছে তুমি একটা গেঁয়ো ভূত। আমার স্বার্থের বিরুদ্ধে তোমাকে কিছু করতে দেখলে স্বেফ ফুটো করে দেব হৃৎপিণ্ডটা।’ পাশে হেঁটে বারান্দার রেইলিঙে হেলান দিল, পিস্তলটা আলগাভাবে ধরে আছে।

নিজের জায়গায় অটল দাঁড়িয়ে থাকল দায়ান।

‘এতক্ষণে ব্যাপারটা নিশ্চয় ধরতে পেরেছ,’ আবার শুরু করল যোসেফ। ‘হ্যাঁ, কঠিন একটা জ্যামের মধ্যে পড়েছি আমি। আর সেজন্যেই বাধ্য হয়ে তোমার এখানে আসতে হয়েছে আমাকে। লুকানোর জন্যে এরচেয়ে ভাল জায়গা আর হয় না। এখানে আমাকে খেঁজার কথা কারও মাথায় আসবে না।’

‘তোমাকে কেউ খুঁজছে? কেন? কী করেছ তুমি?’

‘ধীরে, বৎস, ধীরে!’ বলল যোসেফ। ‘একসঙ্গে এত কৌতুহল ভাল নয়। তো, যা বলছিলাম—ডাঙ্কার বেনেট বা আর কেউ এখানে আসছে না, কারণ আমি চাই না কেউ জানুক আমি এখানে আছি। আমার কথা বুঝতে অসুবিধে হচ্ছে না তো? আমি ফিরে না যাওয়া পর্যন্ত বেশ্যাটাকে নিয়ে এখানেই থাকবে তুমি। কোনও রকম চালাকি করতে দেখলে ভাই বলে তোমাকে আমি একচুল ছাড় দেব না। ভাল কথা, পিস্তলে আমার হাত এখন খুবই ভাল। কথাটা সত্যি কি না জানতে চেষ্টা করে অনেক কুখ্যাত পিস্তলবাজ অকালে মারা গেছে।’

বিশ্বয়ের ধাক্কাটা ধীরে ধীরে কাটিয়ে উঠছে দায়ান, তবে এখনও বিশ্বাস করতে পারছে না যে ওর ভাই সত্যিই সিরিয়াস। ‘কিন্তু, যোসেফ, এ তো স্বেফ পাগলামি,’ বলল ও। ‘মেয়েটিকে বাঁচাতে হলে ডাঙ্কার আমাকে ডাকতেই হবে। মাথাটা ঠাণ্ডা করো দেখি, তারপর ডিস্ট্রিবিটর ক্যাপটা দাও, আমি বেরিয়ে পড়ি।’

‘এখনও বুঝতে রাজি নও?’ হঠাৎ খেঁকিয়ে উঠল যোসেফ। ‘তা হলে শোনো: বয়েড বুমফিল্ড-এর হয়ে কাজ করছিলাম আমি। এর মানে বোবো?’

পত্রিকায় মাফিয়া ডন বয়েড বুমফিল্ড সম্পর্কে পড়েছে দায়ান। জনি ডিলিঞ্জের-এর আধুনিক সংস্করণ বলা হয় ওকে; নিউ ইয়র্কে যত লুটপাটের ঘটনা ঘটে, প্রায় সবগুলোর পিছনেই ওর হাত থাকে। ‘কী বলছ তুমি! জিজেস করল ও। ‘বয়েড বুমফিল্ড একজন খুনী... পুলিশ তাকে খুঁজছে।’

হেসে উঠল যোসেফ। ‘গত একটা বছর আমার কাজ ছিল ওর হয়ে ব্যাক্ষ খালি করা,’ বলল ও। ‘প্রচুর কামিয়েছি। ডন বয়েড বুমফিল্ডের বডিগার্ডও ছিলাম। তাতেও ভাল টাকা পেয়েছি।’

‘তা হলে এই ব্যাপার,’ বলল দায়ান, বিত্তব্যায় ভরে উঠেছে মনটা। ‘আমার বোবো উচিত ছিল কোনও ক্রাইম সিভিকেটেই

যোগ দেবে তুমি। ছোটবেলা থেকে দেখে আসছি, যোসেফ, তুমি খুব দুর্বল—আর সেজন্যেই বোধহয় সবকিছুতে জোর খাটাতে চেষ্টা করো।’

হাতের পিস্তলটা শোল্ডার হোলস্টারে ভরে রাখল যোসেফ। ‘জোর খাটাই আর যা-ই করি, আখের গুছিয়ে নিয়েছি আমি,’ বলল ও। ‘আপাতত হয়তো একটু বামেলার মধ্যে আছি, তবে এ-ও কেটে যাবে। তখন জমা টাকা দু’হাতে খরচ করব। আমি তোমার মত না যে, চারপাশে পাথরের পাঁচিল তুলে নিজেকে বন্দি করে ফেলব। জীবনটাকে কীভাবে উপভোগ করতে হয়, তা জানা আছে আমার।’

ধীরে ধীরে ওর দিকে এগোচ্চে দায়ান। ‘পিস্তলটা দাও, আপাতত আমার কাছে থাকুক,’ শান্তসুরে বলল ও।

নিঃশব্দে হাসল যোসেফ। অকস্মাত ক্ষিপ্রবেগে হোলস্টারের দিকে উঠে গেল ওর একটা হাত, পরমুহূর্তে বালসে উঠল খানিকটা শিখা। গুলির তীক্ষ্ণ আওয়াজ লেকের ওপার থেকে প্রতিধ্বনি হয়ে ফিরে এল। গুঞ্জন তুলে কী যেন চলে গেছে দায়ানের কানের পাশ দিয়ে।

‘এরকম অনায়াসে তোমার খুলিটা ফুটো করে দিতে পারি আমি,’ বলল যোসেফ, ‘যখন খুশি। আমার বিরংদে কিছু করতে যাচ্ছ দেখলে করবও ঠিক তা-ই। কাজেই সাবধান।’ কাঁধের ধাক্কায় দায়ানকে সরিয়ে দিয়ে লিভিং রুমে ঢুকল ও, তারপর একটা ইঞ্জি চেয়ারে বসে পা দুটো লম্বা করে দিল সামনে।

বারান্দায় রোদের মধ্যে আরও কিছুক্ষণ দাঁড়িয়ে থাকল দায়ান, কী করবে চিন্তা করছে। এখনও ওর বিশ্বাস হচ্ছে না, যুখে যা বলছে কাজেও তা-ই করবে যোসেফ। তবে ওর চিন্তা নিজেকে নিয়ে নয়, বিছানায় শুয়ে থাকা আহত মেয়েটিকে নিয়ে।

ডাঙ্কার বেনেটকে যখন আনা যাচ্ছে না, দেখতে হবে ওর কিছু করবার আছে কি না। ভাগিয়স কেবিনে একটা ফাস্ট-এইড

বক্স আছে, ওটা সে ব্যবহার করতেও জানে।

লিভিং রুমের ভিতর দিয়ে নিজের বেডরুমে যাচ্ছে দায়ান, ভারী গলায় যোসেফ বলল, ‘আর শোনো, তোমার গান-র্যাকে তালা মেরে দিয়েছি, চাবিটা আমার কাছে। এখন থেকে এখানে একা শুধু আমি গুলি ছুঁড়ব।’

‘জানি, অতি নীচে নেমে গেছ তুমি,’ চলতে চলতেই ভাইকে বলল দায়ান। ‘কিন্তু তবু তুমি আমার ভাই, কাজেই বিশ্বাস করি না সত্যি সত্যি তুমি আমাকে গুলি করবে।’

চেহারাটা আরও কঠিন হলো যোসেফের, তবে কিছু বলল না।

বেডরুমে এসে বিছানার পাশে দাঁড়াল দায়ান। অলিভার মাথার পিছনের ক্ষতটা পরীক্ষা করল সময় নিয়ে। তারপর কিচেন থেকে মেডিকেল কিট, এক গামলা গরম পানি আর তোয়ালে নিয়ে এল।

শেষ সেফটি-পিনটা জায়গামত লাগাচ্ছে, এই সময় জোরে একটা নিঃশ্বাস ফেলে চোখ মেলল অলিভা।

‘হ্যালো,’ হাসিমুখে বলল দায়ান। ‘এখন একটু ভাল লাগছে?’  
ওর দিকে তাকিয়ে থাকল অলিভা, তারপর নিজের অজান্তেই মাথায় উঠে গেল একটা হাত। ‘মাথাটা খুব ব্যথা করছে,’ বলল ও। ‘কী হয়েছে? আমি কোথাও যেয়ো না?’

‘তোমাকে আমি পাহাড়ি রাস্তায় পড়ে থাকতে দেখে এখানে নিয়ে এসেছি। একটা ট্রাকে ছিলে তুমি, সেটা পাহাড় থেকে নীচে পড়ে গিয়েছিল। চিন্তার কিছু নেই, সব ঠিক হয়ে যাবে। মাথায় চোট পেয়েছে, তবে সেটা তেমন মারাত্মক কিছু নয়।’

‘ট্রাক?’ বিড়বিড় করল অলিভা, চোখে শূন্য দৃষ্টি। ‘কোন ট্রাক? মনে পড়ছে না কেন...’ হঠাৎ আতঙ্কিত দেখাল ওকে, অস্থিরতার সঙ্গে উঠে বসতে গেল, তবে নরম হাতে ধরে আবার ওকে শুইয়ে দিল দায়ান। ‘আমি কিছু মনে করতে পারছি না।

কিছু ভাবতে পারছি না। আমার মাথায় কিছু হয়েছে!’

‘ও কিছু নয়,’ অভয় দিয়ে বলল দায়ান। ‘বিশ্বাস নিলে ঠিক হয়ে যাবে। আবার দেখে যাব আমি, এখন তুমি ঘুমাতে চেষ্টা করো।’

‘কিন্তু আমি জানি না কেন, কী হয়েছে আমার?’ গলা চড়িয়ে জিজেস করল অলিভা। ‘আমি কিছু মনে করতে পারছি না কেন?’ দায়ানের হাত দুটো শক্ত করে ধরে ফেলল। ‘আমার ভয় করছে! মনে পড়ছে না আমি কে, আমার নাম কী...’

‘বড় একটা ধাক্কা লাগলে এরকম হয়, আবার সব ঠিকও হয়ে যায়,’ আশ্বাস দিয়ে বলল দায়ান। ‘অস্থিরতায় ভুগলে আর দুশ্চিন্তা করলে সুস্থ হয়ে উঠতে সমস্যা দেখা দেবে। আবার ঘুম ভাঙলে দেখবে সব তুমি মনে করতে পারছ।’

চোখ বুজল অলিভা। ‘তোমার মনটা খুব নরম,’ মৃদু গলায় বলল ও। ‘তুমি খুব ভাল মানুষ। আমার সঙ্গে থাকো, কেমন? পিল্জ, আমাকে একো রেখে কোথাও যেয়ো না।’

‘সব ঠিক হয়ে যাবে,’ বলল দায়ান। ‘তুমি শুধু মনটাকে শান্ত রাখো।’

কয়েক মুহূর্ত কাঠ হয়ে পড়ে থাকল অলিভা, তারপর নেতিয়ে পড়ল, আবার জ্ঞান হারিয়ে তলিয়ে গেছে গভীর অন্ধকারে।

পাশের কামরা। ইজি চেয়ার ছেড়ে একটা আর্মচেয়ারে বসেছে যোসেফ, কপালে চিন্তার রেখা। ভাবছে, অজ্ঞান মেয়েটা ঘাড়ে এসে না চাপলে ছোটভাইকে পুরোপুরি অন্ধকারে রাখতে পারত সে। এখন যেহেতু সব জানে ও, চোখ-কান খোলা রেখে খুব সাবধানে থাকতে হবে তাকে। দায়ান যে অত্যন্ত কঠিন পাত্র তাতে কোনও সন্দেহ নেই, অসতর্ক মুহূর্তে একবার তাকে যদি পেয়ে যায় ও, তার কোনও আশা নেই।

দরজার কাছে আকস্মিক একটা নড়াচড়া শুরু হতেই লাফ

দিয়ে চেয়ার ছাড়ল ও, পিস্তলের বাঁটে পৌছে গেছে হাত। বিরাট একটা কুকুর দরজা দিয়ে ভিতরে ঢুকল, খুশিতে লেজ নাড়চে।

‘শালা পাঙ্ক!’ নার্ভাস একটু শব্দ করে হেসে উঠল যোসেফ। ‘দিয়েছিলি তো আআটাকে উড়িয়ে।’

জুতোর ডগা দিয়ে পাঁজরে খোঁচা মেরে কুকুরটাকে দূরে সরিয়ে দিল ও। ওর দিকে আহত দৃষ্টিতে কয়েক সেকেন্ড তাকিয়ে থাকার পর প্যাসেজ ধরে এগোল ওটা, মনিবকে খুঁজছে।

নতুন একটা সমস্যা নিয়ে হিমসিম খাচ্ছে দায়ান, এই সময় দরজার বাইরে থেকে উঁকি দিল কুকুরটা। এই মাত্র সিদ্ধান্ত নিয়েছে ও, এভাবে মেয়েটিকে বিছানায় শুইয়ে রাখতে পারবে না ও। পরনের ভেজা কাপড়ে রক্ত, কাদা ইত্যাদি লেগে রয়েছে; ওগুলো না খুললে কোথায় কী ক্ষত আছে জানা যাবে না, ঠাণ্ডা লাগিয়ে নিউমনিয়া বাধাবার পথও প্রশংস্ত করা হবে।

কিন্তু তরঙ্গী একটা মেয়েকে বিবস্ত্রই বা করে কীভাবে ও! অথচ আর কোনও উপায় দেখতে পাচ্ছে না। সবচেয়ে কাছের মহিলাটি বাস করে ত্রিশ মাইল দূরে।

বেডরুমে ঢুকে কুকুরটা ওর টেনশন আর বিব্রত ভাব দূর করে দিল। ‘হাই, মিস্টার,’ বলল ও। ‘খুব একটা গোলমেলে সময়ে পৌছেছ, হে...’

স্বাস্থ্যবান কুকুর, শক্তিশালী, বেশ সময় নিয়ে খুঁটিয়ে দেখল অলিভারকে।

‘যাও তো, ভাগো এখন, মিস্টার। কাজ আছে আমার,’ বলল দায়ান।

বিছানায় পড়ে থাকা অলিভা ছাড়া অন্য কোনও দিকে তাকাচ্ছেই না মিস্টার। তবে মনিবের নির্দেশ অমান্য না করে ধীরে ধীরে পিছু হটে কামরা থেকে বেরিয়ে গেল। কাছাকাছি থাকল, বাড়ি ছেড়ে যাচ্ছে না কোথাও।

আলমারি খুলে খুব দামী এক জোড়া সাদা সিক্কের পা'জামা

সুট বের করল দায়ান। কোটের আস্তিনগুলো কেটে ফেলে দিল ও, চারদিকের কিনারা ভাঁজ করে টাঁক সেলাই দিল, তারপর অলিভার মাপ নিয়ে ছোট করল পা'জামাটাও।

‘এবার প্র্যাকটিকাল ক্লাস,’ বিড়বিড় করল দায়ান, মনে মনে প্রার্থনা করছে—যিষ্ণু, ওর যেন জ্ঞান না ফেরে! অলিভার ড্রেস থেকে হকগুলো খুলে নিচ্ছে ও। একটা আস্তিনে রুমাল পাওয়া গেল, এক কোণে এমব্রয়ডারি করা—অলিভা। হাতে নিয়ে নেড়েচেড়ে দেখছে রুমালটা। অলিভা। অলিভা কী? কে এই মেয়ে? কোথেকে আসছিল?

আচ্ছা, সত্যি সত্যি স্মৃতিশক্তি হারিয়ে ফেলেনি তো? বলছে কী হয়েছে জানে না, চিনতে পারছে না নিজেকে। সব যদি আবার মনে না পড়ে তা হলে তো বিপদের কথা। অলিভার দিকে ভাল করে তাকাল দায়ান।

অত্যন্ত আকর্ষণীয় ফিগার। অপরূপ সুন্দরী। চেহারায় মার্জিত ভাবটুকু এত স্পষ্ট, অন্ধ ছাড়া সবার চোখে পড়বে। লিফট চাওয়ার জন্য হাত তুলে ট্রাক থামাবার মেয়ে নয় এ। এ-সবের পিছনে নিচয়ই গভীর কোনও রহস্য আছে।

অলিভার পা থেকে জুতো জোড়া খুলে নিল দায়ান। তারপর নরম হাতে ওকে একটু উচু করল, ড্রেসটা ধরে যতটা পারা যায় উপরদিকে তুলল, মাথা দিয়ে গলিয়ে সাবধানে বের করে আনছে। ড্রেসের নীচে দর্জির হাতে সেলাই করা সাধারণ, সাদামাটা একটা গারমেন্ট রয়েছে, সেটার গায়ে ফুটে থাকা নারীদেহের অনেক বৈশিষ্ট্যই ওর চোখে ধরা পড়ছে—ও যেন নয় একটা মেয়ে।

দু’সেকেন্ড চোখ ফেরাতে পারল না। গলার ভিতর আঁটসাঁট একটা ভাব অনুভব করল। অলিভার সৌন্দর্য আর অসহায়ত্ব ওর মনটাকে যেমন মায়ায় ভরে দিচ্ছে, তেমনি সমস্ত স্নায়ুকে বিস্ময়ে অবশ্যও করে ফেলছে। ওকে এভাবে দেখে বিব্রত হওয়ার অনুভূতি হারিয়ে ফেলল দায়ান—যেন জ্যান্ত কোনও মেয়েকে নয়,

অনুপম একটি শিল্পকর্ম দেখছে ।

পায়ের আওয়াজ পায়নি দায়ান, জানে না ওর মত যোসেফও অলিভার দিকে অপলক চোখে তাকিয়ে রয়েছে, সে-চোখে নগ্ন লোলুপ দৃষ্টি ।

আবার যোসেফও জানে না দরজার বাইরে থেকে কুকুরটা ওর দিকে কঠিন চোখে তাকিয়ে আছে ।

অলিভাকে একটু তুলে পা'জামা পরাচ্ছে দায়ান ।

‘এত তাড়া কীসের,’ বলল যোসেফ । ‘ভাল করে আরেকটু দেখতে দাও । আরে বাহু, এ তো দেখছি যা ভেবেছিলাম তারচেয়েও বহোত উমদা চিজ ।’

অলিভাকে তাড়াতাড়ি বিছানায় শুইয়ে দিয়ে ঘাঢ় ফেরাল দায়ান । ‘গেট আউট !’ কঠিন সুরে বলল ও ।

দরজা দিয়ে ভিতরে ঢুকল মিস্টার । অলিভাকে দেখল, তারপর যোসেফকে, এভাবে বারবার—পরিস্থিতিটা যেন বোঝার চেষ্টা করছে ।

‘আরে, শাস্তি হও,’ হেসে উঠে বলল যোসেফ, চোখ পড়ে আছে অলিভার দিকে । ‘সব মজা তুমি একাই লুটবে ? তোমাকে আমি সাহায্য করব । বিলিভ ইট অর নট, এ-ধরনের কাজে আমার সাংঘাতিক দক্ষতা আছে ।’

সুরে বড় ভাইয়ের দিকে এগোল দায়ান, চোখ দুটো থেকে যেন আগুন ঝরছে । ‘বেরোও এখান থেকে, বেরোও বলছি !’

ইতস্তত করল যোসেফ, তারপর কাঁধ ঝাঁকাল । ‘ঠিক আছে,’ বলল ও, হাসছে । ‘জ্ঞান না ফেরা পর্যন্ত ওকে তুমি রাখতে পারো, কিন্তু তারপর আমি ওর দখল নেব ।’

‘কী বললে ?’ জিজেস করল দায়ান, আবার এগোচ্ছে । ‘আবার বলো তো দেখি ।’

সরে এসে মনিবের পাশে দাঁড়াল মিস্টার ।

‘মেরেদের কীভাবে সামলাতে হয় জানি আমি,’ বলল

যোসেফ, কুকুরটার উপর চোখ; পিছু হটছে, ভাব দেখাল দায়ানের কথা শুনতে পায়নি । ‘খামচি দিয়ে অন্তত আমার চোখ তুলে নিতে পারবে না ও । এরকম দু’একটা বাঘিনীকে আগেও পোষ মানিয়েছি আমি । আর, যদি ভেবে থাকো আমাকে তুমি বাধা দিতে পারবে, ভুল করবে । এই সুন্দরীর সঙ্গ না পেলে চলবে না আমার ।’ ঘুরল ও, লম্বা পা ফেলে বেরিয়ে গেল প্যাসেজে, পায়ের আওয়াজটা দূরে মিলিয়ে যাচ্ছে ।

## দশ

এক হঞ্চা পেরিয়ে গেল ।

সাতটা দিন খুব ধকল গেল দায়ানের উপর দিয়ে । একদিকে রানশের রাটিন কাজ, আরেকদিকে রাঙ্গাবান্না আর অলিভার শুশ্রায় । তবে সেজন্য কোনও খেদ নেই ওর মনে, নেই কোনও ক্লান্তিও ।

কোনও রকম সাহায্যে আসা তো দূরের কথা, ওর কাজ আরও বাড়িয়ে দিয়েছে যোসেফ । সকাল হলেই উঁচু একটা বোল্ডারে বসে ঘন ঘন কফির অর্ডার দিয়েছে, পাহাড়ি রাস্তা আর উপত্যকার উপর তীক্ষ্ণ চোখ বুলিয়ে পার করে দিয়েছে হঞ্চার প্রথম কটা দিন ।

দায়ান বুঝতে পারছে কিছু একটা, কেউ একজন আতঙ্কিত করে রেখেছে ওর ভাইকে । তার বদমেজাজি ও হিংস্র হয়ে ওঠার পিছনে সেটাই প্রধান কারণ ।

প্রথম তিনদিন যখন কিছুই ঘটল না, রাস্তার উপর নজর রাখার চাকরিটা ছেড়ে দিল যোসেফ । হঞ্চার শেষদিকে প্রায় বন্ধুর

মত হয়ে উঠল—বদমেজাজ আর চরম স্বার্থপর প্রবৃত্তি যতটা অনুমতি দেয় আরকী। তবে এখনও নিজের গোঁ ধরে রেখেছে—ও যতদিন ব্ল্যাক পিলারস-এ আছে, রান্শ ছেড়ে কোথাও যেতে পারবে না দায়ান; কাউকে আসতে দেয়াও চলবে না। পিস্টলের ভয় দেখিয়ে পরিস্থিতিটা ছোটভাইকে মেনে নিতে বাধ্য করেছে।

এখন যেহেতু অলিভা দায়ানের কামরায় থাকছে, অতিরিক্ত বেডরুমটা শেয়ার করতে হচ্ছে দুই ভাইকে। এক ঘরে ঘুমাতে হওয়ায় যোসেফের নার্ভাসনেসের আরও অনেক প্রমাণ দেখতে পেল দায়ান। প্রায় সারারাতই বিছানায় এ-পাশ ও-পাশ করে যোসেফ, সব মিলিয়ে একঘট্টাও ঘুমায় কি না সন্দেহ। যদি বা কখনও ঘুমায়, সামান্য একটু শব্দ হলেই চমকে উঠে বসে।

তবে অলিভা খুব দ্রুত সেরে উঠেছে। কেবিনে প্রথম দুটো দিন ভয়ানক অসুস্থতার মধ্যে কেটেছে ওর, ওই সময় সারাক্ষণ পরম আত্মীয়ের মত ওর পাশে ছিল দায়ান। তবে জ্বর ছাড়ার পর ক্ষতগুলো শুকাতে শুরু করেছে, হারানো শক্তিও ফিরে পাচ্ছে দ্রুত।

কিন্তু ট্রাক অ্যাক্সিডেন্টের পর অলিভার মাথা একদম খালি হয়ে গেছে। কীভাবে কী হয়েছে কিছুই মনে করতে পারছে না ও, হিলসাইড স্যানাটোরিয়ামের কথাও বেমালুম ভুলে গেছে, জানে না ও কে।

শিশু যেমন তার মাকে নিরাপদ আশ্রয় মনে করে, দায়ানকেও সেরকম নিরাপদ আশ্রয় হিসাবে দেখছে অলিভা। দায়ানের উপর ওর অগাধ বিশ্বাস, সে বিশ্বাসে এতুকু সন্দেহ নেই। যত দিন যাচ্ছে, ওদের মধ্যে সৃষ্টি হচ্ছে অন্তু এক ঘনিষ্ঠ সম্পর্ক। সম্পর্কটা বিহ্বল করে তুলল দায়ানকে, আর অলিভার ভিতরে জাগিয়ে তুলল গভীর আবেগ; বোঝা যায়, সেটা খুব দ্রুতই রূপান্তরিত হচ্ছে ভালবাসায়।

মেয়েদের সামনে কখনওই স্বাভাবিক হতে পারে না দায়ান।

অসুস্থ অলিভাকে মেয়েমানুষ ভাবেনি ও, মানুষ ভেবেছে; গভীর আন্তরিকতা আর নিষ্ঠার সঙ্গে ওর সেবা-যত্ন করে গেছে, মাঝে মাঝে বিব্রত বোধ করা ছাড়া অন্য কোনও রকম অনুভূতি জাগেনি ওর মধ্যে।

কিন্তু অলিভা যখন দ্রুত সুস্থ হয়ে উঠেছে, আকারে-ইঙ্গিতে বলতে চাইছে ওকে ভালবাসে সে, কী করবে বুঝতে না পেরে দায়ান যেন অথেই সাগরে পড়ে হাবুড়ুরু খেতে শুরু করল।

সুস্থ হয়ে যে-ই মাত্র দাঁড়াতে পেরেছে, দায়ানের পিছু নিয়ে পথহারা হরিণছানার মত অসহায় ভঙ্গিতে ঘরে-বাইরে সারাক্ষণ ঘুরে বেড়াচ্ছে অলিভা। দায়ান সঙ্গে না থাকলে কিছুই ওর ভাল লাগে না। যতক্ষণ জেগে থাকে, ওর জীবনটা শুধু দায়ানকে ঘিরে আবর্তিত হয়।

অলিভার মানসিক ইতিহাস জানা না থাকায় দায়ান ধরে নিয়েছে দুর্ঘটনাটা শুধু ওর সব স্মৃতিই মুছে দেয়নি, বয়স হলে যে বোঝটা বর্মের মত একটা মেয়েকে রক্ষা করে সেটাকেও ভেঙে দিয়েছে, ফলে ওর মন-মানসিকতা হয়ে উঠেছে ঠিক যেন অবোধ একটা শিশুর মত।

নিজের অনুভূতির লাগাম শক্ত করে ধরে রাখছে দায়ান, অলিভার ভালবাসায় সাড়া দেওয়ার বা পরিস্থিতির সুযোগ নেওয়ার প্রশ্নই উঠেছে না ওর মনে। নিজেকে বোঝাচ্ছে, এই ভালবাসা মেয়েটির অসহায় নির্ভরতা থেকে তৈরি অন্তু একটা বোঁক মাত্র, এক ধরনের অসুস্থতা, স্মৃতিশক্তি ফিরে এলে কাটিয়ে উঠবে; ফিরে যাবে তার পরিচিত নিজস্ব পরিমণ্ডলে।

তবে যোসেফ খুব দ্রুতই বুঝে নিল, অতি সহজে শিকার করা যায় অলিভাকে। সেই থেকে মাথা থেকে ওকে আর সরাতে পারছে না। জানে দায়ান ছাড়া কিছু বোঝে না অলিভা, ভুলেও একবার ওর দিকে তাকায় না, তবু ওর দ্রৃঢ় বিশ্বাস যে, উপর্যুক্ত সময়-সুযোগ পাওয়া গেলে বোকা মেয়েটিকে নিজের পোষা কুকুর

বানিয়ে ফেলবে ও ।

এক সকালে, লেকের ধারে একটা পাথরের উপর বসে আছে যোসেফ, দেখল পাইনবনের ভিতর দিয়ে একা ওর দিকে হেঁটে আসছে অলিভা । অমনি ভাবল, ওর মন জয় করবার এই-ই সুযোগ । কী একটা কাজে কেবিনে ব্যস্ত দায়ান, স্থান থেকে ওদেরকে দেখতে পাচ্ছে না ।

পাথর ছেড়ে উঠে দাঁড়াল, তারপর একটু এগিয়ে, অলিভার পথ আগলে দাঁড়াল যোসেফ । ‘হ্যালো,’ বলল ও, মেয়েটির পা থেকে মাথা পর্যন্ত চোখ বুলাচ্ছে । ম্লান রোদে রাত্তিম দেখাচ্ছে অলিভাকে, ওর রূপ-যৌবন যোসেফের হৃৎপিণ্ডের গতি বাড়িয়ে দিচ্ছে । ‘কোথায় গিয়েছিলে তুমি?’

‘গরুকে খাওয়াতে,’ বলল অলিভা । শান্ত, স্বাভাবিক কণ্ঠস্বর । ‘এখন যাচ্ছি দায়ানের কাছে ।’ এক মুহূর্ত পর বলল: ‘কিন্তু তুমি আমার পথ আটকে রেখেছ ।’

এই সময় অলিভার পাশে এসে দাঁড়াল মিস্টার, সতর্ক চোখে তাকিয়ে আছে যোসেফের দিকে ।

‘তোমার সঙ্গে আমার কথা আছে,’ বলল যোসেফ, ধীরে ধীরে অলিভার দিকে এগোচ্ছে । ‘এসো, পরিচিত হই আমরা । মজার মজার গল্প করলে সব জড়তা কেটে যাবে ।’

যোসেফের দিকে মিস্টারও এক পা এগোল ।

‘দায়ানকে খুঁজছি আমি,’ আবার বলল অলিভা, যোসেফকে পাশ কাটিয়ে বেরিয়ে যাওয়ার চেষ্টা করল, কিন্তু বাধা দিল সে ।

‘দায়ানের কথা থাক । এসো, লক্ষ্মী না! তোমাকে আমার ভাল লাগে, বোকা মেয়ে । শুনলে অবাক হয়ে যাবে তোমার জন্যে কত কী করতে পারি আমি...’ অলিভাকে নিজের বুকে টেনে নিল যোসেফ ।

ওর গায়ের সঙ্গে সেঁটে দাঁড়িয়ে থাকল অলিভা, না বাধা দিচ্ছে, না আগ্রহ দেখাচ্ছে, না নিজেকে ছাড়িয়ে নেওয়ার চেষ্টা

করছে—তবে চোখের দৃষ্টি এখনও কেবিনটার দিকে ।

‘য়েউ!’ করে প্রতিবাদ জানাল মিস্টার ।

পিঠে হাতের চাপ দিয়ে অলিভাকে নিজের বুকের সঙ্গে পিষে ফেলছে যোসেফ, সেই সঙ্গে মুখ নিচু করে ওকে চুমো খাওয়ার চেষ্টা করল । জ্যান্ট মানুষ নয়, এ যেন একটা ডামি । কিন্তু সেদিকে কোনও খেয়াল নেই, অলিভা বাধা দিচ্ছে না দেখে দীর্ঘ তিনমাস নারীদেহ থেকে বাধিত যোসেফ নিজের উপর থেকে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলছে । কল্পনার চোখে নিজেই দেখতে শুরু করেছে—পথের পাশে ঘাসের মধ্যে ফেলে মেয়েটির সঙ্গে প্রেম করছে সে ।

‘পিজ আমাকে যেতে দিন,’ হঠাৎ ঠাণ্ডা, কঠিন গলায় বলল অলিভা । ‘আমি দায়ানের কাছে যাব ।’

‘সে তো আছেই, কোথাও পালাচ্ছে না,’ ঝাঁঝোর সঙ্গে বলে অলিভাকে ঘোরাল যোসেফ, ভাঁজ করা ডান হাতে ওর কোমর জড়িয়ে ধরে টেনে নিয়ে যাচ্ছে পাইনবনের আরও গভীরে ।

এই সময় হঠাৎ হ্যাচকা টান দিয়ে কে যেন ঘোরাল যোসেফকে । দায়ানের হিস্ত্রি চেহারাটা এক পলকের জন্য দেখতে পেল ও । পিস্তলের দিকে হাত বাড়ানোর সুযোগ পাওয়া গেল না, দায়ানের প্রচণ্ড ঘুসিটা ওর চোয়ালের হাড় যেন গুঁড়িয়ে দিল । ছিটকে ঘাসের উপর পড়ল যোসেফ, প্রায় অজ্ঞান ।

‘আবার যদি ওকে ছেঁও, আমি তোমার ঘাড় মটকাব,’ সাবধান করে দিয়ে বলল দায়ান, একহাতে অলিভাকে জড়িয়ে ধরল । ‘এসো, কেবিনে ফিরি ।’ যোসেফের পিস্তলটা কেড়ে নেওয়ার এ-ই সুযোগ, টের পেল দায়ান; কিন্তু আপন বড় ভাই বলে অতটা সতর্ক হওয়ার প্রয়োজন বোধ করল না ।

‘ওকে তুমি মারলে কেন?’ জানতে চাইল অলিভা, চোখে-মুখে তপ্তির ভাব নিয়ে দায়ানের গায়ে গা ঠেকিয়ে হাঁটছে । ‘আমি তো কিছু মনে করিনি ।’

‘আমি চাই না ও তোমাকে ভয় দেখাক,’ জবাব দিল দায়ান।  
চেহারায় বিমৃঢ় ভাব, চট করে একবার দেখে নিল অলিভাকে।

‘আমি ভয় পাইনি। তবে ওকে আমার ভাল লাগেনি,’ বলল  
অলিভা। ‘তুমি যদি চাও, আমার সঙ্গে ওরকম কিছু করলে ওকে  
বাধা দেব আমি। কোনও সুযোগও দেব না কখনও। আমি তো  
আর জানতাম না।’

‘ঠিক আছে,’ বলল দায়ান, অলিভার অস্তুত কথাগুলো শুনে  
হতভম্ব হয়ে পড়েছে, ‘এখন তো জানলে, আমি চাই না যোসেফ  
আর কখনও তোমাকে জড়িয়ে ধরুক।’

ওদেরকে চলে যেতে দেখল যোসেফ, তারপর ধীরে ধীরে  
উঠে দাঁড়াল। অলিভা বাধা না দেওয়ায় এতটাই উল্লসিত হয়ে  
আছে ও, প্রায় ভুলেই গেল যে দায়ানের ঘুসি খেয়ে ধরাশায়ী হতে  
হয়েছে ওকে। ভাবছে ও, মেয়েটাকে চুমো খেয়েছে ও! যদিও  
ব্যাপারটা কোনও বাচ্চাকে চুমো দেয়ার মত, বড় কথা হলো,  
সামান্যতম বাধা আসেনি মেয়েটির তরফ থেকে। ঠিক ওই সময়  
দায়ান যদি না আসত...ঠিক আছে, আবার সুযোগ  
আসবে—কতক্ষণ তাকে পাহারা দিয়ে রাখবে দায়ান? বিশেষ  
করে মেয়েটার যখন কোনও আপত্তি নেই!

রাতে, নিজের বিছানায় শুয়ে আছে যোসেফ, কেবিনের দরজা  
লাগিয়ে দিয়ে বেডরুমে ঢুকল দায়ান।

সারাটা দিন ওর কাছ থেকে দূরে সরে থেকেছে যোসেফ।  
তবে এই মুহূর্তে আবার মুখেমুখি হয়ে সিন্দান্ত নিল, ছেটভাই  
গালমন্দ শুরু করবার আগে ও-ই বরং প্রথমে মুখ খুলবে। ‘তুমি  
শালা এখন থেকে নিজের হাত সামলে রাখবে,’ হৃষিকির সুরে  
বলল ও। ‘ফের যদি ওরকম কিছু করো, তোমার হাত আমি ভেঙে  
দেব।’

‘মেয়েটিকে তুমি ছোঁবে না,’ বিছানার কিনারায় বসে বলল

দায়ান। ‘একটা মানুষ এতটা নীচ, এতটা নির্লজ্জ হয় কী করে!  
দেখতে পাচ্ছ না, ও স্বাভাবিক নয়? মাথায় ওই বাড়িটা লাগায়  
মারাত্মক কিছু ঘটে গেছে। বাচ্চার মত হয়ে গেছে। কাজেই ওর  
কাছ থেকে দূরে সরে থাকো, যোসেফ।’

‘স্বাভাবিক হোক আর যা-ই হোক, আমার কাছে স্বেফ একটা  
মেয়েমানুষ ও।’ নিঃশব্দে হাসছে যোসেফ। ‘আর মেয়েমানুষ  
আমি খুব পছন্দ করি।’

‘বাড়িবাড়ি করলে আমার সঙ্গে তোমার একটা শো ডাউন  
হবে,’ বলল দায়ান, চোখ-মুখ থমথম করছে।

‘হাহ, তোমার যেন জেতার আশা আছে!’ হেসে উঠল  
যোসেফ। ‘তোমাকে মেরে ফেলতে চাইলে কে আমাকে বাধা  
দেবে, বলো? মাসের পর মাস কেউ তোমার খোঁজ করবে না।  
তার অনেক আগে এখন থেকে কয়েক হাজার মাইল দূরে চলে  
যাব আমি। ও-সব ভুলে পরিস্থিতিটা মেনে নাও, এখানে আমি যা  
চাইব তা-ই হবে।’

‘বোলচাল ছাড়ো,’ পা ছুঁড়ে জুতো খুলল দায়ান, দ্রুত হাতে  
কাপড় ছাড়ছে, ‘আবারও বলছি, অলিভাকে তুমি ছোঁবে না।’

‘মেয়েটা আমাকে পছন্দ করে। তা না হলে চুমো খেতে দিল  
কেন? তুমি ঝাপ করে আকাশ থেকে না পড়লে ওকে আমি আমার  
ভক্ত বানিয়ে ফেলতাম। এ-সব মেয়েরা কী চায় আমি জানি।’

‘এক কথা বারবার বলব না,’ শান্ত কষ্টে বলল দায়ান।  
‘তোমার যদি ব্যবস্থা করতে চাই, করব—পিস্তল থাক বা না  
থাক।’

দুই ভাই পরস্পরের দিকে বাড়া বিশ সেকেন্ড একদৃষ্টে  
তাকিয়ে থাকল। অবশ্যে যোসেফকেই চোখ নামাতে হলো।  
‘নাহ, উন্ট এক পাগলের পাল্লায় পড়েছি!’ বলে পাশ ফিরে শুলো  
ও।

বিছানায় উঠল দায়ান। ‘কেন এত ভয় তোমার?’ হঠাত করে

জানতে চাইল ও। ‘কী করেছ? কে তোমার পিছু নিয়েছে?’

বিদ্যুৎবেগে মোচড় খেল যোসেফ, আধ-বসা অবস্থায় ঘাড় বাঁকা করে তাকাল। ‘চুপ করো। আমি কাউকে ভয় পাচ্ছি না।’

‘আসলে পাচ্ছ। তা না হলে কথায় কথায় চমকে উঠতে না। কার কাছ থেকে পালাচ্ছ, যোসেফ—পুলিশ?’

হাতের কৃত্সিতদর্শন পিস্টলটা নাড়ল যোসেফ। ‘চুপ না করলে আমি তোমার খুলি উড়িয়ে দেব,’ খেঁকিয়ে উঠল ও, রক্ত নেমে যাওয়ায় সাদা দেখাচ্ছে চেহারা, মুখের পেশিগুলো নড়ছে নিয়ন্ত্রণ ছাড়াই। ‘কেন যে আগে তোমার ব্যবস্থা করিনি...’

‘একা হয়ে পড়ার ভয়ে,’ শান্ত সুরে বলল দায়ান। ‘কিছু একটা ঘটবে, তুমি চাও তখন যেন তোমার পেছনে আমি থাকি।’

মাথাটা বালিশে নামাল যোসেফ, অস্ত্রটা সরিয়ে রাখল। হাত বাড়িয়ে আলো নেভাবার সময় বলল, ‘কী বলছ নিজেও জানো না। আমি ঘুমাচ্ছি।’

কিন্তু ঘুম এল না। ঘণ্টার পর ঘণ্টা জেগে থাকল যোসেফ, দায়ানের হালকা নাক ডাকার আওয়াজ শুনল, খোলা জানালা দিয়ে আকাশ ছোঁয়া পাইনগাছের পাতায় চাঁদের আলো নাচতে দেখল।

রাতটা নীরব আর স্থির। হালকা বাতাসে গাছের পাতা দুলছে, তীরে এসে ছলছলাং শব্দ করছে দিঘির ছেট ছেট চেট।

অলিভার কথা ভাবছে যোসেফ। ভাবছে দায়ানের ঘুম না ভাঙিয়ে কামরা ছেড়ে বেরুতে পারবে কি না। একবার অলিভার কামরায় পৌঁছাতে পারলে বাকিটা তার জন্য পানির মত সোজা। অলিভাকে আবার আলিঙ্গন করছে, এই কল্পনা হঠাত তৎপর করে তুলল ওকে।

মাথা তুলে দায়ানকে দেখল যোসেফ। ঠিক এই সময় কেবিনের বাইরে একটা ক্ষীণ নড়াচড়া ধরা পড়ল ওর চোখে। কামনার আগুন দপ করে নিভে গেল, উঠে বসল ও, বুকের

ভিতরটা ধকধক করছে।

খোলা জানালার সামনে দিয়ে একটা ছায়া সরে গেছে। নীরব, সচল ছায়া, থামেনি বা ইতস্তত করেনি, ফলে ওর দৃষ্টিতে বিশদ কিছুই ধরা পড়েনি।

ভয়ে কাঠ হয়ে বসে থাকল যোসেফ, জানালার দিকে তাকিয়ে আছে। বারান্দা থেকে হালকা পায়ের আওয়াজ ভেসে এল। কয়েক মুহূর্ত আর কিছু শোনা গেল না। তারপর আবার পা ফেলার শব্দ। একটা তক্তা কঁ্যাচ কঁ্যাচ শব্দ করল। কাছে চলে আসছে।

দায়ানকে ধরে খুব জোরে ঝাঁকাল যোসেফ। হঠাত এভাবে ঘুম ভাঙানোয় হকচকিয়ে গেল দায়ান, উঠে বসল, অনুভব করল যোসেফের অস্ত্রির আঙুল ওর বাহুতে গেঁথে যাচ্ছে। ‘কী হয়েছে? এমন করছ কেন?’

‘কেউ এসেছে!’ বলল যোসেফ, গলা কাঁপছে। ‘শোনো!’

লেকের ওদিকে কোথাও থেকে ডাক দিল মিস্টার।

বিছানা থেকে মেঝেতে পা নামাল দায়ান, এই সময় সে-ও জানালার সামনে দিয়ে একটা ছায়ামূর্তিকে সরে যেতে দেখতে পেল। ‘গাধা আর খোঁজে কোথায়! আরে, ও তো অলিভা!’ বলল ও। ‘শান্ত হও তুমি।’

দাঁতের ফাঁক দিয়ে হিসহিস করে বাতাস ছাড়ল যোসেফ। ‘অলিভা? এত রাতে বাইরে কী করছে ও? কী করে বুবালে তুমি ও অলিভা?’

‘কী করে আবার, চোখে দেখে।’ নিঃশব্দ পায়ে জানালার সামনে এসে দাঁড়াল দায়ান। এক মুহূর্ত পর ওর পাশে চলে এসে বাইরে উঁকি দিল যোসেফও।

দুজনেই দেখতে পেল বারান্দায় পায়চারি করছে অলিভা। দায়ানের সিঙ্কের পা’জামা পরে আছে ও, পা দুটো খালি।

‘মরঞ্জক শালী!’ বিড়বিড় করে গাল দিল যোসেফ। ‘আরেকটু

হলে আমার প্যান্ট নষ্ট হয়ে যাচ্ছিল। কী করছে ওখানে ও?’

‘চুপ!’ ফিসফিস করল দায়ান। ‘এমন হতে পারে যে ঘুমের মধ্যে হাঁটছে।’

ভয় কেটে যাওয়ায়, পা’জামা পরা অলিভাকে দেখে, যোসেকের হার্ট বিট আবার বেড়ে গেল। ‘দেখতে সত্যি খুব ভাল, তাই না? মাইরি বলছি, কী একখানা ফিগার।’

ওর কথা শুনতে পাচ্ছে না দায়ান, গভীর মনোযোগের সঙ্গে বোকার চেষ্টা করছে ঠিক কী করছে মেয়েটি।

হঠাৎ থামল অলিভা, বাট করে ওদের দিকে তাকাল, যেন বুবতে পেরেছে ওর উপর নজর রাখছে কেউ। মেঘ সরে যেতে চাঁদের উজ্জ্বল আলোটা সরাসরি পড়ল ওর মুখের উপর। মেয়েটির চেহারা দেখে চমকে উঠল ওরা দুজন।

অলিভার মুখের রেখা আর ভাঁজগুলো অন্যরকম লাগছে। চেহারায় ফুটে রয়েছে সম্পূর্ণ অচেনা নিষ্ঠুর একটা ভাব। ডান গালের একটা শিরা বার কয়েক লাফিয়ে উঠল, চোখ দুটো যেন কাঁচের তৈরি, নিষ্প্রাণ। দায়ান ওকে কোনও রকমে চিনতে পারছে।

হঠাৎ কোথেকে উঠানে এসে হাজির হলো মিস্টার। অলিভার কাছ থেকে কয়েক হাত দূরে থামল, দ্রষ্টিতে যেন সহানুভূতি, ঠায় তাকিয়ে থাকল অলিভার দিকে।

বাট করে সেদিকে একবার তাকাল অলিভা। এই মুহূর্তে রীতিমত বিপজ্জনক দেখাচ্ছে ওকে। ধীরে ধীরে, স্বাভাবিক হয়ে এল চেহারা। মিস্টারের মাথায় হাত বুলিয়ে দিল, তারপর খোলা দরজা দিয়ে ঢুকে পড়ল নিজের কামরায়।

‘ব্যাখ্য করতে পারবে ব্যাপারটা?’ অস্বস্তির সঙ্গে জানতে চাইল যোসেফ। ‘লক্ষ করেছ কী ভয়ঙ্কর দেখাচ্ছিল ওকে?’

‘হঁ,’ বলল দায়ান, উদ্বিগ্ন। ‘কী করছে দেখে আসতে হয় একবার।’

‘তোমার চোখ দুটো না তুলে নেয়!’ নার্ভাস হাসির সঙ্গে বলল যোসেফ। ‘ওর পক্ষে কিছুই অসম্ভব নয়।’

গায়ে ড্রেসিং গাউন চড়িয়ে দেরাজ থেকে একটা টর্চ বের করল দায়ান, তারপর প্যাসেজ ধরে অলিভার কামরার দিকে এগোল। আস্তে করে দরজাটা খুলল ও।

বিছানায় শুয়ে রয়েছে অলিভা, চোখ দুটো বন্ধ, ধৰ্বধবে সাদা চাঁদের আলো ধুয়ে দিচ্ছে মুখটা। আবার সেই আগের মতই অপরূপ সুন্দর আর আকর্ষণীয় লাগছে ওকে। নাম ধরে দু’একবার ডেকে কোনও সাড়া পাওয়া গেল না।

আরও দু’এক মুহূর্ত দাঁড়িয়ে থাকল দায়ান, তারপর পিছিয়ে এসে নিঃশব্দে বন্ধ করল দরজাটা, ফিরে এল নিজেদের কামরায়।

বাকি রাতটা ভাল ঘুমাতে পারল না দায়ান। ভোরের দিকে তন্দ্রা মত এসেছিল, শুলির শব্দ আর অলিভার আর্টিচকারে ধড়মড়িয়ে বিছানার উপর উঠে বসল সে।

## এগারো

সারা রাত পুলিশের সঙ্গে থেকে তল্লাশি চালাচ্ছে রানা।

কয়েকটা টিমে ভাগ হয়ে ছড়িয়ে পড়েছে পুলিশ, মডেস্টো শহরের চারধারে এক-দেড়শ’ মাইল পর্যন্ত কোনও এলাকা বাদ দিচ্ছে না। রানা যে টিমে রয়েছে সেটা পুবদিকে রওনা হয়ে আকাশ ছোঁয়া বাউভারি পিক-এর গোড়া পর্যন্ত তল্লাশি চালাল, কিন্তু অলিভার কোনও হদিস বের করতে পারল না।

মেয়েটি যেন স্রেফ বাতাসে মিলিয়ে গেছে। বাকি সব টিমের সঙ্গে সারাক্ষণ যোগাযোগ রাখছে ওরা, তারাও ভাল কোনও খবর

দিতে পারল না ।

পুলিশ টিমের সঙ্গে থাকলেও, রেন্ট-আ-কার কোম্পানি থেকে তোবড়ানো একটা নিশান জিপ নিয়ে এসেছে রানা । প্রথম দফার তল্লাশি শেষ করে ফেরার সময় টিম থেকে আলাদা হয়ে গেল ও; এলাকায় পুরানো দুই বন্ধু থাকে, দেখা করতে যাচ্ছে ।

জায়গাটা ওখান থেকে দক্ষিণ দিকে, আরও প্রায় সত্ত্বর কিলোমিটার দূরে, কিং'স ক্যানিয়ানের কাছাকাছি রাবার প্ল্যান্টেশনের ভিতর ।

রানার ওই দুই বন্ধুর নাম জেড ফিনলে আর টিসা ফিনলে । ওরা স্বামী-স্ত্রী । দুজনেই মার্কিন সামরিক বাহিনীর সাবেক অফিসার । জেড মেজর ছিল, টিসা ছিল ক্যাপ্টেন । অযৌক্তিক আর অনৈতিক মনে হওয়ায় ইরাক যুদ্ধে অংশগ্রহণ করতে অস্বীকার করে ওরা । ফলে কোর্ট মার্শাল হয় ওদের, চাকরি হারানো ছাড়াও তিনি বছর জেল খাটতে হয়েছে দুজনকে ।

জেল থেকে বেরিয়ে অনেক আগে কিনে রাখা নিজেদের জায়গায় রাবারের চাষ করছে ওরা । ওদের কোনও সন্তানাদি নেই । আত্মীয়-স্বজনও বোধহয় নেই কেউ, অন্তত সেরকম কাউকে কখনও দেখেনি রানা ।

অনেকদিনের পুরানো বন্ধু, সময়-সুযোগ পেলে ওদের বাগানবাড়িতে বেড়াতে চলে আসে রানা । কাঠের তৈরি তিনতলা একটা বাড়িতে ওরা থাকে, আশপাশে বহুদূর পর্যন্ত কোনও প্রতিবেশী নেই । বাড়ি থেকে রাবার বাগানটাও তিনি কি সাড়ে তিনি মাইল দরে ।

গাড়ির আওয়াজ পেয়েই বোধহয় দোতলার একটা কামরার আলো জ্বলে উঠল । উঠানে থেমে বার দুই হ্রন্ব বাজিয়ে জিপ থেকে নামল রানা, পিঠে বাঁধা চওড়া একটা ব্যাকপ্যাক, ভিতরে ক্যামেরা ছাড়াও অন্যান্য ইকুইপমেন্ট আছে ।

দোতলার একটা জানালা খুলে বাইরে মাথা বের করে দিল টিসা ফিনলে । হেডলাইটের আলোয় ছদ্মবেশী রানাকে প্রথমে চিনতে পারল না ও ।

‘বাড়িতে পুরুষমানুষ নেই?’ কৌতুক করল রানা । ‘ক্লান্ট মুসাফির, একটু বিশ্বামের আশায় এসেছি’ ।

ওর গলা চিনতে পেরে হইহই করে উঠল টিসা: ‘হেই, ফাইটারম্যান! অ্যাদিন পর মনে পড়ল আমাদের কথা? এই নাও চাবি,’ বলে চাবির একটা গোছা ছুঁড়ে দিল রানার পায়ের কাছে । ‘দরজা খুলে উঠে এসো, আমি চুলোয় কফি চড়াচ্ছি’ ।

দরজার তালা খুলে দোতালায় উঠে এল রানা, তারপর সরাসরি কিচেনে চুকল । ‘জেড মনে হচ্ছে বাড়িতে নেই?’ একটা চেয়ার টেনে বসল ও ।

ঘাড় ফিরিয়ে ওকে দেখছে টিসা, প্রশ্নটা শুনে কী এক আনন্দে উত্সাহিত হয়ে উঠল চোখ-মুখ । ‘ওহ, রানা, তোমাকে তো বলাই হয়নি! আমরা একটা বাচ্চাকে দন্তক নিছি!’

‘ওহ, মার্ভেলাস!’

‘জেড ভারতে গেছে—বাচ্চাটাকে আনতে,’ বলল টিসা, ফ্রিজ খুলে দু'জোড়া স্যান্ডউইচ বের করল, তারপর আরেক চুলোয় গরম করতে দিল ওগুলো । ‘দু'মাস আগে আমিই পছন্দ করে এসেছি, এবার কাগজ-পত্র ঠিকঠাক করে সঙ্গে করে নিয়ে আসবে ও ।’

‘ভারতের কোথেকে দন্তক নিছ?’

‘আগরতলা থেকে । ওর মা-বাবা আদিবাসী, দুজনেই রায়টে মারা গেছেন।’ একটা প্লেটে স্যান্ডউইচ সাজিয়ে টেবিলে রাখল টিসা । ‘খেয়ে নাও—চেহারাই বলে দিচ্ছে সারারাত তোমার পেটে কিছু পড়েনি।’

স্যান্ডউইচ সাবাড় করে কফির কাপে চুমুক দিচ্ছে রানা, অনুভব করল টিসা ওর দিকে একদৃষ্টে তাকিয়ে রয়েছে । ‘কী?’

জিজ্ঞেস করল ও ।

‘কিছু হয়েছে তোমার,’ মৃদুকণ্ঠে বলল টিসা। ‘তা না হলে এরকম শেষরাতে তোবড়ানো একটা জিপ নিয়ে হুট করে চলে আসার লোক তুমি নও। তা-ও আবার হুমকি নিয়ে।’

কথা না বলে কাপে চুমুক দিচ্ছে রানা।

‘কী হয়েছে বলবে না আমাকে?’ জানতে চাইল টিসা।

‘হ্যাঁ, বলব,’ একটা দীর্ঘশ্বাস ফেলে বলল রানা। ‘এক পাগলী মেয়ের কাহিনি। এটাকে তুমি একতরফা একটা প্রেমের গল্পও বলতে পারো...’

শুরু থেকে শেষ পর্যন্ত, কাহিনিটা বোধগম্য করবার জন্য যতটুকু বলা প্রয়োজন, ধীরে ধীরে সব বলে গেল রানা।

ও খামতে দোতলার কিচেনটাতে নীরবতা নেমে এল। সেটাকে দীর্ঘ হতে না দিয়ে ব্যাকুল স্বরে জিজ্ঞেস করল টিসা, ‘অসহায় একটা মেয়ে, মাথার ওপর নিয়ন্ত্রণ নেই, নিজের ভাল-মন্দ বোঝে না, এলাকায় দুষ্ট লোকের অভাব নেই...ওহ, গড়, রানা! ওকে তুমি এই দুর্গম জঙ্গল আর পাহাড়ি এলাকায় কোথায় খুঁজবে? কোথায়?’

মাথার চুলে আঁড়ুল চালাচ্ছে রানা। ‘জানি না, সত্যি আমি জানি না।’

‘এখানে এসে খুব ভাল করেছে তুমি, রানা,’ বলল টিসা। ‘এটা আমাদের এলাকা, খুব ভাল করে চিনি সব। তুমি ঘুমিয়ে নাও, তারপর আমরা ওকে খুঁজতে বের্ণব...’

‘না,’ বলে মাথা নাড়ল রানা। ‘এরকম বিপজ্জনক একটা ব্যাপারে তোমাকে আমি জড়াতে পারি না...’

‘তুমি বোধহয় ভুলে যাচ্ছ, যে-কোনও বিপজ্জনক সিচুয়েশন সামলানোর ট্রেনিং নেয়া আছে আমার,’ বলল টিসা। ‘তা ছাড়া, সব কথা শোনার পর অলিভাকে সাহায্য করা আমার একটা নাগরিক দায়িত্ব...’

চেয়ার ছেড়ে উঠে পড়ল রানা। ‘ঠিক আছে, সাহায্য লাগলে বলব তোমাকে। গেস্টরুমটা যদি খুলে দাও, আমি এখন একটু ঘুমাতে চাই।’

পরদিন বেলা বারোটার দিকে মোবাইল ফোনের আওয়াজে ফিনলে দম্পত্তির বাড়ির গেস্টরুমে ঘুম ভাঙল রানার। ওর এজেন্সির মডেস্টো শাখার প্রধান নটর মাহমুদ ফোন করেছে: ট্রাস্টি বোর্ডের সদস্য সলিসিটার হাওয়ার্ড রেচার সম্পর্কে একটা রিপোর্ট, মাসুদ ভাই।’

‘হ্যাঁ, বলো।’

‘হিলসাইড স্যানাটোরিয়ামে লোক পাঠিয়ে অলিভার এক কপি ফটোগ্রাফ সংগ্রহ করেছে রেচার,’ বলল মাহমুদ।

‘আর কিছু?’

‘জী, মাসুদ ভাই,’ বলল মাহমুদ। ‘রেচারের মডেস্টো শাখার অফিস থেকে ওই ফটোগ্রাফটা নিয়ে গেছে লস অ্যাঞ্জেলেসের মাফিয়া ডন মারিও মারকাস-এর একজন ভাড়াটে স্লাইপার। তার নাম ব্রঞ্জো হপার।’

দুইয়ে দুইয়ে চার মিলিয়ে নিল রানা; পরিষ্কার বুবাল, সলিসিটার রেচার মাফিয়া ডন মারিও মারকাসের সাহায্য নিয়ে অলিভাকে মেরে ফেলার সিদ্ধান্ত নিয়েছে।

তার মানে একা শুধু পুলিশ নয়, ওদের পাশাপাশি মাফিয়াও খুঁজছে অলিভাকে। খোঁজটা কে আগে পাবে বলা মুশকিল, কারণ পুলিশের চেয়ে একজন মাফিয়া ডনের নেটওর্ক কম শক্তিশালী নয়।

পুলিশের কাজ যদি অলিভাকে উদ্ধার করা হয়, মাফিয়ার কাজ হবে দেখামত্র ওকে মেরে ফেলা। অলিভাকে খুন করতে পারলে রেচার আর মারিও মারকাস ব্যাক্ষে রাখা নগদ পাঁচ মিলিয়ন ডলার আর পঞ্চাশ মিলিয়ন ডলারের সম্পত্তি নিজেদের মধ্যে ভাগ করে

নিতে পারবে। সন্দেহ নেই নিজের ভাগের টাকা বেশিরভাগই দেনা শোধ করতেই বেরিয়ে যাবে বেচারের। যদি কিছু বাঁচে, সেটাও আবার মারকাসের ক্যাসিনোয় জুয়া খেলতে গিয়ে হারবে।

ক্রনো হপার সম্পর্কে শুনেছে রানা। স্রেফ একটা পাষণ্ড। হাতের টিপ নাকি খুবই ভাল। গিলবার্ট নামে নিঝো এক বন্ধু আছে ওর। দুজন একটা টিম হিসাবে কাজ করে।

মাথার ভিতরটা ভোঁ ভোঁ করছে রানার। এই সব বিপজ্জনক লোকদের হাত থেকে অলিভাকে বাঁচাবার কোনও উপায় দেখতে পাচ্ছে না ও। কাকে নিরাপত্তা দেবে? তার খোঁজ পেলে তো!

এক হঞ্চা পর মডেস্টোর আন্দারওয়ার্ল্ডে খবরটা ছড়িয়ে পড়ল, অলিভা কারমেন রোড অ্যাক্সিডেন্টে মারা গেছে। মডেস্টো শহর থেকে ‘আড়াইশ’ কিলোমিটার দূরে, সিকোইয়া ন্যাশনাল পার্কের পাশে একটা রাস্তায় পাওয়া গেছে ওর লাশ।

লাশ উদ্ধার করে মডেস্টো সিটি হসপিটালের মর্গে নিয়ে এসেছে পুলিশ, সন্তুষ্ট করবার জন্য ডাকা হয়েছে সংশ্লিষ্ট কয়েকজনকে। তাদের মধ্যে দুজন হলো ট্রাস্টি বোর্ডের পুরানো সদস্য সলিসিটর হাওয়ার্ড বেচার, আর নতুন সদস্য মারিও মারকাস।

ট্রাস্টি বোর্ডের অপর সদস্য রানা এজেন্সির ডিরেক্টর মাসুদ রানা, প্রথম সাক্ষী হিলসাইড স্যানাটোরিয়ামের মালিক পেরি প্রেস্টনকে এবং দ্বিতীয় সাক্ষী ডিরেক্টর ডেভ শেলডনকেও ডাকা হয়েছে। তবে দ্বিতীয় সাক্ষী ব্যস্ত থাকায় আগেই জানিয়ে দিয়েছেন, তিনি আসতে পারবেন না।

খবরটা পাওয়া মাত্র মর্গের উদ্দেশে বেরিয়ে পড়ল রানা। যাওয়ার পথে মোবাইল ফোনে পুলিশ স্টেশনের সঙ্গে যোগাযোগ করল ও।

শেরিফ ডেভিড কুপার জানালেন, অনেক আগেই অকুন্তলে

উপস্থিত হয়ে অলিভার লাশ সন্তুষ্ট করে গেছে সলিসিটর বেচার আর মারিও মারকাস। ট্রাকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষের ফলে গাড়িতে আগুন লেগে যায়, ক্ষতবিক্ষত লাশটার মুখ পুড়ে গেছে, তারপরেও তাঁরা লিখিতভাবে জানিয়েছেন ওটা নিঃসন্দেহে অলিভারই লাশ।

শেরিফ আরও বললেন, হিলসাইড স্যানাটোরিয়ামের মালিক ডেভ প্রেস্টনও ইতিমধ্যে মর্গে এসে লাশটা দেখে গেছেন। তবে হ্যাঁ বা না কিছুই জানাননি, বলছেন: তিনি নিশ্চিত নন।

সব শুনে খটকা লাগছে রানার।

তিনি মিনিটের মধ্যে সিটি হসপিটালে পৌঁছে গেল ও। ছদ্মবেশ ঝোড়ে ফেলে মাসুদ রানা হিসাবে এসেছে, পরিচয়-পত্র দেখিয়ে হসপিটাল কর্তৃপক্ষের অনুমতি নিতে হলো।

মর্গের ঠাণ্ডা ঘরে রাখা হয়েছে লাশ। ওটার গায়ের চাদর সরিয়ে তাকাল রানা। প্রথমেই যেটা লক্ষ করল, লাশের গায়ে একটা ট্রেঞ্চকোট।

চেহারা দেখে কিছুই বোঝার উপায় নেই, এতটাই বিকৃত হয়ে গেছে।

রানার মনে পড়ল স্যানাটোরিয়াম থেকে পালাবার সময় তুমুল ঝড়-বৃষ্টি হচ্ছিল, তাই একজন শোফারের ট্রেঞ্চকোট চুরি করেছিল অলিভা। কিন্তু যে রোড অ্যাক্সিডেন্টে অলিভার মারা যাওয়ার কথা বলা হচ্ছে সেটা হয়েছে মাত্র চরিবশ ঘণ্টা আগে। ওই সময় প্রচণ্ড রোদ ছিল, কাজেই তখন কারও ট্রেঞ্চকোট পরে থাকবার কথা নয়।

একরাশ প্রশ্ন ভিড় করে এল রানার মনে। লাশটা কোথাও থেকে চুরি করা? কোনও কবর থেকে তোলা? ট্রেঞ্চকোট পরিয়ে ওটার উপর দিয়ে গাড়ি চালানো হয়েছে, যাতে কেউ পরীক্ষা করলে হাড়গোড় ভাঙ্গা দেখতে পায়? সবশেষে আগুনে পোড়ানো হয়েছে মুখটা?

অসম্ভব নয়। কারণ অলিভার ব্যক্তি অ্যাকাউন্টের টাকা আর সয়-সম্পত্তি মেরে দিতে হলে ব্লেচার আর মারকাসকে প্রমাণ করতে হবে: সে বেঁচে নেই।

মর্গের খাতায় রানা লিখল: ‘অসম্ভব, এই লাশ অলিভা কারমেনের হতে পারে না। ওর বাম কবজির উপর দেড় ইঞ্চিং লম্বা একটা দাগ ছিল—এখানে দেখা যাচ্ছে হাতটাই নেই। গোটা ব্যাপারটা স্বেফ বানোয়াট। যারা এটাকে অলিভা কারমেনের লাশ বলে সন্তুষ্ট করেছে তাদের বিরুদ্ধে পুলিশের অ্যাকশন নেওয়া উচিত।’

যোসেফ এতটাই নার্ভাস হয়ে পড়েছে, যখন-তখন শুধু অপরের নয়, নিজের মৃত্যুও ডেকে আনতে পারে।

ভোর রাতে বালিশের তলা থেকে পিস্তল বের করে সেফটি ক্যাচ অফ করেছে ও, তারপর জানালা লক্ষ্য করে দুটো গুলি করেছে—একটা দৃঃস্থল দেখে জেগে ওঠার সঙ্গে সঙ্গে, আধো ঘুমের মধ্যে। স্বপ্নে দেখেছে: দুটো প্রকাণ্ডেহী কাক কেবিনের চারধারে ওকে খুঁজে বেড়াচ্ছে।

হাসবে ভেবে কথাটা দায়ানকে জানায়নি, তবে নিজে খুব ভাল করেই জানে এই দৃঃস্থপ্নের কী তাৎপর্য।

নিষ্কুল পাহাড়ি এলাকায় গুলির শব্দ শতঙ্গণ জোরালো লেগেছে ওদের কানে। হঠাৎ ঘুম ভেঙে যাওয়ায় আর্তনাদ করে উঠেছে অলিভা। কামরায় ঢুকে দায়ান জড়িয়ে না ধরলে থামানোই যেত না ওকে।

একটু বেলা হতে অলিভাকে নিয়ে ব্রেকফাস্ট করতে বসেছে দায়ান। সূর্য ওঠার আগে মাছ ধরবার কথা বলে বেরিয়েছে যোসেফ, এখনও ফেরার নাম নেই। আসলে হয়তো রাস্তার উপর নজর রাখতে গেছে।

‘গুলি হবার আগে ভালই ঘুম হয়েছে তোমার, তাই না?’

স্বাভাবিক ভঙ্গিতে অলিভাকে প্রশ্ন করল দায়ান।

‘স্বপ্ন দেখেছি,’ জবাব দিল অলিভা। ‘জানো, আমি সব সময় স্বপ্ন দেখি।’

‘না, মানে, রাতে কি এক-আধবার উঠেছ?’ হাসিমুখে আবার জিজেস করল দায়ান। ‘কারণ আমার যেন একবার মনে হলো কেবিনের ভেতরে কেউ হাঁটাচলা করছে। হতে পারে আমিও স্বপ্ন দেখছিলাম।’

‘কই, না, উঠিনি তো,’ বলল অলিভা, সরু আঙুল দিয়ে কপালের একটা পাশে চাপ দিল। ‘তবে কিছু একটা ঘটেছে। মনে করতে পারছি না কী। কিছুই মনে আনতে পারছি না। ব্যাপারটা আমাকে ভয় পাইয়ে দিচ্ছে।’ টেবিলের উপর হাত লম্বা করে ওর কবজি চেপে ধরল। ‘জানি না তুমি না থাকলে কী হতো আমার! তুমি কাছে থাকলে মনে হয়, আমি সম্পূর্ণ নিরাপদ।’

নিঃশব্দে হাসল দায়ান, তবে অস্বস্তি বোধটা কাটিয়ে উঠতে পারছে না। ‘সব ঠিক হয়ে যাবে,’ ওর হাতে মৃদু চাপ দিয়ে বলল ও। ‘স্বপ্নটা কী, অলিভা?’

‘ঠিক মনে করতে পারছি না। আমি আসলে একই স্বপ্ন বার বার দেখি। ব্যাপারটা একজন নার্সকে নিয়ে। ওর চোখ দুটো আতঙ্কে বিস্ফারিত হয়ে আছে।’

অলিভাকে নিয়ে সারাটা দিন দুশ্চিন্তায় ভুগল দায়ান। সফ্রের পর যোসেফ যখন ফিরে এল, তখনও মন খারাপ হয়ে আছে ওর।

ফেরার পর থেকে শুতে যাওয়ার আগে পর্যন্ত চুপচাপ থাকল যোসেফ, চেহারায় ক্লান্তির ছাপ; তবে চোখ দুটো খানিক পরপর খুঁজে নিচ্ছে অলিভাকে।

ঘুম পাওয়ায় বিছানায় উঠল দায়ান। যোসেফ আগেই এসে শুয়েছে, ভান করল ঘুমিয়ে পড়েছে।

রাত গভীর হতে বিছানায় উঠে বসল যোসেফ, মৃদুকষ্টে দায়ানের নাম ধরে ডাকল, সাড়া না পেয়ে নেমে পড়ল মেঝেতে।

উভেজনা আর প্রত্যাশায় কাঁপছে ও। কত আর দৈর্ঘ্যের পরীক্ষা দেবে, সিদ্ধান্ত নিয়েছে আজ রাতেই অলিভাকে রাজি করাতে হবে।

ঘুমের মধ্যে নড়ে উঠল দায়ান, দম বন্ধ করে সেদিকে তাকিয়ে থাকল যোসেফ, আবার শুয়ে পড়তে তৈরি হয়ে আছে। তবে দায়ানের ঘূম ভাঙল না।

পা টিপে টিপে দরজার সামনে চলে এল যোসেফ। কবাট খুলে সাবধানে বেরোল প্যাসেজে। কোথাও কোনও শব্দ নেই, শুধু বাতাসে গাছের পাতা নড়ে উঠলে খসখস আওয়াজ হচ্ছে।

অলিভার কামরাটা প্যাসেজের শেষ মাথায়। ওর দরজায় কান পাতল, কোনও শব্দ না পেয়ে হাতল ঘুরিয়ে খুলে ফেলল কবাটটা। দেখল, বিছানায় শুয়ে আছে অলিভা, বালিশে ছাড়িয়ে পড়েছে একরাশ লাল চুল। মুখের উপর সরাসরি চাঁদের আলো পড়ায় অপরূপ সুন্দর লাগছে ওকে।

কামরার ভিতর চুকছে যোসেফ, চোখ মেলে তাকাল অলিভা। ওকে দেখে চমকে ওঠেনি, চেহারায় ভয় পাওয়ারও কোনও লক্ষণ নেই। শুধু চোখ দুটো বড় হয়ে আছে, তবে চেহারায় প্রশান্তির ছাপটা মুন হয়নি।

‘হ্যালো,’ বলল যোসেফ, ‘তোমার সঙ্গে গল্ল করতে এলাম।’  
কথা না বলে ওর দিকে তাকিয়ে আছে অলিভা।

‘আমি জানি তুমি আমাকে ভয় পাও না।’ মেয়েটির রূপ আর সৌন্দর্য অস্থির করে তুলছে ওকে। ‘নাকি পাও?’

‘না,’ শান্ত গলায় বলল অলিভা। ‘মন বলছিল, আজ রাতে তুমি আসবে। স্বপ্নে তোমাকেই তো দেখছিলাম আমি।’

‘তার মানে তুমি চাইছিলে আমি আসি?’ বিছানার কিনারায় বসে ফিসফিস করে জানতে চাইল যোসেফ, আনন্দ আর উল্লাসে নাচতে ইচ্ছে করছে ওর।

কেমন চিন্তিত মুখে যোসেফের দিকে তাকিয়ে থাকল

অলিভা। ‘সেই সঙ্গে থেকে তোমার দৃষ্টি অনুভব করেছি। যেখানেই গেছি, আমার ওপর থেকে তুমি চোখ সরাওনি। মনে হচ্ছিল রাতে তুমি আসতে পার।’

ফিক করে হাসল যোসেফ। অলিভার হাতটা ধরল ও। কেমন ঠাণ্ডা আর অসাড়, তবে নিজেকে ছাড়িয়ে নিল না। ‘আবার তোমাকে আমি চুমো খেতে চাই।’

‘দায়ান চায় না এ-সব তুমি করো।’

‘ও জানবে না—ঘুমাচ্ছে। সেদিন তো তোমার খারাপ লাগেনি, তাই না?’ অলিভার মুখের দিকে মুখ বাড়াল যোসেফ।

বাধা দিল অলিভা। ‘না, এ-সব আমার ভাল লাগছে না...’

‘এসো, আগে শুরু তো করি, দেখবে কত ভাল লাগে। খোলো এগুলো,’ অলিভার সিঙ্ক জ্যাকেটের বোতামে আঙুল রেখে বলল যোসেফ। ‘আমি তোমাকে এতটুকু ব্যথা দেব না।’

‘না!’ ঝাপটা দিয়ে যোসেফের হাত সরিয়ে দিল অলিভা।

‘তুমি খুব সুন্দরী, অলিভা,’ নরম সুরে বলল যোসেফ। ‘আর তোমাকে আমি ভালবাসি। তুমিও আমাকে ভালবাস, তা না হলে সেদিন চুমো খেতে দিতে না...’

‘তুমি যাও!'

‘কেন যাব?’ রেগে গিয়ে জোর খাটাতে শুরু করল যোসেফ। অলিভা নিজেকে ছাড়িয়ে নেওয়ার জন্য ধস্তাধস্তি করছে। হ্যাচকা টান দিয়ে ওর পরনের কাপড়চোপড় ছিঁড়ে ফেলছে উন্নত যোসেফ।

আরেক বেডরুমে হঠাতে করে দায়ানের ঘূম ভেঙে গেল। এক ঝাঁকায় বিছানার উপর উঠে বসে চারদিকে বোকার মত তাকাচ্ছে ও, ভাবছে কী কারণে এভাবে ভাঙল ঘুমটা। তারপর দেখল যোসেফের বিছানা খালি।

মেঝেতে নেমে দ্রুত দরজার দিকে এগোল দায়ান। ঠিক এই

সময় তীক্ষ্ণ একটা আর্টিচিকার ছড়িয়ে পড়ল কেবিনের ভিতর। এক মুহূর্তের বিরতি। তারপর ফোঁপানোর আওয়াজ কানে এল, ওই একই গলা থেকে বেরিয়ে এল কর্কশ চিংকার: ‘দায়ান! জলদি! জলদি এসে আমাকে সাহায্য করো!’

যোসেফের চিংকার শুনে গায়ের লোম দাঁড়িয়ে গেল দায়ানের, বাট করে দরজা খুলে বেরিয়ে এল প্যাসেজে, আলো জ্বালন।

ওর দিকে এগিয়ে আসছে যোসেফ। কোমরের কাছে ভাঁজ হয়ে আছে শরীরটা, মুখটা দু'হাতে ঢাকা, আঙুলের ফাঁক গলে ফেঁটায় ফেঁটায় রক্ত ঝরছে মেরোতে।

‘কী হয়েছে?’ হাঁপিয়ে উঠল দায়ান, ওখানেই জমে পাথর হয়ে গেল।

‘আমার চোখ গেলে দিয়েছে!’ ফুঁপিয়ে উঠে বলল যোসেফ। ‘ও আমাকে অঙ্ক করে দিয়েছে, দায়ান! আমি কিছুই দেখতে পাচ্ছি না! যিশুর দোহাই, কিছু একটা করো!’

নাগালের মধ্যে চলে আসতে ভাইকে ধরল দায়ান, ঝাঁকাচ্ছে ওকে। ‘কেন এমন হলো? কী করেছ তুমি ওর?’ তারপর ওকে ছেড়ে দিয়ে প্যাসেজ ধরে অলিভার কামরার দিকে এগোল।

দরজা খোলা, অলিভার কামরায় ঢুকল দায়ান। কিন্তু বেডরুম খালি, কেউ নেই। এক লাফে জানালার সামনে চলে এল ও। পর মুহূর্তে স্থির হয়ে গেল।

ওর দিকে তাকিয়ে বারান্দার উপরের ধাপে দাঁড়িয়ে রয়েছে অলিভা। নাভি থেকে গলা পর্যন্ত সম্পূর্ণ খালি, চাঁদের আলোয় চোখ জোড়া বিড়ালের চোখের মত জ্বলছে।

স্তম্ভিত হয়ে দাঁড়িয়ে আছে দায়ান। এমন বন্য অথচ সুন্দর প্রাণী দেখবার সৌভাগ্য আগে কখনও হয়নি ওর। অলিভার লাল চুল যেন পালিশ করা ব্রোঞ্জ, সাদা জোছনায় ঝলমল করছে। সাদা শাটিনের মত আভা ছড়াচ্ছে ত্বক।

হঠাৎ ঘুরে ধাপ বেয়ে ছুটল মেয়েটা, পালাচ্ছে; রাগের মাথায়

যোসেফের চোখ তুলে নেওয়ার পর সাংঘাতিক ভয় পেয়েছে।

‘অলিভা!’ চেঁচিয়ে উঠল দায়ান। ‘অলিভা, ফিরে এসো!’

কিন্তু পায়ে হরিণীর ক্ষিপ্তা, এরইমধ্যে পাইনবনের ভিতর হারিয়ে গেছে অলিভা। ওর পিছু নিয়ে মিস্টারকেও ছুটে যেতে দেখল দায়ান।

কী করতে হবে জানে না, জানালার সামনে ইতস্তত করছে দায়ান, যোসেফের গোঙানি শুনে ফিরে এল প্যাসেজে। ‘শান্ত হও,’ বলল ও। ‘সিরিয়াস কিছু হয়নি তোমার।’

‘শালী আমাকে অঙ্ক করে দিয়েছে, আর তুমি বলছ...’ চেঁচিয়ে উঠে চোখ থেকে হাত নামাল যোসেফ।

চমকে উঠে পিছু হটল দায়ান। বমি পাচ্ছে ওর, শিরশির করে উঠল শরীর।

যোসেফের চোখ দুটো রক্তে ভরে আছে। নখ দিয়ে আঁচড়ের লম্বা নির্দয় দাগটা শুরু হয়েছে কপাল থেকে, চোখের পাতা হয়ে নেমে এসেছে নাকের দু'পাশে। দেয়ালে হেলান দিয়ে আছে, তারপরেও টলছে ও, যে-কোনও মুহূর্তে জ্বান হারিয়ে ফেলবে।

‘আমার চোখ দুটোকে বাঁচাও, ভাই,’ করণ সুরে বলল যোসেফ। ‘কথা দাও তুমি আমাকে সাহায্য করবে। ও আবার ফিরে আসবে...আমাকে ফেলে কোথাও তুমি যেয়ো না...আমি আগেই বলেছিলাম, ও সুস্থ নয়, খুনি... দেখো আমার কী অবস্থা করেছে।’

‘শান্ত হও,’ বলে যোসেফকে হাঁটতে সাহায্য করল দায়ান, বেডরুমে এনে শুইয়ে দিল বিছানায়। ‘দাঁড়াও, ধুয়ে দিচ্ছি ওগুলো।’ কিচেনে এসে স্টেভ জ্বেলে কেটলি বসাল, দেরাজ খুলে বের করল মেডিকেল কিটটা।

বেডরুম থেকে চেঁচাচ্ছে যোসেফ। ‘আমাকে একা রেখে কোথাও যেয়ো না, দায়ান! আমি একদম দেখতে পাচ্ছি না! ও ফিরে আসবে!'

কিচেন থেকে জবাব দিল দায়ান, ‘ঠিক আছে, ঠিক আছে।’ খানিক পর বেডরুমে ফিরে এল ও। ‘তোমার চোখটা ধুয়ে দিচ্ছি। আমার ধারণা রক্ত বেরহচ্ছে বলে তুমি দেখতে পাচ্ছ না।’

‘না, আমি অঙ্গ হয়ে গেছি! আমার দু’চোখ উপড়ে নিয়েছে ও; আর কোনওদিন দেখতে পাব না!’ গুঙ্গিয়ে উঠল যোসেফ। ‘আমার পাশে থাকো, দায়ান। ওরা আমার পিছু নিয়েছে...যেখানেই খুঁজে পাবে, দেখামাত্র খুন করবে আমাকে। আমি এখন অসহায়। নিজেকে রক্ষা করতে পারব না।’

‘কারা তোমার পিছু নিয়েছে?’ তীক্ষ্ণকণ্ঠে জানতে চাইল দায়ান, একটা পাত্রে গরম পানি ঢালছে।

‘টোবি...টোবি ব্রাদার্স,’ বলল যোসেফ, দায়ানের হাতটা ধরবার জন্য বৃথাই হাতড়াচ্ছে ও। ‘তুমি ওদেরকে চিনবে না। কেউ ওদেরকে চেনে না। ওরা গোপনে কাজ সারে...পেশাদার খুনি। আমাকে খুন করার জন্যে ডন বয়েড বুমফিল্ড ওদেরকে ভাড়া করেছে।’

‘ওরা তোমাকে খুঁজে পাবে না,’ বলল দায়ান। ‘এখানে তুমি নিরাপদ। চুপচাপ শুয়ে থাকো, চোখ দুটো ধুয়ে দিচ্ছি। একটু জ্বালা করতে পারে, সহ্য করতে হবে।’

‘ছুঁয়ো না আমাকে!’ ভয়ে চেঁচিয়ে উঠল যোসেফ, বিছানার উপর কুঁকড়ে ছোট হয়ে গেল। ‘আর কোনও ব্যথা আমি সহ্য করতে পারব না।’

অপেক্ষা করছে দায়ান। ‘কী করেছ তুমি ওর?’ যোসেফ একটু শান্ত হতে জানতে চাইল ও।

‘কিছুই করিনি!’ ফোঁপাচ্ছে যোসেফ। ‘ও চেয়েছিল আমি ওর কাছে যাই। কিন্তু চুমো খেতে চাইলেই ঘটকা-ঘটকি শুরু করে দিল। ছিঁড়ে গেল কাপড়, তারপর দেখি জাপটে ধরে ফেলেছে আমাকে, ছাড়ছে না। ওর গায়ে প্রচণ্ড শক্তি, নিজেকে আমি ওর বাঁধন থেকে মুক্ত করতে পারছিলাম না। এমনভাবে গলাটা

পেঁচিয়ে ধরল, দম বন্ধ হয়ে আসছিল। আমাকে কামড়াতে শুরু করল। বুবালাম ব্যাপারটা ভয়ঙ্কর হয়ে উঠছে। ওর চোখ ল্যাস্পের মত। ধন্তাধন্তি করে নিজেকে ছাড়িয়ে এনেছি, এই সময় আমার চোখে খামচি দিল। ঠিক যেন একটা মানুষখেকো বাঘের মত। ও উন্নাদ...বুনো জন্ম...’

‘ও আসলে ভয় পেয়েছে,’ বলল দায়ান, শিরশির করছে ওর শরীর। ‘ওকে ঘাঁটাতে নিষেধ করেছিলাম তোমাকে আমি।’

‘টোবিরা যদি এখানে আসে...কী করব আমি? দায়ান! ওরা আমাকে খুন করতে এলে নিশ্চয় তুমি দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখবে না?’ ঘট করে উঠে বসে বালিশের তলাটা দ্রুত হাতড়াতে শুরু করল। ‘এই যে, পিস্টলটা রাখো। দেখামাত্র গুলি করবে ওদেরকে... কীভাবে চিনবে বলে দিচ্ছি...’

‘আরে, শান্ত হও তো,’ অবৈর্য হয়ে বলল দায়ান। ‘বললাম না এখানে তুমি নিরাপদ...’

‘ওদেরকে তুমি চেনো না। মানুষ খুন করাই ওদের পেশা। একবার কোনও কাজ হাতে নিলে, ব্যর্থ হয় না কখনও। একের পর এক করে যাচ্ছে। ডন বুমফিল্ড অনেক টাকা দিয়েছে ওদেরকে। ওরা ঠিকই আমাকে খুঁজে বের করবে।’

‘কিন্তু কেন?’ জানতে চাইল দায়ান। ‘কী করেছ তুমি যে ওরা তোমাকে খুন করতে চাইছে?’

নাগাল পেয়ে ওর কোটটা খামচে ধরল যোসেফ। ‘ডন বুমফিল্ড আর আমি বড়সড় একটা ব্যাঙ্ক ডাকাতি করেছি। তারপর সব টাকা ব্যাগে ভরে নিয়ে পালিয়ে এসেছি আমি। অনেকদিন থেকেই আমাকে ঠকাচ্ছিল, সুযোগ পেয়ে প্রতিশোধ নিয়েছি। নিরাপদ জায়গায় সরিয়ে রেখেছি, সব মিলিয়ে তিন মিলিয়ন ডলার। কিন্তু বুমফিল্ড আমার পেছনে লেলিয়ে দিয়েছে টোবিদের।’

‘এখানে কেউ তোমাকে খুঁজতে আসবে না,’ আবার বলল

দায়ান।

‘আসবে’ ব্যথায় কাতরাচ্ছে যোসেফ। ‘পিস্তলটা হাতের কাছে রাখো। কোনও সুযোগ দিয়ো না, দেখামাত্র গুলি করবে...এক জোড়া কালো কাকের মত দেখতে ওরা...হ্যাঁ, ঠিক যেন একজোড়া কালো কাক...’

‘শোও। রঞ্জিটকু ধুয়ে দিই,’ বলল দায়ান, ভাইকে ধরে শুইয়ে দিল বিছানায়।

চোখে তুলোর স্পর্শ পেতেই চেঁচিয়ে উঠল যোসেফ।

## বারো

এক জোড়া কালো কাক।

এই বর্ণনার সঙ্গে মিল আছে টোবি ব্রাদারদের। কালো অঁটসাঁট ওভারকোট, চওড়া কারনিসওয়ালা কালো হ্যাট, কালো ঢোলা ট্রাউজার, কিন্তু চকচকে কালো জুতোর ডগাণ্ডলো ছুঁচলো। দেখলেই অশুভ কোনও বিপদ মনে হয় ওদেরকে। গলায় জড়ানো কালো স্কার্ফ চেহারায় কিলারের ভাব এনে দিয়েছে।

কয়েক বছর আগে একটা ভ্রাম্যমাণ সার্কাস পার্টির তারকা শিল্পী ছিল ওরা, ওখানেই টোবি ব্রাদার্স হিসাবে খ্যাতি পায়। তবে ওরা আসলে পরস্পরের ভাই নয়: ওদের আসল নাম জন বাড়ি আর ফ্রেড ফ্রিম্যান।

পেশায় নাইফ-ঝোয়ার ছিল ওরা—কালো ভেলভেটে মোড়া বোর্ডের সামনে দাঁড়ানো একটা মেয়ের চারধারে ফসফরাস মাখানো ছুরি ছুঁড়ে মারত।

স্টেজটা অন্ধকার, দর্শকরা শুধু উড়ন্ট ছুরি দেখতে পেত।

ওগুলো একটার পর একটা ছুঁড়ে বোর্ডের গায়ে, মেয়েটির শরীর থেকে এক ইঞ্চি দূরে গেঁথে ধীরে ধীরে ফুটিয়ে তোলা হত মেয়েটির ফিগার। ভারি উত্তেজক আর জনপ্রিয় একটা খেলা, বছরের পর বছর চলতে পারত, কিন্তু টোবি ব্রাদারদের কাছে সার্কাস পার্টি আর মেয়েটা একসময় একঘেয়ে হয়ে উঠল।

আসলে ওই মেয়ের কারণেই পেশাটা ছেড়ে দিল টোবি ব্রাদাররা। দেখতে সুন্দর, উৎসাহী একটা মেয়ে; কিন্তু মুশকিল হলো অবসর সময়ে টোবি ব্রাদারদের আচরণের সঙ্গে নিজেকে মানিয়ে নিতে পারছিল না। তা ছাড়া, একজন জোকারের প্রেমে পড়ল সে, ফলে তার বিপদ আরও বেড়ে গেল। একদিন একই সঙ্গে ছুরি ছুঁড়ল দু'ভাই, কাটা পড়ল মেয়েটির দু'কান।

অন্য মেয়ে খুঁজল টোবি ব্রাদাররা। কিন্তু বেতন খুব কম হওয়ায় ছুরি খাওয়ার ঝুঁকি নিতে রাজি হয় না কেউ—তা ছাড়া, অবসর সময়ে টোবি ব্রাদারদের চাহিদাও তারা মেটাবে না। অগত্যা ম্যানেজারকে ডেকে জানিয়ে দিল, সার্কাস ছেড়ে দিচ্ছে তারা। কিন্তু চুক্তির কথা তুলে ম্যানেজার ওদেরকে ছাড়তে রাজি হলো না। টোবি ব্রাদারদের ওই খেলাটাই সার্কাসকে টিকিয়ে রেখেছে, ওরা চলে গেলে কোম্পানি বন্ধ হয়ে যাবে। সাহসী দেখে একটা ছোকরা খুঁজে বের করল ম্যানেজার।

কিন্তু মন উঠে গেছে টোবিদের। এক রাতে খেলা দেখাবার সময় জন বাড়ি সমস্যাটাৰ সমাধান করল সরাসরি ছোকরার দু'পায়ের ফাঁকে ছুরি গেঁথে। কিছু না, কাটা পড়েনি কিছুই, তবে সামান্য একটু চামড়া ছড়ে গেল মাত্র, কিন্তু তাতেই সাংঘাতিক ভয় পেয়ে পালিয়ে গেল ছোকরা। ফলে খেলা বন্ধ হয়ে গেল, বাতিল হয়ে গেল চুক্তিও।

পেশাদার খুনি হওয়ার প্রস্তাবটা এল বাড়ির কাছ থেকে। মৃত্যু ওর কাছে দুনিয়ার সবচেয়ে আকর্ষণীয় বিষয়। মানুষের জীবন কেড়ে নেওয়ার সময় এমন প্রচণ্ড ক্ষমতা অনুভব করে, যেন ও-ই

ইশ্বর। এই কাজটা অনায়াসে করতে পারে বলে নিজেকে আর সব মানুষের চেয়ে উন্নত আর আলাদা ভাবে ও। তা ছাড়া, প্রচুর টাকা কামাবার দিকে ওর একটা বিশেষ ঘোঁক আছে, সার্কাস পার্টি থেকে সেটা সম্ভব ছিল না।

বাড়ির যুক্তি হলো, হাজার হাজার মানুষ কাউকে না কাউকে দুনিয়ার বুক থেকে সরিয়ে দিতে চাইছে। কিন্তু ধরা পড়বার ভয়ে ইচ্ছেটাকে বাস্তবে রূপ দিতে পারে না তারা। এক-আধজন পেশাদার খুনি সমাজের উপকারে লাগতে পারে। যেহেতু কোনও মোটিভ প্রমাণ করা সম্ভব নয়, খুনির ধরা না পড়বার ভাল সম্ভাবনা আছে।

তবে কখনও যদি ধরা পড়বার আশঙ্কা দেখা দেয়, দিন কয়েক গা ঢাকা দিয়ে থাকার মত নিরাপদ একটা জায়গা ঠিক করা আছে ওদের। জায়গাটার নাম গেটওয়ে, ওখানে পেঞ্জো আর হিল নামে সার্কাস পার্টির পুরানো দুজন সহকর্মী থাকে।

আইডিয়াটা পছন্দ করল ফ্রিম্যান। মাথা খাটানোর ব্যাপারটা ভাল আসে না ওর, তবে সবকিছুতে উৎসাহ বোধ করা তার বিশেষ একটা গুণ। বাড়ি জানে সঙ্গী হিসাবে আরও মোগ্য কাউকে পেলে ভাল হত।

দুজন একমত হওয়ার পর শুধু নিজ শহরে নয়, নয় শুধু নিজ রাজ্য ক্যালিফোর্নিয়ায়, গোটা দেশের আভারওয়ার্ল্ড খবরটা রঞ্জিয়ে দিল ওর—বিশ হাজার ডলারের বিনিময়ে যে-কোনও মানুষকে খুন করতে রাজি তারা, প্রতি হঞ্চার জন্য খরচা নেবে এক হাজার ডলার।

তারপর...নির্দিষ্ট কিছু মহল থেকে এত দ্রুত, এত বেশি কাজের অর্ডার আসছে দেখে এমনকী নিজেরাও বিস্মিত না হয়ে পারল না।

সেই থেকে কালো একটা ক্যাডিলাক নিয়ে সারা দেশ চৰে বেড়াচ্ছে ওরা: একজোড়া কালো কাক, যারা নিঃশব্দে ও গোপনে

মৃত্যু ডেকে আনে, কিন্তু কখনও ধরা পড়ে না। পুলিশ ওদের সম্পর্কে কিছু জানে না, কারণ ভুক্তভোগীরা পুলিশকে ভয় পায় বলে তাদের কাছে মুখ খোলে না—প্রোটেকশনও চাইতে পারে না।

কখনও হয়তো টার্গেট জানতে পারে টোবি ব্রাদাররা তাকে মারতে আসছে। গা ঢাকা দিল সে। কিন্তু তাতে কিছু আসে যায় না, টোবিরা ঠিকই তাকে খুঁজে বের করবে। ওদের শুধু টার্গেটের একটা ফটো আর সর্বশেষ ঠিকানা দরকার, আর কিছু লাগে না: টার্গেটকে খুঁজে বের করা ওদের সার্ভিসেরই একটা অংশ।

খুব সহজ-সরল জীবনযাপন করে ওরা। প্রতি হঞ্চায় পাওয়া এক হাজার ডলার দিয়ে সব খরচ চালায়, খনের টাকাটা জমায়। দুজনেই পাখির খুব ভক্ত, ইচ্ছে আছে প্রচুর পুঁজি হলে বড় একটা পাখির ব্যবসা শুরু করবে।

ব্যাঙ্ক ডাকাতির টাকা নিয়ে যোসেফ যেদিন পালাল, তার পরদিন নিউ ইয়ার্ক থেকে ওদের সঙ্গে যোগাযোগ করেছে মাফিয়া ডন বয়েড ব্লুমফিল্ড। যোসেফকে খুন করবার জন্য ত্রিশ হাজার ডলার চেয়েছে ওরা। ডন ব্লুমফিল্ড নিজের লোকদের দিয়ে কাজটা করাচ্ছে না, কাজেই ওরা ধরে নিয়েছে যোসেফকে খুন করাটা খুব সহজ হবে না। বেশি ফি চাওয়ার সেটাই কারণ। কোনও রকম দিষ্ঠি না করেই তাতে রাজি হয়েছে ডন ব্লুমফিল্ড।

শুধু তা-ই নয়, সেই সঙ্গে আরও একটা প্রলোভন দেওয়া হয়েছে ওদেরকে। যোসেফ যে টাকাটা নিয়ে পালিয়েছে সেটা উদ্ধার করে দিতে পারলে তার সিকি ভাগ বোনাস পাবে ওরা।

যোসেফকে খুঁজে পাওয়াই কঠিন হবে বলে মনে করা হয়েছিল। টোবি ব্রাদার তাকে টার্গেট করেছে, এ-খবর পাওয়া মাত্র গায়েব হয়ে যায় সে। খোঁজ নিয়ে জানা গেল এক রাজ্য থেকে আরেক রাজ্যে ছুটে বেড়ালেও, ওহাইয়ো-র পর তার আর কোনও হদিস নেই—পায়ের ছাপ মুছে একেবারে গায়েব হয়ে

গেছে। অদৃশ্য একজন মানুষকে খুঁজে বের করা সম্ভব নয়।

কিন্তু টোবিরা কোনও কাজকে অসম্ভব বলে মনে করে না। দক্ষ শিকারি ওরা, দ্রুত কোনও টার্গেটকে খুঁজে বের করবার জন্য প্রথমে তার অভ্যাস আর আত্মীয়-স্বজন সম্পর্কে তথ্য সংগ্রহ করে, বিশেষ করে জানতে চায় আত্মীয় নারী বা পুরুষটি কোথায় থাকে।

যোসেফের একটা ভাই আছে, এটা জানতে খুব একটা বেগ পেতে হলো না ওদেরকে—বছরখানেক আগে ক্যালিফোর্নিয়ার লস অ্যাঞ্জেলেসে নামকরা একটা বিমা কোম্পানিতে সেলস ডিভেলপমেন্টের হিসাবে চাকরি করেছে দায়ান বার্নেট। ওখানে গিয়ে জানল চাকরি ছেড়ে দিয়ে এই রাজ্যেই কোথাও রান্শ দিয়েছে দায়ান।

হোটেলে বসে এক হংসা পার করে দিল ওরা। প্রথম কটা দিন রান্শ-এর ইকুইপমেন্ট বিক্রি করে এমন সব দোকানের ঠিকানা সংগ্রহ করল। তারপর ওই সব দোকানে টেলিফোন করে দায়ান বার্নেটের ঠিকানা চাইল—একটা বিখ্যাত ‘ল হাউস’-এর নাম করে বলল, আমাদের মাধ্যমে দায়ান বার্নেট মোটা অঙ্কের টাকা পেতে যাচ্ছেন, ঠিকানাটা দিলে ভদ্রলোকের খুব উপকার হবে।

একশ’র মত ফোন করবার পর বিড়ালের কপালে শিকে ছিঁড়ল। মডেস্টো শহরের এক দোকানদার রান্শ-এর প্রয়োজনীয় ইকুইপমেন্ট বিক্রি করেছিল দায়ানের কাছে, খুশি মনে ওর ঠিকানাটা বাড়িকে জানিয়ে দিল সে।

তিনদিন পর কালো ক্যাডিলাকটা সিগনাল পয়েন্টে এসে থামল। ছোট একটা উপত্যকা-শহর সিগনাল পয়েন্ট, ব্ল্যাক পিলারস থেকে মাত্র বিশ মাইল দূরে। পর্যটন শহর, আশপাশে প্রচুর রিসর্ট ফ্যাসিলিটিজ আছে। তবে বার, হোটেল, রেস্টোরাঁ সবই প্রায় থালি এখন, কারণ এটা বেড়ানোর মরণুম নয়। তা ছাড়া বেশ

অনেক রাত হয়েছে।

টাওয়ার বার অ্যান্ড রেস্টোরাঁর সামনে গাড়ি থামাল টোবি ব্রাদাররা, তারপর ভিতরে ঢুকে থালি বার-এ বসল।

সার্কাসের মধ্যে দোকার সময় প্রতিদিন একযোগে পা ফেলত ওরা, ওদের হাত দুটোও একই ছন্দে ও মাত্রায় দোল খেত শরীরের দু’পাশে, গর্বিত মাথা সামান্য উঁচু করা, দ্রুত পদক্ষেপে ক্ষিপ্র ভঙ্গি, দৃষ্টি নামিয়ে একজন অপরজনের ছায়ার চোখ রাখত—পুরানো সেই অভ্যাসটা এখনও ধরে রেখেছে ওরা।

তার উপর দুজনের পরনেই কালো ড্রেস, একবার দেখলে কেউ আর চোখ ফেরাতে পারে না। সেই সঙ্গে অশুভ একটা বিপদের গন্ধও পায় তারা।

টুল টেনে বসল টোবিরা, দস্তানা পরা হাতগুলো কাউন্টারের উপর। ওদেরকে খুঁটিয়ে দেখল বারম্যান, টের পেল, বিপজ্জনক লোক এরা, মুখটা হাসি হাসি করে বোঝাতে চাইল ঝামেলায় জড়াবার কোনও ইচ্ছে নেই তার। ‘ইয়েস, স্যর?’ জানতে চাইল সে, কাউন্টার মুছছে।

‘দুই গ্লাস কমলার রস,’ বলল বাড়ি, ওর গলার আওয়াজ নরম।

একটু পরেই কমলার রস নিয়ে এল বারম্যান, চেহারায় কোনও ভাব নেই। ফিরে যাবে, তজনী বাঁকা করে কাছে ডাকল বাড়ি ওকে। ‘শহরের খবর বলো। আমরা নতুন।’

‘শহরে এখন খুব উত্তেজনা,’ বলল বারম্যান। ‘মিস্টার রডরিক ফেদেরা গতকাল বলছিলেন, আগামীকাল দেশের সমস্ত মিডিয়ার প্রচার করা হবে।’

‘বুবলাম না।’ জু জোড়া উঁচু করল বাড়ি। ‘কী প্রচার হবে?’ আর এই মিস্টার রডরিক ফেদেরাই বা কে?

‘ওহ, সে এক মন্ত কেলেক্ষারি! হিলসাইড স্যানাটোরিয়াম থেকে এক রোগিণী পালিয়েছে,’ ব্যাখ্যা করল বারম্যান। ‘শোনা

যাচ্ছে পাঁচ মিলিয়ন নগদ টাকা, সেই সঙ্গে পঞ্চাশ মিলিয়ন ডলার দামের সম্পত্তি আছে মেয়েটার নামে।'

'এত সব খবর পাওয়া গেল তোমার ওই মিস্টার রডরিক ফেদেরোর কাছ থেকে?' সুর আরও নরম করে জানতে চাইল বাড়ি। 'কে সে?'

'ফ্রি লাস জার্নালিস্ট...'

হাত তুলে বারম্যানকে থামিয়ে দিল বাড়ি, জার্নালিস্ট সম্পর্কে ওর কোনও আগ্রহ নেই। 'সেটা কোথায়, হিলসাইড স্যানাটোরিয়াম?'

'নদীর কাছে, পাহাড়ের ঢালে। এখান থেকে পাঁচ মাইল দূরে, রাউন্ডভেল রোডে,' বলল বারম্যান। 'ট্রাকে লিফট নিয়ে এদিকে কোথাও এসেছিল পাগলীটা। রাস্তার ওপর দিকে, মাইলখনেক দূরে, ওল্টানো অবস্থায় পাওয়া গেছে ওটাকে। পুলিশের ধারণা, ড্রাইভারকে ওই পাগলীই সন্তুষ্ট খুন করেছে। মারা গেছে এক পুলিশ সার্জেন্টও, তবে সেটা খুন নাকি অ্যাক্সিডেন্ট, তা এখনও পরিষ্কার নয়।'

'ওকে পাওয়া গেছে?' জানতে চাইল ফ্রিম্যান, লেবুর রসে চুমুক দিল, তারপর দস্তানা দিয়ে ঠোঁট মুছল।

'মনে হয় না। এখনও বোধহয় খুঁজছে। আজ সকালে এখানেও পুলিশ এসেছিল। একসঙ্গে এত পুলিশ আগে কখনও দেখিনি।'

কৌতুহলে নাকি লোভে, বলা মুশকিল, বিক করে উঠল বাড়ির চেতের তারা। 'একটা পাগলী এত টাকা পায় কীভাবে?'

'শুনলাম, মারা যাবার আগে ভাই দিয়ে গেছে,' বলে কাঁধ ঝাঁকাল বারম্যান, অর্থাৎ এ-ব্যাপারে আর কিছু জানে না ও।

'পাগলীটা কি ডেঞ্জারাস?' জানতে চাইল বাড়ি।

প্রবলবেগে মাথা ঝাঁকাল বারম্যান। 'ডেঞ্জারাস বলে ডেঞ্জারাস...!'

'যিশুর দয়ায় হঠাতে যদি চোখে পড়ে যায়... দেখতে কেমন?'

'মাথায় লাল চুল। দেখতে...পরী। বাম কবজিতে পুরানো ক্ষতচিহ্ন আছে।'

কাউন্টারে বিল রাখল বাড়ি। 'কাছাকাছি নতুন রান্শ করেছে কেউ?' নিরীহ ভঙ্গিতে প্রশ্ন করল ও।

খুচরো টাকা ফেরত দিচ্ছে বারম্যান। 'হ্যাঁ, ব্ল্যাক পিলারস-এ। দায়ান বার্নেটের রান্শটাকে নতুনই বলা যায়, মাত্র একবছর হয়েছে।'

'অনেক দূরে?'

'মাইল বিশেক।'

হাতঘড়ি দেখল বাড়ি। সকাল সাড়ে ন'টা। 'আমরা রান্শের যে-কোনও প্রোডাক্ট কিনি,' বলল ও। 'ওখানে একবার গিয়ে দেখতে চাই, সন্তায় কিছু পাই কি না। দায়ান না কি যেন নাম বললে, কত বড় রান্শ তার, কি কি আছে?'

'রান্শ তো বিশাল, কিন্তু চালাচ্ছে ছোট করে। ও একাই চালায়। গৱঢ়, মোষ ইত্যাদি আছে।'

'ওখানে সে একা থাকে?' গলার সুর শুনে মনে হলো বারম্যানের কথা বিশ্বাস করছে না বাড়ি।

'হ্যাঁ, একাই থাকে, তবে কদিন হলো এক লোক থাকছে ওর ওখানে। হঞ্চাখনেক আগে এদিকের রাস্তা দিয়ে ওদেরকে আমি যেতে দেখেছি।'

'একটা হোটেলের নাম বলো, যেখানে ভাল ইটালিয়ান ডিশ পাওয়া যাবে।'

'লা ভেরোনা-য় চলে যান,' বলল বারম্যান, জানিয়ে দিল কোনদিকে সেটা।

কাঠের ঘত নিষ্প্রাণ দেখাচ্ছে টোবি ব্রাদারদের চেহারা। 'আসি,' বলল ফ্রিম্যান, বাড়ির পিছু নিয়ে বেরিয়ে গেল বার থেকে।

টাওয়ার বার অ্যান্ড রেস্তোরাঁর সামনে একটা গাছের তলায় দাঁড়িয়ে কালো ক্যাডিলাকটাকে চলে যেতে দেখল ফেদেরা ওরফে রানা। চিন্তিত ভঙ্গিতে হাতের তালু ঘষল চিবুকে, হ্যাটটা আরেকটু ঠেলে দিল মাথার পিছনে, তারপর অলস পায়ে বার-এ গিয়ে চুকল।

চোখ-কান খোলা রেখে জঙ্গল তাকা পাহাড়ি এলাকাটা রাত নেই দিন নেই চফে বেড়াচ্ছে রানা, আশা অলিভার যদি কোনও খবর পায়, কিংবা লস অ্যাঞ্জেলেসের মাফিয়া ডন মারিও মারকাস-এর পোষা স্লাইপার ক্রনো হপার বা ওর সহকারী নিগ্রো গিলবার্টকে যদি কোথাও দেখতে পায়। কিন্তু এখন পর্যন্ত ভাগ্যের কোনও সহায়তাই পায়নি ও।

অর্থচ ওর আগে তারা যদি অলিভার খোঁজ পেয়ে যায়, মেয়েটার বাঁচার কোনও আশা নেই, কারণ স্লাইপার ক্রনো হপার দেখামাত্র গুলি করবে অলিভাকে।

‘হাই, স্যাম,’ বলল রানা, একটা টুল টেনে ক্লান্ট ভঙ্গিতে বসল। ‘এক টোক হৃষিক্ষি খাওয়াও দেখি। উইথ সোডা।’

রানার জন্য হৃষিক্ষির সঙ্গে সামান্য সোডা মিশাল বারম্যান। ‘হ্যালো, মিস্টার ফেদেরা,’ এক গাল হেসে বলল স্যাম। ‘পাগলীটার আর কোনও খবর পেলেন?’

‘নাহ,’ বারম্যানের হাত থেকে গ্লাসটা নিল রানা। ‘ওই দুই লোককে আপনার স্টেরি সম্পর্কে বলছিলাম। ওদেরকে আপনি দেখেননি? কালো ড্রেস পরা, একজোড়া কাকের মত দেখতে?’

‘দেখেছি।’  
ইতস্তত করছে বারম্যান, মাথা চুলকাচ্ছে। ‘ওদেরকে আমার সুবিধের লোক মনে হয়নি। বলছিল রানশের প্রোডাক্ট কেনে।’  
‘তা-ই?’ রানার চেহারায় তিক্ত একটা ভাব ফুটল। ‘কী জানি, মনে তো হয় না। ওদেরকে আগেও আমি দেখেছি। সত্যি বলতে

কি, দু'বছরে তিনবার। প্রতিবার কেউ না কেউ হঠাত বীভৎসভাবে মারা গেছে।’

‘আপনার কথার মানে কি, মিস্টার ফেদেরা?’

‘নিজেও জানি না,’ বলল রানা। ‘তবে এরকম একজোড়া লোককে একবার দেখলে ভোলা সহজ নয়। টোবি ব্রাদারদের কথা শুনেছে কখনও?’

‘কই না...মনে পড়ছে না।’

‘ওদের হয়তো কোনও অস্তিত্ব নেই, তবে প্রচলিত গল্পটা হলো টোবি ব্রাদাররা পেশাদার খুনি। ভাবছি, এই দুজন টোবি ব্রাদার হতে পারে কি না।’ খুবই চিন্তিত দেখাচ্ছে সাংবাদিক ফেদেরাকে। ‘কী চাইছিল ওরা?’

‘দায়ান বান্টে সম্পর্কে প্রশ্ন করছিল,’ বলল বারম্যান, উদ্বিগ্ন হয়ে পড়েছে। ‘জানতে চাইছিল ওখানে সে একা থাকে কি না।’

‘দায়ান বান্টে? কে সে? কোথায় থাকে?’

রানার আগ্রহ উপলব্ধি করে গড়গড় করে যা জানে সব বলে ফেলছে বারম্যান। ‘দায়ান থাকে ব্ল্যাক পিলারসে, চার পাহাড়ের মাঝখানে একটা উপত্যকায়। ছেলেটা যেমন সুদর্শন, তেমনি ভদ্র...গায়ের রঙটা বাদ দিলে অনেকটা আপনার মতই দেখতে। আমার কাছ থেকে মাঝে মাঝে বিয়ার আর হৃষিক্ষি কেনে। মাসে এক-আধবার দেখা হয় ওর সঙ্গে। গত হশ্বায় এদিক দিয়ে গেছে, তবে বাবে ঢোকেনি। সঙ্গে একজন ছিল।’

‘তা-ই? আর ওর সম্পর্কেই জানতে চাইছিল কালো ড্রেস পরা লোক দুজন?’

মাথা ঝাঁকাল বারম্যান। ‘আপনার কি ধারণা...?’

ঠোঁটে একটা আঙুল রেখে শ্শশ্শশ্শ করল রানা, তারপর ফিসফিস করে বলল, ‘সাবধান, স্যাম। দেয়ালও কিন্তু শুনতে পায়।’

‘এই মুখে কুলুপ আঁটলাম, মিস্টার ফেদেরা!’

কাউন্টার থেকে সরে এসে একটা টেবিলে বসল রানা, হইফির গ্লাসে চুমুক দিচ্ছে আর চিন্তা করছে। অলিভাকে খুন করবার জন্য ডন মারকাস স্লাইপার পাঠালে তার একটা ব্যাখ্যা পাওয়া যায়। কিন্তু টোবি ব্রাদারদের কে পাঠিয়েছে? ওরা কাকে খুন করতে এল?

চিন্তায় বাধা পড়ল আয়নায় চোখ পড়তে—হাতে গিটারের বাক্স নিয়ে বারে ঢুকছে একজন নিংগো।

লোকটাকে দেখামাত্র রানার পালস্‌রেট বেড়ে গেল। ওর নাম গিলবার্ট, স্লাইপার ব্র্যান্ডে হপারের যোগ্য সহকারী। গিটারের বাক্সের ভিতর নিঃসন্দেহে একটা রাইফেল লুকানো আছে।

বারম্যান নিচু গলায় কথা বলছে গিলবার্টের সঙ্গে—মেন্টাল স্যানাটোরিয়াম থেকে অলিভা নামে এক রোগীণী পালিয়েছে...

বিয়ার শেষ করে বার থেকে বেরিয়ে গেল গিলবার্ট। এক মুহূর্ত পর ওর পিছু নিল রানা।

পাশের রোডেই লা ভেরোনা হোটেল, ওটার লাউঞ্জে অপেক্ষা করছে ব্র্যান্ডে হপার—ওকেও দেখামাত্র চিনতে পারল রানা। ভিতরে ঢুকে সোজা ওর দিকে এগোচ্ছে গিলবার্ট। গুরু-শিয়া লম্বা একটা সোফায় বসল রানা।

গিলবার্টের পিছু নিয়ে লাউঞ্জে ঢুকলেও, দূরত্ব বজায় রেখে সিঙ্গেল একটা সোফায় বসল রানা।

নিচু গলায় কথা বলছে ওরা, চোখ ঘুরিয়ে দুজনেই দেখে নিল আশপাশের কেউ ওদের কথা শুনছে কি না।

‘কোনও খবর পেলে?’ জিজ্ঞেস করল ব্র্যান্ডে।

‘মেয়েটাকে কেউ এখনও দেখেনি কোথাও। এলাকায় নাকি টোবি ব্রাদারদের দেখা গেছে,’ বলল গিলবার্ট। ‘ওরা এখানে কেন? কী করছে?’

‘বসের সঙ্গে আমার কথা হয়েছে। তিনি বললেন, টোবিরা নিউ ইয়র্ক থেকে আসছে,’ বলল ব্র্যান্ডে। ‘ওখানকার মাফিয়া চিফ,

ডন ব্রুমফিল্ড ওদেরকে ভাড়া করেছে। এই হোটেলেই নাম লিখিয়েছে একটু আগে।’

‘কিন্তু এদিকে কী কাজে এল ওরা?’ জানতে চাইল গিলবার্ট।  
‘সেটা তো আমারও প্রশ্ন।’

‘তোমার কি মনে হয় ওরাও অলিভাকে খুঁজছে?’ জিজ্ঞেস করল গিলবার্ট।

‘অসম্ভব নয়,’ বলল ব্র্যান্ডে। ‘তবে, তা যদি খোঁজেও, দু'দলের উদ্দেশ্য এক বলে মনে করার কোনও কারণ নেই। আমরা এসেছি মারতে, ওরা হয়তো ঠিক তার উল্টেটা করতে এসেছে।’

‘জানি আমরা মারতে এসেছি,’ বলল গিলবার্ট। ‘কিন্তু কেন মারতে এসেছি তা জানি না। কেন?’

মৃদু হেসে ব্র্যান্ডে জবাব দিল, ‘আমরা যাঁর অনুরোধে টেঁকি গিলতে এসেছি, মেয়েটার প্রচুর টাকা আর সম্পত্তি আছে তাঁর কাছে—আমরা মেয়েটাকে মেরে ফেলতে পারলে ও-সব তাঁর কাছেই থেকে যাবে।’

‘আর টোবিরা উল্টেটা করতে এসেছে?’ প্রশ্ন করল গিলবার্ট।

‘এটা একটা সম্ভাবনা। ধরো, ডন ব্রুমফিল্ড চাইছেন হয়তো নিজের হেফাজতে কটা দিন বাঁচিয়ে রাখবেন মেয়েটাকে। কেন? মেয়েটাকে দিয়ে ব্যাক্ষ থেকে টাকা তোলাবার চেষ্টা করবেন।’

‘এখন তা হলে আমরা কী করব?’ জানতে চাইল গিলবার্ট।

‘কাক দুটোকে মুহূর্তের জন্যেও চোখের আড়াল করা যাবে না,’ বলল ব্র্যান্ডে। ‘আমি তিন ঘণ্টা ঘুমিয়ে নিচ্ছি, তারপর তুমি ঘুমাবে।’

‘ঠিক আছে।’

রানা দেখল সোফা ছেড়ে এলিভেটরের দিকে এগোচ্ছে ব্র্যান্ডে। গিলবার্ট একা সোফায় বসে থাকল।

আধ ঘণ্টা পর অপেক্ষার অবসান হলো। গিলবার্টের সঙ্গে

রানাও দেখল টোবি ব্রাদারৱা এলিভেটো থেকে বেরিয়ে আসছে।  
লাউঞ্জ থেকে বাইরে বেরিয়ে যাচ্ছে বাডি আৰ ফ্ৰিম্যান, ওদেৱ  
পিছু নিল গিলবাট।  
গিলবাটোৱে পিছনে থাকল রানা।

## তেরো

যোসেফেৱ চোখেৱ পাতা এত বেশি ফুলে আছে, মাৰাত্মক কোনও  
ক্ষতি হয়ে থাকলেও তা ধৰতে পাৱাৰ কোনও উপায় নেই।  
ৱাঞ্ছৰণ বন্ধ কৱেছে দায়ান, ভাইয়েৱ জন্য যতটুকু সন্তুষ্ট  
আৱামেৱ ব্যবস্থাও কৱেছে।

‘আমি এবাৰ অলিভাৰ খোঁজে যাচ্ছি,’ হাতেৱ কাজ শেষ কৱে  
বলল ও। ‘তুমি...’

কিষ্ট যোসেফেৱ গলা ফাটানো চিংকাৰ থামিয়ে দিল ওকে।  
‘না! অসন্তুষ্ট! আমাকে ছেড়ে কোথাও তুমি যাবে না। ডাইনীটা  
বাইৱে কোথাও লুকিয়ে আছে, জানে তুমি খুঁজতে বেৱৰবে। ঠিক  
তখনই এসে হাজিৰ হবে। ওৱ উদ্দেশ্য আমাকে খতম কৱা।’

‘আহ, চুপ কৱো তো!’ ধমকে উঠল দায়ান। ‘আমি যাচ্ছি,  
চেঁচামেচি কৱে তুমি সেটা ঠেকাতে পাৱবে না।’

‘বোকামি কৱো না, দায়ান,’ হাঁপাতে শুৱ কৱল যোসেফ,  
হাত বাঢ়িয়ে ছোটভাইয়েৱ নাগাল পেতে চেষ্টা কৱেছে। ‘মেয়েটা  
ডেঙ্গুৱাস... তোমাকেও ছাড়বে না...তোমাৰ চোখেও আঁধুল  
চুকিয়ে দেবে।’

জানালা দিয়ে জোছনা ভৱা বাইৱেটা দেখল দায়ান। ওৱ  
ইচ্ছে হচ্ছে না এই রাতে জঙলে চুকতে, কিষ্ট অলিভাকে ওখানে  
ঘুৱে বেড়াতে দেওয়াও ওৱ পক্ষে সন্তুষ্ট নয়, কাৱণ জানে মেয়েটা  
সম্পূৰ্ণ অসহায়। ব্যাপারটা অমানবিক হয়ে যাচ্ছে, নিজেকে  
বাৱবাৱ বোৰাচ্ছে ও। অসহায় একটা মেয়েকে তোমাৰ সাহায্য  
কৱতে হবে। বিশেষ কৱে সে যখন তোমাকেই তাৱ নিৱাপদ  
আশ্রয় বলে মনে কৱে।

মেয়েটা বন্ধ উল্লাদ নয় তো? ওই অ্যাক্সিডেন্টেৱ ফলে মাথায়  
সিৱিয়াস টাইপেৱ গোলমাল দেখা দিয়েছে? হ্যাঁ, এটাই এৱ  
ব্যাখ্যা।

তবে, মাথায় যতই গোলমাল দেখা দিক, ওৱ কোনও ক্ষতি  
কৱবে না অলিভা। যোসেফ ওৱ সন্তুষ্টমানিৰ চেষ্টা না কৱলে  
তাৱও কোনও ক্ষতি কৱত না।

পিস্টলটা যোসেফেৱ হাতে গুঁজে দিয়ে দায়ান বলল, ‘আমি  
যাচ্ছি, যোসেফ। এটা নিয়ে তৈৱি থাকো। অলিভা ফিৱে আসলে  
সিলিঙ্গে একটা গুলি কৱবে। আমি বেশি দূৰে যাচ্ছি না।’

দ্রুত হাতে কাপড় পৱছে দায়ান, ভাইয়েৱ প্ৰতিবাদে কান  
দিচ্ছে না।

‘তুমি আৱ ফিৱবে না,’ ফোঁপাচ্ছে যোসেফ। ‘আমি জানি তুমি  
ফিৱবে না। ডাইনীটা তোমাৰ জন্যে ওত্ পেতে বসে আছে  
অন্ধকাৰে। ও তোমাকে খুন কৱবে, তখন আমাৰ কি হবে ভেবে  
দেখেছ? আমি অসহায়! চোখে দেখি না!’ বিছানায় উঠে বসল,  
গলা আৱও চড়াচ্ছে। ‘আমি অন্ধ! দয়া কৱো, দায়ান! আমাৰ  
পাশে থাকো, ভাই! মোৱা মায়েৱ কি঱ে, আমাকে ফেলে যেয়ো না।’

‘তুমি কি থামবে না?’

‘তা না হলে এক কাজ কৱো,’ বলে বিছানার গদিৱ কিনারা  
তুলে হাতড়াতে শুৱ কৱল যোসেফ। ‘আমাকে এখান থেকে অন্য  
কোথাও নিয়ে চলো, যেখানে আমাৰ চিকিৎসা কৱতে পাৱবে

তুমি । হ্যাঁ, পালাই চলো । নিরাপদ এমন কোনও জায়গা নেই, তুমি চেনো? এই নাও ডিস্ট্রিউটর ক্যাপ...’

যোসেফের বাড়ানো হাত থেকে ক্যাপটা নিয়ে পকেটে রাখল দায়ান । ও জানে, প্রলাপ বকছে যোসেফ । ‘ঠিক আছে, তোমার কথা বিবেচনা করা যাবে । আগে অলিভাকে খুঁজে বের করি ।’ চার ব্যাটারির টর্চটা নিয়ে উঠানে নেমে এল ও । পাইনবনের মাথার উপর মেঘের সঙ্গে লুকোচুরি খেলছে চাঁদটা, জমিনে লম্বা লম্বা গাঢ় ছায়া পড়েছে ।

মিস্টারের কোনও সাড়া পাওয়া যাচ্ছে না, একা কেমন গা ছমছম করছে দায়ানের । সাবধানে হেঁটে লেকের কিনারায় চলে এল ও । পানির ধারে দাঁড়িয়ে কান পাতল, চোখ দুটো জঙ্গলের ঘন অন্ধকার ভেদ করবার চেষ্টা করছে । ওদিকেই কোথাও গেছে অলিভা, ভাবল ও । হয়তো কাছাকাছি কোথাও অপেক্ষা করছে ওর জন্য ।

লেকের কিনারা ধরে হাঁটতে শুরু করল দায়ান । কাছাকাছি একটা গাছ থেকে হঠাত ডানা বাপটানোর আওয়াজ ভেসে আসতে থমকে দাঁড়িয়ে পড়ল, বুকের ভিতরটা ধক ধক করছে । পাইন শাখাকে এলোমেলো করে দিয়ে একটা পাখি বেরিয়ে এল, লেকের উপর দিয়ে উড়ে যাচ্ছে ।

বড় করে শ্বাস নিয়ে আবার এগোল দায়ান । সামনের রাস্তা বাঁক নিয়ে লেক থেকে দূরে সরে গিয়ে জঙ্গলে ঢুকেছে । ওদিকে অন্ধকার খুব গভীর দেখে আবার দাঁড়িয়ে পড়ল ও । ‘অলিভা! তীক্ষ্ণসুরে ডাকল । ‘আমি দায়ান । কোথায় তুমি, অলিভা?’

প্রতিধ্বনির আওয়াজ কয়েক সেকেন্ড ভেসে থাকল বাতাসে । কোনও সাড়া পাওয়া গেল না । ধীর পায়ে গভীর অন্ধকারে ঢুকল দায়ান । যখন কিছুই দেখতে পেল না, হাতের টর্চটা জ্বালল । উজ্জ্বল রশ্মি সরু পথটাকে আলোকিত করে তুলল ।

মাথার উপর ঝুলে থাকা পাইনগাছের শাখাগুলোকে হ্রমকি

মনে হচ্ছে, যেন চেষ্টা করছে কীভাবে ওর নাগাল পাওয়া যায় । ভয় জয় করে একটু একটু করে এগোচ্ছে দায়ান, মাঝে-মধ্যে দাঁড়িয়ে পড়ে কান পাতছে । হঠাত করেই অনুভূতিটা হলো, এখানে একা নয় ও— কেউ ওর উপর নজর রাখছে ।

টর্চ ঘুরিয়ে চারদিকে আলো ফেলল দায়ান, ঝোপ আর গাছগুলোকে আলোর বন্যায় ভাসিয়ে দিল । কিন্তু কাউকে দেখতে পাচ্ছে না । ‘এই, অলিভা, তুম এখানে?’ ডাকল ও, গলাটা একটু কেঁপে গেল । ‘আমি দায়ান । তোমাকে খুঁজছি, অলিভা ।’

ওর পিছনে, ঝোপের আড়াল থেকে সিধে হলো একটা ছায়ামূর্তি, নিঃশব্দ পায়ে এগিয়ে আসছে ওর দিকে ।

দায়ানের সামনে মরা একটা ডাল মট করে ভাঙল কেউ । ঝট করে সেদিকে আলো ফেলল ও । পরমুহূর্তে ভয় পেয়ে আঁৎকে উঠল । টর্চের উজ্জ্বল আলোয় ওখানে এক লোক দাঁড়িয়ে রয়েছে । তার পরনের সরুকিছুই কুচকুচে কালো, হাতে একটা .৪৫ পিস্টল ।

‘হ্যান্ডস আপ, দায়ান,’ নরম সুরে বলল বাড়ি ।

পিছন থেকে এগিয়ে এল একজোড়া হাত, সার্চ করল দায়ানকে । ঘাড় ফিরিয়ে তাকাল ও । শিরদাঁড়া বেয়ে একটা শিরশিরে অনুভূতি উঠে এল: কালো ড্রেস পরা আরেক লোককে দেখতে পাচ্ছি ।

‘কালো একজোড়া কাক! টোবি ব্রাদার্স!’ ভাবছে দায়ান, মুখের ভিতরটা শুকিয়ে ব্লিংগ্পেপার হয়ে গেছে । ‘কে তোমরা?’ জানতে চাইল, অনেক কষ্টে স্থির রাখতে পারল গলার কাঁপুনি ।

‘মুখ বন্ধ,’ বলল বাড়ি, পিস্টলের মাজলটা চেপে ধরল দায়ানের পেটের একপাশে । ‘প্রশ্ন শুধু আমরা করব । অলিভা কে? আর এখানে কী করছ তুমি?’

‘ও আমার বন্ধু, আমার সঙ্গে এখানে থাকে,’ বলল দায়ান । ‘আমি ওকে খুঁজছি ।’

বাড়ি আর ফ্রিম্যান দৃষ্টি বিনিময় করল ।

‘যোসেফ কেবিনে?’ নরম গলায় জিজ্ঞেস করল বাড়ি।

ইতস্তত করছে দায়ান। মিথ্যে বলে কোনও লাভ নেই। কয়েক পা হেঁটে গেলে নিজেরাই তাকে দেখতে পাবে ওরা। ‘হ্যাঁ,’ বলল ও।

‘ওকে খুন করতেই এখানে এসেছি আমরা,’ দায়ানকে বলল বাড়ি। ‘ডন বুমফিল্ডের টাকা মেরে দিয়েছে ও।’ সঙ্গীর দিকে তাকাল সে। ‘তুমি একে পাহারা দাও, ফ্রেড, আমি যোসেফের খবর নিছি।’

‘কিন্তু মেয়েটার কী হবে, জন?’

‘সে না ফিরলে কিছু আসে যায় না। যিশুর দয়ায় ফিরলে তারও ব্যবস্থা করব আমরা,’ বলল বাড়ি। ‘তুমি বরং ওকেও সঙ্গে করে নিয়ে এসো।’ কেবিনের দিকে হাঁটা ধরল ও।

‘পা বাড়াও।’ দায়ানের পিঠে পিস্তলের খোঁচা মারল ফ্রিম্যান। ‘কোনও রকম চালাকি করতে যেয়ো না। বিশেষ করে, কেবিনের কাছাকাছি গিয়ে চিংকার করলে স্নেফ অকালে মারা যাবে।’

বাড়ির পিছু পিছু হাঁটছে দায়ান। ও বুঝে নিয়েছে, যোসেফকে খুন করবার পর ওকেও মেরে ফেলা হবে। তবে নিজের কথা ভাবছে না ও। ভাবছে অলিভার কথা। তার কী হবে? বিস্মিত হয়ে উপলব্ধি করল—অলিভার কথা মনে পড়া মাত্র গলার কাছে আঁটসাট একটা অনুভূতি হচ্ছে, গোটা অন্তর জুড়ে উঠলে উঠছে আবেগ। যত যা-ই ঘটে যাক, সিদ্ধান্ত নিল ও, এই দুই খুনির হাতে অলিভাকে পড়তে দেওয়া যাবে না।

‘আমরা তোমাদের কোনও ক্ষতি করছি না,’ বলল দায়ান। ‘কাজেই...’

‘শাট আপ!’ ধরক দিল ফ্রিম্যান। ‘তোমাকে নিয়ে আমাদের কোনও মাথাব্যথা নেই। আমরা যোসেফের খোঁজে এসেছি।’

‘কেন, কী করেছে ও তোমাদের?’ জিজ্ঞেস করল দায়ান। ‘তোমরা যদি টাকার জন্যে এসে থাকো, আমার কাছে প্রচুর

আছে। ওকে তোমাদের খুন করার দরকার নেই।’

‘আমাদের টাকা আমরা পেয়ে গেছি,’ বলল ফ্রিম্যান। ‘যখন কারও কাছ থেকে টাকা নিই, তাকে আমরা সন্তুষ্ট করি। এই নীতিতেই ব্যবসাটা চালাচ্ছি আমরা।’

দায়ান বুঝতে পারছে, ভাইয়ের প্রাণভিক্ষা চেয়ে কোনও লাভ নেই। শিরদাঁড়ায় পিস্তলের গুঁতো খেয়ে হাঁটছে ও, পেটের ভিতর অসুস্থকর একটা আলোড়ন অনুভব করছে। একবার সন্দেহ হলো, গোটা ব্যাপারটা কোনও দুঃস্ময় নয় তো?

কেবিন পর্যন্ত চলে আসা রাস্তার মাথায় কালো একটা গাড়িকে দাঁড়িয়ে থাকতে দেখল দায়ান, ঘুরিয়ে রাখা হয়েছে—লম্বা হৃত উপত্যকার দিকে তাক করা।

অনেক মাথা ঘামিয়েও ভাইকে বাঁচাবার কোনও উপায় বের করতে পাচ্ছে না দায়ান।

এরইমধ্যে বারান্দায় উঠে খোলা ফ্রেঞ্চ উইঙ্গে দিয়ে কামরার ভিতরে তাকিয়েছে বাড়ি। যোসেফের দু'চোখে সাদা ব্যান্ডেজ দেখে হাঁ হয়ে গেছে ও। কী হয়েছে ওর? কেউ অঙ্গ করে দিয়েছে? কে সে?

ঘরে আলো জ্বলে রেখে গেছে দায়ান। বিছানায় শুয়ে রয়েছে যোসেফ, পিস্তলটা শক্ত করে ধরা। সারাক্ষণ কান পেতে আছে, প্রতিটি স্নায় টান টান, গলায় ফাঁসের মত চেপে বসছে আতঙ্ক। ওর ভয়, যে-কোনও মুহূর্তে ফিরে এসে ওকে খুন করবে অলিভা।

টোবি ভাইদের কথা ভাবছেই না যোসেফ। ওর মনে একটা বিশ্বাস জন্মেছে, তাদের তরফ থেকে আর কোনও ভয় নেই। যুক্তিটা হলো—তারা যেহেতু প্রতিটি কাজ খুব দ্রুত সারে, এতদিন ওর হাদিস বের করতে না পারায়, কখনওই আর খুঁজে পাবে না।

ভাবছে দায়ানের ফিরতে কতক্ষণ লাগবে। আদৌ ফিরবে তো? চোখ দুটোর ব্যথা ভোঁতা হয়ে গেছে, দপদপ করছে

সারাক্ষণ। ভয়ে, নিজের প্রতি করণ্যায়, অসুস্থ বোধ করছে যোসেফ।

পা টিপে টিপে কামরার ভিতর ঢুকল বাডি। এক সময় বিছানার সামনে পৌঁছে গেল। এই মুহূর্তে অনায়াসে মেরে ফেলতে পারে যোসেফকে, কিন্তু না, প্রথমে ওর কাছ থেকে টাকাটা উদ্ধার করতে হবে।

সময় হোক, এই ব্যাটাকে খুব কষ্ট দিয়ে মারতে হবে, ভাবল বাডি। একের পর এক সহজ মৃত্যু একঘেয়ে হয়ে উঠেছে।

আহত একটা চোখের ভিতরে হঠাতে চুলকানি ওঠায় পিস্তল ছেড়ে দিয়ে ওখানে হাত তুলল যোসেফ, চোখটার চারপাশে আঙুলের চাপ দিয়ে আরাম পাওয়ার চেষ্টা করছে।

পিস্তলটা বিছানা থেকে তুলে নিল বাডি, নিজের হিপ পকেটে গুঁজে রাখল। অপেক্ষা করছে ও, অঙ্গ লোকটাকে দেখছে, ভাবছে যখন বুবাতে পারবে পিস্তলটা ওখানে নেই তখন কী প্রতিক্রিয়া হবে তার।

এক মুহূর্ত পর যেখানে পিস্তলটা ছিল ঠিক সেখানে হাত নামাল যোসেফ। আঙুলগুলো প্রথমে ডানদিকে এগোল, তারপর বামদিকে। নিঃশ্বাসের সঙ্গে কী যেন বিড়বিড় করল ও, বিছানার উপরটা দ্রুত হাতড়াচ্ছে।

হঠাতে স্থির হয়ে গেল যোসেফ। কান পেতে কিছু শোনার চেষ্টা করল। তারপর বিছানার উপর দু'হাতের ভর দিয়ে বাট করে উঠে বসল।

খুব সতর্কতার সঙ্গে একটা চেয়ার তুলে এনে বিছানার পাশে রাখল বাডি, কোনও শব্দ না করে বসল সেটায়। যোসেফের আতঙ্ক ক্রমশ বাড়ছে দেখে মজা পাচ্ছে ও। মজা পাচ্ছে টাগেটের অজ্ঞাতে তার এত কাছাকাছি দিব্যি বসে থাকতে পারায়।

‘হয়তো মেরোতে পড়ে গেছে,’ আপনমনে বিড়বিড় করল যোসেফ, বিছানার কিনারা থেকে নীচের দিকে ঝুঁকে কার্পেটে হাত

বুলাচ্ছে।

স্থির হয়ে বসে আছে বাডি, ভাঁজ করা হাত দুটো কোলের উপর, কালো ক্ষার্ফের ভিতরে ডুবে আছে চিবুক। অপেক্ষা করছে ও, চোখে নির্লিঙ্গ দৃষ্টি।

বাডির জুতোর চোখা টো-ক্যাপ ছুলো যোসেফের আঙুল। আঙুলগুলো সরে গিয়ে থামল, তারপর ফিরে এল—এবার ধীরে ধীরে, ইতস্তত ভঙিতে। টো-ক্যাপ ছাড়িয়ে আরও উপরে উঠল ওগুলো, ট্রাউজারের কিনারা ছুলো।

এবার থরথর করে কেঁপে উঠল যোসেফ। পরম্পরের সঙ্গে চেপে বসা দাঁতের ফাঁক গলে হিসহিস করে বেরিয়ে এল আটকে রাখা বাতাস।

ওর বিছানার পাশে কে!

বাট করে হাতটা টেনে নিল যোসেফ, দেয়ালের দিকে সরে গিয়ে কুঁকড়ে শরীরটাকে ছোট করে ফেলল। ‘কে?’ এতই বিকৃত শোনাল, নিজের গলার আওয়াজ চিনতে পারল না ও। দর দর করে ঘামছে।

‘টোবি,’ নরম সুরে বলল বাডি, ‘ব্রাদার্স।’

দীর্ঘ কয়েক মুহূর্ত দেয়ালের গায়ে কুঁকড়ে থাকল যোসেফ, শ্বাস-প্রশ্বাস প্রায় চলছেই না, চোখে বাঁধা ব্যান্ডেজ ভিজে যাচ্ছে ঘামে। তারপর গলার রগ ফুলিয়ে ডাকল: ‘দায়ান! জলদি, দায়ান! আমাকে বাঁচাও।’

‘তাকেই কে বাঁচায়?’ তাছিল্যের সুরে বলল বাডি, পায়ের উপর পা তুলে দিয়ে হেলন দিল চেয়ারে। ‘তার ওপর ফ্রিম্যান নজর রাখছে। কেউ আর তোমার কোনও সাহায্যে আসবে না। তোমার এখন একটা কাজই শুধু বাকি, সেটা আমরা করব।’

‘একজন অসহায় মানুষকে কীভাবে খুন করো তুমি?’ ফুঁপিয়ে কেঁদে উঠল যোসেফ। ‘আমি অন্ধ! ভাল করে দেখো আমাকে। আমি শেষ...বুবাতে পারছ না, আমি একটা মরা মানুষ? একটা

লাশকে তোমরা কীভাবে খুন করো?’

যোসেফের চোখে বাঁধা পত্রির দিকে তাকিয়ে আছে বাড়ি। ‘চোখের ব্যান্ডেজ খোলো,’ নির্দেশ দিল ও। ‘সত্যি তুমি অঙ্গ কি না দেখব?’

‘না, বিশ্বাস করো, সত্যি আমি অঙ্গ!’ মুঠো পাকানো হাত দুটো পরস্পরের সঙ্গে টুকছে যোসেফ। ‘ব্যান্ডেজ খুলতে বোলো না, পিংজ...আবার ব্লিডিং শুরু হবে।’

নিঃশব্দে হাসল বাড়ি, হাত বাড়াল, ব্যান্ডেজের কিনারা দিয়ে আঙুলের ডগা ঢোকাল ভিতরে, তারপর হঁচকা টান দিল। ‘হোক না ব্লিডিং।’

আর্তনাদ করে উঠল যোসেফ।

‘একা একা ফুর্তি করো, না?’ বারান্দা থেকে বলল ফ্রিম্যান।

যোসেফের চোখ দুটোর বীভৎস অবস্থা দেখে মুহূর্তের জন্য হাঁ হয়ে গেছে বাড়ি। ‘ও হে, ফ্রেড,’ সংবিধি ফিরে পেয়ে বলল। ‘এই ব্যাটার চোখ দুটো কে যেন উপড়ে নিয়ে গেছে।’

‘ভাল করেছে,’ বলল ফ্রিম্যান। ‘এবার তুমি ওর হাত-পায়ের নখ উপড়াতে শুরু করো, দেখবে বাপ বাপ করে বলে দিচ্ছে কোথায় রেখেছে চুরির টাকা।’

‘ওকে একবার দেখলে,’ বলল বাড়ি। ‘তোমার একঘেয়েমি কেটে যাবে।’

‘বিরক্ত করো না তো,’ জবাব দিল ফ্রিম্যান। ‘বন্ধুকে নিয়ে এখানে শান্তিতে আছি আমি।’

‘মিস করছ,’ বলল বাড়ি। তারপর যোসেফের কাঁধে টোকা মেরে জিজেস করল, ‘কীভাবে হলো?’

দস্তানা পরা হাতটা ধরে ফেলল যোসেফ, কিন্তু ঝটকা দিয়ে নিজেকে ছাড়িয়ে নিল বাড়ি।

‘ওই ডাইনী করেছে! বদ্দ একটা উন্মাদ...অসুস্থ!’

‘কার কথা বলছ?’ বাড়ির মরা চোখে প্রাণ ফিরে এল।

‘ওই মেয়েটা...অলিভা...পাহাড়ের তালে পেয়েছি আমরা। ওখানে একটা ট্রাক উল্টে পড়ে ছিল...কেবিনে নিয়ে এসে দায়ান ওর সেবা-শুশ্রাবা করেছে...কিন্তু আমার ওপর বাঁপিয়ে পড়ে...’

সামনের দিকে ঝুঁকল বাড়ি। ‘চেহারার বর্ণনা দাও।’

হাঁপাচ্ছে যোসেফ, সারা মুখে রক্ত আর ঘাম মাখামাখি হয়ে যাচ্ছে। মুখের ভিতরও রক্ত চুকছে, ফলে লাল হয়ে উঠেছে দাঁতগুলো। বাড়ির সামনে ওটা যেন কোনও মানবেতের প্রাণী।

কথা বলবার সময় ওর মুখে রক্তের ছিটা দিল যোসেফ, ঝট করে মাথাটা একপাশে সরিয়ে নিতে চেষ্টা করল বাড়ি। ‘দেখতে ভাল... মাথায় লাল চুল।’

‘ঠিক আছে, আর বলতে হবে না,’ দস্তানা পরা হাতের উল্টেপিঠ দিয়ে মুখ মুছে বলল বাড়ি। ওর হাতে একজোড়া প্লায়ার্স বেরিয়ে এসেছে। ‘এবার আসল কথায় এসো।’ অপর হাতে যোসেফের কড়ে আঙুলটা ধরে নাড়াচাড়া করছে। তারপর প্লায়ার্সের দুই চোয়ালের মাঝাখানে ঢোকাল ওটা।

‘কী করছ তুমি?’ একটা টোক গিলে জিজেস করল যোসেফ।

‘টাকাটা কোথায়?’ উভর না দিয়ে প্রশ্ন করল বাড়ি। ‘তিন মিলিয়ন ডলার?’

‘কীসের টাকা, ভাই!’ না বোঝার ভান করল যোসেফ। ‘কীসের তিন মিলিয়ন...’

প্লায়ার্সের হাতলে খুব জোরে বাড়ি চাপ দিতেই কট করে আওয়াজ হলো, একটা গিঁট সহ যোসেফের কড়ে আঙুল ভান হাত থেকে বিচ্ছিন্ন হয়ে মেরোতে পড়ল। একই সঙ্গে অসহ্য যন্ত্রণায় চিৎকার শুরু করেছে যোসেফ।

মিনিট দুয়েক চূপ করে থাকল বাড়ি। যোসেফের চিৎকার ধীরে ধীরে কমে এল। এখন শুধু ফোঁপাচ্ছে। আবার ওর একটা হাত ধরল বাড়ি।

শিউরে উঠে নিজেকে ছাড়াবার চেষ্টা করল যোসেফ, কিন্তু

প্রচণ্ড ব্যথায় দুর্বল হয়ে পড়েছে, বাড়ির সঙ্গে পারছে না।

‘কোথায়?’ নরম সুরে আবার প্রশ্ন করল বাড়ি, এবার যোসেফের বাম হাতের কড়ে আঙুল জোড়া প্লায়ার্সের মাঝখানে আটকে ফেলেছে। ‘সত্যি কথা বলবে, ঠিক আছে?’

‘বললে মারবে না তো?’ করুণ সুরে জিজেস করল যোসেফ। ‘দেখো না কী করি!'

‘না, ভাই,’ ফোঁপাতে ফোঁপাতে বলল যোসেফ, ‘কথা দাও টাকা পেলে মারবে না...’

‘আচ্ছা, দিলাম।’

‘ওহাইয়োয়, সিটি ব্যাঙ্কের লকারে,’ বলল যোসেফ, থেমে থেমে কাঁদছে। ‘কম্বিনেশন লকের কোড: নাইন-জিরো-নাইন-জিরো-নাইন-ওয়ান। চাবিটা আমার জুতোয় আছে। চকলেট রঙের জুতো, ডান পাটিতে, সুকতলার নীচে।’

জুতোটা খুঁজে নিয়ে চাবিটা বের করে নিল বাড়ি। তারপর বারান্দায় বেরিয়ে এল।

‘টাকা পাওয়া গেল, নাকি?’ বলল ফ্রিম্যান, এবং কুঁচকে দেখছে বাড়িকে। ‘এবার বাকি কাজ শেষ করো...’

‘পঞ্চান্ত মিলিয়ন ডলারের মালিক,’ ঝাঁকাল সুরে প্রশ্ন করল বাড়ি, ‘লালচুলো সেই পাগলী মেয়েটার কথা মনে আছে? বারম্যান যার কথা বলছিল, স্যানাটোরিয়াম থেকে পালিয়েছে?’

‘মনে আছে।’

‘ওই মেয়ে এখন এখানে,’ বলল বাড়ি।

খিকখিক করে হাসল ফ্রিম্যান। ‘কত বড় কপাল নিয়ে জন্মেছি আমরা, তাই না? না চাইতেই কত কিছু পেয়ে যাই।’ পিস্টলের খোঁচা দিল দায়ানকে। ‘কোথায় সে, অ্যাই?’

‘তোমরা কী বলছ কিছুই আমি বুঝতে পারছি না,’ বলল দায়ান, অবাক হয়ে তাকিয়ে আছে।

‘খুবই পরিষ্কার বুঝতে পারছ। লালচুলো মেয়েটা...অলিভা,

এটাই তার নাম না? কোথায় সে?’

‘অলিভা পালিয়েছে।’

‘সে-ই কি যোসেফের ওই হাল করেছে?’ জিজেস করল বাড়ি।

মাথা ঝাঁকাল দায়ান। ‘তবে পাগল নয় ও, ভয় পেয়েছে...’

‘ঠিক আছে, পাগল নয়,’ বলল বাড়ি, ফ্রিম্যানের দিকে ফিরে চোখ মটকাল। ‘কিন্তু তাকে খুঁজে বের করাটা খুব জরুরি।’ লেকের উপর দিয়ে দূরের পাহাড় সারির উপর চোখ বুলাল ও। ‘পঞ্চান্ত মিলিয়ন ডলার পেলে নিজেকে আমার ওই চূড়াগুলোর মত মনে হবে।’

‘একেবারে আমার মনের কথা!’ হাসল ফ্রিম্যান। ‘তবে আগের কাজ আগে। অভাগটার কী হবে?’

‘হ্যাঁ, তা তো বটেই। ওর কথা আমি ভুলিনি। এখনই ব্যবস্থা করব আমরা। কীভাবে করা যায়, বলো তো?’

‘ডন ব্রুমফিল্ড চেয়েছেন কাজটা আমরা যেন ধীরে ধীরে করি,’ বলল ফ্রিম্যান। ‘ওকে কষ্ট পেয়ে মরতে হবে। ডুবে ঘরাটা খুব কষ্টের। ওকে আমরা লেকে চুবিয়ে মারতে পারি।’

মাথা নাড়ল বাড়ি। ‘সবকিছু চোবানোর অন্তুত একটা প্রবণতা আছে তোমার মধ্যে। যখনই কাউকে চোবাতে গেছ, নিজে ভিজে একাকার হয়ে গেছ। ও-সব বাদ।’

‘ঠিক আছে, বাদ,’ বলল ফ্রিম্যান। ‘তা হলে...শিরা কেটে দিই?’

‘ওর জন্যে একদম সহজ মৃত্যু হয়ে যায়। তা ছাড়া, চারদিক নোংরা হয়ে যাবে। ভাবছিলাম এদের দুজনকে সরিয়ে দেয়ার পর এখানে কদিন বিশ্বাম নেব আমরা। জায়গাটা আমার ভারি পছন্দ হয়েছে। কেবিনটা নোংরা করতে চাই না।’

‘ঠিক বলেছ!’ সায় দিল ফ্রিম্যান। ‘লালচুলো মেয়েটাকে আটকে রেখে যা খুশি তা-ই করলাম, তারপর ওকে দিয়ে সাদা

কাগজে আর স্ট্যাম্পে সই করিয়ে নিলাম? সব সয়-সম্পত্তি আর ব্যাক্ষের টাকা যাতে হাত করতে পারি?’

‘সে-সব পরে ঠিক করব,’ বলল বাড়ি। ‘তবে আইডিয়াটা অনেকটা সেরকমই।’

‘আমাকে চিন্তা করতে দাও, দেখি কোনও আইডিয়া পাই কি না,’ বলল ফ্রিম্যান। কয়েক সেকেন্ড পর হাসল ও। ‘এক বালতি গুড়ের ভেতর ওর মুখটা আমরা ঠেসে ধরতে পারি। শ্বাস বন্ধ হয়ে ধীরে ধীরে মারা যাবে ও।’ দায়ানের দিকে তাকাল। ‘কি হে, এখানে গুড় পাওয়া যাবে তো?’

মাথা নাড়ল দায়ান, চোখের কোণ দিয়ে দেখতে পাচ্ছে এক ইঞ্চি এক ইঞ্চি করে বারান্দায় বেরিয়ে আসছে যোসেফ। ‘ওকে তোমরা মাফ করে দিচ্ছ না কেন?’ গলা চড়িয়ে বলল ও। ‘টাকা তো ফেরত দিয়ে দিল, মারতেই হবে কেন?’

বারান্দায় বেরিয়ে এসে দেয়ালে হেলান দিয়ে দাঁড়াল যোসেফ, মাথাটা ঘুরিয়ে ওদের দিকে তাকিয়ে রয়েছে। টোবি ব্রাদাররা দায়ানের সঙ্গে কথা বলছে ওর দিকে পিছন ফিরে।

‘ওকে আমরা জ্বালানি হিসাবে ব্যবহার করতে পারি, আগুনের আঁচ পাব, কফি তৈরি করা যাবে,’ দায়ানের কথায় কান না দিয়ে বলল বাড়ি।

‘এরচেয়ে ভাল আইডিয়া আর হতে পারে না,’ প্রশংসা করল ফ্রিম্যান। ‘কবর খোঁড়ার খাটনি থেকেও রেহাই পাব আমরা।’

এই সময় প্রাণ হাতে করে দৌড় দিল যোসেফ। বারান্দার কিনারা থেকে ছিটকে দড়াম করে উঠানে পড়ল, একটা গড়ান দিয়ে সিখে হলো আবার, তারপর অঙ্গের মত ছুটছে...জানে না, কোনদিকে, কোথায়।

ঝট করে ঘাড় ফেরাতেই ওকে দেখতে পেল টোবিরা।

‘বাঁয়ে থাকো, যোসেফ!’ লেকের দিকে যাচ্ছে দেখে চিংকার করে ভাইকে সাবধান করে দিল দায়ান।

দিক বদলে পাইনবনের দিকে ছুটল যোসেফ।

‘ও আসলে ভেবেছেটা কী, অ্যাঁ?’ জিজ্ঞেস করল বাড়ি, হেসে উঠল, তারপর পিস্তল ধরা হাতটা তুলল।

নড়ে উঠছে দায়ান, কিন্তু পিস্তলের ব্যারেল দিয়ে পাঁজরে প্রচণ্ড গুঁতো মারল ফ্রিম্যান। ফুসফুস খালি হয়ে গেল ওর।

কান ফাটানো শব্দে গুলি হলো। মুখ থুবড়ে পড়ে গেল যোসেফ। এক মুহূর্ত ওখানে স্থির হয়ে পড়ে থাকল, তারপর ঘাস ঢাকা জমিনের উপর দিয়ে ত্রুল শুরু করল, বাম পা অসাড় হয়ে আছে।

কোনও ব্যন্ততা নেই, যোসেফের উপর একটা চোখ রেখে পকেট থেকে মোবাইল ফোনটা বের করল বাড়ি। ‘মিস্টার বয়েড বুমফিল্ড, স্যর, আমি জন বাড়ি,’ বোতাম টিপে কানেকশন পাওয়ার পর বলল। ‘...জী, স্যর যোসেফকে পেয়েছি। বলছে ওহাইয়োয়, সিটি ব্যাক্ষের লকারে টাকাটা রেখেছে। কম্বিনেশন লকের কোড: নাইন-জিরো-নাইন-জিরো-নাইন-ওয়ান। একটু বেলা হলে চাবিটা কুরিয়ার যোগে পাঠিয়ে দেব...মাই প্লেয়ার, স্যর।’ মোবাইল বন্ধ করে রেখে দিল পকেটে।

‘বস্তুশি, তাই না?’

‘বেজায়। এবার ওর খেলাটা এবার শেষ করে দিই,’ বলল বাড়ি, বারান্দার ধাপ বেয়ে নেমে যাচ্ছে। উঠানে নেমে যোসেফের দিকে এগোল, পাশ কাটানোর আগে ওর পাঁজরে কষে দুটো লাঠি মারল। বেশ খানিকটা হেঁটে কালো ক্যাডিলাকের দিকে যাচ্ছে।

‘যিশুর দয়ায় এখনই একটা জিনিস দেখতে পাবে তুমি,’ দায়ানকে বলল ফ্রিম্যান। ‘বাড়ির মাথায় ঘিলু আছে, আর আছে স্টাইল—এমন স্টাইল, আগে যা কখনও দেখোনি।’

এখনও মরিয়া হয়ে ত্রুল করছে যোসেফ, হয়তো জানেও না যে ঘুরে আবার লেকের দিকে যাচ্ছে ও। পিছনে, বেলে মাটিতে, রক্তের মোটা একটা ধারা রেখে যাচ্ছে।

ক্যাডিলাকের পিছনে থামল বাডি, বুট খুলে গ্যাসোলিন ভর্তি একটা ক্যান বের করল, ফিরে আসছে যোসেফের দিকে।

ওর পায়ের আওয়াজ পেয়ে কেঁদে উঠল যোসেফ, চেষ্টা করল আরও দ্রুত ক্রল করবার, তারপর একপাশে কাত হয়ে পড়ে গেল। ‘আমাকে ছুঁয়ো না!’ বাডি কাছে এসে দাঁড়িয়েছে বুবাতে পেরে ফুঁপিয়ে উঠল ও। ‘ফর গড’স সেক, আমাকে মাফ করে দাও...’

‘ডন ব্রুমফিল্ড বলেছেন, তিনি চান তুমি যেন নরকযন্ত্রণা ভোগ করো,’ বলল বাডি, ক্যানভর্তি গ্যাসোলিন ঢালছে যোসেফের সারা শরীরে।

ঘরের ভিতর নিয়ে এসে নাইলনের রশি দিয়ে দায়ানের হাত-পা বাঁধল বাডি।

‘এত কষ্ট করছ কেন?’ জানতে চাইল ফ্রিম্যান। ‘বেঁধে না রেখে কাজটা সেরে ফেলো, তারপর চলো পাগলীটাকে খুঁজি। এ ব্যাটা তো আমাদের কাজের প্রত্যক্ষদর্শী, কাঠগড়ায় দাঁড়িয়ে সাক্ষ্য দিলে ইলেকট্রিক চেয়ারে বসতে হবে দুজনকে।’

কী ভেবে যেন মাথা নাড়ল বাডি। ‘না, আগে মেয়েটাকে পেতে হবে,’ বলল ও। ‘এ তো আর পালাচ্ছে না।’

## চোল্দো

বাডি আর ফ্রিম্যানের পিছু নিয়ে ব্ল্যাক পিলারস্-এর দায়ান-স রান্শ-এ পৌছাল গিলবার্ট, হাতে সেই গিটারের বাক্স। সাদা একটা পিকআপ ভ্যান চালিয়ে এসেছে ও, পার্ক করেছে টোবি

ব্রাদারদের ক্যাডিলাক থেকে দুশো গজ পিছনে, গাছপালার আড়ালে।

পাইনবনের ভিতর দিয়ে বাডি আর ফ্রিম্যানকে অনুসরণ করবার সময় কপাল খুলে গেল গিলবার্টের।

হঠাৎ শুনতে পেল কে যেন বলছে, ‘এই, অলিভা, তুমি এখানে? আমি দায়ান। তোমাকে খুঁজছি, অলিভা...।’ সঙ্গে সঙ্গে গাছপালার আড়ালে গা ঢাকা দিল টোবি ব্রাদাররা। ওদের দেখাদেখি গিলবার্টও।

সঙ্গে নাইটগ্লাস আছে, সেটা চোখে তুলতেই দেখতে পেল কী হচ্ছে। সুদর্শন তরণ দায়ানকে আটক করবার পর কিছুক্ষণ জেরা করল বাডি আর ফ্রিম্যান, তারপর ওকে নিয়ে কেবিনের দিকে চলে গেল ওরা। ইতিমধ্যে গিলবার্টের জানা হয়ে গেছে, এখানেই আছে অলিভা—এই পাইনবনের ভিতর কোথাও। সিদ্ধান্ত নিল, এখানেই অপেক্ষা করবে ও।

বেশিক্ষণ অপেক্ষা করতে হলো না, ওর নাইটগ্লাসে ধরা পড়ল কয়েকটা ঝোপের মাঝখান দিয়ে কে যেন দৌড়াচ্ছে। দিশেহারা, সন্তুষ্ট মনে হলো তাকে, বার বার পিছন ফিরে তাকাচ্ছে। একটা নারীমূর্তি।

কাজে কোনও রকম ভুল করা চলবে না, এই মেয়েটাই অলিভা কিনা নিশ্চিত হওয়ার জন্য পকেট থেকে একটা ফটো বের করল গিলবার্ট।

মেয়েটা বারবার পিছন ফিরে তাকাচ্ছে বলে ফটোর সঙ্গে ওর চেহারা মেলাতে কোনও সমস্যা হলো না। হ্যাঁ, এই মেয়েই অলিভা, একে খুন করবার কাজই দেওয়া হয়েছে ওদেরকে। কোনও সন্দেহ নেই।

গিটার-কেস থেকে রাইফেলটা বের করে প্রস্তুতি নিল গিলবার্ট। পথঃশ গজ দূরের বড় একটা ঝোপের ভিতর তুকেছে অলিভা, দেখে রেখেছে ও। রাইফেলেও নাইট-গ্লাস ফিট করা

আছে, কাজেই লক্ষ্যভূষ্ট হওয়ার কোনও কারণ নেই। বোপটা থেকে বেরনো মাত্র মারা যাবে অলিভা। ক্রনো হপারের সাগরেদ, এই দূরত্বে আজ পর্যন্ত কোনও টার্গেট মিস করেনি।

এখন শুধু বোপটা থেকে অলিভা বেরিয়ে এলেই হয়।

গিলবার্টের সে আশাও একটু পর পূরণ হলো। ধীরে ধীরে, যেন আদর্শ টার্গেট হতে চায়, ঝোপ থেকে বেরিয়ে আসছে অলিভা।

রাইফেল তুলে লক্ষ্যস্থির করল গিলবার্ট। আপনমনে হাসছে ও, ওর এই সাফল্যে ভারি খুশি হবে ওর গুরু ক্রনো হপার। এবং ডন মারকাসের কাছ থেকে পাওয়া যাবে মোটা ইনাম।

ট্রিগারে টান দিতে শুরু করেছে গিলবার্ট, এমনি সময়ে চমকে উঠল প্রচণ্ড এক গর্জনে, পরমুহূর্তে ব্যথায় কাতরে উঠল সে, কী যেন পা কামড়ে ধরেছে ওর। লাখি ছুঁড়ল ও, কামড় ছেড়ে ছুটে চলে গেল মিস্টার।

আবার কাঁধে রাইফেল তুলল গিলবার্ট, কিন্তু অদৃশ্য হয়ে গেছে অলিভা। আকাশের গায়ে ফুটে রয়েছে রাইফেলসহ ওর কাঠামোটা। রাইফেলের নল এপাশ-ওপাশ ঘূরিয়ে খুঁজছে মেয়েটাকে।

রানা কোনও শব্দ করে ওকে চমকে দিল না—প্রিয় অন্ত্র ওয়ালথারের মাজলটা শুধু ঠেকাল ওর ঘাড়ের পিছনে। গিলবার্টের পিছু নিয়ে ব্ল্যাক পিলারসে পৌঁছালেও, নিরাপদ দূরত্ব বজায় রাখতে গিয়ে প্রয়োজনের চেয়ে অনেক বেশি পিছিয়ে পড়েছিল রানা, ফলে জঙ্গের ভিতর একসময় ওকে হারিয়ে ফেলেছিল।

দায়ানের সঙ্গে টোবি ভাইদের দেখা হয়েছে, কথা হয়েছে, এ-সব ওর জানা নেই। ওরা এখন কোথায় কী করছে, তা-ও জানে না।

অলিভাকেও দেখেনি রানা, তবে গিলবার্টের আচরণ দেখে বুঝতে পেরেছে কাউকে গুলি করতে যাচ্ছে সে।

কখন বোকার মত সাহস দেখাতে নেই, জানে গিলবার্ট। রানার নির্দেশে এক মুহূর্ত ইতস্তত করে হাতের রাইফেল ফেলে দিল ও। রানা ওকে সার্চ করবার সময় বাধাও দিল না।

গিলবার্টকে মাটিতে ফেলে হাত-পা বাঁধল রানা, তারপর জেরা শুরু করল। ‘কাকে গুলি করতে যাচ্ছলে?’

‘কই? ও, হ্যাঁ, একটা বুনো শুয়োরকে,’ বলল গিলবার্ট।

ওকে সার্চ করে পাওয়া অলিভার ফটোটা দেখাল রানা। ‘এই তোমার বুনো শুয়োর?’

হেসে উঠল গিলবার্ট, বলল, ‘আরে, ও তো আমার ফিয়াসে! ওকে আমি ভালবাসি, গুলি করতে যাব কেন?’

রানা বুঝল, বুঢ়া সময় নষ্ট করছে ও, ডন মারকাসের ভয়ে মুখ খুলবে না গিলবার্ট। তারপরেও শেষ একবার চেষ্টা করল, ‘আমি জানি অলিভাকে মারতে এসেছে তোমরা, কিন্তু টোবি ব্রাদাররা এখানে কেন?’

‘প্রথম কথা, আবার বলছি, আমি কাউকে মারতে আসিনি। টোবি ব্রাদার্স...সেটা অন্য গল্প,’ বলল গিলবার্ট। ‘ডন বুমফিল্ডের টাকা মেরে দিয়ে নিউ ইয়র্ক থেকে এখানে পালিয়ে এসেছে যোসেফ, আশ্রয় নিয়েছে ভাই দায়ানের কাছে। কালো কাকেরা অলিভাকে নয়, মারতে এসেছে ওই যোসেফকে।’

‘ওরা এখন কোথায়?’

মাথা নাড়ল গিলবার্ট। ‘তুমি কে না কে, আমি আর কোনও প্রশ্নের জবাব দেব না। প্রয়োজনে যা বলার বলব পুলিশকে।’

পুলিশকে বলবে? রানার মাথায় অন্য একটা চিন্তা খেলে গেল—এক ঢিলে যদি দুই পাখি মারা যায়, মন্দ কি! ‘ঠিক আছে,’ বলে মোবাইল বের করে পুলিশ স্টেশনে ফোন করল ও। ‘আমি রডরিক ফেদেরা, শেরিফ কুপারকে দিন, পিজ।’

শেরিফ কুপারকে পাওয়া গেল না, রানার সব কথা শুনে ডেপুটি শেরিফ জন লেস্টার জানাল, এই মুহূর্তে ওদের লোকবল

খুব কম হওয়ায় থানা থেকে ব্ল্যাক পিলারসে কাউকে পাঠানো সম্ভব নয়; তবে মিস্টার ফেদেরা যদি বন্দি গিলবার্টকে উত্তর রাউন্ডেল রোডে ধরে আনতে পারেন, তা হলে ওখানে টহল দিচ্ছে এমন একটা কার তাকে তুলে নেবে।

অগত্যা তাতেই রাজি হলো রানা। হিসাব করে দেখল, যেতে আসতে পনের মিনিটের বেশি লাগবে না ওর।

গিলবার্টের পায়ের বাঁধন খুলে দিয়ে পিস্তলের মুখে ওকে সাদা পিকআপ ভ্যানের দিকে নিয়ে যাচ্ছে রানা।

অলিভার মাথায় কিছু একটা হয়েছে। যেন কান-ফাটানো আওয়াজ তুলে ওর মগজ উল্টে গেছে। সেই সঙ্গে স্বপ্নময় অস্পষ্ট যে জগৎটায় বাস করছিল, এক নিমেষে সেটা জ্যান্ত ও বাস্তব হয়ে উঠেছে।

এইমাত্র যে-সব জিনিসের কিনারা ঝাপসা লাগছিল, রং ছিল নিষ্পত্তি, শব্দ ছিল অস্পষ্ট, সেগুলো তীক্ষ্ণ, উজ্জ্বল আর স্পষ্ট হয়ে উঠল।

এতক্ষণ অলিভা ভাবছিল পাইনবন্টা নিশ্চয়ই স্বপ্নের ভিতর দেখছে সে, কিন্তু এখন উপলব্ধি করছে ঘুমের মধ্যে হেঁটে চলে এসেছে এখানে—ওর কাছে এটাই একমাত্র গ্রহণযোগ্য ব্যাখ্যা।

এই মুহূর্তে ধীরে ধীরে, সাবধানে, কেবিনের দিকে ফিরছে অলিভা। গা ছম ছম করছে ওর; কারণ ভূত, পেত্তী, অশরীরী আত্মা ইত্যাদি যেখানে যা কিছু আছে সবাই ওকে ভয় দেখাচ্ছে।

ভয় তাড়ানোর জন্য মনটাকে ব্যস্ত রাখছে ও, স্মরণ করতে চাইছে জেগে ওঠার আগে স্বপ্নের ভিতর কী দেখছিল। অস্পষ্টভাবে মনে পড়ছে, ওর কামরায় চুকেছিল যোসেফ। সন্তুষ্ট ঠিক তখনই ওর মাথার ভিতরে আওয়াজটা হয়, সেই সঙ্গে উল্টে যায় মগজটা। এরকম অতীতেও হয়েছে, তবে ঠিক কবে তা মনে করতে পারছে না।

আসলে কোনও স্বপ্নই এখন আর পরিষ্কার মনে পড়ছে না। ভাবল, পাইনবনে কী কারণে এসেছে? খেয়াল হতে এতক্ষণে লজ্জা পেল, অর্ধনয় অবস্থায় কেবিন থেকে বেরিয়ে এসেছে ও।

তারপর ভাবল দায়ান কি জানে ব্যাপারটা? ও কি আমাকে খুঁজতে বেরিয়েছে? যত তাড়াতাড়ি সম্ভব কেবিনে ফিরে গিয়ে পাঁজামা জ্যাকেটটা পরে ফেলতে হবে। কারণ এই অবস্থায় দায়ান ওকে আবিষ্কার করলে ভীষণ লজ্জা লাগবে ওর। সুন্দর চেহারার সুপুরুষ ওই তরুণ যেন খুব প্রিয় কারও হৃবঙ্গ প্রতিচ্ছবি বলে সন্দেহ হয়—যদিও শত চেষ্টা করেও প্রিয়জনের চেহারাটা ঠিক কেমন ছিল মনে করতে পারছে না। জানে, এ এক অভুত পরস্পরবিরোধী ব্যাপার।

লেক থেকে শুরু হওয়া মেঠো পথ ধরে কেবিনের দিকে ফিরছে, এই সময় সামনের পথে টোবি ব্রাদারদের দেখতে পেল অলিভা, ওর দিকে পিছন ফিরে দাঁড়িয়ে নিজেদের মধ্যে কথা বলছে তারা। চাঁদের আলোয় ও শুধু তাদের কালো কাপড়চোপড় দেখতে পেল, তবে স্টেট যথেষ্ট।

ওদের পরিচয় জানে না অলিভা, কিন্তু দেখামাত্র সাংঘাতিক ভয় গ্রাস করল ওকে। চট্ট করে একটা গাছের আড়ালে লুকিয়ে পড়ল, হাত দুটো বুকে ভাঁজ করা, উঁকি মেরে দেখছে ওদের। বাতাসে চামড়া আর মাংস পোড়ার দুর্গন্ধ খুব অসুস্থ করে তুলছে। কী পুড়ছে? দায়ান...

ঘুরে ওর দিকে হেঁটে আসছে লোক দুজন। পাইনবনে চুকে ওকে পাশ কাটাল, ধনুকের মত বাঁকা লেকের আরেক দিকে যাচ্ছে।

লোকগুলোকে কাছ থেকে দেখে আরও ভয় পেয়ে গেল অলিভা। তারপর, যেন বিরাট একটা লাফ দিয়ে, দায়ানের কাছে চলে গেল ওর মন। হঠাৎ দুর্বল লাগছে শরীরটা, ভাবছে দায়ানের কোনও ক্ষতি করেনি তো ওরা।

লোকগুলো অদৃশ্য হয়ে যেতে কেবিন লক্ষ্য করে ছুটল অলিভা, বুকের ভিতর অসন্তুষ্ট তোলপাড় শুরু হয়েছে।

উঠান পেরুবার সময় যোসেফকে দেখতে পেল ও, যে-টুকু অবশিষ্ট আছে। ওর কাছে অচেনা একটা জিনিস ওটা, আরেকটা স্বপ্নের খুন্দে কোনও অংশ। ওদিকে ভাল করে তাকালও না, নিজেকে বিশ্বাস করতে বলছে জিনিসটার অস্তিত্ব শুধুমাত্র ওর মগজে, আর কোথায় নেই। এই মুহূর্তে ওর একমাত্র কাজ আলোকিত কেবিনটায় পৌছে দায়ান নিরাপদে আছে কি না দেখা।

ধাপ বেয়ে দ্রুত উঠে এল বারান্দায়, ছুটে এসে থামল দোরগোড়ায়, আলোকিত সিটিং রুমের ভিতর তাকাল।

মেরেতে পড়ে রয়েছে দায়ান, হাত-পা নাইলন রশি দিয়ে বাঁধা। অলিভাকে দেখে মনটা অসন্তুষ্ট উত্তলা হয়ে উঠল, তার প্রতি ওর ভালবাসার গভীরতা উপলব্ধি করতে পেরে স্তুতি হয়ে পড়েছে। বুবল, জীবনে আর কোনও মেয়েকে কখনওই এভাবে ভালবাসতে পারবে না ও।

উঠে বসবার চেষ্টা করছে দায়ান। ‘অলিভা!’ বলল ও। ‘জলদি, ডার্লিং। রশি খুলে দাও।’

ছুটে এসে ওকে আদর করছে মিস্টার। চাটছে, গা ঘষছে ওর গায়ে।

দ্রুত ওর কাছে চলে এল অলিভা। মেরেতে হাঁটু গেড়ে বসে আলিঙ্গন করল ওকে। ‘তুমি আহত?’ জিজ্ঞেস করল অলিভা, দায়ানের মুখের একেবারে কাছে ওর ঠোঁট। ‘বলো তুমি আহত হওনি!'

‘আমার কিছুই হয়নি, রশিটা খোলো তাড়াতাড়ি! আমাদের দুজনেরই খুব বিপদ, অলিভা।’

‘দায়ান, আমার দায়ান,’ বিড়বিড় করছে মেয়েটা, ঠোঁট ঘষছে ওর গালে। ‘তোমাকে নিয়ে কী ভয় যে পাছিলাম!'

‘সব ঠিক আছে,’ বলল দায়ান। ‘এবার রশিগুলো খোলো।’

নাইলন রশির গিঁটগুলো খুলতে চেষ্টা করে পারল না অলিভা। কিচেন থেকে ছুরি আনতে গেল। ছুরি নিয়ে ফেরার সময় দায়ানের জ্যাকেটটা দেখতে পেয়ে পরে নিল ব্যস্ত হাতে।

অলিভাকে সিটিং রুমে ফিরতে দেখে আবার তাগাদা দিল দায়ান, ‘জলদি, অলিভা, জলদি! এখনি ফিরে আসবে ওরা।’

ছুরি চালিয়ে দ্রুতই বাঁধনগুলো কাটল অলিভা। টলতে উঠে দাঁড়াল দায়ান, ওর দিকে তাকিয়ে হাসছে আর কবজি ডলছে। ‘সব ঠিক হয়ে যাবে, তুমি দেখো,’ আশ্বাস দিয়ে বলল ওকে। ‘তবে এখানে সময় নষ্ট করা যাবে না।’

এগিয়ে এসে দায়ানকে আলিঙ্গন করল অলিভা; এত জোরে চাপ দিচ্ছে, ওকে যেন পিষে ফেলবে। ‘তোমাকে আমি ভালবাসি, দায়ান। ওদের দুজনকে দেখে এত ভয় পেয়েছি! ভাবলাম...জানি না তোমাকে ছাড়া কীভাবে বাঁচব আমি।’

এক জায়গায় দাঁড়িয়ে আনন্দে লেজ নাড়ে তাগড়া কুকুরটা।

অলিভাকে একটু সরিয়ে দুজনের মাঝখানে একটু ফাঁক তৈরি করল দায়ান, তারপর চুমো খেল ওর ঠোঁটে।

একটু পর নিজেকে ছাড়িয়ে নিল অলিভা। ‘তুমি না বলছিলে আমাদের দেরি করা চলবে না?’

‘হ্যাঁ। তোমার কাপড় নিয়ে এসো, জলদি।’

নিজের বেডরুমে চলে গেল অলিভা। বারান্দায় বেরিয়ে এসে উঠানে চোখ বুলাল দায়ান। চাঁদের আলোয় যতদূর দেখা যাচ্ছে কিছুই নড়েছে না। টোবি ব্রাদারদের ফিরে আসবার কোনও লক্ষণও দেখা যাচ্ছে না। পালাবার এটাই সুযোগ।

বারান্দায় অলিভার পায়ের আওয়াজ হতেই ধাপ বেয়ে নামতে শুরু করল দায়ান। ছুটে পাশে চলে এল অলিভা, ঘাড় ফিরিয়ে তাকিয়ে হাসল—চোখ দুটোয় রাজ্যের বিশ্বাস আর ভরসা থাই থই করছে।

‘তুমি গাড়ি চালাতে পার তো?’ টয়োটা ভ্যানের দিকে হাঁটার  
সময় জানতে চাইল দায়ান।

‘পারি।’

‘তা হলে যাও, ড্রাইভিং সিটে বসো।’

হন হন করে উঠানটা পার হয়ে এসে নীল ভ্যানের বনেট  
খুলল দায়ান, ডিস্ট্রিবিউটরের ক্যাপটা জায়গামত লাগাল।

বনেট বন্ধ করে দেখল ওর কথামত ড্রাইভিং সিটে উঠে  
বসেছে অলিভা।

এই সময় হঠাতে চিৎকার করে উঠল ও। ‘দায়ান, ওরা তোমার  
পেছনে!’

পাইনবনের ভিতর থেকে বেরিয়ে এসে বাড়ি আর ফ্রিম্যান  
দেখল, নীল ভ্যানটার বনেট বন্ধ করছে দায়ান। তারপর শুনতে  
পেল ওকে সাবধান করে দিল অলিভা।

‘অলিভা, গাড়ি ছাড়ো!’ গলা চড়িয়ে তাগাদা দিল দায়ান।

‘কী! আর তুমি?’

‘দরজা খোলা রাখো, আমি লাফ দিয়ে উঠে পড়ব!’

‘স্টপ!’ হৃক্ষার ছাড়ল বাড়ি।

ঠিক সেই মুহূর্তে ঘেউ করে একটা হৃক্ষার ছাড়ল মিস্টার, লাফ  
দিল ওকে লক্ষ্য করে। বাড়ির হাতের পিস্তলও গর্জে উঠল।  
মিস্টার তখন শূন্যে, খুলি ফুটো করে বেরিয়ে গেল বুলেটটা।  
তারী বস্তার মত বাড়ির পায়ের সামনে পড়ল কুকুরটা, মারা  
গেছে।

দায়ান’স রান্�শে পৌছাতে একটু দেরি হয়ে গেল রানার।

উত্তর রাউন্ডবেল রোডে ওর জন্য অপেক্ষা করছিল টহল  
পুলিশের একটা কার। ওদের লিডার লেফটেন্যান্ট শন মিচেল।

নিজের পরিচয় দিতে যাচ্ছিল রানা, হাত তুলে ওকে থামিয়ে  
দিয়ে মিচেল বলল, ‘আমি জানি।’

ওর মুখে মাফিয়া ডনের ভাড়াটে খুনি গিলবার্ট সম্পর্কে সব  
কথা শোনার পর গম্ভীর হয়ে গেছে লেফটেন্যান্ট শন মিচেল।  
জীবনের ঝুঁকি নিয়ে এরকম একটা কাজ করায় প্রশংসা করেছে  
সে, ধন্যবাদ জানিয়েছে।

হাত বাঁধাই ছিল, নতুন করে পা বেঁধে গিলবার্টকে রাস্তার  
ধারে শুইয়েছে শন মিচেল, তারপর হাতের তালুতে পিস্তলের  
মাজল ঠেকিয়ে নির্দেশ দিয়েছে—ফোন করে ক্রনো হপারকে  
বলো, অলিভা কোথায় আছে তুমি জানো, যত তাড়াতাড়ি সম্ভব  
এখানে চলে আসুক। তা না হলে এক এক করে তোমার হাতের  
তালু আর পায়ের পাতা ফুটো করা হবে।

গিলবার্ট পুলিশকে যতটা না ভয় পায় তারচেয়ে অনেক বেশি  
ভয় পায় মাফিয়াকে। তার মুখের সামনে মোবাইল ফোনটা  
ধরতেই চেঁচিয়ে উঠেছে: ‘ক্রনো, পালাও।’

হৃমকি দিলেও, শন মিচেল ওর হাতের তালুতে গুলি করেনি।  
হ্যান্ডকাফ পরিয়ে নিয়ে গেছে পুলিশ স্টেশনে।

গিলবার্টের পিকআপ নিয়েই আবার ফিরে এসেছে রানা ব্ল্যাক  
পিলারস, অর্থাৎ দায়ান’স রান্শে। গাড়িটা আগের জায়গায়  
লুকিয়ে রেখে ছোটখাট কয়েকটা চড়াই-উঠাই পার হয়েছে ও,  
তারপর পাইনবনের ভিতর ঢুকেছে।

পাইনবনের দুই প্রান্ত থেকে ফাঁকা জায়গায় বেরিয়ে এল  
ওরা—একদিক থেকে বেরংল বাড়ি আর ফ্রিম্যান, আরেকদিক  
থেকে রানা। পরিষ্কার চিনতে পারল রানা দুজনকে।

চোখে নাইট-গ্লাস পরে আছে, নীল টয়োটা ভ্যানের ভিতরে  
বসা অলিভাকে দেখামাত্র চিনতে পারল রানা। তারপর দেখল  
গাড়িটার সামনের বনেট বন্ধ করছে এক তরঙ্গ—ওর মতই  
সুস্থান্ত্যের অধিকারী, চেহারাও যেন খানিকটা মেলে।

এই সময় অলিভার চিৎকার শুনল রানা: ‘দায়ান, ওরা তোমার  
পেছনে।’

পাইনবন বরাবর সরল রেখা ধরে নিজের ডান দিকে তাকাল রানা, কালো কাক দুটোকে দেখতে পেয়ে ছ্যাং করে উঠল ওর বুক।

‘স্টপ!’ কর্কশকষ্টে হৃক্ষার ছাড়ল বাডি। পরমুহূর্তে শুনতে পেল কুকুরের গর্জন, তারপর গুলির আওয়াজ, ধপ্ত করে শূন্য থেকে মাটিতে পড়ল বিশাল কুকুরটা।

দৌড় শুরু করেছে বাডি, পিস্তল ধরা হাতটা লম্বা করে গুলি করল দ্বিতীয়বার।

গুড়িয়ে উঠে মাটিতে আছড়ে পড়ল দায়ান। দু'হাতে বুক চেপে ধরেছে।

‘শেষ করো শালাকে!’ চেঁচিয়ে বলল ফ্রিম্যান, ওর হাতেও পিস্তল বেরিয়ে আসছে।

দূরত্ব এত বেশি, গুলি লাগবে বলে মনে হয় না; তারপরেও ফ্রিম্যানকে লক্ষ্য করে ট্রিগার টেনে দিল রানা।

প্রথমে একটা ঝাঁকি খেল ফ্রিম্যান, তারপর বিচ্ছিরি গালি দিয়ে বসে পড়ল উঠানের মাঝখানে, আহত হাতটা চেপে ধরেছে অপর হাতে। জখমটা মোটেও গুরুতর নয়, হাতে সামান্য দাগ কেটে বেরিয়ে গেছে বুলেট।

বিপদ টের পেয়ে ডাইভ দিল বাডি, ক্রল করে একটা নিসঙ্গ নিমগাছের আড়ালে চলে যাচ্ছে। এটাও অসম্ভব টার্গেট, তারপরেও গুলি করল রানা। কিন্তু লাগতে পারল না।

ক্রল করে নিমগাছের দিকে কিছুটা এগোল ও। আবার গুলি করতে যাচ্ছে—এবার গাছের পাশে বেরিয়ে থাকা বাডির পা লক্ষ্য করে।

হামাগুড়ি দিয়ে গাড়ির দিকে এগোচ্ছে দায়ান। নিমগাছের আড়াল থেকে ওকে লক্ষ্য করে আবার গুলি করল বাডি।

দুটো শব্দ হলো। রানা গুলি করেছে বাডির চেয়ে এক সেকেন্ড আগে। হাত কেঁপে যাওয়ায় লক্ষ্যব্রষ্ট হয়েছে বাডি।

রানার গুলিও লাগেনি তাকে।

বিরতি না দিয়ে, দুই কি তিন সেকেন্ডের মাথায়, ফ্রিম্যানকে লক্ষ্য করেও আরেকটা গুলি করল রানা। কালো ক্যাডিলাকের দিকে ছুটছিল সে।

বাডির চতুর্থ বুলেট দায়ানের মাথার উপর দিয়ে বেরিয়ে গেল। রানার বুলেটও ফ্রিম্যানকে লাগল না, তবে গুলি খাওয়ার ভয়ে মাটিতে ডাইভ দিয়ে পড়ল সে, ক্যাডিলাকের কাছে পৌঁছানোর প্ল্যানটা আপাতত বাদ দিয়েছে।

‘আমি গুলি খেয়েছি, অলিভা!’ হাঁসফাঁস করছে দায়ান। দরজার কাছে পৌঁছে হাঁটুর উপর সিধে হলো, গাড়ির ভিতর ঢুকতে চাইছে, ঢলে পড়ল সিটের উপর। কোথায় গুলি খেয়েছে বোো যাচ্ছে না, অলিভা দেখল ওর একটা হাত বেয়ে রক্ত নেমে আসছে।

পাশে ঝুঁকে দায়ানকে গাড়ির ভিতর টেনে নিয়ে বসিয়ে দিল সিটে। চোখের কোণ দিয়ে দেখল, গাছের আড়াল থেকে বেরিয়ে ক্যাডিলাকের দিকে ছুটছে শত্রুদের একজন, এক মুহূর্ত পর তার পিছু নিল আরেকজন।

ভ্যানের ইঞ্জিন স্টার্ট দিল অলিভা।

দাঁড়িয়ে পড়ল বাডি, জানে রানার পিস্তল ওর নাগাল পাবে না, হাত তুলে লক্ষ্যস্থির করছে ড্রাইভিং সিটে বসা অলিভার দিকে।

কিন্তু ছুটে এসে ওর হাতটা খামচে ধরল ফ্রিম্যান। ‘মাথা খাটাও, জন,’ বলল ও। ‘ওকে নয়, বোকা! ভুলে গেছ, পাগলীটা পথগান মিলিয়ন ডলারের মালিক?’

‘কিন্তু পালিয়ে যাচ্ছে যে!’ হতাশ ভঙিতে কাঁধ ঝাঁকিয়ে বলল বাডি, দেখল স্পিড বাড়িয়ে ওদের ক্যাডিলাকের দিকে ছুটছে নীল টয়োটা ভ্যান, ‘পালাচ্ছে সাক্ষীটাকে নিয়ে!’ অচেনা শক্রটাকেও দেখা গেল এই সময়, ওদের ক্যাডিলাক আর নীল ভ্যানের

মাঝখানের রাস্তায় পৌছাবার জন্য ছুটছে ।

‘আবার ওদের খুঁজে নেব আমরা,’ বলল ফ্রিম্যান, গলা থেকে ক্ষার্ফ খুলে আহত হাতটায় জড়াচ্ছে । ‘ভেবে দেখো, ওদেরকে সব সময় আমরা খুঁজে পাই । ধন-সম্পদের মালিক হবার জন্যে এবার না হয় একটু বেশিই কষ্ট করলাম ।’

হেলাইটের আলোয় রানাকে দেখতে পেয়ে অন্তুত এক দৃষ্টিতে তাকিয়ে থাকল অলিভিয়া । নিজের চোখেই দেখেছে ও, ওদেরকে পালাতে সাহায্য করেছে লোকটা । কেন, সে-প্রশ্ন অবশ্য থেকেই যায় ।

দুটো গাড়ির মাঝখানে নয়, ক্যাডিলাকের কাছে পৌছাল রানা, গুলি করে সামনের দুটো টায়ার বসিয়ে দিল । তারপর সরে এসে রাস্তার কিনারায় দাঁড়িয়ে হাত তুলে অলিভিয়াকে থামাতে চেষ্টা করল ও ।

অলিভিয়া ভাবল, কে না কে, চিনি না জানি না, সাহায্য করেছে বলেই কি ওকে গাড়িতে তোলা উচিত হবে?

যেন ওর মনের কথা বুঝতে পেরেই দায়ান বলল, ‘না, অলিভিয়া, থেমো না! পরমুহূর্তে সিটের উপর ঢলে পড়ল ও, সেখান থেকে গাড়ির মেঝেতে ।

অলিভিয়া থামবে না বুঝতে পেরে ঝট করে পিছিয়ে গেল রানা ।

এখান থেকে ছয়-সাতশো গজ দূরে রেখে এসেছে জিপ, সময় বাঁচাবার জন্য সেদিকে ছুটল রানা ।

বৃথা চেষ্টা, পাঁচ মিনিট পর জিপে স্টার্ট দিয়ে অনেক খুঁজেও টয়োটা ভ্যান্টাকে কোথাও দেখতে পেল না ও ।

## পনেরো

টয়োটা ভ্যানের স্টিয়ারিং হাইল জোরে চেপে ধরেছে অলিভিয়া । হেলাইটের আলোয় ভেসে যাচ্ছে আঁকাৰাঁকা পাহাড়ি রাস্তা, একদৃষ্টে তাকিয়ে রয়েছে সেদিকে ।

ওর হাদয় যেন জমাট বেঁধে গেছে, ভয়ে অবশ হয়ে গেছে মাথা । গাড়ির মেঝেতে নিখর পড়ে আছে দায়ান, ড্যাশবোর্ডের আলোয় রক্তশূন্য ফ্যাকাসে দেখাচ্ছে মুখটা, চোখ দুটো বন্ধ ।

অলিভিয়ার ইচ্ছে হচ্ছে গাড়ি থামিয়ে দায়ানকে ভাল করে দেখে একবার, কিন্তু পিছনে লোক লেগেছে ধরে নিয়ে সাহস পাচ্ছে না ।

সরু, আঁকাৰাঁকা পাহাড়ি রাস্তায় স্পিড বাড়ানো যাচ্ছে না । তারপরেও পুরানো ভ্যান্টাকে ঘণ্টায় চল্লিশ মাইল স্পিডে ছোটাচ্ছে অলিভিয়া । তবে কয়েক মিনিটের মধ্যে স্টেট হাইওয়েতে উঠে এল ভ্যান, স্পিডোমিটারের কঁটা সন্তরের ঘরে তুলে ফেলল অলিভিয়া ।

বনভূমির মাঝখান দিয়ে গেছে হাইওয়ে । কিছুদূর এগোবার পর স্পিড কমাল, গাড়ি পার্ক করবার মত একটা জায়গা খুঁজছে ।

জঙ্গল লাগোয়া ফাঁকা জায়গা দেখা গেল সামনে, পরিয়ত্যক্ত একটা লগিং ক্যাম্প পর্যন্ত বিস্তৃত । ওটার গায়ে লেখা নম্বরটা এখনও মুছে যায়নি: ২২ । হাইওয়ে থেকে কাঁচা রাস্তায় গাড়ি নামিয়ে ওদিকে যাচ্ছে অলিভিয়া ।

উঁচু-নিচু মেটো পথে বাঁকি থাচ্ছে গাড়ি, কয়েকটা ভাঙা-চোরা কুড়েঘর দেখা গেল সামনে, এক সময় কাঠুরেরা থাকত ওখানে ।

হাইওয়ে থেকে এখন আর ওদেরকে দেখা যাচ্ছে না । গাড়ি থামিয়ে দায়ানের উপর ঝুঁকে পড়ল অলিভিয়া । ‘আমার উত্তেজিত হওয়া চলবে না,’ নিজেকে বোঝাল ও । ‘নিজের ওপর নিয়ন্ত্রণ রাখতে হবে ।’ দায়ানের মারা যাওয়ার আশঙ্কা মনে জাগতেই

অদম্য কাঁপুনি শুরু হয়ে গেল শরীরে, দাঁতের পাটি পরস্পরের সঙ্গে বাড়ি খাচ্ছে।

‘দায়ান, ডার্লিং,’ বলল ও, আঁশুল দিয়ে ওর গাল ছুঁলো। ‘কী হয়েছে, বলো আমাকে। সিরিয়াস কিছু?’

একচুল নড়ল না দায়ান। ফুঁপিয়ে উঠে ওর মাথাটা তুলল অলিভা, ভারী আর নিষ্প্রাণ লাগল।

দীর্ঘ কয়েক সেকেন্ড অটল মৃত্তির মত বসে থাকল অলিভা, গলায় উঠে আসা চিত্কারটাকে ঠেকিয়ে রাখতে হিমসিম খেয়ে যাচ্ছে। তারপর দরজা খুলে গাড়ি থেকে বেরিয়ে গেল, পাইন কাঁটার উপর দাঁড়িয়ে চারদিকটা ভাল করে দেখে নিচ্ছে। মনে হলো, আশপাশে কেউ নেই কোথাও।

হঠাৎ টলে ওঠায় গাড়ির দরজা ধরে ফেলল অলিভা, তা না হলে পড়ে যেত। উদ্বেগে অসুস্থ, সেই সঙ্গে দিশেহারা বোধ করছে ও, যে-কোনও মুহূর্তে জ্বান হারিয়ে ফেলবে।

নিজেকে শক্ত করল অলিভা। টলমল করতে করতে গাড়িটাকে ঘুরে এগোল, তারপর থেমে অফ-সাইডের দরজাটা খুলল। দায়ানের শরীর গড়িয়ে বাইরে বেরিয়ে আসছে দেখে তাড়াতাড়ি ধরে ফেলল।

শরীরটা ভারী হলেও, অনেক কষ্টে গাড়ির ভিতর থেকে ওকে বের করল অলিভা, শোয়াল মাটিতে। স্পট-ল্যাম্প অ্যাডজাস্ট করে ওটার আলোয় দায়ানের কোটে রক্ত দেখে আঁৎকে উঠল ও। ব্যস্ত হাতে খুলল কোটটা। রক্তে ভিজে গেছে শার্ট। দায়ানের বুকে হাত রাখল।

হার্টবিট আছে, তবে খুবই ক্ষীণ। স্বস্তিতে বিষম খাওয়ার অবস্থা হলো অলিভার। ‘ও মারা যায়নি! আমার দায়ান বেঁচে আছে!’ বিড়বিড় করল ও। বুবাতে পারছে, চিকিৎসা না হলে ওর প্রিয়তমকে বাঁচানো যাবে না। প্রথম কাজ...প্রথম কাজ কী?

‘রক্ত বন্ধ করা, পাগলী কোথাকার!’

গাড়ির কাছে ফিরে এল অলিভা। পিছনের মেঝেতে দুটো সুটকেস রয়েছে। তাড়াতাড়ি খুলল একটা; ভিতরে শার্ট, রংমাল ইত্যাদি রয়েছে। ব্যান্ডেজের জন্য একটা শার্ট ছিঁড়ল ও।

‘অলিভা!’ ক্ষীণ গলায় ডাকল দায়ান।

শুনে ফোঁপানোর মত অস্ফুট একটা আওয়াজ বেরিয়ে এল অলিভার গলা থেকে। ছুটে দায়ানের পাশে গিয়ে দাঁড়াল ও। স্পট-ল্যাম্পের উজ্জ্বল আলোয় চোখ মিটমিট করছে দায়ান, তবে নড়েনি ও। ওর চোখ দুটোকে স্লান আর নিষ্প্রাণ দেখাচ্ছে।

‘ওহ, ডিয়ার!’ বলে দায়ানের পাশের জমিনে হাঁটু গাড়ল অলিভা। ‘কী করব বলে দাও আমাকে। খুব কি ব্যথা লাগছে? তোমার রক্ত বন্ধ করা যায় কি না দেখছি আমি...’

‘লক্ষ্মী, সোনা,’ বিড়বিড় করল দায়ান, ব্যথায় বিকৃত হয়ে আছে ওর মুখ। ‘জখম খুব গুরুতর, অলিভা। বুকে কোথাও।’

মুহূর্তের জন্য নিয়ন্ত্রণ হারিয়ে ফুঁপিয়ে কেঁদে উঠল অলিভা, মুখ ঢাকল দু'হাতে। ‘কী করব আমি এখন?’ ভাবছে ও। ‘কী করলে ওকে আমি বাঁচাতে পারব? ও যারা গেলে আমিও বাঁচব না! এখানে কেউ নেই যে সাহায্য করবে, আমাকেই কিছু একটা করতে হবে...’

‘প্রিজ, অলিভা, সাহস হারিয়ো না,’ হাঁপাতে হাঁপাতে বলল দায়ান। ‘তোমার অবস্থা বুবাতে পারছি আমি। কিন্তু নার্ভ শক্ত রাখো। আগে দেখো ব্লিডিংটা বন্ধ করতে পার কি না।’

‘হ্যাঁ...’ চোখের পানি মুছল অলিভা, দাঁত দিয়ে ঠোঁট কামড়ে ধরল। ‘ঠিক আছে।’

দ্রুত পায়ে গাড়ি থেকে ব্যান্ডেজটা নিয়ে এল ও। খুব সাবধানে দায়ানের গায়ের শার্টটা খুলে ফেলল। ওর বুকের ঠিক মাঝখানে লাল একটা ছোট ফুটো তৈরি হয়েছে, দেখে আবার অলিভার শরীরে অদম্য কাঁপুনি শুরু হলো।

‘ভয় পেয়ো না, অলিভা,’ বিড়বিড় করল দায়ান, অনেক কষ্টে

মাথাটা উঁচু করে নিজের ক্ষতটা দেখল। ‘ওহ, গড়! অনুভব করল ওর পা দুটো ঠাণ্ডা হয়ে আসছে। আর ব্যথা...বুকে যেন ছুরি গেঁথে মোচড় দিচ্ছে কেউ। ‘শোনো, লক্ষ্মীটি, এই অবস্থায় একমাত্র তুমিই আমাকে বাঁচাতে পার। এসো, অলিভা, ব্লিডিংটা বন্ধ করো।’

‘পারব না, আমি পারব না,’ চেঁচিয়ে উঠল অলিভা। ‘ডাক্তার ডেকে আনতে হবে। কোথায়, দায়ান? কোথায় নিয়ে যাব তোমাকে?’

এতটুকু নড়ছে না দায়ান, তবে চিন্তা করছে। অনুভব করল ওর যেন গোটা বুকই খুলে ফেলা হয়েছে, আর লোনা বাতাস এসে লাগছে উন্মুক্ত ম্যায় আর মাংসে। ‘ডাক্তার মিলটন,’ কোনও রকমে বলতে পারল ও।

‘কী? আবার বলো, ডার্লিং,’ দায়ানের দিকে ঝুঁকে বলল অলিভা।

‘ডাক্তার মিলটন...সোজা ব্ল্যাক পিলারসের ভেতর দিয়ে যেতে হবে...ঘুরতে হবে বাম দিকের দ্বিতীয় বাঁকটা... রাস্তা থেকে খানিক দূরে দোতলা বাড়ি... আশপাশে আর কোনও বাড়ি বা রান্শ নেই...’

‘দায়ান! ওকে নিস্টেজ হয়ে আসতে দেখে চেঁচিয়ে উঠল অলিভা। ‘থেমো না, কথা বলো, প্রিজ...’

জ্ঞান হারাতে যাচ্ছে বুঝতে পেরে বড় করে শ্বাস নিল দায়ান। ‘এখান থেকে বিশ মাইল হবে...ওই একজনই, আশপাশে আর কেউ নেই...’

‘কিন্তু বিশ মাইল...’ অসহায় দৃষ্টিতে চারদিকে চোখ বুলাল অলিভা। ‘অনেক সময় লেগে যাবে...’

‘উপায় নেই,’ বলল দায়ান, গলার আওয়াজ জড়িয়ে আসছে। ‘আর কেউ নেই...’

‘যাব আমি,’ সমস্ত দ্বিধা আর ভয় ঝোড়ে ফেলে বলল

অলিভা। তারপর ভাবল, উঁহঁ, না, ওকে এখানে একা ফেলে রেখে যাব না, সঙ্গে করে নিয়ে যাব। তা হলে তো দেখছি গাড়ি থেকে ওকে নামানোটাই ভুল হয়ে গেছে।

দায়ানের উপর ঝুঁকল অলিভা। ‘আমরা দুজনেই যাব, ডার্লিং,’ বলল ও। ‘তুমি যদি সামান্য সাহায্য করো আমাকে, গাড়িতে আবার আমি তুলতে পারি তোমাকে।’

‘না,’ বলল দায়ান, অনুভব করল ওর মুখের ভিতর রক্ত উঠে এসেছে। ‘আমার ভেতরে একটু ব্লিডিং হচ্ছে।’ ঠেকানো গেল না, ঠেঁটের কিনারা দিয়ে গড়াতে শুরু করল লাল রক্ত, চিবুক হয়ে গলা বেয়ে নেমে যাচ্ছে—মুখটা ঘুরিয়ে নিতে চেষ্টা করল ও, অলিভাকে দেখতে দিতে চায় না।

ফোঁপাতে শুরু করল অলিভা, দেখে ফেলেছে। ‘ঠিক আছে, দায়ান, আমি যাব আর আসব।’ রুমাল দিয়ে প্যাড বানাচ্ছে। ‘আর যদি, দায়ান...মানে, এই কথাটা আমি জানাতে চাই—তোমাকে আমি ভালবাসি। জেনো এটাই আমার প্রথম আর শেষ প্রেম। এর আগে কখনও কাউকে ভালবাসিনি...গত জন্মে যদি বেসেও থাকি, তা নির্ঘাত তোমাকেই...’

জোর করে হাসতে চেষ্টা করেও পারল না দায়ান, তবে অলিভার হাতটা চাপড়ে দিল।

বুকে ব্যান্ডেজ বাঁধার সময় জ্ঞান হারিয়ে নেতিয়ে পড়ল দায়ান।

অলিভা যেন বিপদের গুরুত্বটা নতুন করে উপলক্ষ্মি করল। চত্বর প্রজাপতির মত ব্যস্ততার সঙ্গে কয়েকটা কাজ সারল ও—গাড়ি থেকে কম্বল, ছেঁড়া কাপড় দিয়ে তৈরি বালিশ, গুটানো শার্ট, পাঁজামা, ইত্যাদি এনে একটা বিছানা বানাল, যতটা পারা যায় আরামের ব্যবস্থা করল দায়ানের।

তারপর ওর রক্তাক্ত ঠাঁটে একটা চুমো খেয়ে ড্রাইভিং সিটে উঠে বসল আবার, স্টার্ট দিয়ে ছেড়ে দিল টয়োটা ভ্যান।

এই রাস্তা দিয়ে খানিক আগে গেছে একবার, কিন্তু দেখেও চিনতে পারছে না অলিভা। আসলে ডাক্তার মিলটন আর দায়ান ওর মনের সবটুকু দখল করে রেখেছে, আর কিছু চুকছে না সেখানে।

দুটো বেজে পঁয়ত্রিশ মিনিট, এত রাতে রাস্তা একদম ফাঁকা পড়ে আছে। হাইওয়েতে আশিতে ওঠার পর ওর স্পিড আর নামলই না। ব্ল্যাক পিলারস রোডে পৌছাতে মাত্র বিশ মিনিট লাগল ওর। বাঁক ঘুরে ঠিকমতই পৌছাল ডাক্তার মিলটনের বাড়িতে।

ভ্যান থামিয়ে গেটের দিকে এগোল অলিভা। খোলাই পেল ওটা, ভিতরে চুকে বাগানের সরু পথ ধরল, থামল এসে সদর দরজার সামনে।

দরজায় ঘুসি মারল অলিভা। মারছে তো মারছেই, থামার নাম নেই। এক সময় মাঝবয়েসী এক মহিলা, মাথায় এলোমেলো চুল, গায়ে ড্রেসিং-গাউন জড়ানো, দরজা খুলে কঠিন চোখে তাকাল। ‘এটা কী ধরনের ভদ্রতা?’ কর্কশ, পুরুষালি কঠে জানতে চাইল। ‘রাত দুপুরে এভাবে কেউ আওয়াজ করে?’

‘প্লিজ!’ বলল অলিভা, উদ্বেগ আর আবেগ নিয়ন্ত্রণে আনার ব্যর্থ চেষ্টা করছে। ‘ডাক্তার মিলটনকে দরকার আমার। মারাত্মক জখম নিয়ে পড়ে আছে একজন...কোথায় তিনি, প্লিজ?’

নোংরা, কাঁচা-পাকা চুলে হাড়সর্ব আঙুল চালাল মহিলা। ‘এখানে এসে শুধু শুধু সময় নষ্ট করছ,’ বলল সে, দরজা বন্ধ করে দিতে চাইছে। ‘ডাক্তার নিজেই অসুস্থ। পরের দরজা, ভাঙলে ভাঙল, না? যত্নোসর!’

‘কিন্তু ডাক্তার ছাড়া যে চলবে না!’ দরজায় পা বাধিয়ে বন্ধ করতে বাধা দিল অলিভা। ‘ও মারা যাচ্ছে। দয়া করে ডাক্তারের সঙ্গে আমাকে আপনি শুধু একবার কথা বলতে দিন, প্লিজ। সঙ্গে গাড়ি আছে...বেশিক্ষণ লাগবে না।’

‘বললাম তো, আমার কিছু করার নেই,’ বলল মহিলা, রাগে লাল হয়ে উঠেছে চোখ-মুখ। ‘ডাক্তার বুড়ো মানুষ, তাঁর ঠাণ্ডা লেগেছে। এত রাতে কোথাও তিনি যাবেন না। তুমি অন্য কোথাও দেখো।’

‘কিন্তু রক্তক্ষরণে মারা যাচ্ছে ও! আপনি বুঝতে পারছেন না! সব কথা শুনলে ডাক্তার মিলটন অবশ্যই আমার সঙ্গে যাবেন। ওর ব্লিডিং আমি বন্ধ করতে পারিনি...আর আমি ওকে ভালবাসি।’

‘যাও তুমি!’ কর্কশ কঠে ধমকে উঠল মহিলা। ‘এখানে যতই ঘ্যানর ঘ্যানর কর, কোনও কাজ হবে না।’

আতঙ্কিত হয়ে পড়ল অলিভা। ‘কিন্তু কোথায় যাব?’ জিজেস করল ও। ‘কার কাছে যাব? আর তো বেশি সময় নেই...ওর রক্ত বন্ধ হচ্ছে না।’

‘নর্থ রাউন্ডবেল রোডে একটা হসপিটাল আছে, গুড আর্থ। ওখানে ডাক্তার বেঞ্জামিন বারাক নামে একজন সার্জেন আছেন। তিনি কাউকে ফেরত দেন না। ভদ্রলোক ইহুদি। ওঁরা কল পেলেই ছোটেন।’

‘আচ্ছা,’ বলল অলিভা। ‘ঠিক আছে, তাঁর কাছেই যাব। কিন্তু গুড আর্থ হসপিটালটা কোথায় যেন বললেন? ওখানে যাব কীভাবে?’

ওর বাম কবজির ওপর দেড় ইঞ্চি লম্বা দাগটা হঠাৎ দেখতে পেয়েছে মহিলা। চমকে উঠতে গিয়েও নিজেকে সামলে নিয়ে তাড়াতাড়ি সেদিক থেকে চোখ সরিয়ে নিল। ‘পাঁচ মাইল দূরে ওটা,’ বলল সে। ‘এসো, তোমাকে আমি ম্যাপ খুলে দেখিয়ে দিচ্ছি।’

‘ওহ, ধন্যবাদ। তবে তাড়াতাড়ি, প্লিজ,’ বলল অলিভা। ‘ওকে আমার ওখানে ফেলে আসাটাই উচিত হয়নি...’

‘এসো, এসো,’ বলল মহিলা। ‘অন্ধকারে দাঁড়িয়ে থাকলে তোমাকে আমি দেখাব কীভাবে। ভেতরো ঢোকো, আমি আলো

জ্বালি।'

ঘুরে এগোল মহিলা, একটু পরেই উজ্জ্বল আলো জ্বলে উঠল প্যাসেজে—সিলিং থেকে ঝুলছে ন্যাড়া একটা বালব। দরজার চৌকাঠ পার হয়ে ভিতরে ঢুকল অলিভা।

ওর দিকে ফিরল মহিলা। 'ওমা, কী সুন্দর লাল চুল তোমার!' বলল ও, সরু চোখ দুটো উভেজনায় চকচক করছে। 'বলে-কয়ে দেখি ডাঙ্গার তোমার সঙ্গে যেতে রাজি হন কি না। এসো, ভেতরে এসো। তাঁর শরীর ভাল নয়... তারপরেও যদি... ঠিক আছে, বলে তো দেখি। এখানে যদি একটু বসো তুমি...'

হঠাতে এতটা পরিবর্তন, বন্ধুত্বের মিথ্যে ভান, অলিভার মনে ভয় ধরিয়ে দিচ্ছে। কিন্তু কিছু করবার নেই। যেভাবে হোক দায়ানকে বাঁচাতে হবে ওর। কাজেই মহিলার পিছু নিয়ে ছোট একটা ওয়েটিং রুমে ঢুকে পড়ল।

রুমে গোল একটা টেবিল, তিনটে চেয়ার রয়েছে। টেবিলের উপর পুরানো কয়েকটা ম্যাগাজিন। চারদিকে অয়ের ছাপ।

'যাই, ডাঙ্গার সাহেবকে বলি, বাছা,' বলল মহিলা। 'এখানে বসো তুমি। ওঁকে নিয়ে এখনই আমি আসছি।'

'পিল্জ, দেরি করবেন না,' অনুরোধ করল অলিভা। 'আমি ওর রক্ত বন্ধ করতে পারিনি!'

'এই যাব আর আসব,' বলে ত্রস্ত পায়ে দরজার কাছে পৌঁছে গেল মহিলা, ঘাড় ফিরিয়ে তাকাল একবার অলিভার দিকে, তারপর কামরা ছেড়ে বেরিয়ে গেল। ওর চোখের দৃষ্টিতে এমন কিছু আছে, নিজের অজান্তেই শিউরে উঠল অলিভা।

মহিলার পায়ের আওয়াজ পাচ্ছে ও, সিঁড়ির ধাপ বেয়ে দুদাড় করে উঠে যাচ্ছে। ফাঁদে পড়েছি, এরকম একটা অনভূতি হলো ওর।

শব্দ না করে দরজাটা খুলল অলিভা। 'হিলসাইডের সেই পাগলীটা—ওই যে, পালিয়েছে!' শুনতে পেল কাকে যেন বলছে

মহিলা। 'যার খোঁজ দিতে পারলে হিলসাইড স্যানাটোরিয়াম দশ হাজার ডলার পুরক্ষার দেবে বলে ঘোষণা করেছে! নীচে, তোমার ওয়েটিং রুমে বসে আছে সে।'

'কী? জোরে বলো।' রাগের সঙ্গে বললেন এক ভদ্রলোক। 'তুমি সব সময় ফিসফিস করে কথা বলো কেন? হিলসাইড স্যানাটোরিয়ামের কে?'

'পাগলী মেয়েটা...অলিভা কারমেন...যাকে হন্তে হয়ে খুঁজছে সবাই...নীচে গিয়ে ওর সঙ্গে কথা বলো তুমি...আমি শেরিফকে ডাকছি,' বলল মহিলা। 'জলদি!'

'কিন্তু ওই মেয়ে তো বিপজ্জনক,' ভদ্রলোক বললেন, গলার স্বরে কাঁদুনে একটা ভাব। 'কথা বলতে হয় তুমি বলো। আমি অসুস্থ মানুষ...'

'নামো নীচে!' রেগে উঠে ধর্মক দিল মহিলা। 'ওকে ধরে দিতে পারলে দশ হাজার ডলার পুরক্ষার পাওয়া যাবে। টাকাটা তুমি চাও না?'

দীর্ঘ কয়েক মুহূর্ত পর ভদ্রলোক বললেন, 'হ্যাঁ, চাই। আমাকে তা হলে নামতে হয় নীচে।'

চোখ বুজল অলিভা। ভাবল, সন্দেহ নেই স্বপ্ন দেখছি আমি। রহস্যময় অনেক স্বপ্নই তো দেখি, এটাও নিশ্চয় সেরকম একটা। তবে এটা আগেরগুলোর মত ঝাপসা নয়। আসলে হয়তো দায়ান আহত হয়নি, হয়তো কালো ড্রেস পরা লোক দুজনও ওর কোনও উক্তট স্বপ্নের অংশ মাত্র। হঠাতে ঘুম ভেঙে গেলে দেখতে পাবে কেবিনে, নিজের বেডরুমে শুয়ে রয়েছে ও—সন্তুষ্ট, তবে নিরাপদ।

পাগলী...ওই যে, পালিয়েছে...অলিভা কারমেন...যাকে হন্তে হয়ে খুঁজছে সবাই...

শিউরে উঠল অলিভা; প্রবলভাবে চাইছে ঘুম থেকে জেগে উঠতে; প্রার্থনা করছে, নিজেকে যেন দায়ানের কেবিনে দেখতে

পায়। কিন্তু চারদিকে তাকিয়ে ছোট ওয়েটিং রুমটাই দেখতে পেল, শুনতে পেল সিডির ধাপ বেয়ে সর্তক পায়ে নেমে আসছে কেউ।

উপর থেকে ভেসে আসছে মহিলার ভোঁতা কঠস্বর, সম্ভবত টেলিফোনে শেরিফের সঙ্গে কথা বলছে।

ব্যাপারটা দুঃস্পন্দন হোক বা যা-ই হোক, এ-বাড়ি থেকে ওকে এক্ষুনি পালাতে হবে, সিদ্ধান্ত নিল অলিভা। এ-বাড়ির লোকজন ওর ক্ষতি করতে চাইছে। ওকে আটকে রাখতে চেষ্টা করবে, ফলে জঙ্গলের ভিতর বিনা চিকিৎসায় মারা যাবে দায়ান।

কিন্তু এত ভয় পেয়েছে, নিজেও বলতে পারবে না কখন সরে এসে কামরার এককোণে লুকিয়ে পড়েছে অলিভা। এখন আর চেষ্টা করেও একচুল নড়তে পারছে না ও। ধড়ফড় করছে বুক, হাতের তালু ভিজে যাচ্ছে ঘামে।

ধীরে ধীরে খুলে গেল দরজা। ভিতরে ঢুকলেন বুড়ো ডাক্তার, যেন ছেটখাট একটা পাহাড়। মাথায় টাক, প্রকাণ্ড বড়শির মত বাঁকা নাক, গেঁফ জোড়া দু'পাশে ঝুলে পড়েছে। তবে অলিভাকে আতঙ্কিত করে তুলল ওর ডান চোখ—নোংরা হলুদ মার্বেল পাথর ওটা, কত বছর পরিষ্কার করা হয়নি কে জানে।

রঙচটা একটা ড্রেসিং গাউন পরে আছেন বৃন্দ, এখানে সেখানে ছেঁড়া, ফাঁক দিয়ে নোংরা আভারওয়্যার দেখা যাচ্ছে।

‘বেরিয়ে যান! এখান থেকে বেরিয়ে যান!’ চেঁচিয়ে উঠল অলিভা। ‘আমাকে জাগতে দিন! আমার ঘুম ভাঙতে দিন! খবরদার, কাছে আসবেন না !’

দরজাটা বন্ধ করে কবাটের গায়ে পিঠ ঠেকিয়ে দাঁড়ালেন বৃন্দ। পানি বেরচ্ছে বুবাতে পেরে গাউনের পকেট থেকে রুমাল বের করে বাম চোখটা মুছলেন। ডান চোখের হলুদ পাথরটা যেন একদৃষ্টে দেখছে ওকে।

‘শুনলাম একটা সমস্যায় পড়েছে,’ প্রায় মেয়েলি সুরে বললেন

বৃন্দ। ‘ঠিক কী ধরনের সাহায্য দরকার তোমার?’

কোণটায় আরও জড়েসড়ে হয়ে সেঁধিয়ে যাবার চেষ্টা করছে অলিভা। ‘আপনিই কি ডাক্তার?’

‘হ্যাঁ,’ বললেন ভদ্রলোক। ‘আমিই ডাক্তার মিলটন।’ রুমাল দিয়ে কপাল মুছলেন।

লোকটাকে আমার ভয়কর লাগছে, ভাবল অলিভা। এই লোককে ও দায়ানের কাছে নিয়ে যাবে না। একে বিশ্বাস করা যায় না। ‘আমার একটা ভুল হয়েছে,’ দ্রুত বলল ও। ‘আপনাকে আমার দরকার নেই। এখানে আমার আসাই উচিত হয়নি...’

সিটকে গেলেন ডাক্তার মিলটন। তিনি যে ভয় পাচ্ছেন, পরিষ্কার বুবাতে পারল অলিভা। তাঁর ভয় ওর ভয়কে আরও বাড়িয়ে দিল।

‘শোনো, অঙ্গির হোয়ো না,’ বললেন ডাক্তার। ‘বুড়ো হতে পারি, কিন্তু ডাক্তার হিসেবে আমার সুনাম আছে। আমার চোখটা কি তোমাকে বিরক্ত করছে? এটা কিন্তু আমার কাজে কোনও ব্যাঘাত ...আরে, দাঁড়িয়ে কেন, তুমি বসো!’

মাথা নাড়ল অলিভা। ‘না! আমি চলে যাচ্ছি! বিরক্ত করার জন্য দুঃখিত।’ ধীরে ধীরে দেয়াল ছাড়ল, তারপর দরজার দিকে ইতস্তত ভঙ্গিতে এগোল।

‘তোমার আসলে কোথাও যাওয়া চলে না,’ বললেন ডাক্তার মিলটন। ‘আমরা চাই তুমি এখানে থাকো।’ প্রকাণ্ড শরীরটাকে পাঁচিলের মত দাঁড় করালেন দরজার সামনে। ‘কফি খাও, বাচ্চা,’ সুর নরম করলেন তিনি। ‘আমার স্ত্রী...কফি ভাল লাগবে তোমার।’

দম আটকে রেখেছে অলিভা, তারপর হঠাতে চিকিৎসা শুরু করল, ফুসফুস খালি না হওয়া পর্যন্ত থামল না।

‘না, পিজি,’ বললেন ডাক্তার। ‘কেউ তোমাকে কিছু বলবে না। আমরা ভাল মানুষ...শুধু চাই কেউ যেন তোমার কোনও

ক্ষতি করতে না পারে।'

দরজার কাছ থেকে আঁচড়ানোর নরম একটা আওয়াজ ভেসে এল। কবাট খুলে ভিতরে ঢুকছে মহিলা। হঠাতে করে তিল পড়ল বৃন্দ ডাঙ্গারের পেশিতে, মুখটা সাদা চক হয়ে আছে। এক পাশে সরে এসে স্ত্রীকে দেকার পথ করে দিলেন।

'কী ব্যাপার?' অলিভাকে জিজেস করল মহিলা। 'তুমি বসছ না কেন? আমার স্বামী কি...' ডাঙ্গারের দিকে তাকাল। 'ওর সঙ্গে তুমি যাচ্ছ না? কে যেন অসুস্থ...'

'হ্যাঁ, হ্যাঁ,' বললেন ডাঙ্গার, ধপ করে একটা চেয়ারে বসে পড়লেন। 'ও মত পাল্টেছে।' চিবুকের নীচে গলাটা হাত দিয়ে ঘষছেন, কখনও চেপে ধরছেন। 'আমি খুব আপসেট ফিল করছি, লিজা। আমার নীচে নামা উচিত হয়নি। একটু ব্র্যান্ডি হলে, বোধহয়...'

'চুপ করো!' তীক্ষ্ণসুরে বলল মহিলা। 'সারাক্ষণ খালি নিজের কথা ভেবো না।'

'আমাকে যেতে হবে,' বলল অলিভা। ইতিমধ্যে টেবিলের পাশে পৌঁছে গেছে ও, চেহারায় দৃঢ়প্রতিজ্ঞ ভাব। 'আপনাদেরকে ডিস্টার্ব করা উচিত হয়নি আমার।'

'কিন্তু ডাঙ্গার সাহেব কাপড় পরতে দেতলায় যাচ্ছেন,' বলল মহিলা। 'এক মিনিটও লাগবে না। তোমার বৰু অসুস্থ, তাই না? ওকে তুমি ভালবাস, ঠিক না?'

অলিভার মনটা আবেগে উঠলে উঠল। 'ও, হ্যাঁ। কী জানি কী ভাবছিলাম।' কপালটা আঙুল দিয়ে চেপে ধরল। 'হ্যাঁ... ওর রিডিং হচ্ছে। কিন্তু ডাঙ্গার সাহেব ওখানে বসে আছেন কেন? উনি কিছুই করছেন না কেন?'

'যাও,' ডাঙ্গারকে বলল মহিলা। 'কাপড় পরো। মেয়েটাকে আমি এক কাপ কফি বানিয়ে দিই।'

তারপরেও চেয়ারে হেলান দিয়ে বসে থাকলেন ডাঙ্গার। শ্বাস

নিতে কষ্ট হচ্ছে তাঁর। 'ওকে যেতে দাও,' হঠাতে বললেন তিনি। 'আমি টাকা চাই না। বুড়ো হয়েছি, আমার দরকার নির্জনতা আর শান্তি। খারাপ কিছু একটা ঘটে যাবার আগে মানে মানে ছেড়ে দাও ওকে। ভেবে দেখো, ট্রাক ড্রাইভারের কী অবস্থা করেছে ও। তার আগে স্যানাটোরিয়ামে একজনকে মেরেছে...'

'ওপরে যাও, বুড়ো মিনসে,' খেপে উঠে বলল মহিলা। 'কী বলছ নিজেও জানো না!'

'ওঁকে ডিস্টার্ব করবেন না,' বলল অলিভা। 'আমি চলে যাচ্ছি...' আবার ধীরে ধীরে সামনে এগোল ও, চোখে-মুখে আক্রমণাত্মক ভঙ্গি।

দু'হাতে মুখ ঢাকলেন ডাঙ্গার। মহিলা ইতস্তত করছে, তারপর পিছিয়ে দেয়ালের দিকে সরে গেল, চোখ দুটো আগুনের মত জ্বলছে। 'এখানে তোমার থাকাই দরকার,' বলল সে। 'আমরা জানি তুমি কে।'

দরজাটা খুলে ফেলল অলিভা। তারপর ঘুরে ওদের দিকে তাকাল। 'কী বলতে চাইছেন জানি না,' বলল ও। 'ভেবেছিলাম আমাকে আপনারা সাহায্য করবেন।' কামরা থেকে বেরিয়ে এসে প্যাসেজ ধরে দ্রুত পায়ে এগোল।

কিন্তু সদর দরজায় তালা দিয়ে রাখা হয়েছে। বন করে ঘূরল অলিভা। ওয়েটিং রুমের বাইরে বেরিয়ে এসে ওর দিকে তাকিয়ে রয়েছে মহিলা। 'দরজাটা খুলে দিন,' বলল ও, রাগে একটু কাঁপছে।

'তুমি শান্ত হও, বাছা,' নরম সুরে বলল মহিলা। 'ভেতরে এসে বসছ না কেন? তোমার জন্যে কফি চড়াই আমি...'

চুটল অলিভা। মহিলাকে পাশ কাটাল। আরেক দরজার হাতল ধরে টান দিল, ভেবেছে এই পথে বাগানের পিছনে যাওয়া যায়। কিন্তু কবাট খুলল না, এটাতেও তালা দেওয়া।

স্ত্রীর ঠিক পিছনে এসে দাঁড়িয়েছেন ডাঙ্গার, তিনিও দেখছেন

অলিভাকে ।

সরু প্যাসেজে, দুই দরজার মাঝখানে আটকা পড়ে স্থির হয়ে গেছে অলিভা; ওর ব্রেন কাজ করছে না ।

‘দেখলে?’ নরম সুরে বলল মহিলা । ‘তুমি যেতে পারবে না । ভাল কথা, তোমার বন্ধুরা সব আসছেন । দেখো, সব আবার ঠিক হয়ে যাবে ।’

এই সময় আরেকটা দরজা দেখতে পেল অলিভা । ছেট একটা দরজা, পরদা দিয়ে অর্ধেকটা আড়াল করা, ওর কাছ থেকে এক কি দেড় গজ দূরে ।

ওদের দুজনের উপর থেকে চোখ রেখে, একটু একটু করে ওই ছেট দরজার দিকে সরে যাচ্ছে অলিভা । তারপর ঘাট করে হাতলটা ধরে ঘোরাল ।

খুলে গেল কবাট । সেই মুহূর্তে মহিলাও ওকে ধরবার জন্য ছুটল । প্যাসেজ থেকে বেরিয়ে যাচ্ছে অলিভা, পিছন থেকে ওর উপর ঝাঁপিয়ে পড়ল মহিলা ।

পিঠে ধাক্কা খেয়ে খোলা দরজা দিয়ে ছিটকে গিয়ে একটা সিঁড়িতে পড়ল অলিভা । ধাপের উপর দিয়ে গড়িয়ে নীচে নামছে । মেঝেতে নামার আগেই জ্ঞান হারিয়ে ফেলল ।

## ঝোলো

পুলিশ স্টেশন । ডেপুটি শেরিফ লেস্টার টেবিলের উপর পা তুলে দিয়ে ঘুমাচ্ছে । হঠাৎ টেলিফোনটা বেজে উঠল ।

চোখ মেলে সিধে হওয়ার সময় ভাগ্যকে অভিশাপ দিল লেস্টার, তারপর এক হাতে চোখ রংগড়ে অপর হাতটা রিসিভারের

দিকে বাড়াল ।

মেইন অফিস থেকে বেশ খানিকটা ভিতরে, ছেট একটা নির্জন কামরায় নাক ডেকে ঘুমাচ্ছেন শেরিফ কুপার । এক মিনিট পর দড়াম করে দরজা খুলে ঝড়ের বেগে ভিতরে চুকল লেস্টার, শেরিফের কাঁধ ধরে ঝাঁকাচ্ছে, ‘স্যর! উঠুন, স্যর!’

‘এই, কী হলো, এই,’ ভারি গলায় প্রতিবাদ জানালেন শেরিফ । ‘তোমরা মানুষকে একটু ঘুমাতেও দেবে না?’

‘ওরা তাকে ধরেছে, মিস্টার কুপার!’ উত্তেজনায় চড়ে গেল লেস্টারের গলা, চর্বিসর্বস্ব গোল মুখটা শেরিফের চোখের সামনে ঝুলে আছে ।

‘ধরেছে? কাকে ধরেছে?’ জানতে চাইলেন শেরিফ, চোখে এখনও ঘুম লেগে থাকায় চিন্তাশক্তি ফিরে পেতে দেরি হচ্ছে । তারপর হঠাৎ অপলক হয়ে উঠল দৃষ্টি, খপ করে ডেপুটির একটা কবজি চেপে ধরলেন । ‘তুমি বলতে চাইছ...অলিভাকে? কে...কে ধরল?’

‘তাঙ্কার মিলটন... এইমাত্র মিসেস মিলটন ফোন করে খবর দিলেন...’

‘কী কাণ্ড! কী সর্বনাশ!’ লাফ দিয়ে বিছানা থেকে নামলেন শেরিফ, দ্রুত হাতে ট্রাউজার পরছেন । ‘কবরে এক পা দিয়ে রেখেছেন, হৃট করে দশ হাজার ডলার পেয়ে গেলেন! এত টাকা দিয়ে কী করবেন তিনি?’ বেসুরো গলায় হাসলেন । ‘কিন্তু আমাদের চোখ টাটালে কী হবে, ওর কপালে আছে যে! অথচ অলিভাকে খুঁজতে একটা মিনিটও ব্যয় করেননি ভদ্রলোক।’

‘মিসেস মিলটন তাড়াতাড়ি যেতে বলেছেন,’ বলল লেস্টার, চোখ দুটো বড় বড় হয়ে আছে ওর । ‘তিনি ভয় পাচ্ছেন কিছু না ঘটে যায়।’

‘দেখতে পাচ্ছ না, তাড়াভড়ো করছি?’ ধমকে উঠলেন শেরিফ, কোমরে ভারী হোলস্টার ঝোলানো বেল্ট বাঁধছেন । ‘লস

অ্যাঞ্জেলেস থেকে মডেস্টোয় এসে হোটেল মিরাকল-এ উঠেছেন সলিস্টির হাওয়ার্ড রেচার, ওঁকে একটা ফোন করে ডাক্তারের ওখানে পৌঁছাতে বলো...কিংবা কী ব্যবস্থা করতে হয় করো।'

'উনি মডেস্টোয়? কবে এলেন?' বিস্মিত হলো ডেপুটি শেরিফ লেস্টার। 'আপনার সঙ্গে কখন কথা হলো?'

'কখন কার সঙ্গে কথা হচ্ছে, সব তোমাকে জানাতে হবে নাকি, লেস্টার?' হঠাত থমথমে গলায় প্রশ্ন করলেন শেরিফ ডেভিড কুপার।

'না, মিস্টার কুপার, আমি ঠিক তা বলতে চাইনি,' বলল লেস্টার। 'প্রশ্নটা এই জন্যে করলাম যে গিলবার্ট সম্পর্কে কেসবুকে লেখা হয়েছে—সলিস্টির রেচার আর ডন মারকাস নাকি অলিভাকে খুন করার জন্য গিলবার্ট আর ক্রনো হপারকে ভাড়া করেছে...'

'কেসবুকে ও-সব ভুলভাল লেখা হয়েছে,' বিরক্ত হয়ে বললেন শেরিফ। 'আমি নিজে ইন্টারোগেট করেছি গিলবার্টকে। অভিযোগ শুনে আকাশ থেকে পড়েছে সে। সলিস্টির রেচারের সঙ্গেও ফোনে আলাপ হয়েছে। তিনি তো হেসেই খুন, বললেন এ-সব গাঁজাখুরি গল্প আপনারা পান কোথেকে!'

'কিন্তু গিলবার্টের সঙ্গে যে রাইফেলটা পাওয়া গেছে?' জানতে চাইল ডেপুটি শেরিফ। 'মিস্টার ফেদেরা যেটা টহল পুলিশের কাছে জমা দিয়েছেন? ওটা কী ব্যাখ্যা?'

'গিলবার্ট বলছে ওটা ওর নয়। ও বলছে পথ ভুলে দায়ান রান্শের ওদিকে চলে গিয়েছিল, পাইনবনের ভেতর দিয়ে হাঁটার সময় রাইফেলটা দেখতে পায়।'

কী যেন মনে পড়ে যেতে ডেপুটি শেরিফ জন লেস্টারের চোখ দুটো হঠাত উজ্জ্বল হয়ে উঠল। 'কিন্তু, স্যর,' শেরিফকে বলল ও, 'গিলবার্ট যে ধোয়া তুলসী পাতা নয় তার প্রমাণ তো আমাদের হাতেই রয়েছে। লেফটেন্যান্ট মিচেল ওকে যখন বলল, স্নাইপার

ক্রনোকে ফোনে ডাকো, ও তখন না ডেকে চিংকার করে বলল—ক্রনো পালাও। এ থেকেই তো পরিষ্কার হয়ে যায়...'

'না, এখানে একটা ভুল বোঝাবুঝির ব্যাপার আছে,' ধমকের সুরে বললেন শেরিফ কুপার। 'গিলবার্ট আমাকে বলেছে ওর ছেলের নাম ক্রনো। ও ভেবেছিল, ছেলের সামনে ওকে টরচার করা হবে বলে ডাকা হচ্ছে, তাই ...'

প্রতিবাদ করে কী যেন বলতে যাচ্ছিল লেস্টার, বাধা পেয়ে থেমে গেল।

'ভাল কথা,' বললেন শেরিফ, 'একজন ফটো-জার্নালিস্টকে খবর দাও—মিস্টার ফেদেরাকে। হিলসাইডকেও জানাও।'

কামরা থেকে বেরিয়ে গেল লেস্টার। বাইরে থেকে ওর চিংকার ভেসে এল, 'আপনার সঙ্গে আমিও যাব?'

'আপনি পরে আসুন। আগে সলিস্টির আর জার্নালিস্টকে ফোন করো, তারপর।' টেবিল থেকে হ্যাটটা ছোঁ দিয়ে তুলে নিয়ে কামরা থেকে বেরিয়ে গেলেন শেরিফ।

ডেপুটি শেরিফ লেস্টারের কাছ থেকে খবরটা পেয়েই লস অ্যাঞ্জেলেসে, মাফিয়া ডন মারিয়ো মারকাসকে টেলিফোন করল সলিস্টির হাওয়ার্ড রেচার।

'কী, উকিল সাহেব,' রেচারের গলা পেয়েই শ্লেষাত্মক কঠে বলল মারকাস, 'জুয়ায় হেরে মেলা টাকা তো দেনা করে ফেলেছেন, শোধ করবেন কীভাবে? পঞ্চান্ত মিলিয়নের লোভ দেখালেন, কিন্তু কই, সেই পাগলীকেও তো খুঁজে পাওয়া যাচ্ছে না...'

'ওকে পাওয়া গেছে,' মারকাসকে বাধা দিয়ে বলল রেচার। 'সম্ভব হলে ক্রনো হপারকে এই ঠিকানায় পাঠিয়ে দিন—এখনই!'

ব্ল্যাক পিলারস রেলওয়ে ইয়ার্ডের কাছে সারারাত খোলা থাকে

কাফেটা, জায়গাটার নাম ট্র্যাকিং পয়েন্ট। ওটার সামনে ঝাঁকি খেয়ে দাঁড়িয়ে পড়ল দশটনী একটা খালি ট্রাক। ‘এটাই আমার শেষ গন্তব্য,’ বলল ড্রাইভার। ‘আপনাদের কিছু সুবিধে হলো?’

ক্যাব থেকে নীচে নামল টোবি ব্রাদাররা। ‘শিওর,’ বলল ফ্রিম্যান। ‘অসংখ্য ধন্যবাদ।’ ওর ডান হাতের কবজির উপরটা রংমাল দিয়ে জড়ানো।

ট্রাক ছেড়ে দিয়ে কাঠের গেট দিয়ে রেলওয়ে ইয়ার্ডের ভিতর চুকল ড্রাইভার।

‘ভাগ্যগুণে লিফটটা পেয়েছিলাম,’ বলল ফ্রিম্যান।

চোখ-মুখ কালো করে রেখেছে বাড়ি, কথা বলছে না।

‘গ্যারেজে টেলিফোন করা হলেও, চাকা বদলে ক্যাডিলাকটা ডেলিভারি দিতে আধবেলা লাগিয়ে দেবে ওরা, তাই না?’

‘চুপ করো!’ খেঁকিয়ে উঠল বাড়ি, রাস্তা পার হয়ে কাফের দিকে হাঁটছে। বেজার মুখে ওর পিছু নিল ফ্রিম্যান।

অচল ক্যাডিলাককে ফেলে আসতে হওয়ায় বাড়ির মাথা গরম হয়ে আছে। তবে ফ্রিম্যান ব্যাপারটা নিয়ে বিশেষ মাথা ঘামাতে রাজি নয়। সম্পত্তি আর আরামের প্রতি ওর তেমন দুর্বলতা নেই, শুধু একটা জিনিসই খুব পছন্দ করে—মেয়েমানুষ।

কাউন্টারে বসে কফির অর্ডার দিল ওরা। পরিবেশন করল এক তরঙ্গী। ওর ফিগার নিয়ে আলোচনা করবার ইচ্ছে হলো ফ্রিম্যানের, তবে জানে বাড়ির এখন মুড় খারাপ।

কাফেতে ওরা দুজন ছাড়া আর কেউ নেই। মেয়েটা কিচেনে ফিরে যেতে চিন্তিত সুরে বাড়ি বলল, ‘জানতে পারলে ভাল হত লোকটা মারা গেছে কি না। আমার গুলিটা যে ওর বুকে লেগেছে তাতে কোনও সন্দেহ নেই, কিন্তু লম্বা-চওড়া শরীর ওর, তার ওপর একাই একটা রান্শ চালায়। আমার উচিত ছিল ওর মাথাটাকে টার্গেট করা।’

‘ওকে নিয়ে দুশ্চিন্তা কোরো না,’ বলল ফ্রিম্যান। ‘আমি

মেয়েটার কথা ভাবছি। শালী মাল একখানা! ওই লাল চুল..’

ওর দিকে ঘুরে বসল বাড়ি। ‘খুন্টা দেখেছে ওই লোক,’ বলল ও নিচু গলায়। ‘এটাই প্রথম সাক্ষী, যে আমাদের হাত থেকে পালিয়ে যেতে পারল।’ একটু থেমে আবার বলল, ‘ইচ্ছে করলেই আমাদের ব্যবসার বারোটা বাজিয়ে দিতে পারে ও।’

ব্যাপারটা নিয়ে এভাবে চিন্তা করেনি ফ্রিম্যান। ‘ওকে তা হলে খুঁজে বের করতে হয়। কিন্তু কোথায়...?’

‘আমাকে ঘুমাতে হবে,’ বলল বাড়ি। ‘ধ্যাঃ! এভাবে দিনের পর দিন চলতে পারে না...আমরা তো আর লোহার তৈরি না। কোথায় শোয়া যায় বলো তো?’

‘ওকে জিজ্ঞেস করো...ও বলতে পারবে,’ বলল ফ্রিম্যান, হাত তুলে কিচেনের দিকটা দেখাল।

‘হ্যাঁ,’ বলল বাড়ি, কফির কাপে শেষ চুমুক দিয়ে টুল ছেড়ে কিচেনের দিকে এগোল।

টেবিলে বসে নিংগো কুকের সঙ্গে গল্প করছে মেয়েটা। দুজনেই ওরা বাড়ির দিকে তাকিয়ে থাকল, একটা টেক গিলল নিংগো।

‘শোয়ার জায়গা দরকার,’ বলল বাড়ি, মেয়েটার দিকে তাকিয়ে আছে। ‘কোথায় পাৰ?’

‘মোড়ের ওদিকে একটা হোটেল আছে, একপাশে পুলিশ স্টেশন, আরেক পাশে জেলখানা,’ বলল তরঙ্গী।

‘ঠিক আছে,’ বলল বাড়ি, টেবিলের উপর এক ডলারের একটা নোট রাখল।

কিচেন থেকে বেরিয়ে এসে ফ্রিম্যানের উদ্দেশে মাথা ঝাঁকাল বাড়ি। ‘চলো, আমার ঘুম পেয়েছে।’

ফাঁকা রাস্তায় বেরিয়ে এসে হাঁটছে ওরা। রেলস্টেশনের মাঝায় বড়সড় ঘড়িটায় তিনটে বাজে। ‘থানা আর জেলখানার মাঝাখানে একটা হোটেল আছে,’ বলল বাড়ি।

‘যিশুর মেহেরবানিতে একেবারে ওদের মুঠোর মধ্যে,’ বলে খিকখিক করে হাসল ফ্রিম্যান। ‘ধরে না ভেতরে পুরে দেয়।’

‘ওই যে, ওটা,’ বাঁক নিয়ে বলল বাড়ি, তারপর অকস্মাত দাঁড়িয়ে পড়ল, হাত বাড়িয়ে ফ্রিম্যানের অক্ষত কবজিটা ধরে ফেলেছে। ‘কী হচ্ছে ওখানে?’

পুলিশ স্টেশনের ধাপ বেয়ে শেরিফ কুপারকে তরতর করে নেমে আসতে দেখে ফ্রিম্যানকে নিয়ে একটু পিছিয়ে এল বাড়ি। পুলিশ স্টেশনের পাশেই একটা গ্যারেজ, কাঠের বিরাট গেটটা নিজেই খুলছে শেরিফ। অত্যন্ত ব্যস্ত দেখাচ্ছে তাকে।

এক মুহূর্ত পর একটা তোবড়ানো মার্সিডিজ সগর্জনে বেরিয়ে এল, ফাঁকা রাস্তা ধরে ছুটছে।

‘শেরিফ এত ব্যস্ত কেন?’ বিড়বিড় করল ফ্রিম্যান, হ্যাটটা নাকের উপর নামিয়ে আনল।

‘কিছু একটা হচ্ছে,’ বলল বাড়ি। ‘চলো, দেখি ব্যাপারটা কী।’

‘তুমি না ঘুমাতে চাইছিলে?’

‘আগে দেখি।’

রাস্তা ধরে হাঁটা ধরল ওরা; দু’জোড়া হাত একই ছন্দে দুলছে, ওদের পদক্ষেপে হঠাত একটা নতুন শক্তি আর চপ্পলতা যোগ হয়েছে।

মোবাইল ফোনটা বারকয়েক বেজে ওঠার পর ঘুম ভাঙল রানার। সুইচ অন করে সেটটা কানে তুলছে, এই সময় ওর বেডরুমের দরজা খুলে গেল নিঃশব্দে, ভিতরে ঢুকল একটা ছায়ামূর্তি। হাত তুলে আলো জ্বালল সে।

‘হ্যালো?’ মোবাইল ফোনে কথা বলছে রানা, টিসা ফিলের দিকে একবার তাকিয়েই সরিয়ে নিল চোখটা। সদ্য ঘুম থেকে উঠে এসেছে ওর বন্ধুর স্ত্রী, পরনে শুধু একটা স্লিপিং গাউন। ‘হ্যাঁ,

জার্নালিস্ট রডরিক ফেদেরাই বলছি ...হোয়াট! কখন? ...কোথায়? ...এখনই আসছি!’

‘কী হয়েছে, রানা?’ জিজেস করল টিসা।

‘অলিভা!’ লাফ দিয়ে বিছানা ছাড়ল রানা, খেয়াল নেই পরনে শুধু অন্তর্বাস। চেয়ারের পিঠ থেকে ট্রাউজার টেনে নিয়ে পরছে। ‘এক ডাঙ্গারের বাড়িতে পাওয়া গেছে ওকে!’

‘শোনো, রানা, এই সময় আমার মত একটা মেয়েকে দরকার ওর,’ বলল টিসা। ‘আমি ওকে নানাভাবে সাহায্য করতে পারব। চলো, আমিও যাই তোমার সঙ্গে।’

‘না, প্রশ্নই ওঠে না,’ বলল রানা, শার্টের উপর জ্যাকেট পরে ব্যাকপ্যাকটা পিঠে ঝোলাচ্ছে। ‘তোমাকে আমি এক্সুনি জড়তে চাই না। তোমার কাজ আছে পরে। এখন প্রধান কাজ বাড়িটা আগলে রাখা—বিশেষ করে জেড যখন এখানে নেই।’

‘তোমার এই একই কথা বারবার শুনতে আমার ভাল লাগছে না!’ রেগে উঠল টিসা। ‘কী ভাবো তুমি আমাকে? আমি একজন সোলিয়ার! জানো, অলিভাকে সাহায্য করার জন্যে তোমার অনুমিত নেয়ার প্রয়োজন নেই আমার?’

ওর প্রশ্নের জবাব না দিয়েই কামরা ছেড়ে বেরিয়ে গেল রানা। একটু পর নীচ থেকে ওর জিপ স্টার্ট মেওয়ার আওয়াজ ভেসে এল।

বাড়া বিশ সেকেন্ড স্থির হয়ে দাঁড়িয়ে থাকল টিসা, চোখে-মুখে দৃঢ়তার ছাপ ফুটে উঠছে। তারপর শান্ত পায়ে ফিরে এল নিজের বেডরুমে, নিজেদের রাবার প্ল্যানটেশনে ফোন করে সশস্ত্র দুজন গার্ডকে তৈরি হতে বলল, জানাল রাস্তা থেকে ওদেরকে গাড়িতে তুলে নেবে ও।

এরপর গান র্যাক খুলে পিস্টল আর হোলস্টার বের করল টিসা। ওয়ার্ড্রোব খুলে জিনস আর জ্যাকেট বের করে পরল।

## সতেরো

ডাক্তার মিলটনের বাড়ি। সদর আর খিড়কি দরজার মাঝখানে, সরু প্যাসেজটায়, লোকজনের ভিড় জমে গেছে।

স্তীকে নিয়ে সিঁড়ির মাঝামাঝি জায়গায় দাঁড়িয়ে রয়েছেন ডাক্তার মিলটন। সলিসিটর ব্লেচার আসেনি, তবে তার একজন প্রতিনিধি এসেছে, অ্যাডাম ক্লিপটন—ওয়েটিং রুমের দরজায় দেখা যাচ্ছে তাকে। তার পাশে দাঁড়িয়ে রয়েছে মাফিয়া ডন মারিয়ো মারকাসের এক প্রতিনিধি, বিল ট্যাফোর্ড—ক্লিপটনের মত সে-ও একজন ব্যারিস্টার। দুটো খবরের কাগজ থেকে এসেছে দু'তিনজন রিপোর্টার ও ফটো জার্নালিস্ট, প্যাসেজের দেয়ালে হেলান দিয়ে অপেক্ষা করছে তারা।

ফেদেরা ওরফে রানা, হাতে ফ্ল্যাশ-গান সহ ক্যামেরা, খিড়কি দরজার গায়ে হেলান দিয়ে অপেক্ষা করছে।

খানিক আগে মাথার ভিতরে বাড় বয়ে গেলেও, এখন সম্পূর্ণ শান্ত রানা। বাড়টা উঠেছিল অলিভার নিরাপত্তার কথা ভেবে। ওর ধারণা, ডন মারকাস শুধু একজন প্রতিনিধি পাঠিয়ে ক্ষান্ত হয়নি, এক-আধজন স্লাইপারকেও নিশ্চয় পাঠিয়েছে—ক্রনো হপার বা আর কারও গাঢ়াকা দিয়ে আশপাশেই কোথাও থাকার কথা।

এরকম পরিস্থিতিতে জার্নালিস্ট-এর ছদ্মবেশ খুলে ফেলে, ট্রাস্টি বোর্ডের একজন সদস্য হওয়ার সুবাদে নিজেকে অলিভার অভিভাবক বলে দাবি করতে পারে রানা, টেলিফোন করে ডেকে নিতে পারে ওর এজেন্সির এক-দেড়শ' অপারেটারকে।

কিন্তু ও চাইলেই অলিভার দায়-দায়িত্ব ওকে নিতে দেবে না পুলিশ। আইনও তা সমর্থন করবে না। তা ছাড়া, পুলিশের

ভূমিকা সম্পর্কে পরিষ্কার কোনও ধারণা নেই ওর। ওরা যে মাফিয়ার টাকা খাবে না, এমন কথা জোর দিয়ে বলা যায় না। সেক্ষেত্রে নিরাপদ হেফাজতে রাখব বলে জেলখানায় নিয়ে গিয়ে অলিভাকে যদি মাফিয়ার হাতে খুন হওয়ার সুযোগ করে দেয় ওরা, কারও কিছু করবার থাকবে না।

তারপর আছে হিলসাইড স্যানাটোরিয়াম কর্তৃপক্ষ। ওদের কাউকে এখনও দেখা না গেলেও, জানা কথা নিজেদের পেশেন্টকে ওরা ফেরত চাইবে। কিন্তু ওদের নিরাপত্তা ব্যবস্থাও মোটেও ভাল নয়, কাজেই অলিভাকে অন্তত হিলসাইডে ফেরত পাঠানো যাবে না।

শেষ পর্যন্ত সিদ্ধান্ত নিয়েছে রানা—অলিভাকে তার অজান্তে যতটা সম্ভব সাহায্য করবে ও।

দুজন স্টেট পুলিশ বাড়ির সদর দরজা পাহারা দিচ্ছে। শেরিফ কুপার আর ডেপুটি শেরিফ লেস্টার সেলার-এর দরজার দিকে মুখ করে দাঁড়িয়ে রয়েছে।

‘ঠিক আছে, বাছারা,’ বললেন কুপার। ‘সবাই অ্যালার্ট থাকো। ভুলে যেয়ো না, মেয়েটা ডেঙ্গারাস।’ রানার দিকে তাকালেন একবার। ‘আমি ওকে বের করে আনছি। ছবিটা যেন ভাল ওঠে, মিস্টার ফেদেরা।’

‘আগে বের তো করুন,’ বলল রানা। ‘হয়তো দেখা যাবে সেলার খালি, ভেতরে কেউ নেই।’

কথাটা কানে না তুলে সেলারের দরজায় নক করলেন শেরিফ। ‘আমরা জানি তুমি ভেতরে আছ,’ বললেন তিনি। ‘আমরা আইনের লোক, তোমাকে সাহায্য করার জন্যে এসেছি। এখন তুমি সম্পূর্ণ নিরাপদ। লক্ষ্মী মেয়ে, বেরিয়ে এসো।’

সেলারের আরও অন্ধকার কোণে সরে গেল অলিভা।

সিঁড়ি থেকে গড়িয়ে সেলারের নীচে পড়বার সময় অজ্ঞান হয়ে

গেলেও, একটু পরেই জ্ঞান ফিরে এসেছে অলিভার। ধীরে ধীরে বুবাতে পেরেছে, কঠিন ফাঁদে আটকা পড়েছে ও। সেলারের দেয়াল হাতড়ে জেনে নিয়েছে দরজা ছাড়া এখান থেকে বেরবার আর কোনও পথ নেই। আর সেই দরজায় তালা দিয়ে রাখা হয়েছে বাইরে থেকে

আহত দায়ান একা জঙ্গলে পড়ে আছে, এই চিন্তাটা মাথায় না থাকলে এতক্ষণ নিজেকে ওদের হাতে তুলে দিত অলিভা। এখন সে অনুভব করছে, প্রেমের একটা আলাদা শক্তি আছে; নিজেকে এই বলে আশ্চর্ষ করল, যেভাবেই হোক দায়ানের কাছে ফিরে যাবে ও, দুনিয়ায় এমন কোনও শক্তি নেই যা বাধা দিয়ে রাখতে পারে ওকে।

অন্ধকারে কয়েক মিনিট হাতড়ানোর সময় একটা ইলেকট্রিক সুইচবোর্ড পেয়েছে অলিভা। ছোট একটা সুইচ অন করে আলো জ্বলেছে। সেলারটা ছোট, স্যাংতসেঁতে আর আবর্জনায় ভর্তি। তবে আলোর ফিউজ-বক্স আর মেইন সুইচ আছে এখানে।

আবর্জনার ঘণ্টে মরচে ধরা একটা লোহার রড দেখল অলিভা। ওটা তুলে মাথার উপর সিধে করে ধরল। শেরিফ কুপার যখন দরজাটা খুলছে, এক পা এক পা করে সিঁড়ির গোড়ায় এসে দাঁড়াল ও, একটা হাত রাখল মেইন সুইচের উপর, অপেক্ষা করছে।

সেলারের আলো আগেই নিভিয়ে দিয়েছে অলিভা। ফলে দরজা ফাঁক করে শেরিফকে উঁকি দিয়ে নীচে তাকাতে দেখছে ও, কিন্তু তিনি ওকে দেখতে পাচ্ছেন না।

‘বেরিয়ে এসো, বাঢ়া,’ বললেন শেরিফ, উত্তেজনায় টকটকে লাল হয়ে উঠেছে ওঁর চেহারা; কোনও কারণ ছাড়াই যোগ করলেন: ‘জায়গাটা আমরা ঘিরে ফেলেছি।’

অন্ধকার সেলারে কোনও শব্দ হলো না।

‘সাহস করে নীচে নামুন আপনি, শেরিফ,’ জার্নালিস্ট

ফেদেরাকে বলতে শুনলেন ডেভিড কুপার। ‘বুঝিয়ে-শুনিয়ে ওপরে তুলে আনুন ওকে।’

এখনও অলিভাকে উদ্ধার করবার কোনও বুদ্ধি করতে পারেনি রানা।

‘সাহস থাকলে আপনি নামুন না!’ কৃত্রিম ঝাঁঝের সঙ্গে ওকে বললেন শেরিফ। কৌতুক করলেও, পাগলাগারদ থেকে পালানো হোমিসাইডাল টেনডেন্সির একটা রোগিণীকে হাতকড়া পরানোর কাজটা ঘাড়ে এসে চাপায় মোটেও খুশি নন। ঘাড় ফিরিয়ে সলিসিটর রেচারের প্রতিনিধি ক্লিপটনের দিকে তাকালেন তিনি। ‘আপনি চান, মেয়েটাকে নিয়ে আসার জন্যে সেলারে নামি আমি?’

‘অভকোর্স,’ বলে মাথা ঝাঁকাল ব্যারিস্টার ক্লিপটন, মুখে গম্ভীর হাসি। ‘তবে আমাদের ক্লায়েন্টের সঙ্গে আপনারা কেউ কোনওরকম খারাপ ব্যবহার করতে পারবেন না। করলে আমরা মামলা করব।’

বেজন্মা কুস্তা! মনে মনে গালি দিল রানা। খুন করবার জন্য স্লাইপার লাগিয়েছে, অথচ কথা শুনে মনে হচ্ছে দশের সেবায় নিবেদিতপ্রাণ মানবাধিকার কর্মী।

‘আপনি সিরিয়াস, শেরিফ?’ মনে করিয়ে দেওয়ার সুরে, হাসিমুখে বলল রানা। ‘আমি কিন্তু আপনার প্রস্তাবে রাজি আছি।’

হাতছানি দিয়ে ডেপুটি শেরিফ লেস্টারকে ডাকলেন কুপার।

এক পা পিছিয়ে গেল লেস্টার। ‘আমি না, মিস্টার কুপার, প্লিজ। পাগল দেখলেই ভয়ে আধমরা হয়ে যাই। তা ছাড়া, ওখানে অন্ধকার। ট্রাক ড্রাইভারের কী অবস্থা...’

‘আসলে এই ব্যাপারটা দেখবে স্যানাটোরিয়ামের লোকজন,’ বললেন শেরিফ। ‘ওদেরকে কেউ খবর দিয়েছ তোমরা?’

কেউ সাড়া দিল না। হেসে উঠে রানা বলল, ‘হয় একা নামুন, নয়তো আমাকে সঙ্গে নিন, এ ছাড়া আপনার কোনও উপায় নেই, মিস্টার কুপার।’

চিন্তা করছেন শেরিফ।

‘আমি ভয় পাচ্ছি না,’ আবার বলল রানা। ‘তবে সামনে থাকবেন আপনি, আমি থাকব আপনার পেছনে।’

বড় করে একটা শ্বাস নিলেন শেরিফ। ‘ঠিক আছে, তা-ই চলুন,’ বললেন তিনি, ইতস্তত ভঙ্গিতে সেলারের দিকে এক পা এগিয়ে গাঢ় অন্ধকারে উঁকি দিলেন। ‘কারও কাছে একটা টর্চ নেই?’ ঘাড় ফিরিয়ে জানতে চাইলেন।

না, নেই।

ব্যারিস্টার বিল ট্যাফোর্ড, মাফিয়া ডন মারকাসের প্রতিনিধি, শেরিফকে নিজ দায়িত্ব দ্রুত পালন করবার তাগিদ দিল।

নিচু দোরগোড়া পার হওয়ার সময় মাথা নিচু করেছেন শেরিফ, ঠিক তখনি মেইন সুইচ অফ করে দিল অলিভা, তারপর শেরিফের একটা হাত ধরে টান দিল সামনের দিকে।

কান-ফাটানো আর্টনাদ বেরিয়ে এল শেরিফের গলা চিরে, নীচের দিকে খসে পড়ছে ওঁর শরীর।

কী ঘটছে বুঝতে দেরি হয়নি রানার, সিদ্ধান্ত নিল যতটা সম্ভব বিভ্রান্তি সৃষ্টি করে সবাইকে ঘাবড়ে দিতে হবে। হঠাৎ এমন আঁতকে উঠল যেন ভূত দেখেছে, তারপর ডাইভ দিল ডেপুটি শেরিফ লেস্টারকে লক্ষ্য করে।

ওর ধাক্কা খেয়ে দুই স্টেট পুলিশের গায়ে ছিটকে পড়ল লেস্টার, কী হচ্ছে বোঝার জন্য অন্ধকারে সামনে এগোবার চেষ্টা করছিল তারা।

‘সাবধান, সাবধান!’ আতঙ্কিত গলায় বলল রানা। ‘পাগলীটা আমাদের সঙ্গে মিশে গেছে!’ পরমুহূর্তে তীক্ষ্ণকণ্ঠে আর্টনাদ করে উঠল।

সিধে হলো লেস্টার, পাগলীর ভয়ে হিতাহিত জ্ঞান হারিয়ে ফেলেছে—অন্ধকারে এলোপাথাড়ি ঘুসি চালাচ্ছে সে, কাকে লাগল না লাগল গ্রাহ্য করছে না। পথ পরিষ্কার করে দোতলায় ওঠার

সিঁড়ির দিকে যেতে চাইছে ও। পুলিশদের একজন ওর ঘুসি খেয়ে ঢলে পড়ল প্যাসেজের মেঝেতে, তারপর আর নড়ল না।

আরেকজন পুলিশ হাতের লাঠিটা ডান আর বাম দিকে দ্রুতবেগে অনবরত চালাচ্ছে, তবে কাউকে লাগাতে পারছে না। ওদিকে রানার আর্টনাদ এখনও থামছে না।

অলিভার জন্য আর কিছুর দরকার ছিল না। প্যাসেজে উঠে এসেছে ও, শুনতে পেল সদর দরজার ওদিকে চেঁচামেচি আর ধন্তাধন্তির আওয়াজ হচ্ছে। নিঃশব্দে খিড়কি দরজা খুলে বাগানে বেরিয়ে গেল ও।

আবছাভাবে দেখতে পেয়ে ওর পিছু নিল রানা।

বাগানের সরু পথ ধরে অঙ্কের মত ছুটছে অলিভা। পিছনে পায়ের আওয়াজ পেয়ে ডান দিকে ঘুরে গেল ও। গতি এত বাড়িয়ে দিল, জমিনের উপর দিয়ে যেন একটা হরিণ উড়ে যাচ্ছে। ওর সঙ্গে রানা পেরে উঠছে না।

তবে হাল ছাড়ছে না ও, ভাবছে ওদের পিছু নিতে কতক্ষণ সময় নেবেন শেরিফ কুপার।

নিচু পাঁচিল টপকে ঘন একটা জঙ্গলের দিকে ছুটছে অলিভা, এখনও কয়েকশ’ ফুট দূরে। ওই জঙ্গলের পিছনে মেইন রোড, চলে গেছে ব্ল্যাক পিলারসের দিকে—তবে ওর তা জানার কথা নয়।

অলিভা ভাবছে জঙ্গলটায় একবার চুক্তে পারলে গা ঢাকা দিতে কোনও সমস্যা হবে না। আত্মবিশ্বাস অসর্তক করে তুলল ওকে, ছোটার গতি কমিয়ে আনল। অকস্মাত একটা শিকড়ে পা বেধে যাওয়ায় স্টান আছাড় খেল মাটিতে, শরীরটা গড়িয়ে গেল খানিক দূর, ফুসফুস খালি হয়ে গেছে।

এক কি দুই মুহূর্ত স্থির হয়ে পড়ে থাকল অলিভা। তারপর যেই উঠে বসতে যাবে, দেখল ওর উপর ঝুঁকে রয়েছে কে যেন।

রানাকে চিনতে না পারলেও, দায়ানের সঙ্গে ওর কাঠামো আর চেহারার মিল থাকায় অপলক দৃষ্টিতে তাকিয়ে থাকল—মনে পড়ল, দায়ান’স রান্শে এই লোকটাই ওদেরকে পালাতে সাহায্য করেছিল।

পরম্পরের দিকে একদৃষ্টে তাকিয়ে আছে ওরা।

‘সব ঠিক আছে,’ বলল রানা। ‘একটুও ভয় পেয়ো না তুমি। আমি তোমাকে সাহায্য করছি। আমি ওখানে গোলমাল পাকিয়ে তোলাতেই পালাতে পেরেছ...’

ভয় না পেলেও, রানাকে সতর্ক চোখে দেখছে অলিভা। ‘কে তুমি? আমার কাছে কী চাও?’

‘আমি রডরিক ফেদেরা—ফ্রি লাঙ জার্নালিস্ট। তুমি অলিভা কারমেন, তাই না?’

‘আমি জানি না,’ বলল অলিভা, মাথাটা দু’হাতে চেপে ধরল। ‘ভুলে গেছি আমি কে। একটা অ্যাক্সিডেন্ট করে ...স্মৃতিশক্তি হারিয়ে ফেলেছি।’ উঠে বসল ও, খপ করে রানার একটা হাত আঁকড়ে ধরল। ‘সত্যি তুমি আমাকে সাহায্য করতে চাও? আমার দায়ান...মারাত্মক আহত হয়েছে...তুমি আমার সঙ্গে যাবে, প্লিজ?’

বোবা হয়ে ওর দিকে তাকিয়ে আছে রানা। কী সর্বনাশ, অলিভা স্মৃতি হারিয়ে ফেলেছে! একে তো পাগল, তার উপর...

জ্ঞ কোচকাল রানা। ‘তুমি সত্যি তোমার অতীত ভুলে গেছ? কিছুই মনে করতে পারছ না?’

‘না... তবে, প্লিজ—যদি সাহায্য করতে চাও, সময় নষ্ট কোরো না। ওর আঘাত খুব সিরিয়াস। তুমি আমার সঙ্গে যাবে? সত্যি আমাকে সাহায্য করবে?’

‘হ্যাঁ, অবশ্যই,’ বলল রানা, হাত ধরে দাঁড়াতে সাহায্য করল ওকে।

‘পাহাড়ের ওপরে, হাইওয়ের পাশে, একটা লগিং ক্যাম্প আছে—বাইশ নম্বর। ওখানে রেখে এসেছি ওকে।’

‘চিনি জায়গাটা,’ বলল রানা, ডানে-বাঁয়ে ভাল করে তাকাল। ‘একটু পরেই আলো ফুটবে। কেউ যেন তোমাকে দেখে না ফেলে। আমি গাড়িটা নিয়ে আসি, তুমি এখানে অপেক্ষা করো।’

‘এখানে কোথায়? এখানে তো ওরা আমাকে দেখে ফেলবে। এতক্ষণে নিশ্চয়ই খুঁজতে বেরিয়েছে...’

‘ওই জঙ্গলের ভেতরে লুকিয়ে থাকো,’ হাত তুলে দেখাল রানা। ‘কিছুদূর এগোলেই মেইন রোড দেখতে পাবে। আড়াল থেকে ডঁকি দিয়ে দেখবে, জঙ্গল থেকে বের়বে না—একটা জিপে থাকব আমি।’

‘সত্যি তুমি আসবে তো, নাকি...’

‘আমার ওপর বিশ্বাস রাখো,’ বলল রানা। ‘দশ মিনিটের মধ্যে গাড়ি নিয়ে আসছি।’

‘পারলে আরও তাড়াতাড়ি এসো, প্লিজ। ওকে একা ফেলে রেখে এসেছি... রক্ত বন্ধ করতে পারিনি...’

‘চিন্তা কোরো না, ওকে আমরা সুস্থ করে তুলব। এখন যাও, জঙ্গলে লুকাও।’ ঘুরে দ্রুত পায়ে হাঁটছে রানা, ডাক্তার মিলটনের বাড়িতে ফিরছে।

জঙ্গলের দিকে হাঁটার সময় একা অস্পতি বোধ করছে অলিভা। ভোরের আবছা আলো, জমিন থেকে ওঠা শোলাটে কুয়াশা, অটল গাছপালা ওর মনে বিরূপ প্রভাব ফেলছে। মনে হচ্ছে জঙ্গলে ওর জন্য মারাত্মক কোনও বিপদ ওত পেতে আছে। ধড়ফড় করছে বুকের ভিতরটা।

অলিভা ভাবল, ফেদেরার সঙ্গে যেতে পারলে ভাল হতো। এরকম নিস্তরু বনভূমির চেয়ে অশুভ আর কিছু হতে পারে না। গাছপালার ফাঁক-ফোকর দিয়ে মেইন রোডটা দেখতে পেয়ে নিজেকে সাহস যোগানোর চেষ্টা করল ও। ওই তো, ওখানেই তো ফেদেরার সঙ্গে আমার দেখা হবে, বিড়বিড় করে বলল নিজেকে। ভয়টাকে দূর করবার জন্য ফাঁকা একটা জায়গা লক্ষ্য করে হাঁটছে

ও ।

তারপর হঠাৎ খমকে দাঁড়িয়ে পড়ল অলিভা । ওর সামনে কী যেন একটা নড়ে উঠল । দ্রুত দম আটকাল, একদ্রষ্টে তাকিয়ে আছে । বড় একটা গাছের গুঁড়ি পড়ে আছে সামনে, ওটার পিছন থেকে একটা হ্যাটের কারনিস বেরিয়ে এল । পাথর হয়ে গেছে ও, একটা পেশিও নাড়ার শক্তি নেই, এমনকী চোখের পাতাও ফেলতে পারছে না ।

কালো ওভারকোট পরা এক লোক, মাথায় কালো হ্যাট, গুঁড়িটাকে ঘুরে সামনে চলে এল, দাঁড়াল সরাসরি অলিভার পথের উপর । টোবি ব্রাদারদের একজন ও—বাড়ি । ‘তোমাকে আমার দরকার,’ বলল ও । ‘বামেলা কোরো না ।’

এক মুহূর্ত তাকিয়ে থাকল অলিভা, তারপর তীক্ষ্ণস্বরে চেঁচিয়ে উঠল, বন্ধ করে আধপাক ঘুরে অঙ্গের মত ছুটল উল্টোদিকে ।

কিন্তু পিছনে ছিল ফ্রিম্যান, অলিভাকে অকস্মাত দাঁড়িয়ে পড়তে দেখে মাথা থেকে হ্যাটটা নামিয়ে হাসল ।

আড়ষ্ট হয়ে দাঁড়িয়ে আছে অলিভা । দুই কাকই ওর হাঁপানোর আওয়াজ শুনতে পাচ্ছে ।

‘বামেলা পাকিয়ো না,’ আবার বলল বাড়ি, ধীর পায়ে হেঁটে আসছে ওর দিকে ।

‘না! না!’ আঁৎকে উঠে পালাবার পথ খুঁজছে অলিভা । ‘আমাকে ছোঁবেন না... পিল্জ, চলে যান... আমি একজনের অপেক্ষায় আছি... ওর সাহায্য ছাড়া আমার চলবে না... এখনই চলে আসবে ও... পিল্জ, আপনারা চলে যান...’

‘কোনও ঝুট-বামেলা চাই না,’ বলল বাড়ি, ওকে ধরবার জন্য হাত বাড়াল । ‘এসো । তোমাকে আমাদের দরকার ।’

পিছু হটল অলিভা, তারপর হঠাৎ ঘুরে ফ্রিম্যানের দিকে ছুটল । ঠোঁটে স্থির হাসি নিয়ে ওকে দেখছে ফ্রিম্যান, হাত দুটো দু'দিকে লম্বা করে দিয়ে পথ আটকাল ওর ।

আবার আধপাক ঘুরল অলিভা, তারপর স্থির হয়ে গেল ।  
‘দায়ান কোথায়?’ জানতে চাইল বাড়ি ।

‘আমি জানি না,’ বলল অলিভা । ‘আমি কিছুই জানি না ।’

‘জানবে,’ নরম সুরে বলল বাড়ি । ‘কাকে কীভাবে কথা বলাতে হয় আমরা জানি । কোথায় ও?’

‘জানি না...’ বলল অলিভা, বন্যপ্রাণীর মত চারদিকে চোখ বুলাল, তারপর চিৎকার শুরু করল ।

লাফ দিয়ে সামনে বাড়ল ফ্রিম্যান, মোটা আঙুল দিয়ে অলিভার চুল খামচে ধরে মাথাটাকে পিছন দিকে নোয়াল । ‘মারো শালীকে!’ বাড়িকে বলল ও ।

এগিয়ে এল বাড়ি । ওর ঘুসিটা নাক বরাবর ছুটে আসতে দেখে আত্মরক্ষার জন্য হাত তুলল অলিভা, আবার চিৎকার জুড়ে দিল । হাত দুটোকে ঠেলে একপাশে সরিয়ে দিল বাড়ি, তারপর হাড়সর্বস্ব চারটে আঙুলের গিঁট দিয়ে ওর চোয়ালটা যেন গুঁড়িয়ে দিল সে ।

## আঠারো

হঠাৎ গায়েব হয়ে কোথায় গিয়েছিল, ডেপুটি শেরিফের এই প্রশ্নের গ্রহণযোগ্য একটা জবাব দিতে বেশ অনেকটা সময় ব্যয় হলো রানার । ওদের সঙ্গে ওখানে আরও কিছুক্ষণ থাকতে হলো ওকে, তা না হলে সবার মনে ওর আচরণ সম্পর্কে সন্দেহ জাগত ।

ওদেরকে রানা জানাল: অলিভার পিছু নিয়েই বাগানে বেরিয়েছিল ও । ভয়-ডর নেই, সোজা জঙ্গলে ঢুকে পড়ে পাগলী মেয়েটা, তারপর মেইন রোডে পৌছে একটা ট্রাক থামিয়ে কিং'স

ক্যানিয়ানের দিকে চলে গেছে। অনেকটা পিছনে ছিল ও, দূর থেকে দেখেছে, বাধা দেওয়ার সুযোগ পায়নি।

রানা দেখল শেরিফকে ইতিমধ্যে সেলার থেকে নিয়ে আসা হয়েছে। আসলে নিজেই তিনি উঠে এসেছেন। তেমন কোনও আঘাত পাননি, এক-আধটু চামড়া ছড়ে গেছে মাত্র।

এক সময় ডাঙ্কার মিলটনের কাছ থেকে বিদায় নিতে শুরু করল সবাই। সুযোগ পেয়ে রানাও নিজের জিপে এসে ঢুল।

ঘুরপথে জিপ চালিয়ে মেইন রোডে উঠে এল ও। ডাঙ্কার মিলটনের বাড়ির পিছনদিক এটা, ছোটখাট জঙ্গলটার শেষ প্রান্ত। মনটা আশঙ্কায় দুলছে, ওর ফিরতে অস্বাভাবিক দেরি হচ্ছে দেখে অলিভা চলে যায়নি তো? কোনও বিপদ হওয়াও বিচিত্র নয়।

জিপের গতি কমাল রানা। গাছপালার ফাঁকে চোখ বুলাচ্ছে। কিষ্ট অলিভাকে কোথাও দেখতে পাচ্ছে না।

এক সময় জিপ ছড়ে রাস্তায় নামতে হলো রানাকে। তারপর জঙ্গলের ভিতরেও ঢুকতে হলো। বেশ কয়েকবার ওর নাম ধরে দেকেও কোনও লাভ হলো না। অলিভা যেন বাতাসে মিলিয়ে গেছে।

আধুনিক পর ক্লাস্টা, হতাশ আর উদ্ধিঃ হয়ে জিপে ফিরে এল রানা। ধরে নিচ্ছে ওর ফিরতে দেরি দেখে দায়ানের কাছে চলে গেছে অলিভা। আবার এমনও হতে পারে, টোবি ব্রাদাররা কিডন্যাপ করে নিয়ে গেছে ওকে।

হঠাতে মোবাইল ফোনটা বেজে উঠল। ‘হ্যালো?’

‘টিসা,’ জবাব এল। ‘পুলিশ স্টেশনের উঠান থেকে বলছি। শুনলাম অলিভাকে তোমরা ধরে রাখতে পারনি।’

‘আমিই দায়ী,’ ভাবল রানা। বলল, ‘ওখানে কী করছ তুমি?’

‘চেষ্টা করে দেখছি মেয়েটিকে কোনও সাহায্য করতে পারি কি না,’ শান্ত দৃঢ়তার সঙ্গে বলল টিসা। ‘তুমি কোথায়, রানা?’

‘আমি দায়ানকে উদ্ধার করতে যাচ্ছি,’ বলল রানা। ‘বাইশ

নম্বর লগিং ক্যাম্পের কাছে কোথাও একা পড়ে আছে ও, যদি না এতক্ষণে মারা গিয়ে থাকে।’ টিসাকে আর কিছু বলবার সুযোগ না দিয়ে যোগাযোগ কেটে দিল ও।

ড্যাশবোর্ড থেকে এলাকার একটা ম্যাপ বের করে চোখ বুলাল রানা। পরিত্যক্ত লগিং ক্যাম্পটা এখান থেকে বিশ মাইল দূরে।

নতুন চাকা লাগানো হয়েছে, একটা সাইড রোড ধরে ঝাঁকি খেতে খেতে ছুটে চলেছে প্রকাণ্ড কালো ক্যাডিলাক। স্টেট হাইওয়ে থেকে বেরিয়ে এসেছে সরু রাস্তাটা, গভীর বেত ও বাঁশ বাগানের ভিতর দিয়ে এগিয়েছে।

সকালের রোদ এরইমধ্যে বেশ তেতে উঠেছে। গা থেকে ওভারকোট খুলে পাশাপাশি বসে আছে টোবিরা। গাড়ি চালাচ্ছে বাড়ি, স্পিড তুলল সতরে।

ওদের পিছনের মেঝেতে, একটা তেরপলের উপর শুয়ে রয়েছে অলিভা, প্রায় অচেতন। ওর হাত আর পা নাইলন কর্ড দিয়ে শক্ত করে বাঁধা। মুখটা অ্যাডহিসিভ টেপ দিয়ে বন্ধ করা।

ব্ল্যাক পিলারস থেকে ইতিমধ্যে বেশ অনেকটা দূরে চলে এসেছে ওরা। পশ্চিম দিকে যাচ্ছে, বিছিন্ন ছোটখাট জনবসতি এড়িয়ে মডেস্টো আর মার্সেড শহরের মাঝামাঝি, প্ল্যানটেশন এরিয়ায় পৌঁছাবার চেষ্টা করছে। জায়গাটার নাম গেটওয়ে।

বাড়ি প্রায় কোনও কথাই বলছে না। ও শুধু দায়ান বান্টেকে নিয়ে মাথা ঘামাচ্ছে। দায়ান যদি কোটে কথা বলবার অনুমতি পায়, ওদের সবকিছু শেষ হয়ে যাবে। নিজের লক্ষ্যভেদে সম্পর্কে এতটাই আত্মবিশ্বাসী ও, জানে দায়ানের জখম খুবই মারাত্মক, এতক্ষণে যদি মারা গিয়ে না থাকে, তার আর দেরিও নেই। তবে সত্যি মারা গেছে কি না নিশ্চিত হতে হবে ওদেরকে।

যাই হোক, ভাবল ও, আপাতত বেশ কটা দিন সাক্ষী হিসাবে

ওকে আদালতে হাজির করা সম্ভব নয় ।

প্রথম কাজ মেয়েটাকে নিরাপদ জায়গায় লুকিয়ে রাখা, তারপর তার কাছ থেকে ঠিকানা জেনে নিয়ে ফিরে গিয়ে দায়ানের ব্যবস্থা করা ।

গভীর বনভূমিতে ঢাকা বিরাট একটা উপত্যকায় পৌছাল ওরা, চারদিকে মাথা তুলে আছে আকাশ ছোঁয়া পাহাড় । ভাঙ্গচোরা একটা প্ল্যান্টেশন হাউসের সামনে থামল ওদের ক্যাডিলাক । চারদিকে বিশ মাইলের মধ্যে এটাই একমাত্র বাড়ি । দরজা খুলে নীচে নামল টোবিরা ।

কাঠের তৈরি দোতলা, বারান্দাটা চওড়া । বাড়ির ডান দিকে আগাছায় ভর্তি ছোট একটা ফাঁকা মাঠ, এককালে ওখানে চাষবাস করা হত । চারপাশে কিছু ফলের গাছ রয়েছে । এখানে যে মানুষ বাস করে তার প্রমাণ: এক বাঁক হাঁস-মুরগি চরে বেড়াচ্ছে ।

গাড়ির আওয়াজ শুনে যে লোকটা বারান্দায় বেরিয়ে এল তার বয়স ষাট-বাষ্পির কম না । লম্বা কাঠামো, দাঁড়াবার ভঙ্গিটা ঝজু, একরতি বাড়তি ঘেদ নেই শরীরে । সরু মুখ, চিবুকে অল্প একটু কঁচা-পাকা দাড়ি । গায়ে একজোড়া নোংরা ওভারঅল, খালি পা । লোকটা, ডম পেঞ্জো, ওদের পুরানো বস্ত্র ।

সার্কাস পার্টির রিং মাস্টার ছিল ডম পেঞ্জো । টোবি ব্রাদারদের মতই স্বাধীনচেতা, নিজের তৈরি আইনে জীবনযাপন করতে পছন্দ করে । টোবিরা সার্কাস ছেড়ে চলে আসবার ছ’মাস পর সে-ও কেটে পড়েছিল ওখান থেকে । বর্তমানে বিখ্যাত সব কোম্পানির নানা ধরনের প্রোডাক্ট নকল করে বাজারে বিক্রি করে ।

কিছুদিন লুকিয়ে থাকার জন্য গেটওয়ের এই প্ল্যান্টেশন আদর্শ মনে হওয়ায় পেঞ্জোকে ওরা আগেই কথাটা বলে রেখেছিল—কখন কী পরিস্থিতি হয় বলা যায় না, বিপদে পড়লে তোমার এখানে দিন কয়েকের জন্য মেহমান হতে পারি আমরা ।

অলিভাকে নিয়ে কী করা হবে তা ওরা পরে ঠিক করবে ।

আপাতত কিছুদিন এখানে লুকিয়ে রাখবে ওকে । ওদের ইচ্ছে হলো অসৎ আর লোভী কোনও উকিলকে ধরে এনে কিছু ডকুমেন্ট তৈরি করাবে, অলিভাকে দিয়ে সই করাবে সে-সব কাগজে, যাতে করে পাগলী মেয়েটার টাকা ব্যাঙ্ক থেকে তোলার পথ খুলে যায়, সেই সঙ্গে ওর বাকি সব সয়-সম্পত্তিও ওদের দখলে চলে আসে । ডম পেঞ্জো কঠিন পাত্র, ওর কাছ থেকে অলিভা পালাতে পারবে না ।

‘হ্যালো, বয়েজ,’ বলল পেঞ্জো, বারান্দার একটা থামে হেলান দিয়ে ওদেরকে দেখছে, চোখে সন্দেহে ভরা সতর্ক দৃষ্টি । ‘হঠাৎ কী মনে করে?’

জবাব না দিয়ে ক্যাডিলাকের পিছনের দরজা খুলল বাড়ি, অলিভাকে ধরে সাবধানে বের করে আনল সকালের ঝালমলে রোদে ।

আড়ষ্ট হয়ে গেল পেঞ্জো । ‘কী এটা? কিডন্যাপিং?’ জিজেস করল, থাম ছেড়ে পিছিয়ে গেল এক পা, কোমরে আঁটো করে বাঁধা কর্ডের ভিতর বুড়ো আঙুল টুকিয়ে বড়শির মত বাঁকা করল ।

‘না,’ বলল বাড়ি, অলিভাকে পাঁজাকোলা করে তুলে নিয়ে বারান্দার দিকে হেঁটে আসছে । ধাপ বেয়ে ওঠার সময় জানতে চাইল, ‘মিস হিল কোথায়?’

‘বাগানেই কোথাও আছে,’ বলল পেঞ্জো, ঘরে ঢোকার পথটা আগলে রেখেছে । ‘আমি কিডন্যাপিশের সঙ্গে জড়াব না, বাড়ি—দুঃখিত । ওটার সাজা মৃত্যুদণ্ডও ।’

‘এটা কিডন্যাপিং নয়,’ সংক্ষেপে বলল বাড়ি । ‘আগে একে নামাই, তারপর কথা বলি ।’

‘ভেতরে নয়,’ দৃঢ়কর্ষে বলল পেঞ্জো, নিজের জায়গা ছেড়ে নড়ল না । ‘ওই চেয়ারটায় বসাও ওকে । গন্ধটা কিডন্যাপিশের মত লাগছে আমার নাকে ।’

অগত্যা বাধ্য হয়ে ভাঙ্গচোরা বেতের চেয়ারটায় অলিভাকে

নামাল বাড়ি। অলিভা সিধে হয়ে বসার চেষ্টা করতে মচমচ করে উঠল ওটা। ওর মুখে হাত রেখে এত জোরে ধাক্কা দিল বাড়ি, ওকে নিয়ে বারান্দার মেঝেতে উল্টে পড়ল চেয়ারটা।

‘ওর ওপর নজর রাখো,’ ধাপ বেয়ে ফ্রিম্যানকে উঠে আসতে দেখে বলল বাড়ি, তারপর পেঞ্জ্রোর বাহ্টা ধরে বারান্দার আরেক মাথার দিকে এগোল।

অলিভাকে টেনে তুলল ফ্রিম্যান, তারপর চেয়ারটা খাড়া করে ওকে আবার বসাল তাতে। ‘চুপচাপ থাকো, সুন্দরী,’ সাবধান করে দিল। ‘এখানে কেউ যদি তোমার বন্ধু থাকে তো সে একমাত্র আমি। বাড়ি মেয়েমানুষ পছন্দ করে না, কিন্তু আমি করি। আমি দেখব তোমার যাতে কোনও ক্ষতি বা কষ্ট না হয়।’ মাথা থেকে হ্যাট নামিয়ে ছোট একটা চিরনি দিয়ে চুল আঁচড়াল। ‘আমার পছন্দের মেয়ে হতে কেমন লাগবে তোমার? বাড়িকে সব কথা জানাবার দরকার নেই।’

‘কে ওই মেয়ে?’ ওদিকে বাড়িকে প্রশ্ন করছে পেঞ্জ্রো। ‘যিশুর কিরে, বাড়ি, তুমি যদি আমাকে কিডন্যাপিঙ্গের সঙ্গে জড়াবার চেষ্টা করো...’

‘চেঁচিয়ো না,’ বলল বাড়ি, চোখে রাগ। ‘তোমার এখানে দিন কয়েকের জন্যে মেহমান হতে পারি, এটা তোমাকে আমরা আগেই জানিয়ে রেখেছি। সেজন্যে ফি বছর বেশ কিছু টাকাও দেয়া হয় তোমাকে। কাজেই জায়গাটা এখন আমরা ব্যবহার করব। না, ওকে আমরা কিডন্যাপ করে আনিনি।’

‘তা হলে?’

‘একটা মেন্টাল স্যানাটোরিয়াম থেকে পালিয়েছে। বিপদ থেকে রক্ষা করছি ওকে আমরা। এটাকে তুমি কিডন্যাপিং বলো?’

চোখ ঘুরিয়ে অন্যদিকে তাকাল পেঞ্জ্রো, মাথা চুলকাচ্ছে। ‘তুমি বলতে চাইছ মেয়েটা অলিভা কারমেন?’

হাসল বাড়ি। ঠাণ্ডা, চতুর, সেই সঙ্গে হিংস্রও বটে ওর নিঃশব্দ

হাসিটা। ‘ও, আচ্ছা, তুমি তা হলে শুনেছ।’

‘শোনেনি আবার কে! আমি কাগজ পড়ি। তা ওকে নিয়ে কী করছ তোমরা?’

‘লোকজন ওকে খুন করতে চাইছে, ওর টাকা আর সম্পত্তি মেরে খাওয়ার জন্যে,’ বলল বাড়ি। ‘আর আমরা ওকে সুস্থ করে তুলতে চেষ্টা করছি, এক সময় ও যাতে নিজের সবকিছু বুঝে নিতে পারে।’

‘এই যুগে এমন ফেরেশতাও আছে!’ বারান্দার আরেক মাথার দিকে তাকাল পেঞ্জ্রো। ‘ওভাবে বেঁধে রেখে?’

‘পাগল যে, নিজের কীসে ভাল তা-ও তো বোৰো না,’ বলল বাড়ি। ‘তার ওপর অতীতের কথা ওর কিছু মনেও নেই। পাগলদের সঙ্গে পশুর মত ব্যবহারই করা হয়। ওদেরকে শুধু খেতে দাও, তাতেই ওরা কৃতজ্ঞ বোধ করবে।’

‘পাগলদের সম্পর্কে তুমি বেশি কিছু জানো বলে মনে হচ্ছে না,’ বলল পেঞ্জ্রো, থুথু ফেলার জন্য রেইলিং ধরে বাইরের দিকে ঝুঁকল। ‘যাই হোক, সেটা তোমাদের ব্যাপার। এর মধ্যে আমার কী স্বার্থ?’

‘আমরা যা আয় করব, তার চারভাগের একভাগ পাবে তুমি।’

‘সেটা মেলা টাকা হতে পারে, আবার ঘোড়ার ডিমও হতে পারে,’ চেহারায় অস্বস্তি নিয়ে বলল পেঞ্জ্রো। ‘দেখো, সব না এলোমেলো হয়ে যায়।’

‘ধ্যাং, চুপ করো তো,’ বলল বাড়ি, হাতের দস্তানা খুলে পকেটে ভরল, তারপর ঘাড় ফিরিয়ে আগাছার উপর দিয়ে দূরে তাকাল। মেজাজটা হালকা হয়ে এসেছে ওর।

ওর দিকে তাকিয়ে আছে পেঞ্জ্রো, অসহায় ভঙ্গিতে কাঁধ ঝাঁকাল। ‘সবাই বলছে, মেয়েটা বিপজ্জনক,’ বলল ও। ‘হোমিসাইডাল।’

হেসে উঠল বাড়ি। ‘ভেড়া সেজো না, পেঞ্জ্রো। তুমি না

সিংহের খাঁচায় ঢুকে খেলা দেখাতে, ভুলে গেছ? তুমি আর হিলি খুব সহজেই সামলাতে পারবে ওকে।'

পেঞ্জার মুখের চামড়া টান টান হলো। 'হিলির কথা বাদ দাও, ওর কোনও সাহায্য পাওয়া যাবে না। আজকাল উন্ট সব কাজ করছে, শেষ পর্যন্ত সে-ও না পাগল হয়ে যায়।'

'কারও সাহায্য তোমার দরকারও নেই,' বলল বাড়ি। 'তেমন কামরা আছে, যেখানে তালা দিয়ে রাখা যায় মেয়েটাকে? নিরাপদ কোথাও?'

'আছে ওপরতলায় একটা। জানালায় গরাদ লাগানো। ওটা নিতে পার তোমরা।'

'ঠিক আছে, এখনই ওখানে রেখে আসা যাক ওকে,' বলল বাড়ি। 'আমাদের তাড়া আছে।'

অবাক হলো পেঞ্জো। 'তোমরা এখানে থাকছ না?'

'আমাদের কাজ আছে, একটা সমস্যার সমাধান করতে হবে,' বলল বাড়ি। চোখা, হলুদ দাঁত দেখা গেল মুহূর্তের জন্য। 'দিন দুই পর ফিরব।' পেঞ্জাকে নিয়ে বারান্দার আরেক দিকে যাচ্ছে ও, ফ্রিম্যানকে বলল, 'ওর মুখ থেকে টেপটা খুলে নাও। হাত-পাও খুলে দাও।'

অলিভার পায়ের কাছে মেঝেতে বসে রয়েছে ফ্রিম্যান, চেয়ারের হাতলে রেখেছে মাথাটা, ঢুলু ঢুলু চোখে দুনিয়ার স্বপ্ন আর মায়া। তবে বাড়ি কাছে চলে আসছে বুঝতে পেরে ব্যস্ত হয়ে পড়ল ও, কাজ দেখাবার জন্য টেপের একটা প্রান্ত ধরে এমন হ্যাঁচকা টান দিল যে অলিভার মাথাটা বাট করে ডান দিকে ঘুরে গেল।

ব্যথায় ককিয়ে উঠল অলিভার, সিধে হয়ে টোবি ব্রাদারদের মুখোমুখি বসল।

'ঠিক আছে, এবার কথা হোক,' বলল বাড়ি। 'দায়ান কোথায়? তাকে তুমি কোথায় রেখে এসেছ?'

'জানি না...মনে নেই...আমাকে নিয়ে আপনারা যা খুশি করতে পারেন,' বলল অলিভার।

হাসল বাড়ি। 'তার মানে জানো তুমি, মনেও আছে, কিন্তু বলতে চাইছ না।' কিছু বুঝতে না দিয়ে, হঠাৎ, ঠাস করে অলিভার গালে একটা চড় কষল ও। পটকা ফাটার মত আওয়াজ হলো। ব্যথায় গুণ্ডিয়ে উঠল মেয়েটা।

চেয়ারটা আবার উল্টে যেত, কিন্তু ফ্রিম্যান ধরে থাকায় পড়ল না। 'আরও মারো,' খিকখিক করে হেসে উঠে বাড়িকে উৎসাহ দিল ও। 'আমি ধরে আছি।'

অলিভার আরেক গালে চড় মারল বাড়ি, এটা আগের চেয়েও জোরে। ফুঁপিয়ে কেঁদে উঠল অলিভার।

ওর হাত আর পায়ের বাঁধন খুলে দিচ্ছে ফ্রিম্যান, ফিসফিস করে বলল, 'বাড়ির বিশ্বাস অর্জনের জন্যে তোমার ওপর একটু অত্যাচার করছি, সহ্য করো, লক্ষ্মীটি!'

এই সময় বারান্দার ধাপে নরম শব্দ হলো। ঘাড় ফিরিয়ে সেদিকে তাকাল ওরা। বারান্দায় উঠে ওদের দিকে এগিয়ে আসছে এক মহিলা—আসলে মেয়েদের কাপড় পরা একটা ফিগার। পরনের ক্ষাটো কতদিন ধোয়া হয়নি কে জানে। ব্লাউজটা এখানে-সেখানে ছেঁড়া। ওর গালে নাভি পর্যন্ত লম্বা দাঢ়ি। 'মহিলা'-র বয়স পঁয়তালিশ হলেও, দাঢ়ির একটা চুলও পাকেনি।

নিঃসঙ্গ জীবন ক'বছর আগে পর্যন্ত সার্কাসেই কেটেছে ওর। টোবিরা চলে যাওয়ার পর কোম্পানির আয় কমে যায়, দাঢ়ি দেখিয়ে দর্শকদের হাসির খোরাক হওয়ার চাকরিটাও তাই আর থাকেনি ওর। আপনজন বলতে এমন কেউ নেই যার কাছে আশ্রয় নেবে, তাই বাধ্য হয়ে পেঞ্জার সঙ্গে ভিড়ে গেছে, ওর রান্নাবান্না করে দেওয়ার বিনিময়ে থাকছে এখানে।

হিলিকে দেখে ঘৃণায় শিউরে উঠল অলিভার, তারপর ভয় পেয়ে চেঁচিয়ে উঠল।

সেটা থামতে খিকখিক করে হাসল ফ্রিম্যান। ‘তোমার বিশেষ আকর্ষণ ওর মন জয় করতে পারছে না, হিলি,’ বলল ও, দেখল অলিভার প্রতিক্রিয়া লক্ষ করে পিছিয়ে যাচ্ছে সে।

পকেট থেকে মোবাইল ফোন বের করে মেমোরি থেকে একটা বিশেষ নম্বর বের করছে বাডি।

দু’পা পিছিয়ে থামল হিলি, চোখে সহানুভূতি নিয়ে তাকিয়ে রয়েছে অলিভার দিকে। তারপর পাশে দাঁড়ানো পেঞ্জ্রোর দিকে তাকিয়ে ফিসফিস করে জিজ্ঞেস করল, ‘কে ও? ওরা ওকে এখানে নিয়ে এসে মারধর করছে কেন? ব্যাপারটা কী?’

পেঞ্জ্রো জানে টোবি ব্রাদারদের দু’চোখে দেখতে পারে না হিলি। ‘চুপ! ওদের ব্যাপারে তোমাকে মাথা ঘামাতে হবে না।’

‘তা ঘামাবার কোনও ইচ্ছেও নেই আমার,’ হিসহিস করে বলল হিলি। ‘তবে এটাও মনে রেখো, এখানে কোনও মেয়ের ওপর অত্যাচার হলে সেটা আমি সহ্য করব না।’

‘এই চুপ!’

নম্বরটা পেয়ে ডায়াল করছে বাডি, আড়চোখে অলিভার দিকে তাকিয়ে আছে। ‘কে, বার্টন?...এই তো...শোনো, হে, আমার হয়ে আশপাশের সবগুলো প্রাইভেট ক্লিনিকে খবর নাও, বুকে বুলেট নিয়ে কেউ চিকিৎসা নিচ্ছে কি না...না, আরও একটা কাজ করতে হবে তোমাকে...আহত একজন লোককে জঙ্গলের ভেতর কোথাও লুকিয়ে রাখা হতে পারে...বিশেষ করে খোঁজ নিতে হবে তিনি, আট আর বাইশ নম্বর লগিং ক্যাম্পে...’

‘বাইশ নম্বর’ শুনেই অলিভারে শিউরে উঠতে দেখল বাডি। অপলক হয়ে উঠল ওর দৃষ্টি, তারপর উল্লাসে চকচক করে উঠল চোখ দুটো।

‘...কারণ হাইওয়ের ধারে ওই লগিং ক্যাম্পগুলো পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে... ঠিক আছে, হ্যাঁ, বাইশ নম্বরটা এখান থেকে কাছে, ওখানে আমরাই যাচ্ছি।’

অকস্মাত চেয়ার ছেড়ে হিস্স বাঘিনীর মত বাডিকে লক্ষ্য করে লাফ দিল অলিভা। ওর চোখ দুটোকে টার্গেট করে খামচি দিয়েছিল, কিন্তু বাডির ভাগ্য ভাল নাগালের মধ্যে পেল না—ও লাফ দিতে যাচ্ছে বুবাতে পেরে বাট করে একপাশে সরে গেছে সে।

বাডি আর ফ্রিম্যান বাঁপিয়ে পড়ে আটকাল অলিভাকে, তারপরেও ওর সঙ্গে ধন্তাধন্তিতে পেরে উঠছে না। বাধ্য হয়ে ওদেরকে সাহায্য করতে এগিয়ে এল পেঞ্জ্রো। তিনজন মিলে টেনে-হিচড়ে সিঁড়ির মাথায় তুলল ওকে, তারপর একটা ঘরে ঢুকিয়ে বাইরে থেকে তালা লাগিয়ে দিল দরজায়।

দোতলা থেকে নীচে নেমে একটা ঘরের তালা খুলে ভিতরে ঢুকল বাডি, ওর পিছু নিয়ে ফ্রিম্যানও। দরজা বন্ধ করে মিনিট দশকে থাকল ওরা ওখানে। তারপর বেরিয়ে এল নতুন সুট, নতুন জুতো, নতুন টাই পরে।

ক্যাডিলাকে চড়ল ফ্রিম্যান। ওটাকে চালিয়ে বাড়ির পিছনে, গোলাঘরে নিয়ে গেল।

বারান্দার ধাপে বসে সিগারেট ধরাচ্ছে বাডি। ওর পিছনে এসে দাঁড়াল পেঞ্জ্রো, জিজ্ঞেস করল, ‘এখনই চলে যাচ্ছ?’

‘হ্যাঁ,’ বলল বাডি। পরিষ্কার একটা ঝুমাল দিয়ে মুখের ঘাম মুছল। ‘বাইশ নম্বর লগিং ক্যাম্পে আছে ও। এখান থেকে বেশি দূরে নয়।’

কে আছে তা আর জানতে চাইল না পেঞ্জ্রো। গোলাঘরের ভিতর থেকে শক্তিশালী একটা ইঞ্জিন স্টার্ট নেওয়ার আওয়াজ ভেসে এল। এক মুহূর্ত পর গাঢ় নীল রঞ্জের বড়সড় একটা বুইককে বাঁক ঘুরতে দেখল ওরা, সাবলীল ভঙ্গিতে বাডির পাশে এসে দাঁড়াল।

জানালা দিয়ে মাথা বের করে ফ্রিম্যান বলল, ‘আমি রেডি।’

নতুন পোশাক আর নতুন গাড়ির উপর একবার চোখ ঝুলিয়ে  
পেঢ়ো জানতে চাইল, ‘তোমরা কি বিপদের আশঙ্কা করছ?’

‘আগে গেছি, এরকম একটা জায়গায় আবার যাচ্ছি আমরা,’  
গাড়িতে ওঠার সময় বলল বাড়ি। ‘একই গেট-আপ দু’বার  
ব্যবহার করা কি ঠিক?’

‘ফিরতে দেরি হবে?’ জিজেস করল পেঢ়ো।

‘না। আজ, না হলে কাল,’ বলল বাড়ি। ‘পেঢ়ো?’

আড়ষ্ট হয়ে গেল পেঢ়ো। ‘বলো।’

‘ওকে দেখে রেখো, পেঢ়ো। দেখে রেখো মানে... দেখে  
রেখো। ফিরে এসে যদি দেখি ও নেই, তা হলে তুমিও থাকবে  
না।’

‘ও থাকবে,’ সংক্ষেপে বলল পেঢ়ো। ‘আমিও।’

‘থাকলেই ভাল,’ বলল বাড়ি। ‘গাড়ি ছাড়ো,’ নির্দেশ দিল  
ফ্রিম্যানকে।

## উনিশ

জিপ ছুটিয়ে বিশ মাইল পার হতে আধঘণ্টা লেগে গেল রানার।  
আরও দশ মিনিট লাগল পরিত্যক্ত লিঙ্গ ক্যাম্পটা খুঁজে বের  
করতে।

বনভূমির মাঝখান দিয়ে এগিয়েছে হাইওয়ে। জঙ্গল লাগোয়া  
একটা ফাঁকা জায়গা দেখা গেল সামনে, পরিত্যক্ত লিঙ্গ ক্যাম্প  
পর্যন্ত বিস্তৃত। ওটার গায়ে লেখা নম্বরটা পরিষ্কার পড়া গেল:  
২২। থামল না রানা, ওটাকে পাশ কাটিয়ে আরও সামনে  
এগোল।

একটু পর জিপটাকে জঙ্গলের ভিতর লুকিয়ে রেখে প্রথমে  
চারদিকটা দেখে নিল, নীচে নেমে ব্যাক-প্যাকটা পিঠে ঝুলাল,  
তারপর পায়ে হেঁটে গাছপালার ভিতর দিয়ে এগোল। পিছনদিক  
থেকে লিঙ্গ ক্যাম্পে পৌছাচ্ছে। কয়েকটা আধ ভাঙা কুঁড়েঘর  
পড়ল ওর সামনে, এক সময় ওখানে কাঠুরেরা থাকত।

দূর থেকে, ওগুলোর পাশে, খোলা জমিনের উপর দায়ানকে  
পড়ে থাকতে দেখল রানা। এরইমধ্যে ওকে ঘিরে ফেলেছে এক  
বাঁক মাছি।

হতাশা আর দৃঢ়খে ভরে উঠল ওর মন—এই ক্ষতি অনেক বড়  
আঘাত হয়ে বাজবে অলিভার বুকে। সাবধানে, চারদিকে চোখ  
রেখে এগোচ্ছে ও, হাতে বেরিয়ে এসেছে ওয়ালথারটা। সত্য  
মারা গেছে কি না নিশ্চিত হতে হবে ওকে।

দূরে কোথাও ইঞ্জিনের আওয়াজ হলো। তবে দৃষ্টিসীমার  
ভিতর কিছু নড়ছে না। অন্য কোনও শব্দও নেই। ধীরে ধীরে  
দায়ানের কাছে পৌঁছে গেল রানা।

প্রথমেই খেয়াল করল বুকটা ওঠানামা করছে না। অস্ট্রা  
বেল্টে গুঁজে রেখে ওর পাশে হাঁটু গাড়ল, এক হাতে বুকের ক্ষত  
থেকে মাছি তাড়াচ্ছে, আরেকটা হাত দায়ানের গলার পাশে রেখে  
পালস্ দেখছে।

হঠাতে শিরদাঁড়া খাড়া হয়ে গেল ওর। পালস্ আছে! তবে এত  
ক্ষীণ যে না থাকারই মত। চিকিৎসার ব্যবস্থা করতে পারলে  
এখনও হয়তো ওকে বাঁচানো সম্ভব।

দ্রুত আরেকবার চারদিকে চোখ ঝুলাল রানা। না, কারও  
সাহায্য পাওয়ার কোনও সম্ভাবনা নেই। সময় নষ্ট হয়ে যাচ্ছে,  
বুবাতে পেরে আর দেরি করল না, দায়ানকে পাঁজাকোলা করে  
তুলে নিয়ে জিপের দিকে সাবধানে এগোল ও।

বিশ পা-ও এগোয়নি, অকস্মাত দুটো গাছের আড়াল থেকে  
বেরিয়ে এসে রানার পথ আটকাল টোবি ব্রাদাররা, দুজনের

হাতেই পিস্তল।

ওদেরকে দেখে চমকে উঠলেও, একটু অন্যমনক্ষ হয়ে পড়ল রানা—কী যেন স্মরণ করবার চেষ্টা করছে ও, ভাবছে, ওরা ওদিক থেকে আসায় ওর অবাক লাগছে কেন! ওদিক থেকে আসায় কী যেন ঠিক মিলছে না।

তারপর মনে পড়ল ওর—ইঞ্জিনের আওয়াজটা ওদিক থেকে আসেনি।

‘যিশুর দয়া,’ বলল বাড়ি। ‘দুজনকে একসঙ্গে পেয়ে গেলাম।’

থিকথিক করে হেসে উঠল ফ্রিম্যান। ‘আর কেমন বেকায়দা অবস্থায়!'

হাত দুটোর উপর ভারী বোৰা থাকায় সম্পূর্ণ অসহায় রানা, জানে আত্মরক্ষার কোনও চেষ্টাই করতে পারবে না—দায়ানকে বাঁচানো তো আরও অসম্ভব। কিন্তু তা-ই বলে হাল ছেড়ে দিতে রাজি নয়। ‘শেষবার যখন দেখি, কালো ড্রেস পরে ছিলে তোমরা,’ বলল ও, তারপর জানতে চাইল, ‘তোমরাই কি সেই বিখ্যাত টোবি ব্রাদার?

‘হ্যাঁ—জন বাড়ি আর ফ্রেড ফ্রিম্যান,’ বলল বাড়ি। ‘আমরাও তোমাকে চিনি—ফি লাঙ্গ জার্নালিস্ট, রডরিক ফেদেরো। খামোখা ব্যক্তিগত ব্যাপারে জড়িয়ে পড়ে নিজের প্রাণটা খোয়াচ্ছ।’

‘তোমাদের সঙ্গে আমার কোনও বিরোধ নেই,’ বলল রানা, আলাপটা যতটা সম্ভব দীর্ঘ করে সময় পেতে চাইছে ও। ‘আমি অলিভার অভিভাবক, সেই সূত্রে দায়ানের শুভানুধ্যায়ী।’ ওদের দৃষ্টিকে ফাঁকি দেওয়ার সুযোগ পেলেই চোখের কোণ দিয়ে দু'দিকে নজর বুলাচ্ছে।

‘ও—সব দায়-দায়িত্ব থেকে এখনই রেহাই দিচ্ছি তোমাকে,’ বলে রানার মাথা লক্ষ্য করে পিস্তল তুলল বাড়ি। দেখাদেখি ফ্রিম্যানও—তবে, ও টার্গেট করেছে রানার বুক।

ওদেরকে মুহূর্তের জন্য অপ্রস্তুত করবার একটা আইডিয়া

এইমাত্র বাতিল করে দিল রানা। অকস্মাৎ দায়ানকে ওদের গায়ে ছুঁড়ে দিতে পারলে কোমরের বেল্ট থেকে পিস্তলটা টেনে নিতে পারত, কিন্তু না, তা সম্ভব নয়—প্রচণ্ড ঝাঁকি আর ধাক্কা থেয়ে সঙ্গে সঙ্গে মারা যাবে দায়ান, কিংবা ওদের কারও গুলি থেয়ে। ‘কিন্তু দায়ানের অপরাধটা কী?’ তাড়াতাড়ি জিজেস করল ও।

‘আমরা এসেছিলাম ওর ভাই যোসেফের খোঁজে,’ বলল বাড়ি। ‘যিশুর দয়ায় তাকে আমরা পেয়েও যাই। কিন্তু ওর কপাল মন্দ, তাকে নিয়ে আমরা কী করেছি ও তা দেখে ফেলেছে।’

‘তাতে কি? ওটা তো ওর অপরাধ হতে পারে না।’

‘আমরা নিজেদের কাজের কোনও সাক্ষী রাখি না,’ বলল বাড়ি, ‘সেজন্যেই আজও বেঁচে-বর্তে আছি।’

মরিয়া হয়ে ওদের মনোযোগ অন্যদিকে ফেরাবার একটা উপায় খুঁজছে রানা। ‘শুধু দেখে ফেলার জন্যে একজনকে মেরে ফেলতে হবে...আমার ধারণা, ডন বুমফিল্ড এ-কথা শুনলে তোমাদের ওপর অসন্তুষ্টই হবেন।’

বাড়ি আর ফ্রিম্যান চট করে দৃষ্টি বিনিয়য় করল।

‘ডন বুমফিল্ড?’ বলল বাড়ি, বেশ অবাক হয়েছে ও। ‘ওঁর কথা এখানে উঠছে কেন? তুমি জানলে কীভাবে...’

‘সব শুধু তোমরা জানবে, তা তো হতে পারে না,’ বলল রানা। ‘সাংবাদিক হলে বুমফিল্ডের সঙ্গে যখন খুশি দেখা করতে পার তুমি...’

‘এই, বাড়ি,’ এই প্রথম মুখ খুলল ফ্রিম্যান, ‘তুমি টের পাছ না, আমাদেরকে দেরি করিয়ে দিচ্ছে ও!'

‘তা কী আর পাছিনা,’ বলল বাড়ি, নিষ্ঠুর এক চিলতে হাসির রেখা ফুটল ওর ঠোঁটে। ‘গেট রেডি, ডিয়ার জার্নালিস্ট! ওয়ান...টু...’

রানা দেখল ওদের আঙুল ট্রিগারে চেপে বসছে।

এই সময় অকস্মাৎ কেউ ডাকল: ‘ম্যাডাম, ওদিকে!’

পরমুহূর্তে রানার ডান দিক থেকে একটা রাইফেল গর্জে উঠল।

গলার আওয়াজটা তখনও বাতাসে মিলিয়ে যায়নি, তার আগেই ডাইভ দিয়ে ঝোপের ভিতর ঢুকে পড়ল টোবিরা।

ক্ষিপ্রতা নয়, সতর্কতা অবলম্বনকে বেশি গুরুত্ব দিয়ে পিছাতে শুরু করেছে রানা, কাউকে সমুচিত সাজা দেওয়ার চেয়ে এই মুহূর্তে দায়ানের নিরাপত্তার দিকটাকে বড় করে দেখছে ও।

‘রানা, গেট ডাউন!’ ডান পাশ থেকে টিসা ফিলের চিকার ভেসে এল।

যত দ্রুত সম্ভব বিশ পা পিছিয়ে এসে একটা ঝোপের আড়ালে দায়ানকে সাবধানে শোয়াল রানা, তারপর ক্রল করে ফাঁকা জায়গায় বেরিয়ে আসবার সময় বেল্ট থেকে টেনে নিল ওয়ালথারটা।

কিন্তু গুলি করবার কোনও সুযোগ পাওয়া গেল না, কারণ যুদ্ধক্ষেত্রটা ওর দৃষ্টিসীমার বাইরে সরে গেছে। ওদিক থেকে শুধু রাইফেল নয়, একের পর এক পিস্টলের আওয়াজও ভেসে আসছে।

মিনিট দুয়েক পর থেমে গেল যুদ্ধটা। আবার নীরব হয়ে গেল জঙ্গলের পরিবেশ।

আরও ক’মিনিট পর দুজন সশস্ত্র গার্ডকে নিয়ে লগিং ক্যাম্পে ফিরছে টিসা, পথে দেখা হয়ে গেল রানার সঙ্গে—দায়ানকে দু’হাতের উপর নিয়ে জিপের দিকে চলেছে।

‘ধরতে পারলাম না,’ হাঁপাতে হাঁপাতে বলল টিসা। ‘এমন জায়গায় বুইকটা লুকিয়ে রেখেছিল, টেরই পাইনি। স্টার্ট দিয়ে চলে গেল...’

‘অসংখ্য ধন্যবাদ, টিসা,’ ক্রতজ্জিতে বলল রানা; থামেনি ও, দ্রুত পায়ে নিজের পথে হাঁটছে। ‘তোমরা ঠিক ওই সময় না এসে পৌছালে...’

পাশে চলে এসে রানার দিকে কটাক্ষ হানল টিসা। ‘কেউ

ব্যাকআপ হিসেবে দায়িত্ব দিলে আমি তাকে হতাশ করি না,’  
বলল ও। ওর দুই গার্ড ওদেরকে অনুসরণ করছে।

‘মানে?’ জিজ্ঞেস করল রানা।

‘ফোনে যখন বাইশ নম্বর লগিং ক্যাম্পের কথা বললে, তখনই  
বুঝতে পারি আমাকে তুমি ব্যাক-আপ টিম হিসেবে চাইছ।’

ব্যাপারটা ঠিক তা না হলেও, এ নিয়ে আর তর্ক করল না  
রানা, বলল, ‘তবে এখন আমি তোমাকে ব্যাক-আপ নয়, মূল  
টিমের অংশ হিসেবে দেখতে চাইছি, টিসা।’

‘মাই প্লেয়ার,’ বলল টিসা, তারপর জানতে চাইল, ‘দায়ানের  
কী অবস্থা?’

কথা না বলে মাথা নাড়ল রানা।

রোদে গরম হয়ে আছে বারান্দা, ঘর থেকে বেরিয়ে এসে একটা চেয়ারে বসে পা দুটো সামনে লম্বা করে দিল রানা, ক্লান্তিতে চোখ দুটো বুজে আসতে চাইছে। পাশের চেয়ার থেকে ওকে দেখছে টিসা।

‘কিছু দেব তোমাকে, রানা?’ জানতে চাইল ও।

‘ব্যাস্তি মেশানো ব্ল্যাক কফি হলে ভাল হয়,’ একটা হাই তুলে  
বলল রানা। ‘দরকার আসলে লম্বা একটা ঘুম। কিন্তু শেরিফের  
সঙ্গে তাড়াতাড়ি একবার দেখা না করলেও নয়।’

‘কফি দিচ্ছি, কিন্তু কোথাও যাবার আগে ডাঙ্গার ফ্লেচার কী  
বলেন শুনে যাও। আর ওই দুই খুনি সম্পর্কে কী জানো বলো  
আমাকে।’

‘ওরা টোবি ব্রাদার্স—মানিকজোড়—পেশাদার খুনি,’ বলল  
রানা। ‘কয়েক ডজন লোককে খুন করেছে, পেছনে কোনও কু বা  
সাক্ষী রাখে না। তবে এই প্রথম একটা ভুল করেছে। খুন হয়েছে  
যোসেফ, সেটা দেখে ফেলেছে ভাই দায়ান।’

‘এত সব তুমি জানলে কীভাবে?’

‘କିଛୁ ଆଗେଇ ଜାନତାମ, କିଛୁ ଦାୟାନେର ମୁଖେ ଶୁଣଲାମ । ପାଂଚ ମିନିଟେର ଜନ୍ୟ ଜାନ ଫିରେ ପେଯେ ଏହିମାତ୍ର ଆମାକେ ବଲଲ ଓ,’ ଜବାବ ଦିଲ ରାନା । ‘ଆଦାଲତେ ଓ ସାଙ୍ଗୀ ଦିଲେ ଟୋବି ବ୍ରାଦାରଦେର ନିର୍ଯ୍ୟାତ ମୃତ୍ୟୁଦଣ୍ଡ ହବେ । କାଜେଇ ଓରା ଏଥନ ଖୁନ କରାର ଜନ୍ୟ ପାଗଲେର ମତ ଖୁଜିବେ ଓକେ । ସେଜନ୍ୟେଇ କୋନ୍‌ଓ ହାସପାତାଲେ ନା ନିଯେ ଗିଯେ ଏଥାନେ ଏନେଛି ।

‘କୋଟେ ଦାଁଡିଯେ କଥା ବଲାର ମତ ଅବସ୍ଥା ନା ହେଁଯା ପର୍ଯ୍ୟନ୍ତ ଓକେ ଆମି ଆମାର ଏଜେନ୍ସିର ଏକଟା ସେଫ ହାଉସେ ଲୁକିଯେ ରାଖିବ । କିନ୍ତୁ କାହାକାହି ସେଫ ହାଉସଟାଓ ଏକଶୋ ମାଇଲ ଦୂରେ ହେଁଯାଯ ଆପାତତ ତୋମାର ଏଥାନେ ତୁଳେଛି ଓକେ ।’

ମାଥା ଝାକାଲ ଟିସା । ‘ଆମି ଚାଇ ଏଥାନେଇ ଥାକୁକ ଓ,’ ବଲଲ ସେ । ‘ଡାକ୍ତାର ଫ୍ଲେଚାରଓ ନିଚ୍ୟ ଚାଇବେନ ନା ରୋଗୀକେ ବେଶି ନାଡ଼ାଚାଡ଼ା କରା ହୋକ ।’

‘ତବେ ଝୁକ୍‌କି...’

‘କୀସେର ଝୁକ୍‌କି?’ ଜିଜ୍ଞେସ କରଲ ଟିସା । ‘ଦାୟାନେର ସଙ୍ଗେ ଆମାର କି କୋନ୍‌ଓ କାନେକଶନ ଆହେ ଯେ ଏଥାନେ ଓକେ ଖୁଜିତେ ଆସବେ ଖୁନିରା? ଏବାର ଅଲିଭାର କଥା ବଲୋ, କୀ ହେଁଯେଛେ ଓର?’

ଅସହାୟ ବୋଧ କରଛେ ରାନା, ଚୋଖେ-ମୁଖେ ତାରଇ ଛାଯା ପଡ଼ିଲ । ‘ଅନେକ ପରେ ଜାନତେ ପେରେଛି ଡାକ୍ତାର ମିଲଟନେର ବାଡିର କାହାକାହି କାଳୋ ଏକଟା କ୍ୟାଟିଲାକ ପାର୍କ କରା ଛିଲ । ଆମାର ମନେ ହଚ୍ଛେ ଟୋବିରା ଓକେ ଧରେ ନିଯେ ଗେଛେ ।’

‘ଶୁଣଲାମ ଟ୍ର୍ୟାକିଂ ପରେନ୍ଟ ପୁଲିଶ ସ୍ଟେଶନେ ଫାଁସି ଦେଯାର ଆୟୋଜନ କରା ହଚ୍ଛେ, ପୁରାନୋ ଆମଲେର କୀ ଏକଟା ନାଟକ ମଧ୍ୟସ୍ଥ କରା ହବେ,’ ବଲଲ ଟିସା । ‘ଚେଷ୍ଟା କରେ ଦେଖିଲେ ହୟ: ଏଥାନେଇ ଟୋବି ବ୍ରାଦାରଦେର ଝୋଲାନା ଯାଯ କି ନା ।’

‘ତାର ଆଗେ ଧରେ ବିଚାର କରତେ ହବେ ନା!’

‘ବାକିଟା ପରେ ଶୁଣବ, ତୋମାଦେର ଜନ୍ୟ କଫି ନିଯେ ଆସି,’ ବଲେ କିଚେନେର ଦିକେ ଚଲେ ଗେଲ ଟିସା ।

ଟିସା ଚଲେ ଯେତେଇ ହାଜିର ହଲେନ ଡାକ୍ତାର ଫ୍ଲେଚାର ।

‘ରୋଗୀର ଅବସ୍ଥା ଭଲ ନୟ,’ ସରାସରି ବଲଲେନ ତିନି । ‘ଯଥନ ତଥନ କିଛୁ ଏକଟା ହେଁ ଯେତେ ପାରେ । ତିନଦିନ ପର ବଲତେ ପାରବ କତ୍ତୁକୁ କୀ ଆଶା କରା ଯାବେ । ଏହି ମୁହୂର୍ତ୍ତେ ଓକେ ହାସପାତାଲେ ଭର୍ତ୍ତ କରା ଦରକାର ।’

‘ଓର ଜନ୍ୟେ ସେଟା ନିରାପଦ ନୟ,’ ବଲଲ ରାନା । ‘ଶେରିଫେର ସଙ୍ଗେ ଏଥାନେଇ ଆମି ବ୍ୟାପାରଟା ନିଯେ ଆଲାପ କରତେ ଯାଚିଛି, ମିସ୍ଟାର ଫ୍ଲେଚାର । କୋଥାଯ ଆହେ ଜାନତେ ପାରଲେ ଆବାର ହାମଲା ହବେ ଓର ଓପର । ଆପନାର ସମସ୍ତ ବିଲ ରାନା ଏଜେନ୍ସି ଦିଚେ, କାଜେଇ ଓର ଚିକିତ୍ସାର ବ୍ୟାପାରେ କୋନ୍‌ଓ ରକମ କାର୍ପଣ୍ୟ କରାର ଦରକାର ନେଇ । ଆପନି କି ରୋଗୀର ସଙ୍ଗେ ଥାକତେ ପାରବେନ, ଡଷ୍ଟର ଫ୍ଲେଚାର?’

‘ତା ସମ୍ଭବ ନୟ,’ ବଲଲେନ ଡାକ୍ତାର । ‘ତବେ ପ୍ରତିଦିନ ଦୁ’ବାର ଏସେ ଦେଖେ ଯାବ ଆମି । ନାର୍ସ କାର୍ଲା ଜାନେ କଥନ କି କରତେ ହବେ । ଗୋଟା ବ୍ୟାପାରଟା ଆସଲେ ଏଥନ ନିର୍ଭର କରଛେ ରୋଗୀର ସ୍ଟ୍ୟାମିନା-ର ଓପର—ଭାଲଇ ମନେ ହେଁଯେଛେ ଆମାର । ତବେ ପ୍ରଚୁର ରଙ୍ଗ ବେରିଯେ ଗେଛେ । ଘଟନାଟା ଆମାକେ ରିପୋର୍ଟ କରତେ ହବେ, ମିସ୍ଟାର ଫେଦେରା ।’

‘ଚଲୁନ, କଫି ଖେଯେ ନିଯେ ଏକସଙ୍ଗେଇ ବେରଙ୍ଗୁ,’ ବଲଲ ରାନା ।

## ବିଶ

ଶେ ବିକେଳେର ଦିକେ ସ୍ମୂମ ଥେକେ ଉଠେ ହାତ-ମୁଖ ଧୁଲୋ ହିଲି, ଚାଲ ଆର ଦାଢ଼ିତେ ଚିରନି ଚାଲାଲ, ତାରପର ପରିଷକାର ଏକ ସେଟ ନତୁନ କାପଡ଼ ପରଲ ।

ଓକେ ଓର କାମରା ଥେକେ ବେରଙ୍ଗୁତେ ଦେଖେ ଜ୍ଞ କୋଂଚକାଲ ପେନ୍ଡ୍ରୋ । ‘ତୋମାର ବ୍ୟାପାରଟା କୀ?’ କର୍ତ୍ତନ ସୁରେ ଜାନତେ ଚାଇଲ ସେ ।

‘ওকে দেখতে যাচ্ছ,’ দৃঢ়কষ্টে বলল হিলি। ‘একজন মেয়েমানুষের যত্ন দরকার ওর।’

‘নিজেকে তুমি মেয়েমানুষ বলো, কৃৎসিত কাকতাড়ুয়া?’  
খেঁকিয়ে উঠল পেঞ্জো। ‘তোমাকে দেখে ভয়েই না মরে যায় ও!'

মৃদু ঝাঁকি খেল হিলি। ‘আমি যাচ্ছ,’ বলল ও, এগিয়ে এসে পেঞ্জোর সামনে থামল। ‘চাবি দাও।’

‘ঠিক আছে, যাও,’ বলল পেঞ্জো, পকেট থেকে রিংসহ একটা চাবি বের করে ধরিয়ে দিল হিলির হাতে। ‘তবে কোনও রকম আইডিয়া মাথায় খেললে, সেটা বাদ দাও। বাতি কী বলে গেছে শুনেছ তো।’

‘আমার করার আছেটা কী? দুটো কথা বলব, দুঃখী মেয়েটার মন যাতে একটু ভাল হয়।’

‘কামরা থেকে বেরিয়ে দরজায় আবার তালা লাগাতে ভুলো না,’ বলল পেঞ্জো। ‘ওদিকে আমার অনেক কাজ পড়ে আছে।’  
বারান্দা থেকে নেমে বাড়ির গেটের দিকে চলে গেল ও।

সিঁড়ি বেয়ে দোতলায় উঠল হিলি। তালা খুলে দোরগোড়া থেকে কামরাটার ভিতরে তাকাল। ছেট একটা কামরা, ছেট দুটো জানালা দিয়ে রোদ চুকছে ভিতরে। ফার্নিচার বলতে লোহার একটা বেড, কাঠের মেঝের সঙ্গে পারাণগুলো কবজা দিয়ে আটকানো, একটা হাতলভাঙ্গা চেয়ার, ওয়াশ স্ট্যান্ড আর এক গামলা পানি—পানির উপর ধূলোর পুরু আস্তরণ জমেছে।

দোরগোড়ায় হিলিকে দেখে বিছানার এককোণে সরে গেল অলিভা, চোখে-মুখে আতঙ্কের ছাপ।

‘ভয় পেয়ো না, মা,’ নরম সুরে বলল হিলি, ঘরের ভিতর চুকে পড়ল। ‘তোমার কী লাগবে না লাগবে জানতে এলাম।’

ভয়ানক নার্ভাস হয়ে পড়েছে অলিভা। ‘না, আপনি যান! পিজ, আর এগোবেন না...’

‘আমি তোমার মতই একজন মানুষ। সার্কাসে ছিলাম...’

ফ্রিম্যান আর বাতির সঙ্গে।’

‘যান, পিজ...’

‘বেশ তো। কফি খাবে? আমি তোমার জন্যে এক কাপ কফি বানিয়ে আনি? নাকি চা খাবে?’ আগ্রহের সঙ্গে জানতে চাইল হিলি। ‘তোমার জন্যে সত্যি আমি দুঃখিত... আমরা মেয়েরা... পুরুষদের জন্যে সব সময় আত্মত্যাগ করে আসছি। এখানে তোমাকে আনা উচিত হয়নি ওদের...’

হঠাৎ মেরুদণ্ড সিধে করে বসল অলিভা। ‘কে আপনি?’  
তীক্ষ্ণস্বরে প্রশ্ন করল ও। ‘আমার কাছে কী চান?’

এক পা পিছাল হিলি। ‘আমি আসলে একজন শিল্পী—বিখ্যাত বিয়ার্ডেড লেডি। তোমার কাছে কিছুই চাই না। এসেছি একটু সহানুভূতি জানাতে... আমরা মেয়েরা যদি পরম্পরাকে সাহায্য না করিয়ে...’

ধপাস করে বিছানায় শুয়ে পড়ল অলিভা। ‘ওরা বুরো ফেলেছে দায়ান কোথায়... ওকে ওরা এখন মেরে ফেলবে...’

‘শাস্ত হও, আমি তোমাকে এক কাপ চা করে দিই...’

‘চিরকৃতজ্ঞ থাকব, আপনি যদি আমাকে এখান থেকে পালাবার ব্যবস্থা করে দেন।’ ফুঁপিয়ে উঠে বিছানায় উঠে বসল অলিভা। ‘পিজ, আমাকে বাঁচান! তা না হলে দায়ানকে আমি...’

হিলির চোখে-মুখে হতচকিত ভাব ফুটে উঠেছে। ‘না, তা কী করে হয়!’ তাড়াতাড়ি বলল ও। ‘আমি তো এ-সব ব্যাপারে নাক গলাই না। কষ্ট হলে আরামের ব্যবস্থা করতে পারি, কিন্তু কোনও ঝামেলায় জড়াই না। তোমাকে পালাবার সুযোগ করে দিলে, ওদের বাড়া ভাতে ছাই দিলে, ভয়ানক প্রতিশোধ নেবে ওরা আমার ওপর। ওরা তো মানুষ না!'

দুঃহাতে মুখ ঢাকল অলিভা। ‘দায়ানকে আমি ভালবাসি... ওরা ওকে মেরে ফেলবে...’

‘আহা, বেচারি! ভালবাস?’ ঘাড় ফিরিয়ে খোলা দরজাটা

একবার দেখে নিল হিলি। ‘এখানে দাঁড়িয়ে এ-সব কথা বলাটা সাংঘাতিক বোকামি হয়ে যাচ্ছে। যাই, তোমার জন্যে চা করে আনি।’ আরেকবার ঘাড় ফিরিয়ে দরজাটা দেখল। ‘মেইন রোড কিন্তু এখান থেকে বেশ দূরে। বাইরে বেরিয়ে ডান দিকে যেতে হয়,’ আপাতদৃষ্টিতে কোনও কারণ ছাড়াই কথাটা বলল ও। ‘হল-স্ট্যান্ড টাকা আছে...’ ঘুরে বেরিয়ে গেল কামরা থেকে, দরজা বন্ধ করে তরতর করে সিঁড়ি বেয়ে নামছে।

নড়ছে না, চুপচাপ বিছানায় বসে আছে অলিভা। তারপর হঠাৎ বুকের ভিতর ছেট একটা লাফ দিল হৃৎপিণ্ডটা। তালায় চাবি ঘোরানোর আওয়াজ তো পায়নি ও!

ধীরে ধীরে বিছানা থেকে নামল অলিভা। পা দুটো অসম্ভব দুর্বল লাগছে। কষ্ট হচ্ছে দম নিতে। পিতলের হাতলটা ধরে ঘোরাল ও। ঘুরল ওটা। দরজার কবাট খুলে গেল।

প্যাসেজে বেরিয়ে এসে এক মুহূর্ত দাঁড়িয়ে থাকল অলিভা, বিশ্বাস করতে পারছে না, ওকে এখান থেকে পালাবার সুযোগ করে দিয়েছে ওই বিকট চেহারার মহিলা।

পা টিপে টিপে সিঁড়ি মাথায় এসে দাঁড়াল ও। কাউকে দেখা যাচ্ছে না। তবে কিচেনটা বোধহয় সিঁড়ির নীচেই, ওদিক থেকে কাপ-পিরিচের আওয়াজ ভেসে আসছে।

ধাপ বেয়ে সাবধানে নামতে শুরু করল অলিভা।

ট্র্যাকিং পয়েন্ট পুলিশ স্টেশন। মেইন অফিস রংমের ডেকে পা তুলে দিয়ে বসে রয়েছেন শেরিফ কুপার, দু'সারি দাঁতের ফাঁকে চুরুট।

সলিস্টার ব্রেচারের প্রতিনিধি ব্যারিস্টার অ্যাডাম ক্লিপটন এইমাত্র বিদায় নিয়ে চলে গেছে। টক-বাল-মিষ্টি টাইপের আলাপ—কখনও উপভোগ করেছেন শেরিফ, কখনও ভয় পেয়েছেন, আবার মাঝে-মধ্যে লোভী হয়ে ওঠায় নিজেকে শালা-

বানচোত বলে গালমন্দ করতেও ছাড়েননি।

ঠিক এই সময় রডরিক ফেদেরাকে অফিসে ঢুকতে দেখে গন্তীর হাসি ফুটল শেরিফের মুখে। ‘ট্রাস্ট দুজনের প্রতিনিধিরা অভিযোগ করছেন, আপনিই নাকি পাগলীটাকে পালাতে সাহায্য করেছেন, মিস্টার ফেদেরা।’

‘স্বেচ্ছায় নয়,’ বলল রানা, একটা চেয়ার টেনে বসল। ‘আমার হয়তো খানিকটা ভুল হয়েছে, মিস্টার কুপার, কিন্তু আপনার লোকজনও দক্ষতার পরিচয় দিতে পারেনি।’

‘ব্যারিস্টার ক্লিপটন এরকমও সন্দেহ করছেন, আপনি সম্ভবত ভুয়া সাংবাদিক।’ রানার দিকে বাঁকা চোখে তাকিয়ে আছেন শেরিফ।

‘ওদেরকে বলবেন, ফেডারেল পুলিশ কিংবা এফবিআই গিলবার্টকে ইন্টারোগেট করলে থলের বিড়াল ঠিকই বেরিয়ে আসবে। আপনাকে আমি আগেই জানিয়েছি, অলিভাকে খুন করার জন্যে ক্রন্তো আর গিলবার্ট, এই দুই স্লাইপারকে ভাড়া করেছে সলিস্টার ব্রেচার আর ডন মারকাস। উদ্দেশ্য অলিভার সমস্ত টাকা-পয়সা আর সয়-সম্পত্তি মেরে দেয়া।’

‘এ-সব কিন্তু অত্যন্ত গুরুতর অভিযোগ,’ বললেন শেরিফ। ‘প্রমাণ করা সহজ নয়। তা ছাড়া, ভুলবেন না, প্রতিপক্ষ প্রতিশোধ নিতে পারে।’

‘ঠিক কী বলতে চাইছেন, শেরিফ?’ জিজ্ঞেস করল রানা।

এক মুহূর্ত পর জবাব দিলেন শেরিফ, ‘আইনের একজন রক্ষক হিসেবে আপনাকে সাবধানে চলাফেরা করার পরামর্শ দিচ্ছি।’

‘ধন্যবাদ,’ বলল রানা। ‘নিজেকে আমি রক্ষা করতে জানি। ও, আরেকটা ইনফরমেশন দিই আপনাকে,’ বলল ও। ‘টোবি ভাইদের কথা শুনেছেন কখনও?’

‘কেন শুনব না, তবে ওটা তো নেহাতই রূপকথা। টোবি

ব্রাদারদের কোনও অস্তিত্ব নেই। যে-কোনও অমীমাংসিত মার্ডার কেসে ওই দুই কাল্পনিক চরিত্রকে অ্যালিবাই হিসেবে ব্যবহার করা হয়।'

'ব্যাপারটাকে হালকাভাবে নেবেন না,' বলল রানা, নড়েচড়ে বসল চেয়ারে। 'ওদের যে শুধু অস্তিত্ব আছে তা-ই নয়, ওরা এখন এই এলাকাতেই। কাল রাতে দায়ানের ভাই যোসেফকে আগুনে পুড়িয়ে খুন করেছে ওরা, গুলি করে মারাত্মক জখম করেছে দায়ানকেও।'

'দায়ানের আবার ভাইও আছে? কই, কখনও শুনিনি তো!' শিরদাঁড়া খাড়া হয়ে গেল শেরিফের।

'ছিল, এখন নেই,' বলল রানা। 'নিউ ইয়র্কের ডন ব্রুমফিল্ডের কাজ করত যোসেফ, তার ব্যাক্সলুট্রে টাকা মেরে দিয়ে দায়ানের কাছে এসে লুকিয়েছিল। ওকে মারার জন্যে বাডি আর ফ্রিম্যানকে পাঠিয়েছিল ব্রুমফিল্ড।'

'কী কাণ্ড! কী সর্বনাশ!'

'এর মধ্যে আরও ব্যাপার আছে,' বলল রানা। 'টোবিরা আসার এক হশ্তা আগে উল্টে পড়া একটা ট্রাকের ভেতর অজ্ঞান হয়ে পড়ে থাকতে দেখে অলিভাকে নিজের রান্শে নিয়ে যায় দায়ান। সেই থেকে ওখানেই ছিল মেয়েটা।'

'হোয়ার্ট!' চেয়ার ছেড়ে দাঁড়িয়ে পড়লেন শেরিফ।

'ভুলে যাবেন না আপনার ব্লাডপ্রেশার আছে,' বলল রানা, ওর ঠোঁটে ক্ষীণ বিদ্রূপাত্মক হাসি। 'দায়ানের কোনও ধারণা ছিল না মেয়েটা কে, যোসেফ ওকে রান্শ থেকে বেরংতে দেয়নি। আর সম্ভবত মাথায় আঘাত পাওয়ায় স্মৃতিশক্তি হারিয়ে ফেলেছে অলিভা। নিজেকে সে চিনতে পারছে না।'

'গল্প শুনতে তো মন্দ লাগছে না, কিন্তু এত কথা আপনি জানলেন কীভাবে?' শেরিফের চোখে তীব্র সন্দেহ।

'দায়ানকে খুঁজে পেয়েছি আমি,' বলল রানা। 'ওর সঙ্গে

আমার কথা হয়েছে। রান্শ থেকে অলিভাকে নিয়ে পালাবার সময় বাডি ওর বুকে গুলি করে। আহত দায়ানকে বাইশ নম্বর লিঙ্গ ক্যাম্পে রেখে ডাক্তার মিলটনকে নিতে এসেছিল মেয়েটা।'

'কী কাণ্ড! তারপর?' জানতে চাইলেন শেরিফ। 'পাগলীটা এখন কোথায়?'

'আমার ধারণা টোবিরা ধরে নিয়ে গেছে ওকে,' বলল রানা। 'আমি চাই ওদেরকে ধরার জন্যে হান্ট শুরু করবেন আপনি। এক চিলে একাধিক পাখি মারার এই একটা সুযোগ আপনার।'

'হ্রম!' ঠিক উদ্বিগ্ন নয়, অন্যমনক্ষ দেখাচ্ছে শেরিফকে।

'আরেকটা কথা, ফিললেদের প্ল্যানটেশনে পুলিশ প্রোটেকশন দরকার। দায়ান ওখানে আছে, এটা কারও জানার সুযোগ নেই, তবে কোনওভাবে জানতে পারলে ওকে খুন করার জন্যে ওখানে ঠিকই হানা দেবে ওরা।'

লাফ দিয়ে চেয়ার ছাড়লেন শেরিফ। 'অসংখ্য ধন্যবাদ, মিস্টার ফেদেরা,' বললেন তিনি। 'সব আমার ওপর ছেড়ে দিন আপনি। লেফটেন্যান্ট মিচেলকে ফিললে প্ল্যানটেশনে পাঠাচ্ছি, সঙ্গে দুজন কনস্টেবল থাকবে। টোবি ব্রাদারদের ধরার জন্যেও চারদিকে জাল ফেলছি।'

নীচের বারান্দায় নেমে এসে কোথাও কাউকে দেখল না অলিভা। কিচেন থেকে এখনও কাপে চামচ নাড়াচাড়া করবার আওয়াজ ভেসে আসছে—চা বানাতে অস্বাভাবিক দেরি করছে দাড়িআলা মহিলাটি। প্রকৃতির কী উন্ট্রট খেয়াল, ভাবল ও; কিন্তু মানুষটা অসম্ভব ভাল—মানবতার খাতিরে নিজের বিপদ হবে জেনেও ওকে পালাবার সুযোগ করে দিচ্ছেন।

ধীর পায়ে হলরংমের দিকে যাচ্ছে অলিভা, দরজাটা আধ খোলা দেখতে পাচ্ছে। হল-স্ট্যান্ডের পাশে থামল ও, ওটার উপর

বিশ ডলারের নোট একটা নোট পড়ে রয়েছে। ওটা নিল ও, শুকনো আর ভঙ্গুর লাগল ওর নাৰ্ভাস আঞ্জলে।

ঘুৱতেই হিলিকে দেখতে পেল অলিভা, হাতে ট্রে নিয়ে কিচেনের দরজায় দাঁড়িয়ে রয়েছে। ওর দিকে তাকিয়ে নিঃশব্দে কাঁদছে সে, হাত দুটোর সঙ্গে ট্রেটাও কাঁপছে, মৃদু ঠনঠন আওয়াজ করছে পিরিচের উপর রাখা কাপ।

হঠাত আরেকটা আওয়াজ সম্পর্কে সচেতন হয়ে উঠল অলিভা—আশপাশের জঙ্গলে গাছ কাটছে কেউ।

হিলির দিক থেকে চোখ সরিয়ে নিয়ে ছুটল অলিভা, বারান্দা থেকে উঠানে নেমেও থামছে না। সামনে একটা কাঠের সাদা গেট দেখা গেল, একটু ঘূরে সেদিকে যাচ্ছে ও।

পার হয়ে এল গেট। নীরব, শেষ বিকেলের শান্তিময় পরিবেশটাকে নষ্ট করছে শুধু গাছ কাটার আওয়াজটা। কোন্দিকে যাবে বোাৱাৰ জন্য থামল অলিভা, চারদিকে চোখ বুলাচ্ছে। মনে পড়ল হিলি ওকে বলেছে—মেইন রোড কিন্তু এখন থেকে বেশ দূরে। বাইরে বেরিয়ে ডান দিকে যেতে হয়।

হঠাত খেয়াল করল অলিভা, জঙ্গলের ভিতরটা এখন একদম নীরব, গাছ কাটার শব্দ এখন আর হচ্ছে না। সরু পথ ধরে দ্রুত পায়ে ডানদিকে হাঁটা ধরল ও। বেশ কিছুদূর যাওয়াৰ পৰ গাছপালার ফাঁকে পাকা রাস্তা দেখতে পেল।

সেদিকেই যাচ্ছে, এমনি সময়ে বামদিকের সরু পথের বাঁক ঘুরে হঠাত বেরিয়ে এল পেঁড়ো, হাতে কুঠার—ওর থেকে পাঁচ হাত দূরে থমকে দাঁড়িয়েছে ওকে দেখে। চোখে রাজ্যের অবিশ্বাস, ভাব দেখে মনে হলো চোখ রগড়াতে যাচ্ছে। তারপর চেঁচিয়ে উঠল, ‘এই মেয়ে, কোথায় যাচ্ছ? এখানে কী করে এলে? যাও, নিজের ঘরে যাও!’

‘খবরদার!’ বলল অলিভা। ‘আমাকে ছোবেন না! আমি চলে যাচ্ছ...আপনি আমাকে বাধা দিয়ে রাখতে পারবেন না...’

‘কোথাও তোমার যাওয়া চলবে না,’ হাতের কুঠার ছেড়ে দিয়ে বলল পেঁড়ো, অলিভার দিকে হেঁটে আসছে। ‘আমি তোমাকে ওদের মত মারধর করতে চাই না, কিন্তু কথা না শুনলে বাধ্য হব...’

আবার মার খাওয়াৰ কথা শুনে শিউৰে উঠল অলিভা। তারপর হঠাত টের পেল, ভয়ে হাত-পা নাড়তে পারছে না ও।

এগিয়ে এসে ওর একটা কবজি খপ করে ধৱল পেঁড়ো।

লোকটার ছোঁয়া পেতেই অলিভার শরীরে যেন বিদ্যুৎ খেলে গেল। বন্দি বাধিনীৰ মত ধস্তাধস্তি শুরু করল ও। কিন্তু ওৱ চেয়ে পেঁড়োৰ গায়ের জোৱ অনেক বেশি, দুঃহাত দিয়ে জাপটে ধৰেছে ওকে।

সুযোগ পেয়েও পালাতে ব্যর্থ হয়েছে ও, ভাবল অলিভা, এ জন্মে দায়ানেৰ সঙ্গে আৱ বোধহয় ওৱ দেখা হলো না।

হঠাত অনুভব করল পেঁড়োৰ পেশিতে তিল পড়ছে। কী ব্যাপার? পেঁড়োৰ দৃষ্টি অনুসৰণ করে একপাশে তাকাল ও। দেখল হিলি দাঁড়িয়ে রয়েছে ওখানে—হাতে একটা ডাবল-ব্যারেল শটগান, প্রায় পয়েন্ট ব্ল্যাক রেঞ্জ থেকে সরাসৰি পেঁড়োৰ মাথার দিকে তাক কৰা।

‘ওকে ছেড়ে দাও,’ হিসহিস করে বলল হিলি। ‘পিংজ, ডম, ছেড়ে দাও ওকে।’

‘সৱে দাঁড়াও, হিলি!’ খেঁকিয়ে উঠল পেঁড়ো। ‘তুমিও কি পাগল হয়ে গেলে?’

অকস্মাৎ ভাঁজ কৰা হাঁটু দিয়ে পেঁড়োৰ কুঁচকিতে প্রচণ্ড একটা গুঁতো মারল অলিভা। ওকে ছেড়ে দিয়ে কুঁজো হয়ে গেল পেঁড়ো। পৱনুহূর্তে সিধে হয়ে দাঁড়িয়ে হাত বাঢ়াল ধৰবে বলে।

ঘূরে তীৰ বেগে রাস্তার দিকে ছুটল অলিভা। শুনতে পেল হৃষকি দিয়ে হিলি বলছে, ‘থামো, ডম, তা না হলে গুলি কৰতে বাধ্য হব আমি...’

তারপর গোটা বনভূমি কঁপিয়ে দিয়ে গর্জে উঠল শটগানটা ।  
একবারও পিছন ফিরে না তাকিয়ে পাকা সাইড রোডে উঠে  
এল অলিভা, রোডসাইন দেখে হাইওয়ের দিকে ছুটছে ।

## একৃশ

দু'তিনবার লিফট নিয়ে দশ মাইল পার হলো অলিভা, কিন্তু বাইশ  
নম্বর লগিং ক্যাম্পে পৌছাতে হলে আরও দশ মাইল যেতে হবে  
ওকে । মুশকিল হলো, সঙ্গে হয়ে যাওয়ায় হাইওয়ের গাড়িগুলোকে  
হাত দেখিয়ে আর থামানো যাচ্ছে না ।

রাতে একজন পুরুষ যদিও বা লিফট পায়, কোনও মেয়ে  
পাবে না, বিশেষ করে তাকে দেখে যদি বন্য বা মানসিক  
প্রতিবন্ধীর মত দেখায় ।

রাস্তার ধারে এক ঘণ্টারও বেশি অপেক্ষা করে ক্লান্ত হয়ে  
পড়েছে অলিভা । গাড়ির হেডলাইট দেখলেই হাত তুলছে, কিন্তু  
একটাও থামছে না, শঁ করে পাশ কাটিয়ে বেরিয়ে যাচ্ছে  
ড্রাইভার ।

তারপরেও হাল ছাড়ছে না অলিভা, ভাবছে কেউ না কেউ  
অবশ্যই থামবে । বাইশ নম্বর লগিং ক্যাম্পে ফিরে সেখানে আর

দায়ানকে পাবে বলে বিশ্বাস হচ্ছে না ওর, তবে প্রথমে ওকে  
ওখানেই যেতে হবে । কে জানে, ও পালিয়েছে জেনে টোবিরা  
হয়তো ওখানে ওর জন্য অপেক্ষা করবে ।

ওদের ফাঁদে ধরা দিতে ওর কোনও আপত্তি নেই, কারণ ধরা  
দিলে ওর জানার সুযোগ হবে দায়ানকে মেরে ফেলা হয়েছে কি  
না । আর মেরেই যদি ফেলে তা হলে ওর ধরা পড়া বা না পড়ায়  
কী এসে যায়!

দুই ঘণ্টা অপেক্ষার পর একজোড়া হেডলাইট ছুটে আসছে  
দেখে হাত তুলল অলিভা । অবশেষে বোধহয় থামতে যাচ্ছে  
একটা গাড়ি । বড়সড় ওয়াগান বলে মনে হলো, ধীরে ধীরে স্পিড  
কমিয়ে ওর কাছাকাছি এসে দাঁড়িয়ে পড়ল ।

‘হাই,’ অন্ধকার ক্যাব থেকে বলল ড্রাইভার । ‘তোমার  
বোধহয় লিফট দরকার?’

চোখে হেডলাইটের আলো পড়ায় ভাল দেখতে পাচ্ছে না  
অলিভা । মাথা ঝাঁকিয়ে বলল, ‘হ্যাঁ’ ভাবল, এই সুযোগ হাত  
ছাড়া করা চলবে না । লগিং ক্যাম্পে পৌছাতে পারলে এখনও  
হয়তো দায়ানকে দেখতে পাবে সে ।

ক্যাব থেকে নীচে নেমে কয়েক পা হেঁটে এল ড্রাইভার,  
অলিভার খুব কাছে এসে দাঁড়াল । অলিভা লক্ষ করল সাদা কেউ  
পরে আছে লোকটা ।

‘আজ আমার বৃহস্পতি তুঙ্গে,’ হেসে উঠল ড্রাইভার, উত্তেজনা  
চেপে রাখতে পারছে না । অলিভার ডান কবজিটা চেপে ধরে  
সামান্য মোচড় দিয়ে পিঠের কাছে নিয়ে গেল, ঘোরাল ওকে,  
ঠেলে নিয়ে যাচ্ছে গাড়ির দিকে ।

ওয়াগানের পিছনে নিয়ে এল ওকে, বলল, ‘ভেতরে আরেক  
পাগল আছে, তবে বেঁধে রাখা হয়েছে তাকে । খবরদার, দুজনে  
আবার মারামারি বাধিয়ে দিয়ো না ।’

অলিভার জানার কথা নয় লোকটা আসলে হিলসাইড মেন্টাল

স্যানাটোরিয়ামের ড্রাইভার। ওর নাম হ্যাকাবি। এক রোগীকে আনার জন্য ফ্রেয়নোতে গিয়েছিল। ওকে মাতাল মনে করে ভয়ে চেঁচিয়ে উঠল অলিভা।

‘অ্যাই, চেঁচামেটি করবে না!’ হসিমুখে তিরক্ষার করল হ্যাকাবি, দরজার তালা খুলে স্লান আলোয় কিছু দেখবার চেষ্টা করল, তারপর অ্যামবুলেন্সের ভিতরে ঠেলে দিল অলিভাকে।

দরজা বন্ধ করে ক্যাবে উঠল ও, ছেড়ে দিল গাড়ি। শিস দিচ্ছে খুশিতে।

অ্যামবুলেন্সের মেঝেতে আধ-বসা অবস্থায় পড়ে থাকল অলিভা কিছুক্ষণ। সিদ্ধে হয়ে বসতে যাবে, চরম আতঙ্কে স্থির হয়ে গেল ও।

স্ট্রেচারে এক মহিলা শুয়ে রয়েছে, তাকিয়ে আছে ওর দিকে! দেখতে সাধারণ, এলোমেলো একরাশ কালো চুল স্তূপ হয়ে আছে কাঁধের দু'পাশে। ওর শরীরের উপর দিকটা স্ট্রেইট-জ্যাকেট পরিয়ে বেঁধে রাখা হয়েছে স্ট্রেচারের সঙ্গে। পা দুটোও স্ট্রেচার-রেইলের সঙ্গে স্ট্র্যাপ দিয়ে বাঁধা। পাগলী!

কীসের যেন একটা উত্তেজনা আছে ট্র্যাকিং পয়েন্টে। মেইন রোড ধরে গাড়ি চালিয়ে যাওয়ার সময় টোবি ব্রাদাররা অনুভব করছে ব্যাপারটা। তবে চারদিকে চোখ বুলিয়েও উত্তেজনাকর কিছু খুঁজে পাচ্ছে না ওরা।

অন্ধকার কালো চাদরের মত ঢেকে রেখেছে ট্র্যাকিং পয়েন্টকে; বার, কাফে আর ওষুধের দোকান ছাড়া আর কোথাও আলো নেই। কিন্তু উত্তেজনা আছে: রাতের ঠাণ্ডা বাতাসে বুলছে—দেখতে পাওয়া না যাক, অনুভব করতে পারছে ওরা।

বিষয়টা চিন্তায় ফেলে দিয়েছে বাড আর ফ্রিম্যানকে, তবে এ নিয়ে নিজেদের মধ্যে কোনও আলাপ করছে না ওরা—কারণ কিছুটা সন্দেহ আছে ব্যাপারটা ওদের কল্পনা কি না।

সুযোগ পেয়েও নিজেদের ভুলে বাইশ নম্বর লগিং ক্যাম্পে দায়ানকে খুন করতে পারেনি ওরা। ওখান থেকে তাড়া খেয়ে পালিয়ে এসেছে এদিকে। তবে হার মানতে রাজি নয় কিছুতেই, নতুন শক্তি সঞ্চয় করে আবার তাকে খুঁজতে বেরংবে। ওদের এখন ঘূম দরকার, নিদেনপক্ষে বেশ কিছুক্ষণ বিশ্রাম।

ফ্রিম্যান গাড়ি চালাচ্ছে। মেইন রোড থেকে সাইড রোডে চুকল ও, পুলিশ স্টেশনকে পাশ কাটিয়ে হোটেলের দিকে যাচ্ছে।

থানার পথগুলি গজ দূরেই জেলখানা, উচু পাঁচিল দিয়ে ঘেরা। ওটার গেটের সামনে লোকজনের ছোট একটা জটলা দেখে বুইকের স্পিড কমাল ফ্রিম্যান।

নিজের অজান্তেই যেন বাড়ির হাত শোল্ডার হোলস্টারে পৌঁছে গেল, চোখের দৃষ্টি হয়ে উঠল শ্যেনপাথির মত তীক্ষ্ণ। তবে লোকজন একবার শুধু ওদের গাড়ির দিকে তাকাল, তারপর আবার জেলখানার দিকে ফিরল।

‘কী হচ্ছে?’ নিচু গলায় প্রশ্ন করল ফ্রিম্যান।

‘অস্তির হবার মত কিছু নয়,’ বলল বাড়ি। ‘হোটেলের পেছন দিক এটা, গ্যারেজটা কোথায় খুঁজে নিয়ে গাড়িটা লুকাও।’

গ্যারেজে গাড়ি রেখে হোটেলের সামনের দিকে যাচ্ছে ওরা। ছায়ার ভিতর দিয়ে সাবধানে এগোচ্ছে, তবে জটলার লোকগুলো কিছু একটা নিয়ে এত বেশি মগ্নি, ওদের দিকে তাকালই না। তাদের কারও কারও হাতে দু'একটা প্ল্যাকার্ড আর ব্যানারও দেখতে পেল ওরা। তবে ওগুলোয় কী লেখা আছে পড়বার সুযোগ হলো না।

রিসেপশন ডেক্সে খর্বকায় এক লোক বসে আছে, হাতে কোনও কাজ না থাকায় চওড়া গোঁফে মোম লাগাচ্ছে। কলম আর খাতাটা বাড়ির দিকে ঠেলে দিয়ে জিজেস করল, ‘একটা ডাবল রুম, নাকি দুটো সিঙ্গেল?’

‘ডাবল,’ বলে খাতায় দুজনের নাম লিখল বাড়ি। সই করল।

কলমটা নিল ফ্রিম্যান, কান্সনিক নাম দুটো দেখল, তারপর দিতীয়টার নীচে সই করল।

‘কাল সকাল সাড়ে আটটায় কফি আর গরম রোলস পাঠাবেন,’ রিসেপশনিস্টকে বলল বাড়ি। ‘সঙ্গে খবরের কাগজ।’

একটা কাগজে নেট নিয়ে বেল বাজাল রিসেপশনিস্ট।

বেল-বয়ের বয়স বেশি না হলেও চোখের নীচে কালি জমেছে, তবে ওর হ্যাটটা দেখে বাড়ির মনে হলো কোনও ফ্যাশন শো-তে অংশ নিতে যাবে। ওদের পেটমোটা ব্যাগটা নিয়ে মান্দাতা আমলের এলিভেটরের দিকে এগোল সে। ওটার দরজায় কবাট নেই, তার বদলে গ্রিল দিয়ে ঘেরা।

এলিভেটরে ঢড়ে উপরতলায় উঠছে ওরা, কাঠের উপর হাতুড়ি ঢোকার ভেত্তা আওয়াজ শুরু হলো কোথাও—ভেঙে খান খান হয়ে গেল হোটেলের নীরবতা।

‘মঞ্চ বানাচ্ছে,’ বেল-বয় বলল, উত্তেজনায় চকচক করছে ওর চোখ দুটো।

‘কীসের মঞ্চ?’ জিজেস করল ফ্রিম্যান।

‘বোলানোর জন্যে,’ বলল বেল-বয়। এলিভেটর থামতে গ্রিল সরিয়ে করিডরে নামল। ‘আপনারা শোনেননি?’

সতর্ক চোখে ওর দিকে তাকিয়ে থাকল ওরা দুজন, তারপর পিছু নিয়ে বেরিয়ে এল করিডরে। ক্ষাই-বু পা’জামা আর সাদা সিঙ্ক টপ পরা একটা মেয়ে ওদেরকে পাশ কাটাল, ঠোঁটে সিগারেট ঝুলছে—ওদের দিকে তাকাল ও, চোখে নীরব হাসি।

ফ্রিম্যান ওকে দেখতেই পেল না। ‘কী বোলানোর জন্যে?’ বেল-বয়কে প্রশ্ন করল ও।

‘আমাদের রুম কোনটা?’ জানতে চাইল বাড়ি, হঠাৎ ব্যস্ত হয়ে উঠেছে। ‘এই, রুমটা দেখাও।’

করিডর ধরে আরেকটু এগিয়ে এসে একটা কামরার সামনে দাঁড়াল বেল-বয়, তালা খুলে আলো ঝুলল। মাঝারি আকারের

একটা কামরা। দু’পাশে দুটো বেড, একটা টেবিল, দুটো চেয়ার। একপাশে বাথরুমের দরজা।

‘কী বোলানো হবে?’ আবার জিজেস করল ফ্রিম্যান, কামরার দরজা বন্ধ করছে।

ট্রাউজারের পিছনে হাত ঘষল বেল-বয়, ওর চোখ-মুখ বলছে ভাল কোনও খবর দিতে যাচ্ছে। ‘আপনারা ইক্সাপনের টেক্কার নাম শোনেননি?’ জানতে চাইল ও। ‘বিখ্যাত সিরিয়াল কিলার গার্থ-এর কথা বলছি। তাকে নিয়ে লেখা বইও পড়েননি? সতেরজন টিন-এজার মেয়েকে রেপ করে সে, তারপর মেরে ফেলে। প্রতিটি লাশের সঙ্গে একটা করে ইক্সাপনের টেক্কা রেখে যেত গার্থ। ওই সৃত্র ধরেই তাকে অ্যারেস্ট করে পুলিশ, তারপর ফাঁসিতে ঝোলায়।’

‘ফাঁসিতে বোলানো হয়ে গেছে?’ জিজেস করল ফ্রিম্যান, হতভম্ব দেখাচ্ছে ওকে। ‘তা হলে আবার কীসের মঞ্চ তৈরি হচ্ছে?’

‘আরে, ধ্যাত, আমিও যেমন!’ নিজেকে তিরক্ষার করল বেল-বয়। ‘আসল কথাটাই এতক্ষণ বলা হয়নি। কাল রাতে গার্থকে নিয়ে লেখা একটা নাটক মঞ্চস্থে করা হবে জেলখানার ভেতরে—পুলিশ ও কয়েদীরা অভিনয় করবে তাতে, বুকলেন।’

‘কিন্তু ব্যানার আর প্ল্যাকার্ড হাতে জেলখানার সামনে লোকজন ভিড় করেছে কেন?’ জিজেস করল ফ্রিম্যান।

‘ওদের যত ঢং!’ তাচ্ছিল্যের সঙ্গে বলল বেল-বয়।

‘মানে?’

‘ওরা মানবাধিকার কর্মী, মৃত্যুদণ্ড-বিরোধী প্রচারণা চালাচ্ছে,’ জবাব দিল বেল-বয়। ‘ভেবে দেখুন কী আবদার, বলছে—কোনও মানুষকে ফাঁসিতে বোলানো হচ্ছে, এই দৃশ্য এমনকী মঞ্চ-নাটকেও দেখানো যাবে না—বিশেষ করে কোনও জেলখানায়। আমি তো বলি এ-ধরনের অপরাধীকে শেয়াল-

কুকুরকে দিয়ে খাওয়ানো উচিত...'

'বেরিয়ে যাও,' ওর দিকে না ফিরেই বলল বাড়ি।

অবাক হয়ে তাকিয়ে থাকল বেল-বয়। 'আমি কোনও ভুল করেছি, স্যর?'

'তুমি যাও!' সুর নরম করল বাড়ি।

অস্ত পায়ে দরজার কাছে চলে গেল বেল-বয়, খানিক ইতস্তত করে ঘাড় ফিরিয়ে তাকাল ওদের দিকে। দুজনেই দেখছে ওকে; ওদের সর্তক, অপলক দৃষ্টি বেশ ভয় পাইয়ে দিল ছেলেটাকে— ওর অনুভূতি হলো, যেন কোনও অন্ধকার কবরস্থানে পথ হারিয়ে ফেলেছে; বেরোবার গেট খুঁজে পাচ্ছে না।

বেল-বয় চলে যাওয়ার পর ব্যাগটা তুলে বিছানার দিকে ছুঁড়ে দিল বাড়ি।

কামরার মাঝখানে স্থির হয়ে দাঁড়িয়ে রয়েছে ফ্রিম্যান। হাতুড়ি পেটার ভোঁতা আওয়াজটা এখনও ওর মনোযোগ ধরে রেখেছে। 'ভাবছি ফাঁসিতে বুলতে কেমন লাগে,' হঠাৎ করে বলল ও।

'এ নিয়ে কখনও কিছু ভাবিনি আমি,' বলল বাড়ি, ব্যাগের ভিতর ঢেকানো হাতটা মুহূর্তের জন্য স্থির হয়ে গেল।

'ফাঁসি হোক আর ইলেকট্রিক চেয়ার,' বলল ফ্রিম্যান, 'প্যাসেজ ধরে একসময় নিতে আসবে তোমাকে, অথচ তোমার কিছু করার থাকবে না। তখন তুমি খাঁচায় বন্দি একটা জানোয়ার ছাড়া কিছু নও।'

কাপড় পাল্টাচ্ছে বাড়ি, কিছু বলছে না।

'এই অবস্থায় আমরাও পড়তে পারি, বাড়ি,' বলল ফ্রিম্যান, ঘেমে ওঠায় কপালটা চকচক করছে।

'শুয়ে পড়ো,' বলল বাড়ি।

বিছানায় না ওঠা পর্যন্ত আর কোনও কথা হলো না। আলো নিভিয়ে দিল বাড়ি, তারপর অন্ধকার থেকে ওর কণ্ঠস্বর ভেসে এল, 'ভাবছি ফেদেরাকে কোথায় পাওয়া যাবে। জানতে হবে

দায়ানকে কোথায় লুকিয়েছে সে, আর দায়ান মুখ খুলেছে কি না।'

ফ্রিম্যান কিছু বলছে না, এখনও হাতুড়ি পেটানোর আওয়াজ শুনছে। খানিক পর জিজ্ঞেস করল, 'এই আওয়াজটা কি থামবে না?'

ওর গলার কাঁপুনিটা টের পেল বাড়ি। 'কাজটা শেষ হলেই থামবে,' বলল ও। 'তুমি ঘুমাও।'

কিন্তু ফ্রিম্যানের চোখ থেকে ঘূম উধাও হয়ে গেছে। শব্দটা না শুনে পারছে না ও। প্রতিটি হাতুড়ির বাড়ি কানে নয়, যেন ওর ম্লায়ুতে আঘাত করছে। বাড়ির শ্বাস-প্রশ্বাসের হালকা ছন্দও প্রবল চাপ সৃষ্টি করছে ওর মনে। বাড়ির উপর রাগ হচ্ছে ওর, ভাবছে এরকম পরিবেশে কেউ ঘুমায় কীভাবে! রাগ হচ্ছে নিজের উপরও—ভয় পাওয়ায়, ওর ম্লায়ু বাড়ির মত অত শক্ত নয় বলে।

হঠাৎ একসময় বন্ধ হয়ে গেল হাতুড়ির আওয়াজ। কিন্তু তারপরেও ঘুমাতে পারছে না ফ্রিম্যান। খানিক পর অকস্মাত বিকট একটা শব্দ হতে ঝট করে বিছানায় উঠে বসল ও, হাত বাড়িয়ে আলোটা জ্বালল। 'কী হলো...কীসের শব্দ?' ফিসফিস করল।

ঘূম ভেঙে গেল বাড়ির। সম্পূর্ণ সজাগ ও, এতুকু বিচলিত নয়। 'ওরা ট্র্যাপটা টেস্ট করে দেখছে,' শান্তভাবে বলল ও।

'ও, হ্যাঁ,' বলল ফ্রিম্যান। 'আমি বুঝতে পারিনি।' আলোটা নিভিয়ে দিল ও।

এবার টৌবি ব্রাদারদের কেউই ঘুমাতে পারছে না।

অতীতে ফিরে গেল ফ্রিম্যান। যে-সব মানুষকে খুন করেছে তাদের চেহারা অন্ধকারে ভেসে বেড়াতে দেখছে। ঘিরে ফেলেছে ওকে। ক্রমশ ছোট করে আনছে বৃন্তাকে।

বাড়ি ঘুমাতে পারছে না ফ্রিম্যানের কথা ভেবে। বেশ কিছুদিন হলো ওকে বিশেষভাবে লক্ষ করছে সে। বাইরে কোনও লক্ষণ প্রকাশ না পেলেও, তার সন্দেহ, ধীরে সাহস হারাচ্ছে

ফ্রিম্যান। মন বলছে, পার্টনার হিসাবে ওকে আর খুব বেশিদিন সঙ্গে রাখা যাবে না।

চিন্তাটা বিরত করছে বাড়িকে, কারণ বহু বছর ধরে ফ্রিম্যানকে চেনে ও। সেই স্কুল-জীবন থেকে একসঙ্গে ছুরি ছুঁড়তে শিখেছে ওরা।

তবে খানিক পর দুজনেই ঘুমিয়ে পড়ল। পরদিন সকালে ঘুমও ভাঙল সাড়ে আটটায়, ঠিক যখন রূম সার্ভিস ওদের জন্য ব্রেকফাস্ট আর খবরের কাগজ নিয়ে এসেছে।

কফি শেষ করে শাওয়ার সারল বাড়ি, দাঢ়ি কামিয়ে কাপড়চোপড় পরল, কামরা থেকে বেরুবার আগে বলল, ‘একটু পরেই ফিরব। তুমি কোথাও যেয়ো না।’

বিছানায় বসে নাস্তা খাওয়ার পর আবার শুয়েছে ফ্রিম্যান। কথা না বলে শুধু মাথা ঝাঁকাল।

জিপটা রাস্তার ধারে পার্ক করল রানা, ধাপ বেয়ে পুলিশ স্টেশনে উঠতে যাচ্ছে। এই সময় ওকে দেখতে পেয়ে রাস্তার ওপার থেকে রেন্ট-আ-কার কোম্পানির মালিক জন ম্যাক ডাকল : ‘মিস্টার ফেদেরা!’ রাস্তা পার হয়ে দ্রুত ওর কাছে চলে এল লোকটা। নিশান জিপটার বদলে আরও ভাল একটা গাড়ি নেবার জন্য সাধছে ওকে।

হোটেলের পিছন থেকে বেরিয়েই বাড়ি শুনতে পেল—‘মিস্টার ফেদেরা!’ সঙ্গে সঙ্গে সরে গিয়ে একটা ট্রাকের পিছনে দাঢ়াল ও।

গাড়ি বদলাতে রাজি হলো না রানা; ম্যাকের কাছ থেকে বিদায় নিল, ধাপ বেয়ে থানায় ঢুকছে।

রাস্তা পার হয়ে নিজের অফিসে ফেরত আসছে ম্যাক, তার দিকে এগোল বাড়ি।

‘এইমাত্র যার সঙ্গে কথা বললেন, ভদ্রলোক মিস্টার রডরিক

ফেদেরা না?’ জানতে চাইল ও।

থমকে দাঁড়িয়ে বাড়িকে ভাল করে দেখল ম্যাক, তারপর মাথা ঝাঁকাল। ‘হ্যাঁ,’ বলে পাশ কাটিয়ে চলে গেল।

‘ধন্যবাদ,’ বলল বাড়ি, তারপর ঘুরে রাস্তা পেরিয়ে তাড়াতাড়ি হোটেলে ফিরে এল।

ইতিমধ্যে ঘুমিয়ে পড়েছে ফ্রিম্যান, ধাক্কা দিয়ে ওকে ওঠাল বাড়ি। ‘ওঠো, জলদি!

‘কী হলো?’ ধড়মড় করে বিছানায় উঠে বসল ফ্রিম্যান।

ওয়ার্ড্রোব থেকে ব্যাগ বের করে ভিতরটা হাতড়াচ্ছে বাড়ি। হোমিং ডিভাইস সহ খুন্দে একটা ব্লিপার বের করল, ফ্রিম্যানের হাতে ধরিয়ে দিল শুধু ব্লিপারটা। ‘থানার সামনে একটা তোবড়ানো জিপ দাঁড়িয়ে আছে। ব্লিপারটা ওর তেতর কোথাও লুকিয়ে রেখে এসো।’

‘কেন, কার জিপ ওটা?’ বিছানা থেকে নেমে দ্রুত কাপড় পরছে ফ্রিম্যান।

‘ফেদেরার,’ সংক্ষেপে জবাব দিল বাড়ি। ‘ওর পিছু নিলে জানা যাবে কোথায় আছে দায়ান।’

মাথা ঝাঁকিয়ে কামরা ছেড়ে বেরিয়ে গেল ফ্রিম্যান।

‘এই যে, মিস্টার ফেদেরা—আসুন।’

‘নতুন কোনও খবর আছে, মিস্টার কুপার?’ পুলিশ স্টেশনের মেইন রুমে ঢুকে শেরিফকে জিজ্ঞেস করল রানা, একটা চেয়ার টেনে বসল।

‘আছে, তবে তেমন গুরুত্বপূর্ণ কিছু নয়,’ বললেন শেরিফ। ‘মডেস্টো পুলিশ স্টেশনে হাজির হয়ে ট্রাস্ট-এর প্রথম সান্ধী ডক্টর পেরি প্রেস্টন আর সদস্য মাসুদ রানা সলিসিটর হাওয়ার্ড ব্লেচার আর মারিয়ো মারকাসের বিরুদ্ধে প্রতারণা আর জালিয়াতির অভিযোগ এনে মামলা করেছেন।’

যেহেতু নিজে জড়িত, সবই জানে রানা। ‘গুরুত্বপূর্ণ নয় বলছেন কেন?’ বলল ও। ‘মারকাসকে ট্রান্সিট বোর্ডের সদস্য করার জন্যে সাক্ষীদের ভুল বুঝিয়ে সহ আদায় করেছে ঝেচার। একজন মাফিয়া ডন ওই বোর্ডের বৈধ সদস্য হতে পারে না, অথচ ওর সহ ব্যবহার করে ব্যাঙ্ক থেকে অলিভার টাকা তুলে নিচ্ছিল। স্টো তো বন্ধ হলো।’

‘বন্ধ হলো মানে?’ বিস্মিত দেখাল শেরিফকে।

‘ও, আপনি শোনেননি!’ বলল রানা। ‘ওই দুই সদস্যের উকিলরা কোর্ট থেকে স্টে অর্ডার আদায় করে নিয়েছেন, অর্থাৎ, পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত অলিভার টাকা ব্যাঙ্ক থেকে আর তুলতে পারবে না ওরা।’

‘হ্ম,’ একটু যেন গন্তব্য হয়ে গেলেন শেরিফ। ‘তবে ব্যাঙ্ক থেকে ইতিমধ্যে কম টাকা তোলেননি..আর মেয়েটার যা কিছু আছে সব একসময় ওঁরাই পেয়ে যাবেন—কারণ ওই মেয়ে যদি বেঁচেও থাকে, কখনও সুস্থ হবে বলে তো মনে হয় না।’

‘ওর সঙ্গে কথা বলে আমার কিন্তু ওকে পাগল বলে মনে হয়নি,’ বলল রানা। ‘কখনও যদি শোনা যায় ওর ভুল চিকিৎসা হয়েছে, একটুও আশ্চর্য হব না। যাই হোক, টোবি ব্রাদারদের কোনও খবর পেলেন?’

মাথা নাড়লেন শেরিফ। ‘ওদের কালো ক্যাডিলাকটা যেন বাতাসে মিলিয়ে গেছে। পাগলীটারও কোনও হাদিস নেই। খুব দুশ্চিন্তা হচ্ছে, বুবলেন! টোবিরা যদি মেয়েটার সন্ধান পেয়ে থাকে, ওকে কি তারা বাঁচিয়ে রাখবে? হয়তো দায়ানকে না পাবার আক্রোশ মেটাবে ওর ওপর।’ চুরুট ধরাবার সময় রানার দিকে আড়চোখে একবার তাকালেন তিনি।

রানা বলল, ‘শুনলাম কোর্ট থেকে জামিন পেয়ে গেছে গিলবার্ট।’

‘হ্যাঁ।’

‘পুলিশই দায়ী,’ শান্ত সুরে বলল রানা। ‘কারণ কেসটা আপনারা ভালভাবে সাজাতে পারেননি।’

‘সেজন্যে পুলিশকে আপনি দোষ দিতে পারেন না,’ বললেন শেরিফ। ‘কেস তো পুলিশ লড়ে না, লড়েন সরকারী উকিল।’

‘উকিলকে লড়তে হয় পুলিশী তদন্ত থেকে পাওয়া তথ্য আর এভিডেন্সকে পুঁজি করে,’ বলল রানা। ‘সে-সব যদি অসম্পূর্ণ বা দুর্বল হয়, তাঁর কিছু করার থাকে না। আমার কানে এসেছে, গিলবার্টের কাছ থেকে রাইফেল উদ্ধার করার ব্যাপারটা আপনাদের তদন্ত রিপোর্টে স্পষ্ট করে বলা হয়নি, তারই সুযোগ নিয়ে গিলবার্টের উকিল বলতে পেরেছে, পুলিশ ওর কাছ থেকে কোনও রাইফেল উদ্ধার করেনি।’

এক মুহূর্ত পর শেরিফ বললেন, ‘কাজ করতে গেলে ভুলভাল হতেই তো পারে।’

‘কোনও খবর পেলে জানাবেন, ফোন নম্বর তো আছেই,’ বলে চেয়ার ছাড়ল রানা।

পুলিশ স্টেশনের বাইরে বেঁচে পথগুশ গজ দূরে একটা জটলা দেখতে পেল রানা। প্রাণদণ্ড বিরোধী মানবাধিকার কর্মীরা আজও জেলখানার ভিতরে ফাঁসির মঞ্চ তৈরির প্রতিবাদ জানাতে এসেছে।

## বাইশ

নিজেদের হোটেল রুমে টোবিরা যখন ঘুমাবার চেষ্টা করছে, হিলসাইড স্যানাটোরিয়ামের ড্রাইভার হ্যাকাবি তখন অন্ধকার রাস্তা ধরে অ্যামবুলেন্স ছুটিয়ে ফিরে আসছে মডেস্টো শহরে।

আনন্দ আর উল্লাসে কানায় কানায় পূর্ণ হয়ে আছে ওর অন্তর।

নির্জন রাস্তা ধরে আসার পথে হেডলাইটের আলোয় হঠাতে মেয়েটার মাথায় লাল চুল দেখে প্রথমে বিশ্বাসই করতে পারেনি হ্যাকাবি। তারপর ভেবেছে এরকম লাল চুল দশলাখ মেয়ের মধ্যে মাত্র একজনের থাকে, ও নিশ্চয়ই হিলসাইড থেকে পালানো পাগলী অলিভা না হয়ে যায় না।

তালা দেওয়া অ্যামবুলেন্সের ভিতরে রয়েছে মেয়েটা, তবু অকারণে সন্দেহ হচ্ছে ওর, ভাগ্যটা কী সত্যিই এত ভাল? এ যেন মাতা মেরি নিজ হাতে ঝাপ্ট করে ওর কোলে দশটি হাজার ডলার ছাঁড়ে দিয়েছেন।

হঠাতে হ্যাকাবির মনে হলো, অলিভাকে স্ট্র্যাপ দিয়ে বেঁধে না রাখাটা বোকামি হয়ে গেছে ওর। পাগলরা কত রকমের চালাকি যে জানে! কত কী যে খেলে ওদের মাথায়!

হিলসাইড স্যানাটোরিয়ামে মেইল নার্স হিসেবে বেশ কয়েক বছর চাকরি করেছে হ্যাকাবি। কিন্তু কাজটার প্রতি বিত্রুণ তৈরি হওয়ায় কিছুদিন আগে ওটা ছেড়ে দিয়ে অ্যামবুলেন্স চালাবার চাকরিটা নিয়েছে। বিপজ্জনক পাগলদের মোটেও ভয় পায় না, ওদেরকে কীভাবে সামলাতে হয় ভালভাবেই শেখা আছে ওর।

ইতস্তত করছে হ্যাকাবি; সিদ্ধান্ত নিতে পারছে না অ্যামবুলেন্স থামিয়ে অলিভাকে স্ট্র্যাপ দিয়ে বাঁধবে, নাকি সোজা হিলসাইডে গিয়ে থামবে।

কান পাতল হ্যাকাবি। না, পিছন থেকে কোনও শব্দ আসছে না। সিদ্ধান্ত নিল—থাক, সময় নষ্ট করার কোনও মানে হয় না, তারচেয়ে যত তাড়াতাড়ি পারা যায় মডেস্টোয় পৌছাই।

কিন্তু অ্যামবুলেন্সের ভিতর চাপাস্বরে কী আলাপ চলছে তা তো আর হ্যাকাবির জানার কথা নয়।

অ্যামবুলেন্সের ভিতর অলিভার সঙ্গে যে পাগল মহিলা রয়েছে তার

নাম কিথ লিয়োনোরা। বহু বছরের পুরানো রোগী সে, বাড়িতে রাখতে এতদিন কোনও অসুবিধে হয়নি; হঠাতে করেই ওর মধ্যে হোমিসাইডাল টেনডেপি দেখা দেওয়ায় চিকিৎসার জন্য হিলসাইডে পাঠাবার সিদ্ধান্ত নিয়েছেন অভিভাবকরা, কারণ তাঁরা জানেন হিলসাইডের স্টাফ বিপজ্জনক পাগলদের খুব দক্ষতার সঙ্গে সামলাতে পারে।

লিয়োনোরাকে দেখামাত্র অলিভা বুঝতে পারল, ওকে একটা পাগলীর সঙ্গে আটকে ফেলা হয়েছে। সঙ্গে সঙ্গে ভয়ে ওর শরীরের রক্ত যেন জমে বরফ হয়ে গেল।

‘আরে, বাহ, ওরা তা হলে তোমাকে ধরে ফেলেছে!’ ফিসফিস করে বলল লিয়োনোরা, তারপর হেসে উঠল। ‘রাস্তায় দেখতে পেয়ে তুলে নিল, তাই না? সত্যি, ভারি চালাক ওরা—দেখামাত্র চিনে ফেলেছে তোমাকে।’

অ্যামবুলেন্সের মেঝেতে নিতম্ব ঘষে পিছু হটল অলিভা। মহিলার ছোট আকৃতির চোখ, চোখের চতুর দৃষ্টি ইত্যাদি লক্ষ করে ওর বুক শুকিয়ে যাচ্ছে। আবার সেই অনুভূতিটা হলো ওর—ঘুমের মধ্যে স্বপ্ন দেখছে ও।

‘হিলসাইডে ফিরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে তোমাকে,’ বলে চলেছে লিয়োনোরা। ‘ওখানে নিয়ে গিয়ে ঘরের দরজায় তালা দিয়ে আটকে রাখা হবে। ওই জায়গা সম্পর্কে জানি আমি। আমাকেও ওখানে নিয়ে যাচ্ছে, কারণ বাড়ির লোকজন আর নার্স আমাকে আর বিশ্বাস করতে পারছে না, ভয় পাচ্ছে।’ মাথাটা একটু তুলে অলিভাকে ভাল করে দেখল ও। ‘তাই বলে আমাকে তুমি ভয় পেয়ো না,’ বলে হেসে উঠল। ‘হিলসাইড মন্দ না, তবে তালা দিয়ে রাখলে আমি আরও অসুস্থ হয়ে পড়ব। তখন কী হবে, জানি না। আমি স্বাধীন থেকে মন যা বলে তা-ই করতে চাই।’

হিলসাইড! ভাবল অলিভা। কেমন যেন চেনা চেনা লাগছে

শব্দটা, অথচ অনেক চেষ্টা করেও স্মরণ করতে পারছে না কোথায় শুনেছে। শব্দটার সঙ্গে নীল রঙের একটা দেয়াল আর সাদা ড্রেস পরা একজন নার্সের কী যেন একটা সম্পর্ক আছে, ওর দিকে আঙুল তুলে কী যেন বলছে সে।

‘আমি পালাব,’ হঠাৎ মনের কথাটা বেরিয়ে এল অলিভার মুখ থেকে। ‘যত তাড়াতাড়ি পারি, দায়ানের ভালমন্দ কিছু হয়ে যাবার আগেই, পালাতে হবে আমাকে...’ টলতে টলতে সিধে হলো, হেঁটে এল অ্যামবুলেসের বক্ষ দরজার সামনে, কিন্তু মস্ত দরজায় ধরবার মত কিছু পেল না।

‘ওরা তোমাকে পালাতে দেবে না,’ উদ্ভেজনায় বেসুরো গলায় হেসে উঠল লিয়োনোরা। ‘তুমি তো আমার চেয়েও বড় পাগল—এরইমধ্যে মানুষজনকে মেরে ফেলেছ। ওরা তোমাকে পালাতে দেবে না।’

‘আমি পাগল নই,’ চেঁচিয়ে উঠল অলিভা, মোচড় খেয়ে আধপাক ঘুরে গেল, দরজার গায়ে পিঠ দিয়ে দাঁড়াল।

‘না, তুমি পাগল,’ বলল লিয়োনোরা। ‘আমি জানি। খুব চালাক তো, তাই বেশিরভাগ লোকের কাছ থেকে ব্যাপারটা তুমি লুকিয়ে রাখতে পার, কিন্তু আমার চোখ ফাঁকি দিতে পারবে না।’

‘কিন্তু সত্যি আমি পাগল নই, বিশ্বাস করুন! বলে গভীর দুঃখে আর অসীম বেদনায় দু’হাতে মুখ ঢেকে ফুঁপিয়ে কেঁদে উঠল অলিভা। ‘আমার এই অবস্থার জন্যে দায়ী...আমার নিয়তি! নিয়তি আমার কপালে ভালবাসা দেয়নি। কেউ আমাকে ভালবাসে না, কেউ না! আমি যদি কাউকে ভালবাসি, নিয়তি আমার কাছ থেকে কেড়ে নেয় তাকে...’

‘যতকিছুই বলো, তুমি পাগলই,’ জেদের সুরে বলল লিয়োনোরা। ‘এটাও তোমার নিয়তি, কেউ বদলাতে পারবে না।’

‘না!’ প্রবলবেগে মাথা নাড়ল অলিভা। ‘আমি পাগল নই!’ মনে মনে ভাবছে, আমি কিছু মনে করতে পারি না কেন? নিজের

পরিচয় কেন জানি না? এগুলোর সঙ্গে কি পাগলামির সম্পর্ক আছে? মাথার ভেতর অস্তুত যে আওয়াজটা হয়, সেটাই বা কী!

‘আত্মবিশ্বাস হারিয়ে ফেলছ?’ জানতে চাইল লিয়োনোরা, ওকে তীক্ষ্ণ চোখে দেখছে। ‘না, আশা কখনও ছাড়তে নেই। আমি আসলে তোমার মনটা খারাপ করে দিতে চাইনি।’

‘আপনি চুপ করুন!’ আবার ঘুরে দরজার গায়ে ঘুসি মারতে শুরু করল অলিভা।

‘এই, বোকা, শান্ত হও! বলল লিয়োনোরা। ‘অস্থির হয়ে কোনও লাভ নেই। হিলসাইডে না পৌঁছালে এখান থেকে তোমাকে বের করবে না ও। আচ্ছা, তুমি কি সত্যি পালাতে চাও?’

ঘাড় ফিরিয়ে তাকাল অলিভা। ‘পালাতে আমাকে হবেই...’

‘সম্ভব, যদি দুজন মিলে চেষ্টা করি,’ চিন্তিত ভঙ্গিতে বলল লিয়োনোরা। ‘ওই লোক বুদ্ধিমান, তবে নিজের ওপর বিশ্বাসটা একটু বেশি। প্রথমে তুমি আমার শরীর থেকে এই জ্যাকেটটা খুলে নাও।’

‘কী...না!’ কুঁকড়ে গেল অলিভা।

‘আমাকে তুমি ভয় পাচ্ছ কেন?’ হেসে উঠল লিয়োনোরা। ‘আমরা তো একই জাত। পরম্পরাকে আমরা আঘাত করি না।’

শিউরে উঠল অলিভা। ‘ওভাবে কথা বলো না, পিল্জ! আমি পাগল নই। আমাকে পাগল বলাটা নিষ্ঠুরতা।’

‘ঠিক আছে, উদ্ভেজিত হয়ো না,’ বলল লিয়োনোরা। ‘এখন কী বলি শোনো। যদি পালাতে চাও, আমার এই জ্যাকেট তোমাকে খুলতে হবে। আর জলদি, এখনই! স্যানাটেরিয়াম আর বেশি দূরে নয়। একবার ওটার ভেতরে চুকলে, জীবনে আর বেঁঝতে পারবে না।’

ধীর পায়ে হেঁটে এল অলিভা, ঝুঁকে তাকাল লিয়োনোরার দিকে। ‘তোমাকে না হয় মুক্ত করলাম, কিন্তু তারপর আমি

কীভাবে পালাব?’ জিজ্ঞেস করল ও, মহিলার উজ্জ্বল চোখে ধূর্ত চাহনি দেখে শিরশির করে উঠল ওর গা।

‘জ্যাকেটটা খুলে দিয়ে,’ ফিসফিস করল লিয়োনোরা, ‘গলা ফাটিয়ে চেঁমেচি শুরু করবে, আর দমাদম লাথি মারবে দরজায়। কী হচ্ছে দেখার জন্যে দরজা খুলবে ও। খুলতে বাধ্য, কারণ আমার ভাল-মন্দ দেখার দায়িত্ব ওকেই দেয়া হয়েছে। তারপর, ও যখন তোমাকে নিয়ে ব্যস্ত থাকবে, ওর ওপর বাঁপিয়ে পড়ব আমি। দুজন মিলে ঠিকই কাবু করে ফেলব ওকে আমরা।’

হিলসাইড স্যানাটোরিয়াম আর এক মাইল দূরে, এই সময় অ্যাম্বুলেন্সের ভিতর থেকে ভেসে আসা চিকিৎসক শুনে চমকে উঠল হ্যাকাবি। শুধু চিকিৎসার নয়, সেই সঙ্গে দরজায় ধুপধাপ আওয়াজও হচ্ছে।

দু’এক মুহূর্ত ইতস্তত করে গাড়ি থামাল হ্যাকাবি। চায় না অলিভার জখম হোক। ওর ইচ্ছে, ডক্টর প্রেস্টনের হাতে অক্ষত রোগীকে তুলে দেবে, পুরস্কারের টাকা নিয়ে যাতে কোনও বিতর্কের সৃষ্টি না হয়।

ক্যাব থেকে নীচে নেমে অন্ধকার পিছন দিকটায় চলে এল হ্যাকাবি। তালা খুলে অ্যাম্বুলেন্সের দরজা ফাঁক করল, উঁকি মেরে ভিতরটা দেখবার চেষ্টা করছে। ভিতরে আলো খুব কম, তবে অলিভাকে দেখতে পেল—পিছনদিকের দেয়ালে পিঠ ঠেকিয়ে একটানা চেঁচচে।

দ্রুত একবার লিয়োনোরার উপর চোখ বুলাল হ্যাকাবি। চাদরের তলা থেকে মুখ বের করে ওর দিকে তাকিয়ে রয়েছে মহিলা, উভেজনায় খিকখিক করে হাসছে, তবে দেখে সম্পূর্ণ নিরাপদ বলেই মনে হলো।

অ্যাম্বুলেন্সে উঠল হ্যাকাবি, দরজা একটু টেনে নিল, তবে পুরোপুরি বন্ধ করল না। এগিয়ে এসে অলিভাকে ধরল ও, একটা

হাত মুচড়ে শিরদাঁড়ার কাছে টেনে আনল। ‘শান্ত হও, লক্ষ্মী মেয়ে,’ বলল ও। ‘এসো, শোও এখানে। তুমি খুব বেশি উভেজিত হয়ে পড়েছ।’

দক্ষ হাতের প্যাচে একেবারে অসহায় হয়ে পড়ল অলিভা। হঠাৎ তীব্র আতঙ্ক গ্রাস করল ওকে, গায়ের সবটুকু শক্তি দিয়ে ধস্তাধস্তি করছে।

কিন্তু তাতে কোনও লাভ হলো না। হ্যাকাবি ওকে প্রায় অনায়াসেই একটা স্ট্রেচারে শুইয়ে ফেলল, লিয়োনোরার উল্টোদিকে হ্যাঙারে বুলছিল ওটা।

‘ছাড়ুন! হাঁপাচ্ছে অলিভা। যেতে দিন আমাকে!'

‘মাথা ঠাণ্ডা করো,’ নরম সুরে বলল হ্যাকাবি। ‘তুমি শুয়ে পড়লেই হবে, দেখো কেমন তোমার আরামের ব্যবস্থা করে দিই।’

শক্ত হাতে অলিভার একটা কবজি চেপে ধরল হ্যাকাবি, হঠাৎ ঝুঁকে হাঁটুর পিছনটা ধরে শুন্যে তুলে নিল ওকে, তারপর শুইয়ে দিল স্ট্রেচারে।

ঠিক এই সময় গায়ের চাদর সরিয়ে উঠে বসল লিয়োনোরা। দেরিতে হলেও ষষ্ঠ ইন্দ্রিয় বিপদ সম্পর্কে সতর্ক করে দিল হ্যাকাবিকে, ঘাড় ফিরিয়ে পিছনদিকে তাকাল ও।

সেই মুহূর্তে দু’হাত দিয়ে ওর পাঁজরে ধাক্কা মারল লিয়োনোরা। ছিটকে পড়ল হ্যাকাবি, মাথাটা ঠুকে গেল অ্যাম্বুলেন্সের দেয়ালে। ওকে পাশ কাটিয়ে আধ খোলা দরজা দিয়ে লাফ দিল মহিলা, চোখের পলকে হারিয়ে গেল অন্ধকারে।

চোখ-মুখ কুঁচকে মাথার ব্যথাটা সহ্য করছে হ্যাকাবি, টলতে টলতে সিধে হয়ে বেরিয়ে এল বাইরে। রাস্তায় কোনও যানবাহন নেই, অ্যাম্বুলেন্সের পিছনে গভীর অন্ধকার। কয়েক সেকেন্ড বোকার মত দাঁড়িয়ে থাকল ও, ভবছে মহিলা গেছে যাক, অলিভাকে পালাতে দেয়া যাবে না...

বন করে ঘুরল হ্যাকাবি, দেখল অ্যামবুলেন্স থেকে লাফ দিয়ে  
নীচে নামছে অলিভা। তবে নাগালের মধ্যেই, খপ করে ওর লাল  
চুল ধরে ফেলল ও।

কাছেই, অন্ধকারে দাঁড়িয়ে রয়েছে লিয়োনেরা। নিঃশব্দে  
হাসছে, পা টিপে টিপে এগিয়ে এল। ডান হাতে শক্ত করে ধরে  
আছে ভারী একটা পাথর। গায়ের সমস্ত শক্তি দিয়ে হ্যাকাবির  
মাথার পিছনে মারল ওটা দিয়ে।

দুপুর। ফেয়ারফিল্ড প্ল্যানটেশনের বড়সড় তিনতলা কাঠের বাড়িটা  
কেমন যেন ঝিম মেরে আছে।

টেরেসে বসে রয়েছে লেফটেন্যান্ট শন মিচেল, হ্যাটটা ঝুলে  
পড়েছে মাথার পিছনাকৈ, ঠেঁটে একটা সিগারেট ঝুলছে।  
পাশের উপর ঝুঁকি নিয়ে ক্রিমিনালদের পিছনে ছুটোছুটি করবার  
চেয়ে ফিনলে প্ল্যানটেশনে ডিউটি দেওয়া কোটিশত ভাল, ভাবল  
ও। হোস্টেস ভদ্রমহিলা, মিসেস টিসা ফিনলে যেমন সুন্দরী,  
তেমনি সদয়—ওদের খাওয়াদাওয়া আর যত্ন-আভির কোনও ক্রটি  
রাখছেন না।

মজাটা হলো, এখানে ওদেরকে কোনও কাজ করতে হচ্ছে  
না। রাইফেল হাতে বসে থাকো, কফি খাও, সিগারেট খাও।

ওদেরকে এই ডিউটিতে পাঠানোর সময় শেরিফ কুপার বলে  
দিয়েছেন, টোবি ব্রাদাররা এখানে হামলা করতে পারে, করলে  
সেটাকে প্রতিহত করতে হবে। কিন্তু টোবিদের আসলে কোনও  
অস্তিত্ব আছে বলে বিশ্বাস করে না মিচেল।

চেয়ারে গা এলিয়ে দিয়ে একটা হাই তুলল ও। আরামে ঘূম  
চলে আসছে চোখে।

রোদে বসে সময়টা এভাবে উপভোগ করতে পারত না  
মিচেল, যদি জানত মাত্র দুশো গজ দূর থেকে ওকে দেখছে  
টোবিরা।

প্রায় আধঘণ্টা ধরে লম্বা ঘাসের ভিতর শুয়ে আছে বাড়ি আর  
ফ্রিম্যান, চোখে বিনকিউলার। বাড়িটার কোথায় কী হচ্ছে সব  
খুঁটিয়ে লক্ষ করছে ওরা।

‘আমার ধারণা, এখানেই আছে ও,’ বলল বাড়ি, ঠেঁট প্রায়  
নড়লাই না। ‘তা না হলে গার্ড কেন?’

‘এরপর কী করতে চাও তুমি?’ জানতে চাইল ফ্রিম্যান।  
রোদে পুড়ে যাচ্ছে ওর পিঠ, গলাও খুব শুকিয়ে গেছে।

‘কিছুই না, আপাতত শুধু নজর রাখি,’ বলল বাড়ি। ‘জানতে  
হবে সব মিলিয়ে কজন গার্ড।’

## তেইশ

বড়সড় বাড়ির ভিতরটা ঠাণ্ডা আর নীরব। দোতলার সিটিং রংমে  
একা বসে রয়েছে রানা, হাতে হাইবল।

একটু পরেই কিচেন থেকে বেরিয়ে এল টিসা, সিটিং রংমে  
রানাকে বসে থাকতে দেখে হাসিমুখে ভিতরে ঢুকল। ‘কখন  
এলে? সব খবর ভাল?’

‘এই তো,’ বলে মাথা নাড়ল রানা। ‘দেখতে এলাম দায়ান  
কেমন আছে। নাস কার্লা বলল, রাতটা বেঘোরে ঘুমিয়েছে। তার  
মানে কি খবর ভাল?’

‘হ্যাঁ, অবস্থা আগের চেয়ে অনেকটা ভাল,’ বলল টিসা।

‘অলিভার কোনও খোঁজ নেই?’

একটা দীর্ঘশ্বাস চেপে আবার মাথা নাড়ল রানা। ‘টোবিরাও অদৃশ্য হয়ে গেছে।’

‘লেফটেন্যান্ট শন মিচেল বিশ্বাসই করে না টোবি ব্রাদার্স বলে কেউ আছে,’ বলল টিসা, রানার সামনের একটা সোফায় বসল।

‘আরেকটা কাজে এসেছি,’ বলল রানা।

‘বলো,’ ওর দিকে তাকিয়ে আছে টিসা।

‘তোমাদের একটা রাইফেলটা নিয়ে জিপে রাখব, কখন কী কাজে লাগে। তোমার আপত্তি নেই তো?’

‘না, কীসের আপত্তি।’

হঠাৎ রানার পকেটের মোবাইল ফোনটা বেজে উঠল। সেটটা বের করল ও। ‘হ্যালো...হ্যাঁ...বলুন...’ প্রায় এক মিনিট কোনও কথা না বলে শুনে গেল, তারপর বলল, ‘...ধন্যবাদ, মিস্টার কুপার।’

‘কী হয়েছে?’ জানতে চাইল টিসা, চোখে-মুখে উৎকণ্ঠার ছাপ। ‘অলিভার কোনও খবর?’

মাথা নাড়ল রানা। ‘আরেক পাগল মহিলা পালিয়েছে,’ তিঙ্ক সুরে বলল ও। ‘কাল রাতে ফ্রেয়নো থেকে হিলসাইড স্যানাটোরিয়ামে নিয়ে আসা হচ্ছিল ওকে, কীভাবে যেন নিজেকে মুক্ত করে অ্যাটেনডেন্টকে মেরে ফেলেছে। অদ্ভুত ব্যাপার হলো, অ্যাটেনডেন্টের মুঠোয় ক’গাছি লাল চুল পাওয়া গেছে।’

‘ওহ, গড়!’ আঁধকে উঠল টিসা। ‘ওখানে, ওই অ্যাম্বুলেপে অলিভা কোথেকে আসবে?’

‘কিছুই বুঝতে পারছি না,’ বলে সোফা ছাড়ল রানা।

‘কী খবর পাও ফোন করে জানাবে আমাকে।’ টিসাও দাঢ়াল।

‘হ্যাঁ।’

‘তোমার সঙ্গে যেতে ইচ্ছে করছে, কিন্তু আমি চলে গেলে

দায়ান একা হয়ে যায়...’

‘হ্যাঁ,’ বলল রানা, বেরিয়ে এল টেরেসে, পিছু নিয়ে টিসাও। ‘ডিউটিটা বেশ আরামের, তাই না?’ মিচেলকে জিজ্ঞেস করল ও।

এক চোখ খুলে তাকাল মিচেল, মাথা ঝাঁকাল। ‘জী, স্যর।’ তারপর আরেক চোখ খুলে ধীরে ধীরে সিধে হয়ে বসল। ‘প্রাক্তিক দৃশ্যও খুব সুন্দর।’

‘হ্যাঁ, সুন্দর, তবে ওখানে বিষাক্ত সাপও লুকিয়ে আছে,’ বলল রানা। ‘কাজেই সাবধান, তুম যেন ঘুমিয়ে পোড়ো না।’

‘জী-না, স্যর, ঘুমাব না,’ তাড়াতাড়ি বলল সে।

‘তুম সত্যি বিশ্বাস করো, এখানে ওরা আসবে?’ রানা জিপে ওঠার সময় জিজ্ঞেস করল টিসা।

‘না, তবু আমাদের সাবধান থাকা উচিত,’ জবাব দিল রানা। ‘ওরা বোধহয় এলাকা ছেড়ে চলে গেছে। আসি, টিসা। রাতে দেখা হতে পারে।’

রানাকে চলে যেতে দেখল টোবিরা।

‘মালটা ভাল,’ বলল ফ্রিম্যান, চোখে বিনকিউলার, টেরেস থেকে বাড়ির ভিতর ফিরে যেতে দেখছে টিসাকে। ‘ফেদেরা একা মজা লুঠবে, এটা আমার ভাল লাগছে না।’

বাড়িটা কাদের, তাদের পরিচয়, প্ল্যানটেশনটা কত দূরে, বাড়ির কর্তার অনুপস্থিতি—ইতিমধ্যে সব খবরই জেনে নিয়েছে ওরা।

লেমোনেডের একটা বোতল বের করে ছিপি খুলল বাডি। ওটা থেকে সরাসরি কয়েক ঢোক গিলল। ‘মনটাকে ওদিক থেকে সরিয়ে আনো,’ বলল ও, বোতলটা ধরিয়ে দিল ফ্রিম্যানের হাতে। ‘কাজের সময় মেয়েমানুষ নিয়ে ভেবো না।’

‘কিছু একটা তো ভাবতে হবে,’ বলল ফ্রিম্যান। খানিক পরে জানতে চাইল, ‘তুমি ওই লোকটাকে খুন করবেই করবে?’

‘সে যদি এখানে থাকে, অবশ্যই তাকে মারব আমরা,’ শান্ত সুরে বলল বাড়ি। ‘এছাড়া উপায় নেই। মানে, যদি আমরা ইলেকট্রিক চেয়ারে বসতে না চাই আরকী।’

‘হ্ম।’

‘হ্ম নয়, প্রস্তুতি হিসেবে আরও কিছু কাজ সেরে রাখতে হবে,’ বলল বাড়ি। ‘বার্টনকে ফোন করো, বলো: এখন থেকে যে-কোনও মুহূর্তে হঠাত বিশ-পঁচিশজন লোক দরকার হতে পারে আমদের, অন্তর্সহ। সে যেন অ্যালার্ট থাকে।’

‘এত লোক দিয়ে কী হবে?’ ফ্রিম্যান অবাক।

‘ফিল্লেদের প্ল্যানটেশনে দুশো লেবার আছে, ভুলে গেলে?’  
বিদ্রূপের সুরে জিজ্ঞেস করল বাড়ি। ‘ও, আরেকটা কথা,’ বলে চুপ করে গেল ও।

‘শুনছি,’ একটু পর বলল ফ্রিম্যান।

কী যেন চিন্তা করছে বাড়ি। তারপর বলল, ‘যেরকম ব্যস্ত হয়ে বাড়ি থেকে বেরিয়ে গেল ফেদেরা, জরুরি কোনও খবর পেয়ে বোধহয় পুলিশ স্টেশনে গেল ও। বার্টনকে বলো, খুব ভাল হয় তার লোকজন যদি ফেদেরার মোবাইল ফোনটা ছিনতাই করতে পারে।’

‘ঠিক আছে,’ বলল ফ্রিম্যান।

‘মিসেস ফিল্লের কাছেও মোবাইল আছে,’ বলল বাড়ি। ‘আর বাড়িতে আছে ল্যান্ডফোন। ও দুটোর ব্যবস্থা আমি করব।’

ফ্রিম্যানের মুখটা দুমড়েমুচড়ে গেল। ‘এই কেসটার পর এ-সব আমরা ছেড়ে দিলেই পারি,’ নিচু গলায় বলল ও। ‘বহু বছর হয়ে গেল ভাগ্যের সহায়তা পাচ্ছি আমরা। প্রচুর কামিয়েছি। এখনই ছাড়ার সময়।’

আপনমনে হাসল বাড়ি। ‘এখনও সময় হয়নি,’ বলল ও।

‘আসলে আমার সময় বোধহয় হয়ে গেছে,’ বলল ফ্রিম্যান।

দীর্ঘ বিরতি শেষই হতে চাইছে না। ‘আইডিয়াটা আমার

মাথাতেও এসেছিল, ব্যাপারটা গুছিয়েও এনেছি বেশ কিছুটা,’  
অবশ্যে নরম সুরে বলল বাড়ি। ‘শুরুটা যেহেতু আমাকে দিয়ে  
হয়েছে, শেষটাও তা-ই হতে হবে। কিন্তু শেষ হবার সময় এখনও  
হয়নি।’

ফ্রিম্যান আর কিছু বলল না। তবে ওর চোখ-মুখ ঝুঁঁচকে  
আছে। লেফটেন্যান্ট মিচেলকে দেখছে ও, টেরেসের চেয়ারে বসে  
ঘুমে ঢুলছে।

বিকেল চারটে। ট্র্যাকিং পয়েন্ট পুলিশ স্টেশন।

খুনি পাগলী আর অলিভার খৌজে চারদিকে লোক পাঠানো  
হলেও, কোথাও ওদেরকে পাওয়া যায়নি। নিজেও একবার  
বেরিয়েছিলেন শেরিফ, কোনও লাভ হয়নি, ক্লান্ত শরীরে এইমাত্র  
ফিরে এসে অফিসে ঢুকছেন।

ওঁর পিছু নিয়ে রানাও ঢুকল।

মর্গে গিয়ে অ্যাটেনডেন্ট কাম ড্রাইভারের মুঠোটা পরিষ্কা  
করেছে ওরা। রানার ধারণা, ওই লাল চুল অবশ্যই অলিভার।

চেয়ারে বসতে যাবেন শেরিফ, ডেক্সের টেলিফোনটা বেজে  
উঠল। রিসিভার তুলে কানে ঠেকাণেন তিনি। ট্র্যাকিং পয়েন্ট  
পুলিশ স্টেশন, শেরিফ বলছি।’

বসতে যাচ্ছিলেন, অপরপ্রান্তের কথা শুনে শিরদাঁড়া খাড়া হয়ে  
গেল ওঁ। ‘হোয়াট! কোথায়?...রাউন্ডবেল সাউথ স্ট্রিট,  
ইমপালস্ বার...ঠিক আছে, এবার শুনুন। ও কিন্তু বিপজ্জনক  
মেয়েলোক; কোনভাবেই ওকে ঘাঁটাবেন না। যা বলে শুনুন, যা  
চায় দিন, তবে কাছাকাছি যাবার সময় সাবধান...হ্যাঁ, এখনই  
আসছি আমরা...’

যোগাযোগ কেটে দিয়ে দ্রুত আবার ডায়াল করছেন তিনি,  
মুখ তুলে রানার দিকে তাকিয়ে বললেন, ‘পাগল মহিলাকে একটা  
বারে পাওয়া গেছে।’ সংযোগ পেতে রিসিভারে বললেন,

‘হিলসাইড স্যানাটোরিয়াম? আমি শেরিফ বলছি। একটা ঠিকানা দিচ্ছি, লিখে নিন। আপনাদের দ্বিতীয় রোগীটি মিস কিথ লিয়োনোরাকে পাওয়া গেছে ওখানে। এখনই একজন ডাক্তার আর অন্তত দু-তিনজন অ্যাটেনডেন্টকে পাঠিয়ে দিন ওখানে। ওই খুনি পাগলীকে সামলানো পুলিশের কাজ নয়।’

রানাকে নিয়ে ঝড়ের বেগে অফিস থেকে বেরিয়ে যাচ্ছেন শেরিফ, ক্ষেত্রের সুরে বলছেন, ‘আসলটার খবর নেই, নকলটাকে নিয়ে ছুটেছুটি।’

রাউভন্ডেল সাউথ স্ট্রিট, ইমপালস্ বার।

ভিতরটা প্রায় খালি, জানালার ধারের একটা টেবিলে বসে রাম ভর্তি গ্লাসে ধীরে ধীরে চুমুক দিচ্ছে লিয়োনোরা, পরনে খাকি শর্টস আর সাদা টি-শার্ট। নির্জলা রাম সব সময় খুব পছন্দ ওর, হ্যাকাবির লাশ সার্ট করে বেশ কিছু টাকাও পেয়েছে, গলা ভেজাবার নেশাটা দমন করতে পারেনি।

কাপড়চোপড়ে শুকনো রক্ত লেগে থাকলেও, হাসি হাসি মুখ করে ম্যানেজার ও বার-ওয়েটারদেরকে কীভাবে কী হলো, সে-গল্প শোনাচ্ছে লিয়োনোরা। সম্পূর্ণ নিরূপিত চেহারা। হাতের রক্তমাখা পাথরটা দেখাল ওদেরকে, বলল, ‘এটা দিয়েই তো ড্রাইভারের মাথাটাকে ছাতু বানিয়েছি।’

‘কেন?’ নরম সুরে জানতে চাইল বারের ম্যানেজার, লিয়োনোরার টেবিল থেকে নিরাপদ দূরত্বে দাঁড়িয়ে আছে। ‘কী করেছিল সে?’

হি-হি-হি করে হাসল লিয়োনোরা। তারপর বলল, ‘কাল রাতে রাউভন্ডেল থেকে কয়েক মাইল দূরে ড্রাইভার লিফট দেয় ওকে, বুবলেন?’

‘লিফট দেয়? কাকে লিফট দেয়?’

‘কাকে আবার, সবাই যাকে খুঁজছে,’ বলল মহিলা।

‘অলিভাকে। মেয়েটা আমাকে বলল: দায়ানকে ভালবাসে, তা-ই পালাতেই হবে। ওকে পালাতে সাহায্য করার জন্যেই তো বেচারা ড্রাইভারকে খুন করতে হলো আমার।’

চোখ মিটমিট করল ম্যানেজার। ‘নেশার ঘোরে প্রলাপ বকছে না?’ ঠোঁটের কোণ দিয়ে পাশে দাঁড়ানো হেড ওয়েটারকে জিজেস করল।

‘অলিভার চেহারার যে বর্ণনা দিল, একদম নিখুঁত,’ নিচু গলায় বলল হেড ওয়েটার। ‘টিভিতে আমি ওর ফটো দেখেছি।’

‘অলিভার সঙ্গে আপনার ছাড়াছাড়ি হলো কখন?’ লিয়োনোরাকে জিজেস করল ম্যানেজার।

আবার হি-হি-হি করে হাসল পাগলী। বলল, ‘ড্রাইভারকে খুন করার পর চারদিকে তাকিয়ে দেখি, ও মা, কেউ কোথাও নেই! ওর জন্যে মানুষ মারলাম, অর্থ আমার জন্যে একটু অপেক্ষাও করল না। অন্ধকারে আর আমি খুঁজিওনি।’

‘তারমানে অলিভাও স্যানাটোরিয়ামের কাছাকাছি কোথাও আছে?’ ফিসফিস করল ম্যানেজার, পুরক্ষারের কথাটা মনে পড়ে যাওয়ায় একটা ঢেক গিলল।

নিঃশব্দে মাথা ঝাঁকাল হেড ওয়েটার।

উপস্থিত সবাইকে ওর উপর খেয়াল রাখতে বলে বার থেকে বেরিয়ে গেল ম্যানেজার, শেরিফকে ফোন করবে।

ম্যানেজারকে বার থেকে বেরিয়ে যেতে দেখে সবজাত্তার মত মাথা ঝাঁকাল লিয়োনোরা। ‘আমি জানি, পুলিশকে খবর দেয়া হচ্ছে। পুলিশ নয়, প্রথমে হিলসাইড স্যানাটোরিয়ামে খবর দাও তোমরা। ওখানকার ডাক্তারদের একটা সুযোগ দিয়ে দেখতে চাই আমি—ওরা আমাকে ভাল করতে পারে কি না...’

কেউ কিছু বলছে না।

হঠাৎ চেয়ার ছেড়ে দাঁড়িয়ে পড়ল লিয়োনোরা। হাতের পাথরটা টেবিলে রাখল। ‘খবরদার!’ ধীরে ধীরে সবার দিকে

তাকিয়ে চোখ রাঙাল ও। ‘ভুলেও আমার অন্তর্টা কেউ ধরবে না, ফিরে এসে ঠিক যেন এখানেই পাই এটা।’ তারপর জানতে চাইল, ‘টয়লেটটা কোনদিকে?’

হাত তুলে করিডরে বেরঘোর দরজাটা দেখিয়ে দিল হেড ওয়েটার। ‘ওদিকে। শেষ মাথায়।’

আপনমনে বিড়বিড় করতে করতে বার থেকে প্যাসেজে বেরিয়ে গেল লিয়োনোরা। ওখান থেকে পালাবার কোনও পথ নেই, কাজেই কেউ ওর পিছু নিল না।

বারের বাইরে দাঁড়িয়ে অপেক্ষা করছে ম্যানেজার। প্রথমে একটা পুলিশ ভ্যানকে আসতে দেখল ও, রাস্তার ওপারে থামল সেটা, ঝপাখাপ নীচে নামছে বিশ-বাইশজন সশস্ত্র কনেস্টবল। ওটার পিছু নিয়ে এল শেরিফ আর সাংবাদিকদের কয়েকটা গাড়ি।

এক মিনিট পরেই হাজির হলো হিলসাইড স্যানাটোরিয়ামের অ্যাম্বুলেন্স, একজন ডাক্তার আর সাদা কোট পরা দুজন অ্যাটেনডেন্টকে সঙ্গে নিয়ে।

শেরিফের সঙ্গে সংক্ষিপ্ত একটা আলোচনা সেরে নিলেন ডাক্তার। কাছে দাঁড়িয়ে অ্যাটেনডেন্টরাও শুনল। পুলিশ এমনভাবে পজিশন নেবে, বার থেকে বেরঘেই যাতে চারদিক থেকে ঘিরে ফেলা যায় লিয়োনোরাকে। তবে ওকে তারা ধরবে না। মহিলা যেহেতু হিলসাইডের পেশেন্ট, ওর দায়িত্ব অ্যাটেনডেন্ট আর ডাক্তারই নেবেন।

বার থেকে বের করে এনে সরাসরি অ্যাম্বুলেন্সে তোলা হবে লিয়োনোরাকে। না, সাংবাদিকরা ছবি তুলতে পারেন, কিন্তু এই মুহূর্তে ওকে কোনও প্রশ্ন করতে পারবেন না।

ইতিমধ্যে বার থেকে খবর এল, লিয়োনোরা বাথরুমে ঢোকার পর বারো মিনিট পার হয়ে গেছে, এখনও বেরঘেছে না।

আরও পাঁচ-সাত মিনিট পর ডাকাতাকি শুরু করল হেড

ওয়েটার, কিন্তু বাথরুমের ভিতর থেকে সাড়া দিচ্ছে না লিয়োনোরা।

উদ্দেগ বাড়তে লাগল। অনেকেই ধারণা করল আত্মহত্যা করেছে মহিলা।

রিপোর্ট পেয়ে বারে চুকল পুলিশ, সঙ্গে বাকি সবাই। শেরিফের নির্দেশে বাথরুমের দরজা ভাঙা হচ্ছে।

দরজাটা তখনও পুরোপুরি ভাঙা হয়নি, তার আগেই খবর পাওয়া গেল, বাথরুমের জানালা খুলে পালিয়েছে অলিভা।

বেশি কিছু করতে হয়নি ওকে, কয়েকটা ক্ষ খুলে ফ্রেমসহ কাঁচের কবাট্টা একপাশে নামিয়ে রেখেছে, তারপর নিচু গোবরাটে চড়ে লাফ দিয়ে পড়েছে পাশের বাড়ির বাগানে। ওখান থেকে পাঁচিল টপকে একটা গলি হয়ে মেইন রোডে পৌছাতে দু'মিনিটের বেশি লাগেনি ওর।

ক্লান্ত ও হতাশ হলেও, অলিভা কাছাকাছি কোথাও আছে বুঝতে পেরে নতুন শক্তি অনুভব করলেন শেরিফ। ওঁর মোবাইলে কোথাও থেকে একটা কল আসতে সেই শক্তি যেন আরও কয়েকগুণ বেড়ে গেল।

‘সঙ্গে হতে এখনও তিন ঘণ্টা বাকি,’ বললেন তিনি। ‘আশপাশের থানা থেকে আরও পুলিশ আনিয়ে গোটা এলাকায় নিশ্চিদ্র জাল ফেলার ব্যবস্থা করো, লেস্টার। এবার যেন মেয়েটা ধরা পড়ে... আমাদের ভাবমূর্তি বলে কিছু আর থাকছে না।’

মাথা ঝাঁকাল ডেপুটি শেরিফ জন লেস্টার।

‘আমি দেখি এক-আধটা কপ্টার যোগাড় করতে পারি কি না,’ আবার বললেন শেরিফ, সবার কাছ থেকে দূরে সরে গিয়ে কার সঙ্গে যেন মোবাইল ফোনে কথা বলছেন।

## চবিশ

ফেয়ারফিল্ড প্ল্যানটেশন।

শুধু পিছনদিকটা বাদে ফিললেদের বাগানবাড়ি প্রায় ঘিরে ফেলেছে টোবি ব্রাদার্স ও তাদের লোকজন। সংখ্যায় এখন ওরা বিশজনের কম নয়; সবাই সশস্ত্র, রাইফেল ছাড়াও পিস্তল, ছুরি, এমনকী গ্রেনেডও আছে সঙ্গে।

তিনতলা বাড়িটার পিছনদিকে গভীর জঙ্গল আর লেক; শুধু ডাঙায় নয়, জলেও সাপের খুব উপদ্রব। বাধ্য না হলে ওদিকটায় ওরা কেউ যাবে না।

‘প্ল্যানটা হলো,’ সবাইকে এক জায়গায় জড়ে করে ব্রিফ করবার সময় বলল বাড়ি, ‘খাটনির কাজটা ফেদেরা করুক, আমরা তার সুফল ভোগ করব।’

‘সেটা কীরকম?’ জানতে চাইল মাইকেল টেরেল, নতুন আসা লোকগুলোর লিডার।

‘অলিভাকে যদি খুঁজে বের করতে পারে ফেদেরা, ওকে নিয়ে নির্ধাত এখানে একবার আসবে সে,’ ব্যাখ্যা করল বাড়ি। ‘কেন? এইজন্যে যে, এখানে দায়ান আছে। এতদিনে সবাই জানে, দায়ানকে অসম্ভব ভালবাসে পাগলীটা।’

‘দায়ান এখানে সত্যি আছে?’ জিজেস করল টেরেলের সহকারী ম্যাথিউ।

‘সত্যি আছে কি না জানি না,’ নরম সুরে বলল বাড়ি। ‘তবে তিনতলার জানালায় সাদা হেডেন্সেস পরা এক মেয়ের মাথা দেখেছি আমি। একবারই দেখেছি, তবে তা-ই যথেষ্ট। দৃষ্টি যদি বেঙ্গমানী না করে থাকে, ওই মাথাটা কোনও প্রাইভেট নার্সের।’

চোখ দুটো উজ্জ্বল হয়ে উঠল ফ্রিম্যানের, ভাবল—না, বুদ্ধি

আছে বাড়ির। ‘একটা বাড়িতে নার্স কখন থাকে? যখন সেখানে কোনও পেশেন্ট থাকে, তাই না?’

রাত সাড়ে আটটা।

গোটা রাউন্ডবেল আর আশপাশের এলাকার প্রতিটি ইঞ্চিতে তল্লাশি চালানো হয়েছে, দুই পাগলীর কারও ছায়া পর্যন্ত দেখা যায়নি। ব্যর্থতা মেনে নিয়ে আজ রাতের মত জাল গুটিয়ে নিচ্ছে পুলিশ। তবে রুটিন টহল আজও চলবে।

নাওয়া-খাওয়া ভুলে সেই দুপুর থেকে ছুটোছুটি করছে রানা, অবসন্ন শরীর নিয়ে ফেয়ারফিল্ড প্ল্যানটেশনে ফিরছে, শাওয়ার আর লম্বা একটা ঘূম দরকার।

অর্ধেক পথও পেরোয়নি, ট্রাউজারের পকেটে রাখা মোবাইলটা বেজে উঠল। সেটটা বের করল ও, এক হাতে ড্রাইভ করছে। ‘কী খবর, মিস্টার শেরিফ?’ নাম দেখে জানতে চাইল।

‘ভাড়া করে একজোড়া হেলিকপ্টার আনিয়েছি, মিস্টার ফেদেরা,’ বললেন শেরিফ। ‘সার্চলাইটের আলোয় সারারাত তল্লাশি চালানোর প্রস্তুতি নিচ্ছি আমরা। ভাবলাম আপনিও হয়তো আমাদের সঙ্গে থাকতে চাইবেন।’

একটু অবাকই লাগছে রানা, ভাবল—এত এনার্জি কোথেকে পান ভদ্রলোক? মেশিনও হার মানবে ওঁর কাছে, এতটুকু ক্লান্ত হতে জানেন না। ‘ধন্যবাদ, মিস্টার কুপার। তবে না, আমি খুবই ক্লান্ত,’ বলল রানা। ‘আপনারও খানিক বিশ্রাম নেয়া দরকার, তা না হলে...

রানার কথা শেষ হয়নি, শেরিফ বললেন, ‘...জ খরচে কপ্টার দুটো আনিয়েছি, বিশ্রাম নিই কী করে বলুন...’

‘কী বললেন?’ খটকা লাগায় তাড়াতাড়ি জিজেস করল রানা। ‘আপনি নিজের খরচে দুটো কপ্টার আনিয়েছেন?’

হকচিকিয়ে যাওয়ায় এক মুহূর্ত কথা বলতে পারলেন না

শেরিফ। তারপর যেন আকাশ থেকে পড়লেন, বললেন, ‘কী? কখন বললাম নিজের খরচে? আপনার শুনতে ভুল হয়েছে, মিস্টার ফেদেরা। দেখা যাচ্ছে সত্যি আপনি খুব ক্লান্ত, কাজেই আপনার বিশ্রাম নেয়াই উচিত।’ যোগাযোগ কেটে দিলেন তিনি।

রানা বুঝল, ডাল মে কুছ কালা হ্যায়; লোভে হোক বা ভয়ে—শেরিফ সন্তুষ্ট হাত মিলিয়েছে সলিসিটর ব্লেচার আর ডন মারকাসের সঙ্গে। জিপ ঘুরিয়ে নিল ও, ফিরে যাচ্ছে ট্র্যাকিং পয়েন্টে।

এরপর নিজ এজেন্সির মডেস্টো শাখায় ফোন করল রানা।

‘জী, বলুন, মাসুদ ভাই,’ জানতে চাইল নঙ্গী মাহমুদ।

‘শেরিফ কুপার মুখ ফক্ষে বলে ফেলেছে, নিজের পয়সায় দুটো কপ্টার ভাড়া করে অলিভিয়াকে খুঁজছে। ব্যাপারটা এই মুহূর্তে রিপোর্ট করো এফবিআই-কে,’ বলল রানা। ‘বলো, সন্দেহ করছি ডন মারকাসের সঙ্গে হাত মিলিয়েছে লোকটা। শেরিফের আজ রাতের গতিবিধির ওপর নজর রাখা দরকার।’

‘জী, মাসুদ ভাই।’

‘সাজেশন দাও: এফবিআই নিজস্ব স্যাটেলাইট থেকে কপ্টার দুটোর ওপর নজর রাখতে পারে। ওগুলো মডেস্টো আর মার্সেড শহরের আশপাশে চক্র মারবে—রাউন্ডবেল, সিগনাল পয়েন্টস্, ট্র্যাকিং পয়েন্টস্ আর ব্ল্যাক পিলারস্ এলাকায়।’

‘জী, মাসুদ ভাই।’

দু’মিনিট পর আবার একটা ফোন পেল রানা। শেরিফই করেছে।

‘মিস্টার ফেদেরা?’ উত্তেজনায় হাঁপাচ্ছে শেরিফ। ‘এইমাত্র খবর পেলাম দুই পাগলীকে এক সঙ্গে দেখা গেছে বাইশ নম্বর লগিং ক্যাম্পের কাছাকাছি হাইওয়েতে। হেলিকপ্টার নিয়ে দশ মিনিটের মধ্যে রওনা হচ্ছি আমরা। নিউজটা কাভার করার ইচ্ছে থাকলে আপনিও ওখানে হাজির হতে পারেন।’

জিপটা আবার ঘোরাতে হলো রানাকে। বাইশ নম্বর লগিং ক্যাম্প এখান থেকে খুব একটা কাছে নয়। স্পিড বাড়িয়ে সন্তুরে তুলল ও, চেষ্টা করে দেখছে কপ্টারগুলোর আগেই ওখানে পৌঁছানো যায় কি না।

মন্টা খুঁতখুঁত করছে রানার। শেরিফ ডেভিড কুপারের মারাত্মক একটা দুর্বলতা ওর কাছে ধরা পড়ে গেছে, এই অবস্থায় সে যদি বিশেষ কোথাও ওকে ডেকে পাঠায়, মনে সন্দেহ জাগাটা স্বাভাবিক।

সর্তর্ক থাকতে হবে ওকে।

পাঁচ মাইল পেরুল রানা, আরও মাইল পাঁচেক এগোতে হবে, এই সময় মাথার উপর দিয়ে সর্গজনে ছুটে গেল একজোড়া কপ্টার। সার্চলাইট জলছে না, তবে হাইওয়েতে জিপটাকে নিশ্চয়ই দেখতে পেল পাইলটরা। শেরিফ কুপারের অস্তত বোঝার কথা যে এই তোবড়নো জিপটায় ফেদেরা আছে, কারণ হাইওয়েতে অসংখ্য ট্রাক আর দু’চারটে প্রাইভেট কার ছাড়া অন্যান্য যানবাহন না থাকারই মত।

আরও আট মিনিট পর জিপের স্পিড কমাল রানা। ওর হিসাবে বাইশ নম্বর লগিং ক্যাম্পের কাছাকাছি চলে এসেছে জিপ। হাইওয়ের ডানদিকে চোখ বুলাচ্ছে, হেলিকপ্টারের আভায় ফাঁকা জায়গাটা দেখলেই চিনতে পারবে।

মিনিটখানেক পর দ্রুত হাইল ঘুরিয়ে হাইওয়ে থেকে মেঠোপথে নামল রানা, দূরে লগিং ক্যাম্পের কুঁড়েগুলো দেখা যাচ্ছে।

এখানেই আসবার কথা ছিল অলিভিয়া, ভাবল ও। আরও অনেক আগে। কাল রাতের অর্ধেকটা, তারপর আজ সারাটা দিন কোথায় ছিল বা কী করেছে আল্লাহই জানে।

অ্যামবুলেন্স থেকে দুজন দু’দিকে পালিয়েছিল, তারপর আবার

এক হলো কীভাবে তা-ই বা কে বলবে!

একটা কুঁড়ের পিছনে জিপ থামাল রানা, ঠিক যেখানে দায়ানকে মুমূর্ষু অবস্থায় পেয়েছিল। আলো নিভিয়ে ইঞ্জিন বন্ধ করল। সঙ্গে সঙ্গে নামল না—একটা ব্যাগ খুলে নাইটগ্লাস বের করে চোখের সামনে তুলল, অপর হাতে শোভার হোলস্টার থেকে পিস্তলটা টেনে বের করল।

জিপ থেকে নেমে দরজায় তালা দিল। ওখানে দাঁড়িয়েই চোখ বুলাল চারদিকে। হাইওয়ের কোনও আলো এদিকে আসছে না, তবে দ্রুতগতি যানবাহনের আওয়াজ পাওয়া যাচ্ছে।

নাইটগ্লাস চোখে থাকায় সবকিছু হালকা সবুজ লাগছে ওর কাছে। জঙ্গল স্থির হয়ে আছে, কোথাও কিছু নড়ছে না। ফাঁকা জায়গাতেও নেই কেউ, অন্তত মানুষের কোনও আকৃতি দেখা যাচ্ছে না।

শেরিফের কথা ভোলেনি রানা, অলিভা আর লিয়োনোরাকে লগিং ক্যাম্পের কাছাকাছি হাইওয়েতে দেখা গেছে, লগিং ক্যাম্পে নয়। কথাটা শুনেই ওর মনে হয়েছে, ক্যাম্পে একবার আসবে অলিভা, দায়ানকে যেখানে শুইয়ে রেখে গিয়েছিল সেই জায়গাটা দেখে যাবে।

এমন হতে পারে এরইমধ্যে জায়গাটা দেখে হাইওয়েতে ফিরে গেছে অলিভা, এই সময় কোনও গাড়ি থেকে ওদের দুজনকে দেখেছে ড্রাইভার, মোবাইল ফোন অন করে রিপোর্ট করেছে শেরিফকে।

ওর তা হলে এখন হাইওয়েতে যাওয়া দরকার। জিপের বন্টে খুলে উইনচেস্টার রাইফেলটা বের করছে, মাথার উপর দিয়ে উড়ে গেল একটা কপ্টার, সার্চলাইটের আলো একটুর জন্য ওর জিপের নাগাল পেল না। তবে হাইওয়ের দিকে নয়, গভীর বনভূমির দিকে ছুটছে ওটা।

জ্ব কুঁচকে সেদিকে তাকিয়ে আছে রানা, দৃষ্টিপথের শেষ

প্রাণ্টে একটা নড়াচড়া ধরা পড়ল। আকাশ থেকে চোখ নামিয়ে নীচে তাকাল ও। অনেকটা দূরে, গাছপালার ফাঁকে, কিছু একটা নড়ছে। সবই হালকা সবুজ, তবে সচল জিনিসটা তারই মধ্যে একটু যেন গাঢ়।

পরিষ্কার বোৰা যাচ্ছে একজন মানুষের আকৃতি, চারপেয়ে কোনও জন্মের নয়।

কুঁড়েগুলোকে পিছনে ফেলে সাবধানে এগোল রানা, রাইফেলটা কাঁধে ঝুলছে।

শুরু হলো শিকার আর শিকারির খেলা।

ডন মারকাসের ভাড়া করা স্লাইপার ক্রনো হপার জানে না ওর পিছনে ফেউ লেগেছে।

এক নম্বর কপ্টারে বসা শেরিফ কুপারের সঙ্গে টু-ওয়ে একটা রেডিওর সাহায্যে সারাক্ষণ যোগাযোগ রাখছে হপার। শেরিফ এই মাত্র ওকে জানিয়েছে, সামনের পাহাড়ের ঢালে পাগলীদের একজনকে পাওয়া গেছে—অলিভাকে। ‘ওকে মারাটাই আমাদের কাজ,’ বলল ও, পাইলট মারকাসের লোক হওয়ায় কোনও রকম রাখ-ঢাক না করেই কথা বলতে পারছে। ‘কাজেই সময় নষ্ট না করে সেরে ফেলো।’

‘কীভাবে বুবালেন ও-ই অলিভা?’ জিজেস করল হপার। ‘জঙ্গলের মাথা থেকে নীচে সব পরিষ্কার দেখা যাচ্ছে?’

‘সব হয়তো দেখতে পাচ্ছি না, তবে যতটুকু দেখতে পাচ্ছি তা-ই যথেষ্ট। গাঢ় রঙের একটা ড্রেস পরে আছে মেয়েটা,’ বলল শেরিফ। ‘দেখে মনে হচ্ছে উলের তৈরি। স্যানাটোরিয়াম থেকে পালাবার সময় অলিভার গায়ে এটাই ছিল।’

অলিভার গায়ে ওটা ছিল ঠিকই, কিন্তু লিয়োনোরা প্রস্তাব দেওয়ায় তার সঙ্গে নিজের কাপড়চোপড় বদলে নিয়েছে অলিভা।

লিয়োনেরার যুক্তি: আমি মানুষ খুন করেছি, কাজেই পুলিশ আমাকে দেখামাত্র গুলি করার সিদ্ধান্ত নিতে পারে। কিন্তু অলিভা আমার মত বিপজ্জনক নয়, কাজেই তাকে ওরা দেখামাত্র গুলি করবে না।

অলিভা যদি আমাকে ফেলে পালাতে পারে, আমি কেন তাকে পুলিশের টার্গেট করতে পারব না?

‘ওর পায়ে উঁচু হিল লাগানো জুতোও দেখতে পাচ্ছি,’  
শেরিফের পাশের সিট থেকে বলল গিলবাট। ‘দৌড়াতে কষ্ট হচ্ছে ওর।’

‘আর দ্বিতীয় পাগলী কী পরে আছে?’ জিজ্ঞেস করল হপার।  
‘খাকি শর্টস আর টি-শার্ট,’ বলল শেরিফ। ‘কিন্তু তাকে আমরা আশপাশে কোথাও দেখছি না।’

‘ঠিক আছে,’ বলল হপার। ‘এবার বলুন, কোন্ দিকে যাচ্ছে মেয়েটা?’

‘তুমি রয়েছে পুবে, আমরা রয়েছি পশ্চিমে,’ বলল শেরিফ।  
‘আমাদের ডানে পাহাড়, বাঁয়োও তা-ই, তবে একটু দূরে। অলিভা আমাদের নীচে রয়েছে, একটা প্রকাণ্ড রেডউড গাছের আড়ালে।  
এমনভাবে লুকিয়ে আছে, আমাদের বুলেট ওর ধারেকাছেও যাচ্ছে না। জোরে দৌড়ালে মিনিট দুয়েকের মধ্যে নাগালের মধ্যে পেয়ে যাবে ওকে তুমি।’

‘ঠিক আছে, আসছি আমি।’

মানুষের আকৃতিটাকে রানা এখন নাইটগ্লাস ছাড়াই দেখতে পাচ্ছে, ক্রন্তো হপারকে দেখে চিনতেও কোনও অসুবিধে হলো না।

এক নম্বর কপ্টার এখন সরাসরি হপারের মাথার উপর, জমিন থেকে দেড় কি দুশ’ ফুট উঁচুতে স্থির হয়ে আছে; সার্চলাইটের

আলোটা তাক করা হয়েছে হপারের ত্রিশ-পঁয়ত্রিশ গজ সামনে, আকাশছোঁয়া কয়েকটা রেডউড গাছের গোড়ায়।

রানা এখনও গাঢ় অন্ধকারে, হপারের দেখাদেখি এইমাত্র থমকে দাঁড়িয়ে পড়েছে ঘন একটা বোপের পাশে। সার্চলাইটের আলোর আভা ওর নাগাল পায়নি, তবে হপারকে আলোকিত করে রেখেছে: স্পষ্ট দেখতে পাচ্ছে রানা হাতের রাইফেল কাঁধে তুলছে স্নাইপার।

ঠিক এই সময় রেডউড গাছগুলোর আড়াল থেকে একটু বেরিয়ে এল হপারের টার্গেট, হাসিমুখে কী যেন বলতে চেষ্টা করছে ওকে, কিন্তু রোটরের আওয়াজে তার একটা শব্দও ওদের কারও কানে চুকচে না।

বোপ-বাড়ের বাধা থাকায় হপারের টার্গেটকে রানা দেখতে পাচ্ছে না।

‘আরে, বোকারা, তোমরা আমাকে কেন মারতে চাইছ, আমি তো লিয়োনেরা নই—আমি অলিভা!’ চিৎকার করে বলছে লিয়োনেরা। ‘খুঁজে দেখো, আশপাশেই কোথাও আছে সে... সে-ই তো তোমাদের টার্গেট...’

হপারকে লক্ষ্যস্থির করতে দেখে পিছন থেকে রানাও রাইফেল তুলে ওর খুলিটাকে টার্গেট করল।

এই সময় হঠাৎ পাশের বোপটা নড়ে ওঠায় রানার মনোযোগ ছুটে গেল। ডালপালা সরানোর খসখস আওয়াজ হচ্ছে। রাইফেল নামিয়ে সেদিকে ঘাড় ফেরাতেই অন্ধকারের ভিতর আরও কালো, আরও গাঢ় কী যেন একটা দেখতে পেল ও। শির শির করে উঠল ওর গা।

বোপের ভিতর থেকে পিছু হটে বেরিয়ে আসছে কী যেন।  
তারপর আভাস পাওয়া গেল, মানুষের আকৃতি। একটা নারীমূর্তি!

ওদিকে গাছগুলোর আড়াল থেকে বেরিয়ে এল লিয়োনেরা,  
মাথার উপর হাত তুলে সারাক্ষণ বকবক করছে: ‘আমি

লিয়োনোরা নই, অলিভা! তোমরা লিয়োনোরাকে মারতে এসেছ,  
আশপাশেই কোথাও আছে সে...

ইঞ্জিন আর রোটরের আওয়াজকে চাপা দিয়ে গর্জে উঠল  
একে-ফোর্মিসেভেন। শুনতে পেয়ে হ্যাঙ্ক করে উঠল রানার বুক,  
যদিও দেখতে পাচ্ছ না কাকে গুলি করা হয়েছে।

এক গুলিতেই লিয়োনোরার খুলি উড়িয়ে দিয়েছে হপার।

কপ্টারকে আগের জায়গা থেকে সরিয়ে আনছে পাইলট, ফলে  
সার্চলাইটের আলোটা এলোমেলো ভঙ্গিতে এদিক-ওদিক ছুটল  
কয়েক সেকেন্ড।

একবার রানার গায়েও পড়ল সেই আলো। মাত্র এক হাত  
দূরে ওকে দাঁড়িয়ে থাকতে দেখেও প্রথমে চিনতে পারল না  
অলিভা, ভয়ে আঁৎকে উঠল ও, গলা চিরে বেরিয়ে এল তৈল্ল  
চিৎকার।

‘এই মেয়ে, আমাকে তুমি চিনতে পারছ না?’ বলল রানা, ওর  
পরনে শর্টস দেখে বিস্মিত। ‘আমি ফেদেরা, সাংবাদিক। ভুলে  
গেলে ডাক্তার মিল্টনের বাড়ি থেকে তোমাকে আমি পালাবার  
সুযোগ করে দিয়েছিলাম?’

চিৎকার থামিয়ে ওর দিকে বোকার মত তাকিয়ে থাকল  
অলিভা।

‘তারও আগে, মনে নেই,’ আবার বলল রানা, ‘দায়ান আর  
তোমাকে পালাবার সুযোগ করে দিই রানশ্ থেকে?’

এতক্ষণে, আলোটা সরে যাওয়ার পর, রানাকে চিনতে পারছে  
অলিভা। কাছে সরে এসে ওর একটা হাত চেপে ধরল ও।  
‘দায়ান!’ তারপর হঠাত ফুঁপিয়ে কেঁদে উঠল। ‘আমার দায়ানকে  
কি মেরে ফেলেছে ওরা?’

‘না, কে বলল!’ জবাব দিল রানা। ‘দায়ান আমার কাছে  
আছে। চলো...’

সার্চলাইটের আলো এবার স্থির হলো লিয়োনোরার লাশের উপর।  
মুখটা দেখতে পেয়ে চমকে উঠল শেরিফ, বলল, ‘আরে, ও তো  
অলিভা নয়! সর্বনাশ, তার মানে দুই পাগলী ড্রেস বদল করেছে!’

কথাটা এক কানে ফিট করা রেডিওর খুদে রিসিভার থেকে  
শুনতে পেল হপার, সেই সঙ্গে শুনতে পেল অলিভার  
আর্টিচৎকারও। বট করে ঘুরে দাঁড়াল, হাতের রাইফেল কাঁধে  
তুলতে যাচ্ছে—চিৎকারের উৎসকে দেখামাত্র নিজের ভুলটা  
সংশোধন করে নেবে।

শেরিফের নির্দেশে কপ্টারের সার্চলাইট আবার ঘুরে গেল,  
আলোটা এবার ফোকাস করা হলো রানা আর অলিভার উপর।

গাছপালার ফাঁক দিয়ে রানা আর অলিভাকে পঞ্চাশ গজ দূরে  
দেখতে পাচ্ছে হপার। ওর জন্য এটা সামান্য দূরত্ব, পর পর দুটো  
গুলি করে এখনই ফেলে দিতে পারে দুজনকে। কিন্তু মাঝখানে  
কিছু বোপ আর গাছপালা থাকায় কাজটা একটু জটিল হয়ে  
উঠেছে।

সময় নিয়ে লক্ষ্যস্থির করছে হপার। প্রথমে অলিভাকে  
মারবে।

‘হপার,’ খুদে রিসিভার থেকে শেরিফের নির্দেশ ভেসে এল।  
‘ফেদেরাকে ফেলে দাও, কারণ ওই ব্যাটা হাতে হাঁড়ি ভেঙে দিতে  
পারে। অলিভাকে পরে মারো, তার তো আর পালাবার কোনও  
উপায় নেই।’

নতুন করে লক্ষ্যস্থির করছে হপার, এবার ওর টার্গেট  
সাংবাদিক ফেদেরা ওরফে রানা। হঠাত চমকে উঠল ও—এ কি,  
সাংবাদিকের হাতে রাইফেল কেন!

দুটো রাইফেল গর্জে উঠল একই সঙ্গে।

একটা ঝাঁকি খেল রানা, হপারের বুলেট গাছের পাতায় লেগে  
কিছুটা দিকভ্রান্ত, বুকে না লেগে ওর ট্রাউজারের পকেটে রাখা  
মোবাইল ফোনটাকে গুঁড়িয়ে দিয়ে বেরিয়ে গেল।

রানা টার্গেট করেছিল কপ্টারের সার্চলাইটকে, কারণ জানে আলো নিভে গেলে হপার গুলি করতে পারবে না।

কিন্তু হপারের মত সে-ও লক্ষ্যভেদে ব্যর্থ হয়েছে, গুলিটা কপ্টারের সার্চলাইটে লাগল না। তা না লাগলেও, রোটরের একটা ব্লেড ভেঙে দিয়েছে ওই বুলেট।

পেটে শেরিফ আর গিলবার্টকে নিয়ে বনভূমির মাথার উপর প্রথমে অলসভঙ্গিতে মাতলামি শুরু করল যান্ত্রিক ফড়িঠটা, তারপর চরকির মত উন্মুক্তবেগে পাক খেতে খেতে নেমে এল জমিনে—তবে তর্যক একটা পথ ধরে, যেন ওটার নিজস্ব ইচ্ছে শক্তি আছে, ধাওয়া করছে ক্রন্তো হপারকে।

বিকট শব্দে ঝোপ-ঝাড় আর জমিনের উপর বিধ্বস্ত হলো কপ্টারটা। হপারের কোনও চেষ্টাই সফল হয়নি, ধাওয়া করে ওর পিঠের উপরই আছড়ে পড়েছে ওটা। সঙ্গে সঙ্গে বিশ্ফোরিত হলো কমলা রঙের শিথা।

দ্বিতীয় কপ্টার আর পানিভর্তি ফায়ার বিগ্রেডের গাড়ি চলে আসার আগেই অলিভাকে নিয়ে কেটে পড়তে হবে রানাকে। দ্রুত জিপের কাছে ফিরে এল ও, শক্ত হাতে কবজি ধরে আছে মেয়েটার। এই মুহূর্তে রানার মানসপটে বারবার ভেসে উঠছে প্রিয় বস্তু লিয়ন কারমেনের মুখটা। বোনকে ওর জিম্মায় রেখে মারা গেছে ওর বস্তু।

হাইওয়েতে না উঠে একটা সাইড রোড ধরল রানা, বেশ খানিকটা ঘুর পথ ধরে ফেয়ারফিল্ড প্ল্যান্টেশনে ফিরছে।

জানে না ওখানে ওদের জন্য কী অপেক্ষা করছে।

## পঁচিশ

‘মেয়েটা সত্য খুব ভালবাসে ওকে,’ বড়সড় লাউঞ্জে চুকে বলল টিসা, দেখল অস্থিরভাবে ঘরময় পায়চারি করছে রানা। ‘মাত্র এক মিনিটের জন্যে দায়ানকে দেখল। দায়ান ঘুমাচ্ছে, কিন্তু ওর দিকে তাকাতেই অলিভার মুখটা কী এক আশ্চর্য আলোয় ভরে উঠল। তুমি যদি দেখতে কী রকম আদর করে ওর মাথায় হাত বুলিয়ে দিচ্ছ...’

‘ভাল আছে তো?’

‘একটু শুধু বিশ্রাম দরকার, ব্যস, সব ঠিক হয়ে যাবে,’ আশ্বস্ত করল টিসা।

‘কী করছে?’

‘শাওয়ার নিচ্ছে,’ বলল টিসা। ‘কিছু খাইয়ে ওকে আমি ঘুম পাড়িয়ে দেব। তুমি চাও ডাঙ্গার এসে একবার দেখে যান?’

মাথা নাড়ল রানা। ‘ওকে আমি সম্পূর্ণ স্বাভাবিক আচরণ করতে দেখছি, কাজেই এখন ওষুধ খাওয়ানো ঠিক হবে না। ডাঙ্গার দেখাবার কথা পরে ভাবা যাবে।’

‘বেশ। টোবিদের কোনও খবর পেয়েছ?’

মাথা নাড়ল রানা। ‘যাই, মিচেলের সঙ্গে একটু কথা বলি।’

টোবি ব্রাদাররা ওদের লুকানোর জায়গা থেকে দেখল টেরেসে বেরিয়ে এল রানা, মিচেলের পাশের খালি চেয়ারটায় বসল।

ইতিমধ্যে নিশ্চিত হয়ে গেছে বাড়ি, দায়ান এখানেই আছে। এমনকী কোন ঘরে রাখা হয়েছে তা-ও জানে। সাদা ইউনিফর্ম পরা নাস্টাকে তিনতলার জানালার সামনে মুহূর্তের জন্য আবার একবার দেখেছে ও।

কিন্তু এত লোককে নিয়ে কড়া পাহারা দেওয়া সত্ত্বেও, ওরা কেউ রানাকে ফিরতে দেখেনি। মিচেলসহ তিনি পুলিশ আর

প্ল্যানটেশনের দুজন প্রহরীও জানে না বাড়িতে অলিভাকে আনা হয়েছে।

সবার চোখকে ফাঁকি দেওয়ার জন্য বাড়ির পিছনের জলপথ ধরে এসেছে রানা। অলিভাকে ছোট একটা ডিঙ্গি নৌকায় তুলে নিজেই বৈঠা চালিয়েছে ও। বাড়ির খিড়কি দরজার কাছে পৌঁছে ডাঙায় নামিয়েছে অলিভাকে, তারপর ডুবিয়ে দিয়েছে ডিস্টাকে। কোনও প্রমাণ রাখেনি।

‘আজ রাতেই অপারেশন শুরু করব আমরা,’ বলল বাড়ি, ঘাসের ভিতর পা লম্বা করে দিয়ে আড়মোড়া ভাঙল। ‘গার্ডগুলো কোনও কম্বেরই নয়, তা না হলে কী টেরেলের লোকেরা কিচেন থেকে খাবার আর মোবাইল চুরি করতে পারত? ওদের ব্যবস্থা করতে দু’মিনিটের বেশি লাগবে না।’

‘কাজটা যদি এতই সহজ, তা হলে বিশ-বাইশজন লোক যোগাড় করার কী দরকার ছিল?’ জিজেস করল ফ্রিম্যান।

‘তোমাকে আগেই বলা হয়েছে কেন ওদেরকে আনা হয়েছে,’ বলল বাড়ি। ‘প্ল্যানটেশন থেকে লেবাররা ছুটে এলে তাদের সামলাবে ওরা। বাড়ির ভেতর ছুকে আমরা দুজনই যদি কাজ সারতে পারি, ওদের সাহায্য নেব না।’

‘বাড়ির ভেতর ছুকে কী করব আমরা?’ জানতে চাইল ফ্রিম্যান। ‘ওদের সবাইকে খুন করব?’

‘সেটা নির্ভর করবে পরিস্থিতির ওপর,’ বলল বাড়ি। ‘তবে অপারেশনটা হতে হবে পরিষ্কার। ভুলভাল করলে এটাই হবে আমাদের শেষ কাজ।’

একটানা ঘোলো ঘণ্টা ঘুমিয়ে সঙ্গের দিকে জাগল অলিভা। বিছানার উপর বাট করে উঠে বসল, সন্তুষ্ট বোধ করছে, প্রথম কয়েক সেকেন্ড মনে করতে পারল না এত দামি সব ফার্নিচার দিয়ে সাজানো ঘরে কীভাবে এল ও।

তারপর স্মরণ হলো। সঙ্গে সঙ্গে ওর সমস্ত চিন্তা-চেতনা দখল করে নিল দায়ান। বড়সড়, আরামপ্রদ বিছানায় আবার শুলো ও, চোখ বুজে স্বন্তির নিঃশ্বাস ফেলল।

অলিভা জানে, দায়ানের জন্য যা কিছু করবার ছিল সবই করা হয়েছে। রড়িরিক ফেদেরার মধ্যে একজন আদর্শবান মানুষকে আবিক্ষার করেছে ও—কোনও পরমানুষ নিঃস্বার্থভাবে এভাবে কারও উপকার করতে পারে, চোখে না দেখলে বিশ্বাস করা কঠিন। ‘জানি না ওঁদের এই ঝণ কীভাবে শোধ করব,’ বিড়বিড় করছে। ‘টিসা ফিলেও আমাকে কম ঝণী করছেন না।’

সবচেয়ে বড় সুখবর, দায়ানের বিপদ কেটে গেছে। তবে এখনও খুব দুর্বল। আশা করা যায় ওর উপস্থিতি আরও দ্রুত সুস্থ করে তুলবে তাকে।

পেশি ঢিল করে দিয়ে শুয়ে আছে, তারপরেও অস্পষ্টিকর একটা ভয় ঘিরে রেখেছে ওকে। বিপদের আশঙ্কাটা মন থেকে কোনওমতে তাড়ানো যাচ্ছে না।

কিন্তু কোথায়, কীসের ভয়? নিজেকে অভয় দেওয়া চেষ্টা করল অলিভা। টোবি ব্রাদারদের সুপার-হিউম্যান মনে করবার কোনও কারণ নেই।

ওদের কথা মনে পড়তেই অস্তির হয়ে উঠল অলিভা। বিছানা ছেড়ে অন্ধকার মেঝেতে পা রাখল, টিসার দেওয়া একটা শাল জড়ল গায়ে, তারপর হেঁটে এসে দাঁড়াল কাঁচ লাগানো জানালার সামনে। পরদা সরিয়ে বাইরে তাকাল।

এটা তিনতলার একটা কামরা। এতটা উঁচু থেকে বাড়ির সামনেটা অনেক দূর দেখা যায়, লম্বা ঘাসে ঢাকা। তারপর বিরাট জায়গা জুড়ে কমলার বাগান। গোধূলির ম্লান আলোয় সোনালি ফলগুলো দেখা যাচ্ছে।

জানালার সরাসরি নীচে চওড়া টেরেস, একজন গার্ডকে সেখানে পায়চারি করতে দেখছে অলিভা, বগলের তলায়

রাইফেল। টেরেস থেকে নামার ধাপ আছে। ধাপের পর বেড়া দিয়ে ঘেরা বড়সড় লন, বেড়ার ওপারে ঘাস।

জানালার সামনে দাঁড়িয়ে ভয়ে শিউরে উঠল অলিভা। অন্ধকারে চোখ রেখে অপেক্ষা করছে।

দরজা খুলে ভিতরে ঢুকল টিসা। ‘ও, তোমার ঘূম ভেঙেছে?’ ওকে জানালার সামনে দেখে বলল। ‘আলো জ্বালব, নাকি অন্ধকারই ভাল লাগছে?’

‘প্লিজ, জ্বালবেন না,’ বলল অলিভা, চোখ দুটো এখনও কী যেন খুঁজছে বাইরে।

‘কোনও কারণে ভয় পাচ্ছ তুমি?’ নরম সুরে জিজেস করল টিসা, হেঁটে ওর পাশে চলে এল।

‘বাইরে ভয়ানক একটা বিপদ ওত পেতে আছে,’ ফিসফিস করল অলিভা, এখনও স্ট্যাচুর মত অটল।

‘ফেদেরাকে ডাকব?’ জিজেস করল টিসা, হঠাত করে সচকিত হয়ে উঠেছে। ‘ওকে বলব বাইরেটা একবার ঘূরে দেখে আসুক...’ অলিভা ওর হাত চেপে ধরতে থেমে গেল।

‘দেখুন!’ বলে উঠল অলিভা, একটু একটু কাঁপছে। ‘দেখতে পাননি? ওই যে, ওই গাছগুলোর পাশে।’

অন্ধকারে চোখ জ্বালবার চেষ্টা করছে টিসা। কিছুই নড়তে দেখছে না ও, কিছু শুনতেও পাচ্ছে না। এমনকী বাতাস পর্যন্ত স্থির হয়ে আছে। ‘কই, আমি তো কিছু দেখছি না। তুমি বরং নীচে চলো,’ মৃদুকণ্ঠে বলল ও। ‘তোমার ভাল লাগবে।’

‘ওখানে ওরা লুকিয়ে আছে... টেবিরা...আমি জানি ওরা ওখানে ওত পেতে আছে!’ কাঁপছে অলিভার কর্ণস্বর।

‘রা...ফেদেরাকে বলছি আমি,’ যতটা পারা যায় শান্ত সুরে বলল টিসা। ‘তুমি কাপড় পরো, অলিভা। আমার ড্রেসগুলো নিয়ে এসে রেখেছি, যেটা খুশি পছন্দ করো। তাড়াতাড়ি, কেমন?’ দরজা খুলে করিব্বরে বেরঞ্জল টিসা, হন হন করে হেঁটে সিঁড়ির

মাথায় পৌঁছাল। ‘ফেদেরা!’ গলা চড়িয়ে ডাকল ও।

দোতলার একটা কামরা থেকে বেরিয়ে সিঁড়ির গোড়ায় পৌঁছাল রানা, মুখ তুলে উপর দিকে তাকাল, টিসাকে দেখতে পেয়ে জিজেস করল, ‘আমাকে ডাকছ?’

‘হ্যাঁ। অলিভা বলছে টেবিরা এসেছে,’ টিসার গলা একটু কেঁপে গেল।

প্রতিবার দুটো করে ধাপ টপকে তিনতলায় উঠে এল রানা। ‘এ-কথা কেন ওর মনে হলো?’

‘বলছে ওদেরকে দেখেছে। জানি না সত্যি দেখেছে কি না। আমি তো কিছু দেখলাম না...তবে খুব ভয় পেয়েছে ও।’

‘তুমি ওর সঙ্গে থাকো...’

বাধা দিল টিসা, ‘রানা, আরেকটা কথা। তোমাকে কথাটা বলা হয়নি...’

‘কী কথা?’

‘গার্ডদের জন্যে একটা বিশেষ খাবার তৈরি করার জন্যে নীচের কিচেনে গিয়েছিলাম আমি,’ বলল টিসা। ‘হাতে মোবাইল ফোনটা ছিল, টেবিলে রেখে কাজ করছিলাম—একটু পর দেখি ওখানে ওটা নেই।’

‘কী বলছ? কে ঢুকেছিল কিচেনে তখন?’

‘ওটাই তো রহস্য। তিনজন গার্ডই বলছে, ওরা কেউ কিচেনে ঢোকেনি।’

‘তোমার হয়তো মনে নেই, হতে পারে, অন্য কোথাও রেখেছ,’ বলল রানা।

‘ওরা আরেকটা কথা বলছে, কিচেন থেকে ওদের কিছু খাবারও নাকি চুরি গেছে...’

‘সুসান ছাড়া আর কেউ...’

কথা না বলে দৃঢ়ভঙ্গিতে মাথা নাড়ল টিসা। তারপর বলল, ‘আমি অলিভার সন্দেহটাকে গুরুত্ব দিচ্ছি, রানা।’

‘ঠিক আছে, গার্ডের সঙ্গে কথা বলে দেখছি আমি। তুমি ওকে দোতলার সিটিং রহমে নিয়ে এসো,’ কথাগুলো দ্রুত বলে লেফটেন্যান্ট শন মিচেলের সঙ্গে কথা বলবার জন্য একতলায় নেমে যাচ্ছে রানা। ভাবছে, আমারটা ভেঙে গুঁড়িয়ে গেছে, টিসারটা গেছে হারিয়ে—লক্ষণ সুবিধের নয়।

গাঢ় হয়ে আসা অঙ্ককারে গা ঢাকা দিয়ে ধীরে ধীরে বাড়িটার দিকে এগিয়ে আসছে বাড়ি আর ফ্রিম্যান প্রকাণ্ড একজোড়া কালো বাদুড়ের মত। ওদের পা থেকে এতটুকু শব্দ হচ্ছে না।

মিচেলকে নীচতলার কিচেনে পেল রানা।

এইমাত্র সাপার শেষ করে চেয়ারে হেলান দিয়ে সিগারেট ধরাচ্ছে, মুখে তৃষ্ণির ছাপ, গল্প করছে বাড়ির মেইড সুসানার সঙ্গে।

মিচেলের সঙ্গে গল্প করতে গিয়েই সাপার বানাতে আজ দেরি করে ফেলছে সুসানা, তবে এই মুহূর্তে হাত চালিয়ে দ্রুত কাজ করছে সে।

দরজা খুলে কিচেনে রানাকে ঢুকতে দেখে অবাক হলো মিচেল। চেয়ারে নড়েচড়ে, শিরদাঁড়া খাড়া করে বসল। ‘আমাকে আপানার দরিকার, মিস্টার ফেন্দেরা?’ সিধে হয়ে বসাটা সম্মান দেখানোর জন্য যথেষ্ট মনে না হওয়ায় চেয়ার ছেড়ে দাঁড়াল ও।

‘হ্যাঁ,’ বলল রানা, মাথাটা ঝাঁকিয়ে দরজাটা দেখাল। ওর পিছু নিয়ে করিডরে বেরিয়ে এল মিচেল। ‘তোমার সঙ্গীরা যে যাই পজিশনে ঠিকমত ডিউটি দিচ্ছে তো?’

‘শিয়োর,’ জবাব দিল মিচেল। ‘কেন, স্যর, কিছু হয়েছে?’

‘কিছু হবে বলে সন্দেহ করছি,’ বলল রানা। ‘তোমাকে নিয়ে চারদিকটা একবার ঘুরে দেখব। এসো।’

‘একটু পর যাই, স্যর, এই আধগন্টা পর?’

রানা ধরে নিল, শুনতে ভুল করছে ও। ‘কী বললে?’

‘আমি এইমাত্র সাপার খেয়েছি, স্যর। তা ছাড়া, কাকে আপনি এত ভয় পাচ্ছেন? টোবিরা আছে নাকি? ওগুলো কান্নানিক চরিত্র, স্যর। ছেলে ভুলানো কাহিনি।’

‘মিচেল, এখানকার ডিউটি তুমি সিরিয়াসলি না নিলে আমি তোমাকে থানায় ফেরত পাঠিয়ে দেব,’ বলল রানা, হঠাৎ করে রেগে গেছে।

চেহারা লাল হয়ে উঠল মিচেলের। ‘একটা কথা, স্যর, আপনি একজন সাংবাদিক হয়ে আমাকে এভাবে অর্ডার করতে পারেন না,’ অভিমানের সুরে বলল। ‘আমি শেরিফের সঙ্গে কথা বলছি।’ রানাকে পাশ কাটিয়ে করিডরের দেয়ালে ঝোলানো টেলিফোনের দিকে এগোল।

অপেক্ষা করছে রানা, থানা থেকে কী বলা হয় ওরও শোনার খুব আগ্রহ। নঙ্গে মাহমুদের মেসেজটাকে এফবিআই কি গুরুত্বের সঙ্গে নিয়েছিল? ওদের স্যাটেলাইট থেকে মনিটর করেছে শেরিফের ভাড়া করা কপ্টার দুটোর গতিবিধি?

ফোনের রিসিভার কানে ঠেকিয়ে মিচেল ইতস্তত করছে, বোকা বোকা লাগছে ওকে। তারপর ক্রেডলে ওটা রেখে দিয়ে বলল, ‘টেলিফোন ডেড, স্যর। বলুন, টোবিরা লাইন কেটে দিয়েছে।’

‘অসম্ভব নয়,’ বলল রানা, অকস্মাত প্রচণ্ড চাপ অনুভব করল স্নায়ুতে। চোখের পলকে হাতে বেরিয়ে এল পিস্টলটা। ‘নীচের কিচেন থেকে মিসেস টিসার মোবাইল ফোন আর কিছু খাবার চুরি গেছে, জানো তো?’

মাথা চুলকাল মিচেল। ‘ব্যাপারটা আমার কাছে ঠিক পরি...’

‘মিসেস টিসা এইমাত্র লনের কাছে দুজন লোককে দেখেছেন,’ বলল রানা। ‘খুব ভয় পেয়েছেন তিনি। হতে পারে ওরা টোবি ব্রাদার্স নয়, কিন্তু বাইরে বেরিয়ে দেখতে হবে কারা

ওরা। এসো, আমাকে তুমি কাভার দেবে।'

'কথাটা আগে বলবেন তো, স্যর,' সুর নরম করে বলল মিচেল। 'আশপাশে কেউ ঘুর ঘুর করলে আমি তাকে এখনই ভাগিয়ে দিছি।' একমুহূর্ত ইত্তত করে জিজেস করল মিচেল, 'আপনার ধারণা, ফোনের তার সত্য কাটা হয়েছে?'

'হ্যাঁ,' বলল রানা, মিচেলকে পিছনে নিয়ে টেরেসে বেরিয়ে এল।

নিঃসঙ্গ গার্ড, বেনসন, মেঝেতে বসে দেয়ালে হেলান দিয়ে রয়েছে, হাতের ভাঁজে রাইফেলটা আলগাভাবে ধরা। 'এই যে, শন!' মিচেলকে দেখে বলল ও, তাড়াতাড়ি দাঁড়াচ্ছে। 'বলতে পার, সাপারের জন্যে কখন ডাকা হবে আমাকে?'

'আগে কাজের কথা,' বলল মিচেল। 'আশপাশে কাউকে দেখেছ?'

'মানে কাল্পনিক টোবি ব্রাদারদের?' হেসে উঠে জিজেস করল বেনসন। 'আরে, ধ্যাং, ওরা থাকলে তো দেখব!'

'বাড়ির মিসেস বলছেন, সামনের দিকে দুজন লোককে দেখা গেছে,' বলল মিচেল। 'চোখ-কান খোলা রাখো।'

'হ্যাঁ, অবশ্যই। তবে এদিকে কেউ আসেনি। মিসেস হয়তো ভুল দেখেছেন।'

'আমারও তা-ই ধারণা,' বলল মিচেল, রানার দিকে ফিরল। 'আপনি সন্তুষ্ট, স্যর?'

'না,' বলল রানা। 'তোমার লোক তো বসে বসে ডিউটি দিচ্ছিল, তা-ও চোখে ঘুম নিয়ে। আবার বলছি, বাইরে দুজন লোককে দেখা গেছে।' বেনসনের বুকে টোকা মারল ও। 'চোখ খোলা রাখো, বুঝলে, ডাইনামাইট নিয়ে খেলছ তুমি! এখনই সতর্ক না হলে মারা পড়বে।'

'মিস্টার ফেদেরার ধারণা,' ব্যাখ্যা করল মিচেল, 'আজ রাতে কিছু একটা হবে।'

সেই মুহূর্তে বাড়ির পিছনদিকে সত্যিই কিছু একটা হচ্ছে।

## ছাবিশ

টোবি ব্রাদাররা পিছনের টেরেসের কাছাকাছি চলে এসেছে। বাড়ির হাতে লস্বা, সরু স্টিলের একটা রড, ওটার মাথায় আলগা খানিকটা পিয়ানোর তার—লুপের আকৃতি নিয়ে ঝুলচ্ছে।

তরঙ্গ এক কনেস্টবল বাড়ির পিছনদিকটা পাহারা দিচ্ছে। টেরেসের রেইলিঙে বসে পা দোলাচ্ছে ও, রাইফেলটাকে নামিয়ে রেখেছে মেঝেতে, তাকিয়ে আছে বেড়ার ওপারের জপল আর লেকের দিকে। গুন গুন করছে, মাঝে-মধ্যে অসহিষ্ণু ভঙ্গিতে চোখ বুলাচ্ছে হাতঘড়ির আলোকিত ডায়ালে। বিকেলের নাস্তা না পেয়ে সে-ও খুব বিরক্ত।

ফ্রিম্যানের হাতটা একবার ছাঁলো বাড়ি। দুজনেরই জানা আছে ঠিক কী করতে হবে। স্থির হয়ে থাকল ফ্রিম্যান, হাতে তৈরি হয়ে আছে .45 পিস্টল। শিকারি বিড়ালের মত সামনে এগোল বাড়ি, রাবারের সোল লাগানো জুতো কোনও শব্দই করছে না ধাপের উপর। রডটা এমনভাবে ধরে আছে ও, যেন মিছিলে অংশ নেওয়া কোনও লোক একটা পতাকা উঁচু করে রেখেছে।

গার্ডের কয়েক গজের মধ্যে পৌঁছে থামল বাড়ি।

পিয়ানোর তার দিয়ে বানানো বৃন্তার আরও উঁচু হলো, তারপর এতটুকু শব্দ না করে ধীরে ধীরে নিচু হচ্ছে। তারের প্রান্ত বাড়ির হাতে, সেটা সাবধানে নাড়াচাড়া করছে ও, বৃন্তাকে এমনভাবে অ্যাডজাস্ট করছে ওটা যাতে কোথাও বাধা না পেয়ে গার্ডের টুপি গলে নীচে নামে।

বৃন্তটাকে গার্ডের গলায় পরিয়েই হ্যাচকা টান দিল বাডি। সেই একই মুহূর্তে বিদ্যুৎবেগে ছুটে এসে টেরেস থেকে ছোঁ দিয়ে রাইফেলটা তুলে নিল ফ্রিম্যান।

গার্ড কোনও শব্দ করছে না। বৃত্ত যত ছোট হচ্ছে, ওর গলার মাংস কেটে ততই ভিতরে সেৰ্বিয়ে যাচ্ছে পিয়ানোর তার। রেইলের মাথা থেকে ভারী বস্তার মত নীচের মেঝেতে পড়ল শরীরটা, তারপরেও পা দুটো ছুঁড়ছে সে, গলায় চুকে যাওয়া তারের ভিতর আঙুল ঢোকাবার ব্যর্থ চেষ্টা করছে।

মাত্র দুই মিনিট, তারপরেই স্থির হয়ে গেল গার্ড।

তারে ঢিল দিল বাডি, গার্ডের গলা থেকে লুপটা খুলে নিল ফ্রিম্যান। সময় নষ্ট না করে স্টিলের রডের মাথায় চাপ দিল বাডি, আকারে ছোট হয়ে দু'ফুটে দাঁড়াল ওটা, তারপর ফ্রিম্যানের সঙ্গে হাত লাগিয়ে লাশটাকে টেনে আনল টেরেস থেকে অন্ধকার বাগানে।

এর আগে এই রডের সাহায্যে কিচেন থেকে কিছু খাবার আর একটা মোবাইল সেট চুরি করেছে মাইকেল টেরেলের এক লোক। পায়ের আওয়াজ পেয়ে আঁধারে মিশে গেল দুই ভাই।

এক মুহূর্ত পরেই মিচেলকে নিয়ে টেরেসে বেরিয়ে এল রানা। ‘কই তোমার গার্ড? দেখছি না কেন?’ জিজেস করল ও।

‘আছে কোথাও আশপাশে,’ বলল মিচেল। ‘আমার অনুমতি ছাড়া এই পোস্ট ছেড়ে কোথাও যাবে না ও।’ গলা চড়িয়ে ডাকল, ‘বার্নি! ও হে, বার্নি! দূর ছাই, কোথায় গেলে তুমি?’

অন্ধকারে দাঁড়িয়ে রয়েছে ওরা। কোথাও কোনও শব্দ নেই, সাড়া নেই বার্নির।

তবে বাডি আর ফ্রিম্যান নিজেদের কাজ করে চলেছে। ছায়ার ভিতর দিয়ে এরইমধ্যে বাড়ির সামনের দিকে পৌছে গেছে ওরা। এই মুহূর্তে এগোচ্ছে বেনসনকে লক্ষ্য করে।

আরেকটা সিগারেট ধরাবার জন্য এইমাত্র হাতের রাইফেলটা

মেঝেতে নামিয়ে রাখল বেনসন।

‘বা-নি! এই বা-নি!’ এবার মিচেলের নিজের কানেই বেসুরো আর ভাঙ্গা ভাঙ্গা লাগছে গলাটা। ‘হয়তো সাপার খেতে কিচেনে গিয়ে বসে আছে,’ বিড় বিড় করল ও, তারপর ঘুরে ফিরতি পথ ধরল।

বাডি আর ফ্রিম্যান কোনও রকমে বেনসনের লাশটাই শুধু সরাবার সময় পেল। মৃত্যু যন্ত্রণায় ছটফট করবার সময় ওর রাইফেল আর হ্যাট যেখানে পড়েছে সেখানেই রয়ে গেল।

‘এবার বেনসনও কেটে পড়েছে,’ সিগারেটের আগুন দেখতে না পেয়ে বলল রানা। তারপর গলা চড়াল, ‘ও হে, বেনসন, কোথায় গেলে?’

রানার পাশে এসে দাঁড়াল মিচেল। বেল্ট থেকে শক্তিশালী একটা টর্চ টেনে নিয়ে টেরেসের সামনের দিকে আলো ফেলল ও।

পরমুহূর্তে দুজনেই ওরা জমে গেল। টেরেসের মেঝেতে বেনসনের রাইফেল আর হ্যাট পড়ে রয়েছে।

‘বেনসন?’ মিচেলের গলায় আতঙ্ক।

‘আলোটা নেভাও!’ ছোঁ দিয়ে বেনসনের রাইফেলটা তুলে নিল রানা। ‘চলে এসো—জলদি।’

তাগাদা দেওয়ার দরকার ছিল না, লাফ দিয়ে টেরেস থেকে করিডরে চুকল মিচেল। সঙ্গে সঙ্গে সদর দরজা বন্ধ করে বোল্ট লাগিয়ে দিল রানা।

‘কী হয়েছে ওদের, স্যর?’ ফিসফিস করল মিচেল, কাঁপ ধরে গেছে ওর শরীরে।

‘কান্সনিক টোবিরা নিয়ে গেছে,’ সংক্ষেপে বলল রানা, ওকে পাশ কাটিয়ে দ্রুত পায়ে কিচেনে গিয়ে ঢুকল। ভিতরে সুসান ছাড়া কেউ নেই। ‘এই-যে সুসান, সব কাজ পড়ে থাক, দৌড়ে তিনতলায় উঠে যাও তুমি। মিসেস টিসাকে বলো আমি পাঠিয়েছি তাঁকে সাবধান করে দেবার জন্যে।’

কাজ ফেলে কিছেন থেকে বেরিয়ে গেল আতঙ্কিত সুসান।

কিছেনের পিছনের দরজা বন্ধ করে বোল্ট লাগাল রানা, তারপর ফিরে এল হলে। ‘এখান থেকে নড়বে না,’ মিচেলকে নির্দেশ দিল। ‘ডিফেন্সের প্রথম লাইন তুমি। সাবধান, তোমাকে যেন ওরা কাবু করতে না পারে।’ ভীত-সন্ত্রস্ত মিচেলকে ওখানে রেখে তরতর করে সিঁড়ি বেয়ে দোতলায় উঠে এল।

দোতলায়, সিঁড়ির মাথায় দেখা হলো টিসার সঙ্গে। রানার চেহারা দেখে ওর একটা বাহু খামচে ধরল ও। ‘কী হয়েছে, রানা?’

‘অলিভা ভুল দেখেনি,’ গলা খাদে নামিয়ে বলল রানা। ‘আমাদের দুজন গার্ডকে সরিয়ে নিয়ে গেছে ওরা। তোমাদের গান র্যাকে পুরানো একটা টমি গান দেখেছি, ওটা আমার চাই। প্রচুর অ্যামিউনশনও দরকার হবে।’

‘আছে,’ ফিসফিস করল টিসা। ‘তুমি, আমি, দুজন গার্ড, মিচেল—আমরা পাঁচজন লড়তে পারব...’

‘তোমার গার্ড দুজনকে এই হিসেবে ধোরো না,’ বলল রানা। ‘ওরা দুজন তিনতলায়, দায়ান আর অলিভার কামরায় থাকবে। ওদের সঙ্গে থাকবে সুসান আর নার্স কার্লাও।’ একটু থেমে বলল, ‘ওরা ফোন লাইন কেটে দিয়েছে। তোমার মোবাইলটাও চুরি করে নিয়ে গেছে। আর আমারটা তো আগেই...’

মনে পড়তে ট্রাউজারের অক্ষত পকেটায় হাত ভরল রানা। ছোট একটা ডিভাইস বের করে দেখাল টিসাকে। ‘এই রিপার অন করলে রানা এজেন্সির মডেস্টো শাখা বুঝে নেবে আমি বিপদে পড়েছি। আশপাশের সব এজেন্সিকে রিপোর্ট করবে ওরা। যত দ্রুত সম্ভব এখানে পৌঁছে যাবে অপারেটররা।’

‘তার কি কোনও দরকার আছে?’

‘না, এখনই তার দরকার নেই,’ বলল রানা। ‘তবে ওদেরকে অ্যালার্ট করে দিই, তৈরি হয়ে থাকুক।’ বোতাম টিপে ডিভাইসটা

অ্যাকটিভেট করল ও।

কিন্তু যে লাল আলোটা মিটমিট করার কথা সেটা জ্বলল না।

‘কী ব্যাপার?’ স্লান মুখে জিজেস করল টিসা।

‘কাজ করছে না,’ ডিভাইসটা বারকয়েক ঝাঁকিয়ে বলল রানা। ‘সরি।’ চোখ-মুখ থমথম করছে ওর, ‘যা করার করতে হবে আমাদেরকেই।’ অন করা ডিভাইসটা পকেটে রেখে দিল।

‘আমি যাই, প্ল্যানটেশনে খবর দিই,’ চাপা গলায় বলল টিসা। ‘গার্ড আর লেবার মিলে দুশো লোক ওরা...’

‘এখন আর তোমার কোথাও যাওয়া চলবে না,’ বলল রানা। ‘কারণটা হলো, ওদের স্ট্র্যাটেজিই বলে দিচ্ছে গোটা বাড়ি ঘিরে রেখেছে ওরা, কাউকে বেরতে দেখলেই খুন করবে, নয়তো জিম্মি করবে।’

মাথা নাড়ল টিসা। ‘তোমার নৌকাটা লেক থেকে তুলতে পারব আমি, ওরা টেরও পাবে না...’

‘না, টিসা, একা তোমাকে আমি ছাড়তে পারি না,’ বলল রানা। ‘অলিভার কাছে থাকা দরকার তোমার। কোথায় ও?’

‘দায়ানের কাছে,’ বলল টিসা।

‘ঠিক আছে। আমরাও সবাই দায়ানের কাছাকাছিই থাকব। ওকেই চায় ওরা, তারপর চায় অলিভা আর আমাকে—কারণ আমরা তিনজনই ওদের খুনের সাক্ষী। বাড়িতে চুক্তে পারলে দায়ানের কামরাকেই টার্গেট করবে ওরা সবার আগে।’

‘আপনি এখানে আমাকে একা ফেলে রাখবেন, স্যর?’ সিঁড়ির গোড়া থেকে নিরীহ ভঙ্গিতে জানতে চাইল মিচেল।

‘থাকো না, সমস্যা কী! বলল রানা। ‘টোবি ভাই তো স্বেচ্ছ ছেলে ভুলানো গল্প। কাঙ্গালিক চরিত্র কী ক্ষতি করবে তোমার? ওখান থেকে এক পা-ও নড়বে না তুমি।’

‘টমি গান,’ ফিসফিস করে বলল টিসা, রানার হাত ধরে দোতলার একটা কামরার ভিতর নিয়ে এল।

পাঁচ-সাত মিনিট পর তিনতলায় উঠে এসে দায়ানের ঘরে তুকল ওরা দুজন, রানার হাতে টমি গান, কোমরে জড়ানো এক্সট্রা ক্লিপ। ক্লিপ ভরা বাস্ত্রটা করিডরের একধারে রেখে এসেছে ও। টিসার হাতে একটা অটোমেটিক রাইফেল।

টিসার একটা লিনেনের ড্রেস পরেছে অলিভা, দারুণ মানিয়েছে ওকে, বিছানার কিনারায় বসে দায়ানের দিকে ঝুঁকে রয়েছে। জানালার কাছাকাছি বসে উল বুনছে নার্স কার্লা, হেডব্রেসের বাইরে ক'গাছি কাঁচা-পাকা চুল বেরিয়ে আছে। পাশে দাঁড়িয়ে ওর হাতের কাজ দেখছে সুসানা।

গার্ড দুজন আরেক জানালার দু'পাশে টান টান হয়ে দাঁড়িয়ে, হাতে রাইফেল।

‘কি হে, দায়ান,’ বলল রানা। ‘বান্ধবীকে পেয়ে খুশি তো?’

স্লান একটু হেসে মাথা ঝাঁকাল দায়ান।

‘যে কারণেই হোক, বুলেট্টা বেশি ভেতরে ঢোকেনি, তাই খুব সহজে বের করা গেছে,’ বলল রানা। ‘তুমি আসলে মারা যাচ্ছিলে রক্তক্ষরণে। এখন দ্রুত সুস্থ হয়ে উঠবে।’

‘প্লিজ, স্যর,’ জানালার কাছ থেকে বলল নার্স। ‘আমার পেশেন্টকে বেশি কথা বলাবেন না। খুব দুর্বল ও।’

‘আচ্ছা, বেশ,’ বলে অলিভার উদ্দেশে ইঙ্গিত করে কামরা থেকে বেরিয়ে এল রানা।

ওর পিছু নিয়ে করিডরে চলে এল অলিভা।

‘শোনো, অলিভা,’ বলল রানা। ‘তুমি ভুল দেখোনি। টোবিরা পৌছে গেছে। তবে ভয় পেয়ো না। কীভাবে কী করতে হবে আমি জানি। একটাই কাজ তোমার, সারাক্ষণ দায়ানের পাশে থাকা। যতই গোলাগুলি হোক, ঘর ছেড়ে কেউ তোমরা বেরবে না। আর শুধু আমার গলা শুনলে দরজা খুলবে। ঠিক আছে?’

‘জী, ঠিক আছে,’ বলল অলিভা, চোখ দুটো যেন জুলছে। হঠাৎ রানার একটা হাত ধরল, অপর হাতটা তুলে দিল ওর

কাঁধে। ‘আপনি কে জানি না, আরেক জন্মে আপনি হয়তো আমার আপন ভাই ছিলেন...কিংবা সন্তান। তবে আমি এটুকু জানি যে, চোখ বন্ধ করে আপনার ওপর ভরসা রাখা যায়। আমি বিশ্বাস করি, আপনি যতক্ষণ আমাদের সঙ্গে আছেন, আমার স্বপ্নের ভালবাসা আটুট থাকবে, কেউ ওটার কোনও ক্ষতি করতে পারবে না—কেউ না!’ রানাকে একবার আলিঙ্গন করে ছেড়ে দিল ওর ছোট বোন অলিভা।

বিরাট বাড়িটা নীরব হয়ে আছে। অলিভাকে দায়ানের সঙ্গে একা থাকতে দিয়ে সবাইকে নিয়ে পাশের কামরায় চলে গেছে টিসা। তবে দুই ঘরের মাঝখানের দরজাটা খোলা, সেদিকে নজর রাখছে গার্ড দুজন।

এক আর তিনতলার মাঝখানে, সিঁড়ির মাথায় বসে রয়েছে রানা, দুই হাঁটুর ফাঁকে টমি গানটা বসানো। হল, সিঁড়ি, ল্যান্ডিং উজ্জ্বল আলোয় উদ্ভিত হয়ে আছে। বিরাট দেয়ালঘড়িতে এগারোটা বেজে দশ মিনিট।

নীচতলার সিঁড়ির ধাপে বসে আছে মিচেল, কিন্তু অস্থির লাগায় দাঁড়িয়ে পড়ল, আড়মোড়া ভাঙছে। এত বড় হলে একা থাকতে ভয় করছে ওর।

কোনও রকম উচ্চবাচ্য না করে, এমন সুষ্ঠু-সাবলীল ভঙ্গিতে গায়ের হয়ে গেছে দুই কনেস্টবল, সত্যি কথা বলতে কী, ওর আত্মা একেবারে খাঁচাহাড়া হয়ে গেছে। সম্ভব নয়, অথচ ওর মন বলছে হলের যে-কোনও একটা দেয়াল ফুঁড়ে বেরিয়ে আসবে টোবিরা।

ঘামে পিচ্ছিল হয়ে আছে হাত। রাইফেলটা এত জোরে চেপে ধরেছে, পেশিগুলো টন্টন করছে ব্যথায়। চোখের দৃষ্টি দিশেহারা হয়ে এদিক-ওদিক ছুটোছুটি করছে।

দোতলার করিডরে রানার নড়াচড়ার আওয়াজ পাচ্ছে মিচেল।  
‘স্যর! ও, স্যর!’ খানিক পর পর ডাকছে ওকে।

বিরক্ত রানা কোনও সাড়া দিচ্ছে না।

তালা খুলে নীচতলার সিটিং রুমে ঢুকে পড়েছে বাড়ি।  
সামান্য খোলা দরজার ফাঁক দিয়ে মিচেলকে দেখতে পাচ্ছে ও,  
মাত্র কয়েক ফুট দূরে।

প্যাসেজটা অন্ধকারে ডুবে আছে, দেয়াল ঘেঁষে এক ইঞ্চিং এক  
ইঞ্চিং করে মিচেলের দিকে এগোচ্ছে ফ্রিম্যান।

বাতাসে বিপদের গন্ধ পেল মিচেল। ওর চারপাশের পরিবেশে  
যেন বিষম একটা টান পড়ছে। স্থির হয়ে দাঁড়িয়ে কান পেতে  
থাকল ও, ভয়ে কৃৎসিত দেখাচ্ছে মুখটা।

সামান্য একটু আওয়াজ হলো, হাঁদুর ছুটে গেলে এরকম শব্দ  
হতে পারে, শুনে বাট করে ঘাড় ফিরিয়ে প্যাসেজ বরাবর তাকাল  
মিচেল।

ফিউজ বক্সের কাছে পৌছেছে ফ্রিম্যান, টান দিয়ে নীচে  
নামানোর সময় ঘটাং করে উঠল লিভারটা।

‘কে ওখানে?’ প্রায় বুজে আসা গলায় বলল মিচেল, এক পা  
সামনে এগোল।

ঠিক তখনই গোটা বাড়ি ডুবে গেল অন্ধকারে।

দ্রুত পায়ে এগিয়ে এসে সিঁড়ির মাথায় দাঁড়াল রানা।  
‘মিচেল?’ গলা চড়িয়ে ডাকল ও। ‘তোমার কিছু হয়েছে?’

‘কেউ একজন আমার খুব কাছে চলে এসেছে, স্যর,’ ফুঁপিয়ে  
উঠে বলল মিচেল। ‘তাড়াতাড়ি নেমে আসুন...আপনি আমাকে  
বাঁচান...’

‘তুমি নড়ো না,’ বলল রানা। ‘এত ভয় পাবার কিছু নেই,  
আমি আসছি...’

টর্চ জ্বালাটা বোকামি হয়ে যেতে পারে, ভারী টমি গান্টা  
বাগিয়ে ধরে সিঁড়ির ধাপ বেয়ে নামতে শুরু করল রানা। কিন্তু

পরমুহূর্তে থমকে দাঁড়িয়ে পড়তে হলো ওকে।

অকস্মাত আঁতকে ওঠার মত দম আটকানোর আওয়াজ বেরিয়ে  
এল কারও গলা থেকে—নিশ্চয় মিচেলেরই হবে। রানা উপলক্ষ্য  
করল, ওর আর কোনও সাহায্য দরকার নেই। কারণ তারপরেই  
শোনা গেল গলা টিপে খুন করবার পরিচিত শব্দ।

এখানে কী হচ্ছে টিসাকে জানাবার কথা ভাবল রানা, কিন্তু  
সিঁড়িটার দোতলার ল্যান্ডিং ছেড়ে নড়বার সাহস পাচ্ছে না।  
দায়ানকে খুন করতে হলে এই সিঁড়ির ধাপ বেয়েই উপরে উঠতে  
হবে টেবিদের, কাজেই মুহূর্তের জন্যও এই জায়গা ছেড়ে  
কোথাও ওর যাওয়া চলে না।

নীচতলায়, সিঁড়ির গোড়ায় পৌঁছাল বাড়ি আর ফ্রিম্যান।  
রাইফেলের বাঁট দিয়ে কাঠের ধাপে সামান্য আওয়াজ করল  
একজন।

সিঁড়ির মাথা থেকে, রেইলিঙে ব্যারেল ঠেকিয়ে, সঙ্গে সঙ্গে  
নীচের অন্ধকারে এক পশলা গুলি করল রানা।

ওরা দুজনও নীচ থেকে পালটা গুলি করল। গুলি আর পালটা  
গুলি, গাঢ় অন্ধকারের ভিতর থেমে থেমে চলল কিছুক্ষণ।

‘ওরে বাপরে!’ অবশ্যে টান দিয়ে ফ্রিম্যানকে একপাশে  
সরিয়ে নিয়ে বলল বাড়ি। ‘সাবেক সোলিয়ারদের গান র্যাক  
ব্যবহার করছে সাংবাদিক ফেদেরা। আমি হলপ করে বলতে  
পারি, একটা টমি গান থেকে ব্রাশ ফায়ার করা হচ্ছে।’

‘এখন উপায়?’ জানতে চাইল ফ্রিম্যান। ‘ওপরে উঠব  
কীভাবে?’

‘আমাকে একটু চিন্তা করতে দাও,’ নরম সুরে বিড়বিড় করল  
বাড়ি। দশ সেকেন্ড সময় নিল ও। ‘পেয়েছি।’

‘কী?’

‘ওই পজিশন থেকে ফেদেরাকে সরানো যাবে না। টেরেল  
বাহিনীর সাহায্য নেব আমরা। ওদের আটজন বাদে আর সবাই

আসবাবপত্রের আড়াল থেকে গুলি করে ব্যস্ত রাখবে ফেদেরাকে, ঠিক আছে?’

‘গুড়। তারপর?’ জিজেস করল ফ্রিম্যান। ‘চোদোজন থাকছে এখানে, বাকি আটজনের কী কাজ?’

‘আমার সঙ্গে থাকবে চারজন, আর তোমার সঙ্গে থাকবে চারজন,’ বলল বাড়ি। ‘আমার দল নিয়ে পানির পাইপ বেয়ে ছাদে ঢলে যাব আমি, ছাদের দরজা ভেঙে সিঁড়ি বেয়ে দোতলায় নামব ফেদেরাকে শেষ করার জন্যে।’

‘ভেরি গুড়।’

‘তুমিও তোমার চারজনকে নিয়ে পশ্চিম পাশের ওয়েইস্ট-ওয়াটার পাইপ বেয়ে তিনতলা পর্যন্ত উঠবে, তারপর জানালা দিয়ে ভেতরে ঢুকে দায়ানকে শেষ করবে। কোনও প্রশ্ন আছে?’

‘প্রশ্ন করে কী লাভ, তারচেয়ে তাড়াতাড়ি কাজটা সেরে ফেলি চলো,’ বলল ফ্রিম্যান। ‘তবে এটাই কিন্তু আমার শেষ কাজ, বাড়ি।’

বাড়ি কিছু বলল না।

## সাতাশ

পাঁচজন রাইফেলধারী আর আটজন পিস্তলধারী নীচতলার আসবাবপত্রের আড়াল থেকে অনবরত গুলি করছে, চেষ্টা করছে ধাপ বেয়ে উপরে উঠে আসবার, একা ওদেরকে ঠেকিয়ে রাখতে হিমসিম খেয়ে যাচ্ছে রানা। কারণ, উল্টানো টেবিল, মিটসেফ, আলমারি ইত্যাদি ঠেলে জায়গা বদল করছে ওরা।

অনেকক্ষণ ধরেই আশা করছে ও, তিনতলা থেকে নেমে এসে ওকে সাহায্য করবে টিসা, কিন্তু ওদিক থেকে ওদের কারও সাড়া-শব্দই পাচ্ছে না।

অগত্যা টিসার নাম ধরে বার কয়েক ডাকল রানা। কিন্তু তারপরেও কোনও সাড়া নেই।

সিঁড়ির নীচ থেকে খুনিরা এখন থেমে থেমে গুলি করছে। রানাও ওর টমি গানের অ্যামিউনিশন খুব একটা অপব্যয় করছে না। দু'তিনজন একসঙ্গে উপরে ওঠার চেষ্টা করলে ব্রাশ-ফায়ার করে ফেলে দিচ্ছে সিঁড়ির গোড়ায়।

সন্দেহ জাগল রানার মনে: ওকে এখানে ব্যস্ত রেখে টোবিরা অন্য কোনও দিক থেকে উপরে ওঠার চেষ্টা করছে না তো?

‘টিসা!’ আবার ডাকল রানা। এবার প্রায় সঙ্গে সঙ্গে তিনতলায় ওঠার সিঁড়িতে আওয়াজ হলো। ‘কখন থেকে ডাকছি, আসতে এত দেরি করলে কেন?’ জিজেস করল ও। ‘তোমাদের ওখানে সব ঠিকঠাক আছে তো?’

টিসা সাড়া দিচ্ছে না দেখে ঝাট্ট করে ঘাড় ফিরিয়ে তাকাল রানা, টর্চ জ্বলে আলো ফেলল উপর দিকে। তিনতলায় ওঠার সিঁড়ি ফাঁকা দেখল ও, কেউ নেই ওখানে।

কেউ না থাকলেও, কিছু আছে। রানা দেখল কার্পেট বিছানো ধাপ বেয়ে, ঢপ ঢপ শব্দে ড্রপ খেয়ে ওর দিকে নেমে আসছে কালো একটা বল। অন্ত ছেড়ে দিয়ে সঙ্গে সঙ্গে ডাইভ দিল রানা, তবে উল্টোদিকে নয়।

তিনতলায়, সিঁড়ির মাথায়, বাড়িকে দেখতে পেয়েছে ও। ছেঁ দিয়ে তুলে সেদিকেই ছুঁড়ে দিল প্রেনেডটা।

অপ্রত্যাশিত বলেই, খপ্ করে সেটা লুকে নিল বাড়ি, তা না হলে ওর বুকের ঠিক মাঝখানে আঘাত করত। যেই লুকেছে, অমনি ফাটল বোমাটা—চোখের নিমেষে ছিন্নভিন্ন হয়ে গেল বাড়ি, টোবি ব্রাদারদের একজন।

টর্চ নিবে যেতে আবার অন্ধকার হয়ে গেল দোতলার সিঁড়ি  
আর করিডর।

বাড়ির পিছনে মজা দেখতে জড়ো হওয়া বাকি চারজনের  
কারণ অবস্থাই ওর চেয়ে ভাল নয়। শ্র্যাপনেলের আঘাতে একই  
সঙ্গে মারা পড়েছে টেরেলের তিন স্যাঙ্গাৎ, বাকিজন অস্ত্র ছেড়ে  
দিয়ে মৃত্যু যন্ত্রণায় গড়াগড়ি খাচ্ছে কাঠের মেঝেতে।

এই সময় রাইফেল গর্জে ওঠার আওয়াজ পেল রানা  
তেলায়। তারপর শুনতে পেল অলিভার আর্টনাদ।

কিষ্ট জায়গা ছেড়ে নড়বার উপায় নেই রানার, কারণ টমি  
গান নীরব থাকলে সিঁড়ি বেয়ে উঠে আসবে প্রতিপক্ষ।

নিজের টিম নিয়ে দুটো পাইপ বেয়ে উপরে উঠছে ফ্রিম্যান।  
তিনতলার বিশেষ একটা কামরার দুটো জানালার কাছে পৌঁছাল  
ওরা। কাউকে টার্গেট করার ঝামেলায় গেল না, প্রথমে অন্ধকার  
ঘরের ভিতর এলোপাতাড়ি গুলি করল কিছুক্ষণ, কে মরল কে  
বাঁচল দেখবার দরজার নেই।

একজন গার্ড মারা গেল প্রথম গুলিতেই, আহত হলো নার্স  
কার্লা, অপর গার্ড ও সুসানা।

দায়ান ও অলিভা রয়েছে পাশের ঘরে। গুলি শুরু হওয়ার  
সঙ্গে সঙ্গে টিসার দৃষ্টি আকর্ষণের জন্য চিৎকার করে উঠেছে  
অলিভা।

কামরার বাইরে করিডরে রাইফেল হাতে পাহারা দিচ্ছে টিসা,  
জানালা দিয়ে গুলি শুরু হতে দরজার পাশে আড়াল নিয়ে,  
জানালার দিকে পাল্টা ফায়ার করল ও।

টিমের লিডার হওয়া সত্ত্বেও ফ্রিম্যান প্রথমে জানালা গলে  
ভিতরে ঢোকাচ্ছে অন্যদের, সবার শেষে নিজে ঢুকবে। তাদের  
দুজনের খুলি উড়িয়ে দিল টিসা, ত্তীয় লোকটা জানলার গোবরাট  
থেকে খসে নীচে পড়ে গেল।

কিষ্ট চতুর্থ লোকটা টিসার মাজল ফ্ল্যাশ দেখে মাত্র এক  
গুলিতেই কাজ সেরে ফেলল—বুলেটের ধাক্কায় ছিটকে পড়ল  
টিসা, মেঝেতে মাথাটা ঠুকে যাওয়ায় সঙ্গে সঙ্গে জ্বান হারাল।

তাড়াহড়ো করে গুলি করতে গিয়ে কাঁধের হাড়ে রাইফেলের  
কুঁদোর বেমুকা ধাক্কা খেয়ে ভারসাম্য হারিয়ে পড়ে গেল নীচে।  
আর কোনও গুলি হচ্ছে না। ঘরের ভিতর কেউ নড়েছেও না, শুধু  
আহত তিনজনের নিঃশ্বাসের ফোঁস ফোঁস আর হালকা গোঙ্গনির  
শব্দ পাওয়া যাচ্ছে। ভাঙ্গা জানালা গলে ভিতরে ঢুকল ফ্রিম্যান।  
টর্চ জ্বলে লাশগুলো দেখল ও। এখানে দায়ানও নেই, অলিভাও  
নেই। অতএব, এখানে ওর কোনও কাজও নেই।

পাশের ঘরে আলো ফেলেই বিজয়ীর হাসি ফুটল ফ্রিম্যানের  
ঠোঁটে। লম্বা একটা সোফায় বসে রয়েছে অলিভা, ওর কোলে  
মাথা রেখে শুয়ে রয়েছে দায়ান। টর্চের আলো পড়তেই চমকে  
দরজার দিকে তাকাল অলিভা, তারপর দায়ানের মাথাটা কোল  
থেকে নামিয়ে অমানুষিক শক্তি খাটিয়ে উল্টো দিকে ঘুরিয়ে দিল  
সোফাটা। তারপর ঘুরে দাঁড়াল শক্তির মোকাবিলা করবে বলে।

ফ্রিম্যানের হাসি গিয়ে ঠেকল এ-কান ও-কান। ঘরে ঢুকে  
ওদের দিকে এগোল ফ্রিম্যান। এক সেকেন্ডের জন্য নেভাল টর্চ।  
অলিভা কিছু বুঝে ওঠার আগেই প্রচণ্ড এক চড় কবিয়ে ফেলে দিল  
ওকে মেঝেতে। তারপর টর্চটা মেঝেতে রেখে কোমরের বেল্টে  
আটকানো খাপ থেকে ওর প্রিয় ছোরাটা টেনে বের করল। চট্ট  
করে সোফা ঘুরে দায়ানের সামনে গিয়ে দাঁড়াল, দুই হাতে  
ছোরাটা ধরে মাথার উপর তুলল—এক্ষনি নামিয়ে আনবে ওটা  
দায়ানের বুকে।

‘তুমি শালা অনেক ভুগিয়েছ,’ হাসছে ফ্রিম্যান। ‘এইবার...’

‘না!’ অকস্মাৎ চেঁচিয়ে উঠে মেঝে থেকে লাফ দিল অলিভা।  
সোফা ডিঙিয়ে চলে এসেছে এপাশে, দুই হাত সামনে বাড়ানো।

ফ্রিম্যান ওকে বাধা দিতে পারল না। ওর আঙুলগুলোই শুধু

লম্বা নয়, নখগুলোও যথেষ্ট লম্বা আর ধারালো। ঘ্যাচ করে তুকল দুটো নখ ফ্রিম্যানের অফিকোটরের গভীরে; একেবারে নিখুঁত ভাবে বের করে আনল ওর চোখ দুটো। তারপর এক ধাক্কায় সরিয়ে দিল ওকে সোফার কাছ থেকে।

টর্চের আলো কোনও কাজে আসছে না ফ্রিম্যানের। সম্পূর্ণ অন্ধ হয়ে গেছে ও। প্রচণ্ড ব্যথায় ফোঁপাতে ফোঁপাতে পিস্তল বের করে আন্দাজে গুলি করতে শুরু করল—যদি কাউকে লাগাতে পারে।

জ্বান ফিরে পেয়ে টিসা বুবাতে পারল ওর আঘাত মারাত্মক কিছু নয়, গুলিটা ওর কাঁধ ফুটো করে বেরিয়ে গেছে। উঠে বসল ও, টর্চের আলোয় আগেই দেখে নিয়েছে ঘরের পরিস্থিতি।

দায়ানকে সোফা থেকে তুলে একপাশে সরিয়ে নিচ্ছে অলিভা। ওকে সাহায্য করার আগে ফ্রিম্যানের পিস্তল ধরা হাতটা অকেজো করে দিল টিসা এক গুলিতে।

ছিটকে চলে গেল পিস্তল ঘরের এক কোণে। দু'হাত সামনে বাড়িয়ে পালাবার পথ খুঁজছে ফ্রিম্যান। একটা দরজা পেল, হাতল ঘুরিয়ে কবাট খুলে বেরিয়ে গেল করিডরে।

সিঁড়ির দিকে হাঁটছে ফ্রিম্যান। ওর দু'চোখ থেকে রক্ত ঝরছে, হাত দুটো সামনে বাড়িয়ে টলতে টলতে এগোচ্ছে, মুখে অশ্রাব্য গালি: ‘বাড়ি, বেজন্না কুন্তা, কোথায় গেলি তুই? দেখ, হারামজাদী আমার কী অবস্থা করেছে! কোথায় তুই, শালার শালা বাড়ি, আমি তোর চোদ্দো গুষ্টির...’

এখনও নিজের পজিশন ধরে রেখেছে রানা। টেরেল বাহিনীর তেরো সদস্যের মধ্যে বেঁচে আছে আর মাত্র পাঁচজন। তার মধ্য থেকে, শেষ চেষ্টা হিসাবে, তিনজন একসঙ্গে দৌড়ে উঠে এসে রানাকে কাবু করার চেষ্টা করতে গিয়ে টমি গানের ব্রাশ ফায়ারে পটল তুলল।

যে দুজন বেঁচে আছে, তারা সরে গেছে দূরে, থেমে থেমে গুলি করছে, সেই সঙ্গে পালাবার সুযোগ খুঁজছে। ওদের একটা গুলিও রানার ধারে-কাছে আসছে না।

এই সময় কপ্টারের আওয়াজ তুকল রানার কানে। মনে হলো একটা নয়, কয়েকটা। তবে এখনও বেশ কিছুটা দূরে। তারপর শুনল ভারী মোটরসাইকেলের ডিপডিপ, সেই সঙ্গে কয়েকটা গাড়ির ইঞ্জিনের শব্দ।

কী ব্যাপার পরিষ্কার নয় রানার কাছে। ওরা কি আরও লোক ডেকে এনেছে? একটু আড়াল নিয়ে তৈরি থাকল ও। এমনি সময় শুনতে পেল, কে যেন হাঁক ছাড়ছে, ‘বাড়ি, বেজন্না কুন্তা, আমাকে একা ফেলে কোথায় গেলি তুই? দেখ, হারামজাদী...’

তিনতলায় ওঠার সিঁড়ির দিকে টর্চের আলো ফেলল রানা। লাশগুলোকে টপকে ওর দিকে নেমে আসছে ফ্রিম্যান, খালি কোটর থেকে রক্ত গড়াচ্ছে। নীচের দিকে চোখ রেখে চুপচাপ বসে রাইল রানা, ফ্রিম্যান কাছাকাছি আসতেই পিছন দিকে এক লাথি মেরে ওকে নীচে পাঠিয়ে দিল। সিঁড়ির ধাপ বেয়ে কেউ নেমে আসছে টের পেয়ে বাকি কাজটুকু সেরে দিল নীচের দু'জন—গুলি করে উড়িয়ে দিল ফ্রিম্যানের খুলি।

হঠাতে মনে পড়তে পকেট হাতড়ে ছেট ডিভাইসটা বের করল রানা। দেখল ওটার গায়ের খুদে লাল আলোটা জ্বলছে। কী হয়েছে বুবাতে পারল এতক্ষণে। ওটার কোনও তার আলগা হয়ে গিয়েছিল, নড়াচড়ার ফলে আপনাআপনি জোড়া লেগে নিজে থেকেই অ্যাকটিভেট হয়েছে ওটা, কারণ সুইচটা অন করা ছিল।

হোমিং ডিভাইসের সাহায্য নিয়ে চারদিক থেকে ছুটে আসতে শুরু করেছে রানা এজেন্সির অপারেটররা—কেউ কপ্টারে করে, কেউ মটরসাইকেলে, কেউ আবার গাড়ি নিয়ে।

বাড়ির চারদিক থেকে কয়েকটা গুলির আওয়াজ ভেসে এল। তারপর শোনা গেল একসঙ্গে বহু লোকের হইচই, চিৎকার-

চেঁচামেচি । আওয়াজ শুনে বুঝল ও, এদিকে প্রচণ্ড গোলাগুলির শব্দ শুনে শাবল, কুড়াল, বল্লম, দা, লাঠি, বন্দুক যে যা হাতের কাছে পেয়েছে তা-ই নিয়ে চলে এসেছে টিসাদের প্ল্যানটেশনের লোকজন ।

গোলাগুলি বন্ধ হয়ে যেতে নিষ্ক্রিয় হয়ে গেল এলাকাটা । দোতলার জানালা দিয়ে রানা দেখল, বাড়ির উঠান লোকে লোকারণ্য । সবার চেয়ে একমাথা উঁচু রানা এজেন্সির মডেস্টো শাখার প্রধান, নঙ্গী মাহমুদকে চেনা গেল সহজেই ।

রানার ডাক শুনে লাশগুলো ডিঙিয়ে সরাসরি দোতলায় উঠে এল নঙ্গী মাহমুদ; রিপোর্ট করল: ‘আপনি বিপার অ্যাকটিভেট করার সঙ্গে সঙ্গে রওনা হয়েছি আমরা, মাসুদ ভাই ।’

‘গুড়, ’ বলল রানা । ‘কজন তোমরা?’

‘প্রায় একশো । সাতটা শহর থেকে আসছি,’ বলল মাহমুদ । ‘দুইজন ক্রিমিনাল মারা গেছে । আমাদের কারও কোনও ক্ষতি হয়নি । আটক করতে পারিনি কাউকেই ।’

‘কেউ নেই আর আটক করবার,’ বলল রানা । মাহমুদের পিঠ চাপড়ে দিল রানা, ‘ওয়েল ডান, নঙ্গী । তোমরা সবাই এসে পড়ায় এদেশী পুলিশ আর এফবিআইকে বোঝানো সহজ হবে ।’ তারপর জানতে চাইল, ‘এফবিআইকে সতর্ক করেছিলে তো?’

‘জী, মাসুদ ভাই,’ বলল মাহমুদ, মাসুদ ভাইয়ের প্রশংসা পেয়ে চোখ-মুখ উজ্জ্বল হয়ে উঠেছে । ‘অ্যাকশন নিতে দেরি করেনি ওরা । কী রেজাল্ট হয়েছে তা-ও আমাকে জানিয়েছে ।’

‘বলো ।’

দীর্ঘ রিপোর্ট, সংক্ষেপে সারল মাহমুদ ।

এফবিআই-এর স্যাটেলাইট থেকে নজর রাখা হচ্ছিল মডেস্টো আর মার্সেড শহরের আশপাশের এলাকায় । বাইশ নম্বর লাগিং ক্যাম্পের কাছাকাছি একটা কপ্টারকে বিধ্বস্ত হতে দেখেছে

ওরা । ওই কপ্টার থেকে দুজন লোক রেডিওর সাহায্যে মাফিয়া ডন মারকাসের সঙ্গে প্রায় সারাক্ষণ কথা বলেছে । তাদের একজন মডেস্টোর শেরিফ ডেভিড কুপার, অপরজন গিলবাট নামে একজন স্লাইপার । শেরিফকে নির্দেশ দিয়েছে মারকাস: অলিভারে খুন করতেই হবে, কোনও অবস্থাতেই বাঁচিয়ে রাখা যাবে না ।

ওদের কথাবার্তা রেকর্ড করা হয়েছে ।

দ্বিতীয় কপ্টার থেকেও এক লোক সলিসিটর হাওয়ার্ড ব্লেচার ও ডন মারকাসের সঙ্গে আলাপ করেছে । ওরা ওই লোককে নির্দেশ দিয়েছে, সাংবাদিক রডরিক ফেদেরাকে খুন করো ।

দু'দিন পর । রানা এজেন্সির মডেস্টো শাখা, ডিরেক্টর মাসুদ রানার চেম্বার ।

সচরাচর এরকম হতে দেখা যায় না । নিরন্তর অবস্থায়, কোনও দেহরক্ষী না নিয়ে, রানার সঙ্গে দেখা করতে এসেছে মাফিয়া ডন মারকাস । সঙ্গে সলিসিটর হাওয়ার্ড ব্লেচার ।

অ্যাপয়েন্টমেন্ট করেই এসেছে ওরা । যেভাবেই হোক জেনেছে, রডরিক ফেদেরা আসলে মাসুদ রানা । পৌছানোর পর রানা এজেন্সির অপারেটররা সার্ট করেছে দুজনকে । কোনও অন্তর্পাল যায়নি ।

চেম্বারে ঢুকে বসবার পর, একটাও কথা না বলে, ব্রিফকেস থেকে বের করে রানার দিকে কিছু কাগজ বাড়িয়ে ধরল ব্লেচার ।

‘কী এ-সব?’ জিজেস করল রানা, তারপর অনিচ্ছাসত্ত্বেও ব্লেচারের বাড়ানো হাত থেকে নিল ওগুলো । চোখ বুলাচ্ছে ।

প্রথমটা অলিভার ব্যাক অ্যাকাউন্টে টাকা জমা দেওয়ার বই । আজই, মাত্র কিছুক্ষণ আগে, নগদ দুই মিলিয়ন ডলার জমা করা হয়েছে অলিভার অ্যাকাউন্টে ।

দ্বিতীয়টা ওই একই অ্যাকাউন্টের চেক বই ।

বাকি দুটো ট্রাস্টি বোর্ড থেকে ওদের দুজনের পদত্যাগ-পত্র ।

পড়া শেষ করে মুখ তুলল রানা । নিজের কদর্য চেহারা যথাসম্ভব করুণ করে ডন মারকাস বলল, ‘এগুলো আপনি গ্রহণ করলে অলিভার ক্ষতি করার কোনও ক্ষমতা আমাদের আর থাকবে না । দুই মিলিয়ন ডলার সরিয়েছিলাম, পুরোটা ফিরিয়ে দিয়েছি । আমরা যেহেতু আর ট্রাস্টি বোর্ডের সদস্য নই, ওই অ্যাকাউন্ট থেকে আর কোনও টাকা তুলতে পারব না ।’

কিছু না বলে অপেক্ষা করছে রানা ।

‘আমাদের যা করার ছিল আমরা তা করেছি,’ বলল মারকাস । ‘এবার, মিস্টার রানা, আপনি এগুলো গ্রহণ করে আমাদেরকে বিপদ থেকে বাঁচান ।’

এই প্রথম মনে মনে একটু হাসল রানা । ‘বেশ তো, গ্রহণ করছি । কিন্তু আমি আপনাদেরকে বাঁচাবার কে?’ বলল ও । ‘আপনারা শেরিফকে কিনে নিয়েছিলেন, এখন হয়তো ডেপুটি শেরিফকেও কিনে নেবার চেষ্টা করবেন । কিন্তু এফবিআই তো সবই জানে । এটা এখন ফেডারেল কোর্টের জালিয়াতি ও মার্ডার কেস ।’

‘হ্যাঁ,’ বলল রেচার, ‘আমরা জানি, শান্তি আমাদের হবেই । আমরা এসেছি টাকা ফেরত দিয়ে ও ট্রাস্টি বোর্ড থেকে পদত্যাগ করে শান্তির মাত্রাটা কিছুটা কমাবার আশায় ।’

‘আর মার্ডার?’

‘ওটা আমরা অনেক করেছি, মিস্টার রানা । ভবিষ্যতে আরও করব । ওই অভিযোগ থেকে বাঁচার অনেক উপায় আমাদের জানা আছে ।’

‘সেটা আপনাদের ব্যাপার,’ গন্ধীর হয়ে গেল রানা । ‘আমার এখানে পায়ের ধুলো দিয়েছেন, সেজন্য আপনাদের ধন্যবাদ । কফি দিতে বলি?’

‘না । কফি খাওয়াতে চাওয়া এবং আমাদের বাড়া ভাতে ছাই দেয়ার জন্য আপনাকে অসংখ্য ধন্যবাদ । আপনিই যে রডারিক ফেদেরা, একথা আগে জানলে আমরা হয়তো এতটা বাড়াবাড়ি করবার সাহস পেতাম না । আশাকরি ভবিষ্যতে দেখা হবে আবার ।’ এই বলে প্রাচল্ল হৃষিক দিয়ে চেয়ার ছাড়ল মারকাস, দেখাদেখি রেচারও ।

## আটাশ

এক হঞ্চা পর ।

রেডিও ট্র্যান্সমিটারের মাধ্যমে সব কথা শুনে বিসিআই চিফ রাহাত খান রানাকে প্রশ্ন করলেন, ‘ডট্টের মুনতাসির মাহতাবকে চেনো?’

‘জী-না, স্যর,’ বলল রানা ।

‘তুনি এখন ক্যালিফোর্নিয়াতেই কোথাও আছেন । অলিভাকে তুমি ওর কাছে নিয়ে যাচ্ছ না কেন?’

‘স্যর! ভদ্রলোক...’

‘নিউরো সার্জারিতে তুলনাহীন... বয়স বেশি না, কিন্তু জীবন্ত কিংবদন্তি হয়ে উঠেছেন ইতিমধ্যেই,’ বললেন বিসিআই চিফ ।

দুদিন পর ।

লস অ্যাঞ্জেলেসের একটা প্রাইভেট হাসপাতাল ।

অলিভার ফ্ল্যাটের স্টুডিও থেকে রানার সব কটা ছবি সরিয়ে ফেলা হয়েছে । পুড়িয়ে ফেলা হয়েছে ওর ডায়েরিটা । শুধু স্যানাটোরিয়ামে আঁকা রানার ছবিটা রয়ে গেছে ওখানে । থাক

ওটা । ওই ছবিতে রানার দু'চোখ বেয়ে জল গড়াচ্ছে ।

অলিভার বাইশতলার ফ্ল্যাটটা লোক দিয়ে গোছগাছ করিয়ে রেখে দেখা করতে এসেছে রানা দায়ান ও অলিভার সঙ্গে ওদের ক্লিনিকে ।

প্রাইভেট একটা হাসপাতালের কেবিনে বেডে শুয়ে আছে দায়ান । বেডের পাশে চেয়ারে বসে ছেট একটা ক্যানভাসে ছবি আঁকছে অলিভা । বারবার চোখ তুলে দায়ানকে দেখে নিচ্ছে ও ।

রডরিক ফেদেরা ওরফে মাসুদ রানাকে নিয়ে টুকটাক আলাপ করছে ওরা গত কদিন ধরেই । দুজনেই একমত হয়েছে—আজ ভদ্রলোককে কয়েকটা প্রশ্ন করতে হবে ।

দায়ান এখন প্রায় সম্পূর্ণ সুস্থ । গত কদিন ধরে ওর যে সেবা-শুক্রবা করেছে অলিভা তার বুঁবি কোনও তুলনা হয় না ।

এই সময় নক করে ভিতরে ঢুকল রানা । হাতের তাজা ফুলগুলো ফ্লাওয়ার ভাসে রেখে বেডের পাশে খালি চেয়ারটায় বসল, তারপর দুজনকে দেখে নিয়ে জানতে চাইল, ‘সব ভাল তো?’

‘জী, মাসুদ ভাই,’ মাহমুদের দেখাদেখি দায়ানও ওকে এভাবে সম্মোধন করছে । ‘আপনি ভাল?’

মাথা ঝাঁকাল রানা । তারপর বলল, ‘তোমাদের চোখে কীসের যেন কৌতুহল দেখতে পাচ্ছি আমি । কী ব্যাপার?’

দুজনেই হেসে ফেলল । তারপর দায়ান বলল, ‘জী, মাসুদ ভাই । আপনি ঠিকই ধরেছেন, আমাদের কিছু প্রশ্ন আছে ।’

অলিভা বলল, ‘আপনি আমাদের দুজনের জন্যে এত কিছু করলেন ... কী কারণ, মাসুদ ভাই? আপনি আসলে কে?’

‘তোমার একমাত্র ভাই লিয়ন কারমেন কিছুদিন আগে মারা গেছে, জেনেছ তুমি ইতিমধ্যেই, তা-ই না? আমি ওর বন্ধু,’ বলল রানা, এক মুহূর্ত ধেমে সিদ্ধান্ত নিল ঠিক কতটুকু বলবে । ‘একটা ট্রাক অ্যাঞ্জিডেন্টের পর তুমি আসলে সব ভুলে গেছ ।’

‘কিন্তু শুধু ভাইয়ের বন্ধু হলে এতটা কেউ করে না,’ বলল অলিভা । ‘তা ছাড়া, আপনি একা শুধু আমার জন্যে নয়, দায়ানের জন্যেও নিজের প্রাণের ওপর বুঁকি নিয়েছেন...’

‘মারা যাবার আগে লিয়নকে আমি কথা দিয়েছিলাম,’ বলল রানা । ‘তোমার ভাল-মন্দ সবকিছু দেখার দায়িত্ব আমাকে দিয়ে গেছে ও । এমনকী, তোমার বিয়ের ব্যাপারটাও ।’

চট করে দৃষ্টি বিনিময় করল অলিভা আর দায়ান ।

‘ও, আচ্ছা,’ ধীরে ধীরে বলল অলিভা, ‘সেজন্যেই আপনাকে আমার এতটা চেনা চেনা লাগছে ।’

‘তা ছাড়া, আমি তোমার ট্রাস্টি বোর্ডের সদস্যও ।’

‘এই ট্রাস্টি বোর্ডটা কেন করা হয়েছিল?’ জানতে চাইল দায়ান ।

‘করা হয়েছিল অলিভা এখনও নাবালিকা বলে,’ জবাব দিল রানা । ‘তা ছাড়া, সে-সময় অলিভার মধ্যে সামান্য মানসিক ভারসাম্যহীনতাও দেখা দিয়েছিল । তবে বেশ কয়েকটা ধাক্কা খেয়ে ওর পাগলামি সেরে গেছে বলে মনে হয় ।’

হেসে উঠল দায়ান, ওর সঙ্গে অলিভাও ।

‘আমি তো এখন আর ওর মধ্যে অস্বাভাবিক কিছু দেখছি না,’ বলল দায়ান ।

‘আমিও না । তবু আমি একবার খুব বড় একজন ডাক্তারের কাছে নিয়ে যেতে চাই ওকে,’ বলল রানা । ‘তোমাদের আপত্তি না থাকলে আজই ।’

‘না, আপত্তি কী! একযোগে বলে উঠল ওরা ।

নিউরো সার্জেন ডক্টর মুনতাসির মাহতাব ওই সময় লস অ্যাঞ্জেলেসের একটা ক্লিনিকেই রোগী দেখছেন । ওদেরকে আগে থেকে কিছু না জানিয়ে অ্যাপয়েন্টমেন্টটা করেই রেখেছিল রানা ।

পৌছানোর সঙ্গে সঙ্গে সিটি স্ক্যান সহ জরুরি কয়েকটা টেস্ট

করা হলো অলিভার। নিজের চেম্বারে বসে রোগীর সঙ্গে বেশ কিছুক্ষণ কথা বললেন ডেক্টর মুনতাসির মাহতাব।

ইতিমধ্যে টেস্ট রিপোর্টগুলো চলে এল। সেগুলো দেখলেন ডাক্তার। হাসিতে উদ্ভিসিত হয়ে উঠল ওঁর মুখ। বললেন, ‘অলিভার ভুল চিকিৎসা হয়েছে এতদিন। তবে ব্রেনে ছোট একটা সমস্যা সত্যিই আছে—রুক। মাইনর একটা অপারেশন করলেই পুরোপুরি সুস্থ হয়ে উঠবে ও।’

‘ব্রেন অপারেশন?’ শুনে আঁতকে উঠল অলিভা।

অভয় দিয়ে হাসলেন ডাক্তার। ‘ছোট একটা অপারেশন, আধ ঘণ্টা লাগবে বড়জোর। এমনকী পুরোপুরি অজ্ঞানও করতে হবে না। দুঁঘণ্টা পর বাড়ি ফিরে যেতে পারবে তুমি।’

‘কোনও সাইড এফেক্ট, ডাক্তার সাহেব?’ জানতে চাইল রানা।

‘নিকট অতীত ছাড়া বাকি সব ভুলে যাবে।’

ডাক্তার আরও বললেন, সব কিছু আবার নতুন করে শিখতে হবে অলিভাকে, কারণ সবই তো ভুলে গেছে। তবে যেহেতু সব একবার শেখা আছে, আর ব্রেনটাও খুব ভাল, নতুন করে শিখতে সময় লাগবে খুব কম—তাঁর ধারণা, আঠারো বছরের শিক্ষা ফিরে পেতে মাত্র আঠারো হাত্তা সময় লাগবে অলিভার।

আধ ঘণ্টাই লাগল। সাকসেসফুল অপারেশন।

ডাক্তারের অনুমতি নিয়ে অলিভার কেবিনে ঢুকল দায়ান, ওর পিছু নিয়ে রানাও।

অল্ল সময়ের আলাপেই পরিষ্কার হয়ে গেল, সম্পূর্ণ সুস্থ হয়ে গেছে অলিভা।

নিউরো সার্জেন ডেক্টর মুনতাসির মাহতাবের কথাই সত্য হলো। নিকট অতীত ছাড়া আর কিছু স্মরণ করতে পারছে না অলিভা। তবে একা শুধু দায়ানকে চিনতে পারল ও। রানাকে

নয়।

রানার দিকে বার কয়েক তাকাল ও। তারপর দায়ানকে জিজ্ঞেস করল, ‘এই ভদ্রলোক কে? আমাদের কে হন?’

দায়ান বলল, ‘মাসুদ রানা, আমাদের বন্ধু, শুভানুধ্যায়ী—তোমার ট্রাস্ট বোর্ডের চেয়ারম্যান।’

তারপর নিজের কথা জানতে চাইল অলিভা—কী হয়েছিল ওর, আতীয়-স্বজন কে কে আছে ইত্যাদি।

বাইরে এখন গোধূলি, সম্প্রা ঘনিয়ে আসবার মুহূর্তটিতে সবকিছু বড় বেশি ম্লান, একটু শুধু রাঙা হয়ে আছে পশ্চিম আকাশে ভেসে থাকা বিছিন্ন কিছু মেঘ।

ওদের দুজনকে নিভৃতে থাকতে দিয়ে ক্লিনিক থেকে বেরিয়ে এল রানা। রেলিং ধরে আকাশের দিকে তাকাল। একটা-দুটো করে তারা ফুটতে শুরু করেছে। সাঁকা নামলেই কী এক অজানা কারণে বিষণ্ণ হয়ে যায় ওর মনটা। সেই বিষণ্ণতা যেমন প্রাচীন, তেমনি গভীর। মানে খেঁজে জীবনের, পায় না।

বহুদূরে তাকিয়ে আছে রানা।

বিড়বিড় করে বলল, ‘কী রে, লিয়ন। খুশি হয়েছিস, দোষ্ট?’

\*\*\*

## এক

### খুনে পিশাচ

পুরূষ ময়না দুটো মারামারি বাধিয়েছে আবার। জামরণ গাছের ডালে বসে উৎসাহের সঙ্গে তা-ই দেখছে তাদের পরিবার-পরিজন। দুই পরিবারের দুই কর্তার মধ্যে লেগে গেছে ক্ষমতার লড়াই। চলছে তুমুল প্রতিযোগিতা, কে কাকে মাটিতে ফেলে আটকে রাখতে পারে দু'পা দিয়ে।

‘বাঁচাও! বাঁচাও! মেরে ফেলল! মেরে ফেলল!’ চেঁচাচ্ছে যে

জিতছে, সে-ই।

অপরটি হৃবহু অনুকরণ করল মিসেস আশরাফকে, ‘আনিকা, দেখ তো একটু, জালিয়ে মারল বদমাশগুলো।’

‘তাড়া ওগুলোকে এখান থেকে!’ বলল ডালে বসা একজন।

মাঝে মাঝেই ঝগড়া বাধিয়ে কর্তৃত্ব ফলায় পাহাড়ি ময়না দুটো। বকা দিলেন মিসেস আশরাফ, কিন্তু তাঁকে পাত্তা দিল না ওরা। জানে, চেয়ার ছেড়ে উঠবে না এখন গৃহকর্ত্তা।

কন্নাইবাজার-টেকনাফ সড়কে টেকনাফ শহরের বারো মাইল আগে উত্তর-পশ্চিমে চলে গেছে ইঁট বিছানো একটা এবড়োখেবড়ো পথ। ওই সরু, আঁকাবাঁকা, পাহাড়ি পথ ধরে সাড়ে চারমাইল গেলে পৌছানো যায় প্রশান্তি এস্টেটে। অবসরপ্রাপ্ত মেজর জেনারেল আলী আশরাফের এক শ’ একর জায়গা জোড়া এই এস্টেটে রয়েছে পাহাড়ের ঢালে কমলা বাগান, আর ফাঁকা সমতল জায়গায় ধান-গম-ভুট্টার খেত। সীমানা ঘিরে সারি সারি সুপারি-খেজুর-তাল ও নারকেলের গাছ। এ ছাড়া আম-জাম-কাঁঠাল-লিচু-পেয়ারা-বাতাবিলেবু-আতা সহ হরেক জাতের ফল ও ফুলগাছেরও কমতি নেই। আর আছে রাবার প্ল্যাটেশন ও জঙ্গল।

চারপাশে নির্জন পাহাড়-জঙ্গল-বাগান-ফসলের খেত, মাঝখানে মেহগনি ও বার্মিজ টিকের তৈরি সাদা রং করা মাঝারী আকারের দোতলা বাংলো—নাম, শান্তিনিড়। ব্রিটিশ আমলে তৈরি হলেও নিয়মিত মেরামত করা হয় বলে দেখলে বোবা যায় না বাংলোটার বয়স কত। এস্টেট থেকে খানিকটা পশ্চিমে পাহাড়-জঙ্গলের ওধারে দিগন্তবিস্তৃত, সুনীল বঙ্গোপসাগর। নিখাদ প্রকৃতির শুন্দি পরশ মেলে তৃতীয়ার চাঁদের মতো বাঁকা সৈকতে গিয়ে বসলে, ওখানে টুরিস্টদের হৈ-চৈ-হটগোল, কিংবা অবহেলায় ছুঁড়ে ফেলা প্লাস্টিকের সর্বনাশা বর্জ্য নেই।

শরতের বিকেল। বিরবিরে স্লিঞ্চ হাওয়ায় বাতাবি লেবু ও

পাকা তালের সুবাস। মনটা কেমন উদাস হয়ে যায়। দখিনমুখী বাংলোর সামনের বারান্দায় আরাম কেদারায় বসে স্বামী কাগজ দেখছেন, টি-টেবিলের ওপাশে বসে দ্রুত হাতে উলের সোয়েটার বুনছেন মিসেস আশরাফ; মাঝে মাঝে মুখ তুলে প্রশংস্ত উঠান ভরা সবুজ ঘাসের চাদরে উত্তেজিত ময়না দুটোর ঝগড়া দেখছেন। মুচকি হাসলেন তিনি। ঝগড়াটা বাহানা, আসলে বিস্কুটের ভাগ চায়।

মিসেস আশরাফকে বিস্কুটের টিনে হাত দিতে দেখে মুহূর্তে থেমে গেল মারপিট, ছেট ছেট কয়েক লাফে কাছে চলে এল দুই বদমাশ। গোটাকয়েক বিস্কুট দু'হাতের তালুতে চেপে ভাঙলেন গৃহকর্ত্তা, তারপর গুঁড়োগুলো ছড়িয়ে দিলেন সামনে। ওমনি কিচিরমিচির আওয়াজ তুলে গাছের ডাল ছেড়ে ছুটে এল সব ক'টা ময়না, জুটে গেল ভোজসভায়; লেগে গেল ব্যস্ত ভঙ্গিতে সুস্থানু খাবার খুঁটে তোলার প্রতিযোগিতায়, তারই ফাঁকে একটু সুযোগ পেলেই ঠোকর মারছে পাশের অন্যমনক্ষ প্রতিযোগীর মাথায়। কেউ কেউ আবার এগিয়ে এসে টি-টেবিলের তলায় ঢুকল বিস্কুটের বড় টুকরোর আশায়।

চায়ে শেষ চুমুক দিয়ে কাপ নামিয়ে রাখলেন মিসেস আশরাফ, স্বামীর দিকে তাকালেন। দেখলেন, কাগজ দেখছেন না, চোখ বুজে গভীর চিন্তায় ডুবে আছেন মেজের জেনারেল আলী আশরাফ। গত এক সপ্তাহ ধরে মনমরা, আত্মগ্ন হয়ে আছেন তিনি।

‘আরেক কাপ চা দেব?’ নরম গলায় জিজ্ঞেস করলেন মিসেস আশরাফ।

‘না।’ চোখ মেলে ন্যাপকিনে মুখ মুছলেন আশরাফ সাহেব। ‘আনিকা কোথায়? ওকে দেখছি না যে?’

‘কন্তুবাজারে গেছে ওর এক বান্ধবীর জন্মদিনের পার্টিতে, সন্ধের আগেই চলে আসবে।’ টেবিল থেকে একটা ঘণ্টি তুলে

নিয়ে নাড়লেন তিনি। মিষ্টি টুং-টাঁ শব্দ হলো। ফুডুৎ করে উড়ে আবার ডালে গিয়ে বসল পাখিগুলো।

বিরাট বপু দুলিয়ে বাংলোর ভিতর থেকে হাঁসফাঁস করতে করতে বারান্দায় এসে দাঁড়াল প্রৌঢ়া সরুপা বিবি। এ-বাড়িতে তিরিশ বছরেরও বেশি হলো কাজ করছে এই বিধবা মহিলা।

সাব-বিবিসাবের চা পর্ব শেষ বুবো জিজ্ঞেস করল সে ফ্যাসফেঁসে স্বরে, ‘আফা, নিয়া যামু?’

‘হ্যাঁ, নিয়ে যাও।’ আরেকটা কথা মনে পড়ল মিসেস আশরাফের। ‘এ-বছর পেয়ারা তাড়াতাড়ি পেকেছে, সরুপা। আমাদের কিন্তু জেলি বানিয়ে ফেলা দরকার।’

‘বোতল লাগবো, আফা,’ সরুল হাসল মহিলা।

‘কেন? গতবছরই না ঢাকা থেকে জেলির জন্যে বারোটা বোতল আনিয়ে দিলাম? কী হলো ওগুলোর?’

‘নয়ড়া দ অহনও বরা, আফা। বাকিগিনিত এই বছর আমের মিষ্টি আচার রাখলেন না?’

হ্যাঁ, মনে পড়েছে। বললেন, ‘ঠিক আছে, আনিকাকে দিয়ে বোতল আনিয়ে নেব।’

‘জে, আফা।’ ট্রেতে চায়ের পট, কাপ-পিরিচ ও বিস্কুটের প্লেট তুলে নিয়ে ড্রাইংরুম হয়ে কিচেনে ফিরে গেল সরুপা বিবি।

উলের কাঁটা নিয়ে ব্যস্ত হয়ে পড়লেন মিসেস আশরাফ, দ্রুতগতি যন্ত্রের মতো চলছে আঙুল। এবার শীত আসার আগেই স্বামী ও মেয়ের জন্য সোয়েটার বুনতে চান। বোনার কাজ চলছে, কিন্তু তাকিয়ে আছেন তিনি দূর দিগন্তের দিকে। নীল আকাশে সাদা মেঘের ভেগাগুলোয় কে জানে কার রক্তের রং মাখিয়ে দিয়ে পশ্চিম দিগন্তে হেলে পড়েছে সূর্যটা।

বড়জোর আর আধঘণ্টা, তারপরেই রঙ হারিয়ে কালচে হতে হতে মিলিয়ে যাবে আকাশের সব রঙ। ডোবার ব্যাঙগুলো একযোগে ডাকতে শুরু করবে আঁধার নামলে, সেইসঙ্গে কোরাস

ধরবে অসংখ্য বিঁবি পোকা । আনিকা এখনও এলো না ।

‘গাড়ির শব্দ শুনতে পাচ্ছ?’ নীরবতা ভাঙলেন আশরাফ  
সাহেব ।

কান পাতলেন তাঁর মিসেস । ‘হ্যাঁ, গাড়িই । আনিকা ফিরছে  
বোধহয় ।’

মাথা নাড়লেন আলী আশরাফ । ‘না, এটা জিপগাড়ি ।’

বাড়ছে শক্তিশালী ইঞ্জিনের গুরুগন্তীর আওয়াজটা, কাছে  
চলে আসছে । কড়া ব্রেকের শব্দ হলো । তিনি মিনিট পর  
বাগানের খোয়া বিছানো সরু পথ ধরে পায়জামা-পাঞ্জাবী পরা  
তিনজন লোককে হেঁটে আসতে দেখলেন স্বামী-স্ত্রী । কারা এরা!  
দামি পাঞ্জাবী পরা সামনের লোকটা পিছনের দু'জনের চেয়ে অন্ত  
ত ছ'ইঞ্জিন বেশি লম্বা । দেহটা একটু মেটার দিকে তার । পাক  
ধরেছে দাঢ়ির এখানে-ওখানে । কাছে আসবার পর বোৰা গেল,  
চল্লিশের কম নয় তার বয়স ।

আর্মিতে থাকলে কঠোর পরিশ্রম করিয়ে বাড়তি মেদ ঝরানো  
হতো এর, ভাবলেন অবসরপ্রাপ্ত মেজর জেনারেল । পিছনের  
লোক দুটোর হাতে বড়সড় দুটো লাল সুটকেস দেখে কুঁচকে  
গেল তাঁর জ্ঞ । মনে হচ্ছে ওজন আছে, বয়ে আনতে কষ্ট হচ্ছে  
লোকগুলোর ।

সরাসরি টি-টেবিলের কাছে এসে থামল সামনের লোকটা,  
‘আস্সালামু-আলাইকুম, জনাব আশরাফ,’ বলে হাসতেই  
বাকবাকে সাদা ছোট ছোট দাঁতগুলো বিলিক দিয়ে উঠল তার ।

কড়া আতরের বিশ্বী গঞ্জে নাক কুঁচকে উঠতে চাইল মিসেস  
আশরাফের । তবু জোর করে ঠোঁটে টেনে আনলেন স্মিত হাসি ।

লোকটার সঙ্গী দু'জন মূর্তির মতো দাঁড়িয়ে আছে দলনেতার  
দু'ফুট পিছনে, দু'ফুট ডানে-বামে । কেমন যেন চকচকে দৃষ্টি  
তাদের চোখে । মনে হয়, কী এক আকর্ষণ নেশায় ডুবে আছে বুদ  
হয়ে, অথবা সম্মোহিত ।

‘ওয়ালাইকুম-আসসালাম,’ বললেন আলী আশরাফ, চেয়ার  
ছেড়ে উঠলেন না, বা হাত বাড়িয়ে দিলেন না তিনি কর্মদ্বন্দের  
জন্য ।

‘আমি মুফতি আলাওয়াল হানিফী,’ নিজের পরিচয় দিল  
সালাম-প্রদানকারী । ‘আমার সম্পর্কে হয়তো ধারণা আছে  
আপনার, জনাব আশরাফ । আপনার সঙ্গে মোলাকাতের সুযোগ  
হওয়ায় খুব খুশি হলাম । সুবহান-আল্লাহ! ’

পিছনের দু'জন হাতের সুটকেস কাঠের মেঝেতে নামিয়ে  
রেখে সোজা হয়ে দাঁড়াল । সামনের সঙ্গীর দিকে চেয়ে আছে  
তারা সতর্ক চোখে । দলনেতার সামান্যতম প্রতিক্রিয়াও চোখ  
এড়াচ্ছে না তাদের ।

‘এরা আমাদের খেদমতগার,’ কাঁচাপাকা দাঢ়িতে হাত  
বোলাল মুফতি আলাওয়াল হানিফী । হাসছে তৃষ্ণির সঙ্গে ।

টেবিল থেকে পাইপ বের করে বাউলে এরিনমোর তামাক  
ভরতে শুরু করলেন মেজের জেনারেল আলী আশরাফ । তামাক  
ভরবার ফাঁকে তৈল দৃষ্টিতে লক্ষ করলেন দাঢ়িওয়ালা  
লোকগুলোর টুপি, সিঙ্কের পায়জামা-পাঞ্জাবী, চামড়ার সাদা  
নাগরা জুতো, লাল সুটকেস দুটো । দ্রুত ভাবলেন, এদেরকে  
তাঁর স্টাডিতে নিয়ে যেতে পারলে ভাল হতো । ওখানে ডেক্সের  
ওপরের ড্রয়ারে তাঁর রিভলভারটা রয়েছে । জানতে চাইলেন শান্ত  
স্বরে, ‘বলুন, কী করতে পারি আমি আপনাদের জন্যে?’ পাইপ  
ধরিয়ে আনারসের সুবাসমাখা নীলচে ধোঁয়ার ফাঁক দিয়ে  
দেখলেন তিনি মুফতি আলাওয়াল হানিফীর সুদর্শন, ফর্সা  
চেহারা ।

হানিফীর হাসিটা যেন চিরস্থায়ী, একটুও সঞ্চুচিত হলো না  
লালচে দু'ঠোঁট । বড় বড় খয়েরী চোখ দুটোতে তার হালকা  
বিস্ময়ের ছাপ । হাসি-হাসি চেহারাতেই বলল, ‘হাজি হানান  
হজুরের পক্ষ থেকে একটা পয়গাম নিয়ে এসেছি আমি । তিনি

জানতে চান আপনি কেমন আছেন... আর, আপনার জমিটার দাম কত।'

চেয়ার পিছনে ঠেলে উঠে দাঁড়ালেন রিটায়ার্ড মেজর জেনারেল, ধোঁয়া ছাড়লেন পাইপে টান দিয়ে। তাঁর দেখাদেখি উঠলেন মিসেস আশরাফও। এখনও ভদ্রতাসূচক হাসছেন তিনি। মৃদু স্বরে বললেন, 'আমরা ভাল আছি, মিস্টার হানিফী। এতটা পথ কষ্ট করে আপনাদের আসতে হলো বলে সত্যই খুব খারাপ লাগছে। কল্পবাজার বা টেকনাফে খোঁজ নিলেই জানতে পারতেন, এস্টেট বিক্রি করবেন না আমার স্বামী। এটা ওর পৈত্রিক সম্পত্তি, কাজেই, বুঝতেই পারছেন...'

হাসিমুখে মিসেস আশরাফের কথা শুনছিল হানিফী, উনি থেমে যাওয়ায় চোখ সরিয়ে মেজর জেনারেলের দিকে তাকাল সে। মুখ খোলায় বোৰা গেল মিসেস আশরাফের একটা কথাও গুরুত্বের সঙ্গে নেয়নি। 'আমাদের হজুরের যে উদ্দেশ্যে জমি দরকার, তাতে এর চেয়ে ভাল জায়গা আর হয় না। চারপাশে পাহাড়-জঙ্গল, পিছনে খোলা সাগর—ঠিক আমাদের যা দরকার। আপনি যুক্তিসংগত যে-কোনও অক্ষের টাকা চাইতে পারেন, জনাব আশরাফ।'

'আপনি আমার স্ত্রীর কথা শুনেছেন, প্রশান্তি বিক্রি করব না আমরা কখনও,' বললেন আলী আশরাফ। 'আপনারা অন্য কোনও জায়গা দেখুন গিয়ে।'

হো-হো করে হেসে উঠল মুফতি হানিফী। মনে হলো হাসিটা তার কৃত্রিম নয়। দাঢ়িতে হাত বোলানোর ফাঁকে মাথাটা এদিক-ওদিক নাড়ল সে, কথা বলল এমনভাবে, যেন অবুরু কোনও কিশোরকে বোৰাচ্ছে: 'আপনি আমার কথা এখনও মেহসুস করতে পারেননি, জনাব আশরাফ। আমাদের হজুরের এই জায়গাটাই দরকার, টেকনাফের আশপাশে আর কোনও জমি নয়। যে-কোনও দাম হাঁকুন, যত খুশি। ...কত চাই

আপনার?'

মেজর জেনারেল আলী আশরাফ বৈর্য না হারিয়ে বললেন, 'আপনিই বরং বুঝতে ভুল করছেন, মিস্টার হানিফী। ভুল বুঝে আমাদের সবারই সময় নষ্ট করছেন। আমি যতদিন বেঁচে আছি, বিক্রি হবে না প্রশান্তি। এবার আপনারা যদি আসেন, তা হলে ভাল হয়। ওজু করে নামাজে বসব। শহরে পৌছতে এমনিতেই মাগরেব পেরিয়ে যাবে আপনাদের।' বাগানের বামদিকের একটা হাঁটাপথ দেখালেন তিনি হাতের ইশারায়। 'এদিক দিয়ে গেলে তাড়াতাড়ি পৌছাতে পারবেন আপনাদের গাড়ির কাছে।'

ভদ্রতা করে ওই পথের দিকে দু'পা এগোলেন আলী আশরাফ সাহেব, কিন্তু মুফতি আলাওয়াল হানিফী একচুল না নড়ায় থেমে যেতে হলো তাঁকে। খেয়াল করলেন, আগন্তকের খয়েরী চোখ দুটোর দৃষ্টি আগের চেয়ে অনেকখানি শীতল হয়ে গেছে।

হাসিটা মুফতি হানিফীর ঠোঁটে লটকে রয়েছে এখনও, তবে প্রদর্শিত দাঁতের সংখ্যা কমে গেছে বেশ কয়েকটা। 'একমিনিট জনাব,' নরম সুরে বলল সে, তারপর ঘাড় ফিরিয়ে সঙ্গীদের কিছু নির্দেশ দিল মৃদু কণ্ঠে।

লোকটার আচরণে হঠাত পরিবর্তন দেখে ভিতরে ভিতরে নড়ে গেলেন মিসেস আশরাফ। স্বামীর আরও কাছ দেওয়ে দাঁড়ালেন তিনি।

নির্দেশ পেয়ে লাল সুটকেস দুটোর ডালা খুলল সঙ্গী দু'জন। দুটো সুটকেসই কানায় কানায় ভরে আছে 'পাঁচ শ' টাকার নোটে। থরে থরে সাজানো বাস্তিলের পর বাস্তিল।

অবসরপ্রাপ্ত মেজর জেনারেলের নিষ্পলক চোখের দিকে তাকিয়ে হাসিটা আবার একটু চওড়া হলো মুফতি হানিফীর। 'পুরো পনেরো কোটি আছে এখানে। বহুত রংপেয়া, কী বলেন, জনাব? টাকাগুলো সব আপনার হয়ে যেতে পারে। দলিল

তৈরি। আপনি শুধু স্ট্যাম্প-কাগজের লেখাগুলো একটু পড়ে নিয়ে সহি করে দেবেন। আসুন, শুভ কাজটা সেরে ফেলা যাক। তারপর পরম্পরের কাছ থেকে হাসিমুখে বিদায় নেব আমরা।'

বিরক্তিকর লোকটার দিক থেকে চোখ সরিয়ে বাগানের পথটা তর্জনী তাক করে দেখালেন আলী আশরাফ। 'আপনারা এবার যেতে পারেন। যা বলার বলে দিয়েছি আমি আগেই। টাকার লোভ দেখাবেন না আমাকে। প্রশান্তি বিক্রি হবে না। ব্যস!' স্তৰীর বাহু ধরে ঘরের দিকে পা বাড়ালেন তিনি।

'দাঁড়ান, একমিনিট!' এক কদম সামনে এগিয়ে তর্জনী তুলে ধরকের সুরে বলল মুফতি আলাওয়াল হানিফী। তার হাসি থেকে মিলিয়ে গেছে সমস্ত উষ্ণতা। খয়েরী চোখ দুটোর দৃষ্টি হয়ে উঠেছে হিমশীতল, কঠোর। শান্ত স্বরে বলল সে, 'আপনি ভুল করছেন, জনাব। আমার সঙ্গে মিলিটারি মেজাজ দেখাবেন না। ওসব ট্রেনিং নেওয়া আছে আমারও। যদি আপনি আমাদের এই প্রস্তাব ফিরিয়ে দেয়ার মত বেওকুফি করেন, অন্য পথ ধরব তখন আমরা।'

'শাটাপ্!' গর্জে উঠলেন মেজর জেনারেল। 'গেট আউট, আই সে! গেট দ্য হেল আউট অভ হিয়ার!'

হঠাতে ভয় পেলেন মিসেস আশরাফ। শক্ত করে স্বামীর কনুই খামচে ধরলেন তিনি। অভয় দিতে তাঁর হাতের উপর হাত রাখলেন আশরাফ সাহেব, গলা নামিয়ে বললেন, 'আপনারা আসুন। পুলিশ ডাকতে বাধ্য করবেন না আমাকে।'

লাল টুকুটুকে জিভ বের করে উপরের ঠেঁটি চাটল মুফতি, হাসি-খুশি ভাবের লেশমাত্র নেই আর তার চেহারায়। কর্কশ স্বরে বলল, 'তা হলে, জনাব, আপনি বেঁচে থাকতে বিক্রি হবে না এ-জমি—এ-ই তো আপনার শেষকথা?' ডানহাত পিছনে নিয়ে তুড়ি বাজাল সে একবার। পিছনের লোক দু'জনের হাত চলে গেল পাঞ্জাবীর নীচে। কোমরে বাঁধা হোলস্টার থেকে দুটো

সিগ-সাওয়ার সেমি-অটোমেটিক পিস্টল নিয়ে বেরিয়ে এল হাত দুটো।

আঁংকে উঠে মুখে হাত চাপা দিলেন মিসেস আশরাফ।

'ঠিকই ধরেছেন,' জেরের সঙ্গে বলতে চাইলেন আলী আশরাফ, কিন্তু গলার ভিতরটা খুব শুকনো ঠেকল তাঁর। ঢোক গিললেন। বিশ্বাস করতে পারলেন না, সত্যি সত্যি তাঁকে খুনের হৃদকি দেয়া হচ্ছে। নিশ্চয়ই মিথ্যে ভয় দেখাচ্ছে লোকটা। 'আমার শেষকথা আপনি শুনেছেন,' বললেন খসখসে স্বরে।

আস্তে করে মাথা দোলাল মুফতি হানিফী। 'তা হলে আপনার পরে যে এই সম্পত্তির মালিক হবে...মানে আপনার মেয়ে...তার কাছ থেকেই এটা কিনে নেব আমরা।'

আরেকবার চুটকি বাজাল সে, তারপর চট করে পিছিয়ে দাঁড়াল তিন কদম। সরে গেল লাইন অভ ফায়ার থেকে।

পিস্টল ধরা হাত উঁচু করল তার দুই সঙ্গী, ট্রিগারে চাপ দিল। তাদের লক্ষ্যবস্তু দরজার সামনে বারান্দায় দাঁড়ানো স্বামী-স্ত্রী। গুলির শব্দে জামরংলের ডাল ছেড়ে পালাল ময়নাগুলো। বাংলোর পিছন থেকে ঘেউ-ঘেউ করে উঠল শেকলে বাঁধা জার্মান শেফার্ড কুকুরটা। আশরাফ দম্পতি মাটিতে পড়ে যাওয়ার পরেও একের পর এক গুলি চালিয়ে গেল নিষ্ঠুর ঘাতকরা।

গুলির আওয়াজে বাংলোর কোনা ঘুরে ছুটে এলো এস্টেটের ম্যানেজার-কাম-গার্ড অবসরপ্রাপ্ত সুবেদার-মেজর আবুল কালাম। রক্তাক্ত জেনারেল ও তাঁর স্ত্রীর পাশে দাঁড়ানো সশস্ত্র লোকগুলোকে দেখেই কাঁধে ঝোলানো রাইফেলটা নামাতে গেল সে। এই রাইফেল দিয়ে মুক্তিযুদ্ধে বহু পাকিস্তানি হানাদার ও রাজাকার খতম করেছে সুবেদার-মেজর। আজ কি তার সেই বিশ্বস্ত রাইফেল ব্যর্থ হবে?

ভালমত কিছু বুঝে ওঠার আগেই তার বুকে একইসঙ্গে চুকল দুটো বুলেট। ঝাঁকি খেয়ে পিছিয়ে ভড়মুড় করে চিত হয়ে পড়ে

গেল আবুল কালাম। রাইফেলটা পড়ল তার বুকের উপর।

দামি কাপড় বাঁচিয়ে দেহগুলোর উপর ঝুঁকে কোথায় গুলি  
লেগেছে দেখল মুফতি আলাওয়াল হানিফী, সুবেদার-মেজর  
আবুল কালাম পা আছড়াচ্ছে দেখে ইশারা করল। পিস্টলে নতুন  
ম্যাগাফিন ভরে গুরুতর আহত মানুষটার মাথায় গুলি করল তার  
সঙ্গীদের একজন।

তিনজনই মারা গেছে নিশ্চিত হয়ে সন্তুষ্ট মনে বাগানের পথ  
ধরে গাড়ির দিকে ফিরে চলল মুফতি হানিফী। ডালা লাগিয়ে  
সুটকেসগুলো তুলে নিল তার দুই সঙ্গী, হাঁটতে শুরু করল পিছন  
পিছন।

টয়োটা জিপে উঠে ধীরেসুস্তে রওনা হয়ে গেল তিনজন।

কর্বাজার-টেকনাফ সড়কে উঠে ডানে বাঁক নিল টয়োটা।  
কয়েক মাইল এগোনোর পর সুটকেস হাতে নেমে গেল অনুচর  
দূজন, কাছেই কোথাও ওগুলো হেফাজতে রাখার ব্যবস্থা আছে।  
টেকনাফ শহরের কাছাকাছি এসে নির্জন পাহাড়ি রাস্তা থেকে  
জিপটা গাড়িয়ে ফেলে দেয়া হলো নাফ নদীতে। ওটা দুবে যাবার  
পর টেকনাফ সদরের দিকে হেঁটে চলল হানিফী। রাত বারোটা  
পর্যন্ত ওখানেই থাকবে সে, তারপর গোপনে পার হবে নাফ নদী,  
সতর্ক নাসাকা বাহিনীর চোখ এড়িয়ে চলে যাবে মায়ানমারের  
ভেতরে রোহিঙ্গা অধ্যুষিত থুরং থামের কাছে, নিজেদের অস্থায়ী  
অবকাশ-যাপন কেন্দ্রে।

ওদিকে গোধূলির ম্লান আলোয় ‘শান্তিনীড়’-এর ঢওড়া  
বারান্দা ও সামনের লম্বে পড়ে থাকল তিনজন মানুষের  
বুলেটবিন্দ ক্ষতবিক্ষিত লাশ। বেগম সাহেবার লাশের পাশে বসে  
বুক চাপড়ে কাঁদছে বোকাসোকা সরুপা বিবি। কিছুক্ষণ পর  
একটা গাড়ির আওয়াজ শুনতে পেল ও। বাঁক ঘুরে বাংলোর  
দিকেই আসছে গাড়িটা। কান্না আরও বেড়ে গেল সরুপা বিবির।  
আসছে আনিকা।

## দুই

বাংলাদেশ কাউন্টার ইন্টেলিজেন্স-এর শুটিং রেঞ্জ। ফিল্ড  
এজেন্টদের নিখুঁত লক্ষ্যভেদের জন্য উচ্চপর্যায়ের প্রশিক্ষণ দেয়া  
হয় এখানে।

দেশের বিরুদ্ধে বৈদেশিক যে-কোনও ষড়যন্ত্র নস্যাং করবার  
জন্য সেই পাকিস্তান-আমলে সৃষ্টি করা হয়েছিল কাউন্টার  
ইন্টেলিজেন্স। আর্মি থেকে রিটায়ার করবার সঙ্গে সঙ্গে প্রায়  
জোর করে এর পরিচালনার দায়িত্ব চাপিয়ে দেয়া হয়েছিল মেজর  
জেনারেল রাহাত খানের উপর। স্বাধীনতার পর আজও তিনিই  
কর্ণধার। নিজের হাতে গড়ে নিয়েছেন প্রতিরক্ষা বাহিনীর তিন  
শাখা থেকে বাছাই করা দুর্ধর্ষ কয়েক শ’ যুবককে। পৃথিবীর প্রায়  
সব দেশেই ছড়িয়ে রয়েছে তারা, কোথাও দেশের স্বার্থ বিপ্লিত  
হওয়ার সামান্যতম সম্ভাবনা দেখলেই বাঁপিয়ে পড়ে তারা প্রাণের  
পরোয়া না করে। অকুতোভয় বাঙালি ছেলেরা শ্রদ্ধা-সমীক্ষ  
কেড়েছে দেশ-বিদেশে।

বিসিআই-এর কর্ণধার মেজর জেনারেল রাহাত খানের  
নির্দেশেই মার্কসম্যানশিপ পরীক্ষার আয়োজন করা হয়েছে আজ  
এই শেষ বিকেলে। পরীক্ষার্থী শুধু একজন।

নয় নম্বর লেখা বোর্ডের পাশে ফায়ারিং পয়েন্ট-এ বসে আছে  
বিসিআই-এর সেরা এজেন্টদের অন্যতম, মাসুদ রানা। এইমাত্র  
দ্বিতীয় গুলি করে উঠে বসেছে ও, গুলিটা কোথায় লাগল দেখবে  
বলে।

ওর কাছ থেকে সাড়ে সাত শ’ মিটার দূরে “৯” লেখা

দৈর্ঘ্যে-প্রস্ত্রে ছয়ফুট বর্গাকৃতি টার্গেটকে শেষ বিকেলের সোনালী রোদে খালি চোখে দেখতে লাগছে ছেট একটা রং-জলা ডাকটিকিটের মতো। ওর রাইফেলে বসানো স্পেশাল ওয়েদারবাই ৬×৬২ ম্যাইপার-স্কোপের ভিতর দিয়েও যে খুব ভাল দেখা গেছে, তা নয়—কুচকুচে কালো বুল্স্ আইটাকে মনে হয়েছে পূর্ণগ্রহণ লাগা চাঁদের মত ঝাপসা, আর ওটাকে ঘিরে একফুট পর পর আঁকা দুই ইঞ্চিং চওড়া বৃত্তগুলোকে মনে হয়েছে ফ্যাকাসে নীল রং-পেন্সিলের দাগ। গুলি কোথায় লাগল বোঝবার উপায় নেই।

ছেট ট্রাইপডে বসানো হাই-পাওয়ার্ড টেলিস্কোপে চোখ রাখল রানা। মনে হলো দশ ফুট দূর থেকে দেখতে পাচ্ছ টার্গেটটা। ভালই মেরেছে ও। প্রথম গুলিটা লেগেছিল বুল্স্ আইয়ের সেন্টার থেকে অনেকটা দূরে, এলিভেশন ও উইন্ডেজ অ্যাডজাস্টের পর এবারেরটা লেগেছে তিন ইঞ্চিং নীচে আর দুই ইঞ্চিং বামে। মাথা নাড়ল রানা, রাইফেলটা যিরো হয়নি এখনও।

বাতসের গতি নির্দেশক নীল ও হলুদ পতাকাগুলো মনোযোগ দিয়ে দেখল রানা। গত আধিষ্ঠায় পুবদিক থেকে হাওয়ার গতি বাড়েনি তেমন। ডানদিকে দু'ঘাট সরিয়ে স্কোপের উইন্ড গেজ ঠিক করল ও, তারপর তিন ঘাট উপরে তুলতেই পয়েন্ট অভ এইম-এ চলে এলো স্কোপটার ক্রস-চিহ্ন। শুয়ে পড়ে রাইফেলটা তুলল কাঁধে, ট্রিগার গার্ডে আঙুল পুরে ট্রিগারে রাখল তর্জনী। শ্বাস নিয়ন্ত্রণ করল এবার, সাবলীল শ্বাসের ফাঁকে আলতো করে চাপ বাড়ল ট্রিগারে।

গুটারশূন্য ফাঁকা রেঞ্জে কড়াৎ করে গর্জন ছাড়ল একাকী রাইফেল। গুলিটা বেরিয়ে যাওয়ার মুহূর্তেই অনুভব করল রানা, ঠিক জায়গামতই লাগবে এবার বুলেট।

‘গুড়! ভেরি গুড়!!’ মাসুদ রানার পিছনের উঁচু সিমেন্ট-মধ্যে থেকে প্রায় চেঁচিয়ে উঠলেন চিফ রেঞ্জ অফিসার। দুরবীন থেকে

চোখ সরিয়ে তাকালেন রানার দিকে। ‘ঠিক এরকম চালিয়ে যান দেখি। পালটে দিচ্ছ টার্গেট।’

একটা বোতামে চাপ দিতেই নীচে নেমে গেল প্রথম টার্গেট, উঠে এল আরেকটা। রাইফেলের স্টকে গাল ঠেকাল রানা, চোখ রাখল স্কোপের রাবার আই পিস-এ। প্যান্টে ডানহাতটা মুছে শক্ত করে ধরল ট্রিগার গার্ডের পিছনের পিস্টল-গ্রিপ, পা দুটো ছড়িয়ে দিল আরেকটু। এবার ফাইনাল। পরপর পাঁচটা গুলি করতে হবে ওকে বিরতি না দিয়ে। প্রথমটার পর বাকি বুলেটগুলো একইভাবে ব্যারেল থেকে বের হবে কি না, ভাবল রানা। সম্ভবত বেরোবে। বিসিআই-এর টেকনিকাল ডিপার্টমেন্টের ওয়েপন এক্সপার্ট পাগলা ডষ্টর শামশের আলীর নিজ হাতে তৈরি বুলেট—তিনি ওকে জানিয়েছেন, দু’সেকেন্ড দেরি করে গুলি করলে কোনও ‘ফেড’ হবে না।

বিসিআই-এর ল্যাবোরেটরিতে অনেক যত্নে রাইফেলটার উপর কারিগরী ফলিয়েছেন ডষ্টর শামশের আলী। এ-ধরনের রাইফেলের রেঞ্জ সাধারণত পাঁচ শ’ মিটার, কিন্তু সাড়ে সাত শ’ মিটার দূর থেকেও মানুষ খুন করবার ক্ষমতা আছে ওর হাতের এই .২৫০-৩.০০০ ক্যালিবার অন্স্ট্রটার। হাই ভেলোসিটি সাতান্নটা বুলেট দিয়ে শামশের আলী বলেছেন, সাতটা টার্গেট প্র্যাকটিসের জন্যে, বাকিগুলো অন্য কাজে লাগবে। বোল্ট অ্যাকশন পাল্টে দশ শট-এর রিপিটার-এ রূপান্তরিত করা হয়েছে রাইফেলটাকে, কিন্তু তার ফলে গুলির ভেলোসিটি যাতে না কমে, সে-ব্যবস্থাও করা হয়েছে। ওর মতো এজেন্টদের যে-ধরনের কাজে রাইফেল ব্যবহার করতে হয়, সে-ধরনের কাজে অন্স্ট্রে ওজন কম হওয়া দরকার, তাই হালকা রাইফেল বাছাই করা হয়েছে। স্যান্ডেজ ৯৯এফ-এর ওজন মাত্র সাড়ে ছ’পাউন্ড। অন্স্ট্রটা কাঁধে ঝুলিয়ে অনায়াসে মাইলের পর মাইল পথ হেঁটে পাড়ি দিতে পারবে ও।

‘রেডি?’ পিছন থেকে জানতে চাইলেন চিফ রেঞ্জ অফিসার।  
‘রেডি।’

‘পাঁচ থেকে গুনছি তা হলে। শুরু করলাম। পাঁচ... চার... তিন... দুই... এক। ফায়ার!’

তপ্ত পাঁচটা কিউপ্রোনিকেল বুলেট-বর্ষণের প্রচণ্ড শব্দ হলো পরপর পাঁচবার। টার্গেট নেমে গেল চোখের পলকে, তারপর উঠে এলো আবার। বুলস-আই-এ দেখা গেল পাঁচটা ছোট সাদা ডিস্ক।

‘চমৎকার!’ নিখাদ প্রশংসার সুরে বললেন রেঞ্জ অফিসার, নেমে এলেন সিমেন্টের মঞ্চ থেকে। রানা উঠে দাঁড়ানোর পর ওর হাতে ধরিয়ে দিলেন শুটিংয়ের রেকর্ড।

ক্ষোপ অ্যাডজাস্ট করবার পরপরই সাড়ে সাত শ’ মিটার দূরের টার্গেটে বিরতিহীন পাঁচটা গুলি করতে হয়েছে ওকে। ফলাফল: পাঁচবারে পাঁচবারই বুলস-আই, গ্রিপিং—পৌনে দুই ইঞ্চি। রেকর্ডে চোখ বুলিয়ে রেঞ্জ অফিসারকে ধন্যবাদ দিল রানা, ক্ষোপ সহ রাইফেলটা কেসের ভিতর ভরে স্ট্রাপ দিয়ে শক্ত করে স্টক ও ব্যারেল আটকে নিল, যেন জোরালো ঝাঁকিতেও সামান্যতম না নড়ে, তারপর রওনা হয়ে গেল গাড়ির দিকে।

পিছন থেকে মাসুদ রানার দিকে চেয়ে থাকলেন রেঞ্জ অফিসার। কেন এই অপ্রতুল আলোয় সাড়ে সাত শ’ মিটার দূরের লক্ষ্য ভেদ করতে বলা হয়েছে বিসিআই-এর জীবন্ত কিংবদন্তী মাসুদ রানাকে, কে জানে! নিয়ম অনুযায়ী পনেরো ইঞ্চি বৃত্তাকার বুলস-আই দেয়া হয়, কিন্তু নিয়মের ব্যতিক্রম করে ওকে দিতে বলা হয়েছে ছ’ইঞ্চি বৃত্ত। কারণটা নিশ্চয়ই টপ সিক্রেট। ঘুরে দাঁড়িয়ে পা বাঢ়ালেন রেঞ্জ অফিসার, বাড়ি ফিরবেন অফিসে তালা দিয়ে।

পরদিন সকাল সাড়ে নটা। বিসিআই হেডকোয়ার্টার। মতিঝিল।

দশ মিনিট হলো মেজুর জেনারেল রাহাত খানের অফিসে ঢুকেছে রানা বসের সুন্দরী প্রাইভেট সেক্রেটারি ইলোরাকে একটা উড়ন্ট চুমু উপহার দিয়ে ভ্র-শাসনের মাধ্যমে প্রত্যাখ্যাত হয়ে। পাইপ নেড়ে আবছা ইঙ্গিতে ওকে বসতে বলেছেন রাহাত খান, চেয়ে নিয়ে শুটিংয়ের রেকর্ডটা দেখেছেন, তারপর সাত শ’ পথগুশ মিটার দূরের টার্গেটে ওর পাঁচটা গুলিই বুলস আই-এ লেগেছে দেখে গভীর চেহারায় ‘নট ব্যাড’ বলে চলে গেছেন জানালার ধারে। তখন থেকে একবারও ফিরে না তাকিয়ে একমনে নীচের ব্যস্ত রাজপথের যানবাহন চলাচল দেখেছেন তিনি। ওখান থেকে নিশ্চয়ই খেলনার মত লাগছে ওগুলোকে।

অফিসটা বদলায়নি, বুড়ামিয়াও প্রায় আগের মতোই আছে, ভাবল রানা। সপ্রতিভ অভিজাত চেহারা, ধৰ্মবে সাদা ইজিপশিয়ান কটনের স্টিফ-কলার শার্ট, দামি ট্রিপিকাল সুট, ব্রিটিশ কায়দায় বাঁধা মেরুন স্ট্রাইপ দেয়া লাল টাই। ছিমছাম, পরিষ্কার, পরিচ্ছন্ন। দাঁতে কামড়ে ধরে আছেন পাইপ। কিন্তু বেশ বুঝতে পারছে রানা, গোলমাল রয়েছে কোথাও।

বুলস আই-এর চেয়ে ভাল লক্ষ্যভেদ হয় না, অথচ বুড়োটা বলেছে নট ব্যাড—এ-পর্যন্ত ঠিকই ছিল, কিন্তু তারপর থেকে আর তো কিছুই স্বাভাবিক ঠেকছে না! বুড়ামিয়া কথা কয় না ক্যান? কারণ ছাড়া নিশ্চয়ই ডাকেনি? কোনও অ্যাসাইনমেন্ট আছে ওর জন্যে? তাকাচ্ছেও না ওর দিকে! আবার নেতৃ পাইপে দু’বার টান দিয়েছে! দেখি তো, বুড়ো, তোর কপালের বামদিকে শিরাটা টিপটিপ করে লাফায় কি না! চেয়ারের হাতলে ভর দিয়ে কাত হয়ে ঝুঁকে রাহাত খানের কপাল দেখার চেষ্টা করল রানা। নাহ, ঠিক বোৰা যাচ্ছে না।

ঘুরে তাকালেন রাহাত খান, তাড়াতাড়ি চোখ সরিয়ে নিল

রানা, যেন নড়ে বসছে, এমনি ভাবে সিধে হলো। উদাস চেহারা।

টেবিল থেকে পাউচ তুলে নিয়ে পাইপের বাট্টেলে তামাক ভরলেন রাহাত খান, কাজটা শেষ করে রনসন লাইটার জুলতে গিয়ে সিদ্ধান্ত পাল্টে বসলেন সুইভেল চেয়ারে। পাইপটা পিস্তলের মত করে তাক করলেন রানার বুকে। পরিষ্কার দেখল রানা, কপালের শিরাটা টিপটিপ করছে! কথা নেই মুখে।

‘বল্ না বাপ, তোর কী হয়েছে?’ মনে মনে বলল রানা।

‘রানা,’ খুকখুক করে কাশলেন রাহাত খান। ‘যা বলছিলাম।’

‘জী, স্যর।’ তাড়াতাড়ি সায় দিল রানা।

জ্ঞ কুঁচকে ওকে দেখলেন রাহাত খান। ‘এখনও কিছু বলিনি আমি। হোয়াট ডু ইউ মিন বাই জী, স্যর?’

বকা খেয়ে চুপ করে থাকল রানা। বুড়োর মেজাজটা এমন বদখত হয়ে আছে কেন! হয়েছেটা কী?

তিনবারের চেষ্টায় পাইপে আগুন ধরাতে পারলেন রাহাত খান, হাত মৃদু মৃদু কাঁপছে তাঁর। মনে হলো কথা গুচ্ছিয়ে নিচ্ছেন। হার্টবিট বেড়ে গেল রানার—নিশ্চয়ই কোনও অ্যাসাইনমেন্ট! পাইপের বাট্টেল থেকে বেরোনো ধোঁয়ার দিকে চেয়ে বললেন, ‘রানা, কখনও কি তোমার মনে হয়েছে, ব্যক্তিগত কাজে বিসিআইকে ব্যবহার করেছি আমি?’

‘না, স্যর। কখনোই না।’ জোর দিয়ে বলল রানা। ‘বিসিআই-এর এজেন্টো রাষ্ট্রীয় কর্তব্য পালন করতে গিয়ে যদি কখনও আপনার কোনও আত্মীয় বা বন্ধুকে কোনও রকম সাহায্য করে ফেলে, সেটাকে কোনও যুক্তিতেই বিসিআইকে ব্যক্তিগত কাজে ব্যবহার করা বলা যায় না।’

আনমনা হয়ে গেলেন রাহাত খান, চুপ করে থাকলেন।

‘স্যর, কোনও কাজে কি আমাকে...’ কিছুক্ষণ অপেক্ষার পর

কথাটা আলতো করে পাঢ়ল রানা।

‘না... হ্যাঁ,’ অস্বস্তি বোধ করে বিরক্ত হয়ে উঠলেন রাহাত খান। ঝুকুটি করে চাইলেন রানার দিকে। ‘কিছুটা বিসিআই সংক্রান্ত হলেও আসলে এর অনেকটাই ব্যক্তিগত বলতে পারো। ...রিটায়ার্ড মেজর জেনারেল আলী আশরাফকে তো চিনতে তুমি?’ অনামিকা দিয়ে ডান চোখের নীচে চুলকালেন রাহাত খান।

‘জী, স্যর। যোগ্য অফিসার ছিলেন।’

‘হ্যাঁ, ছিল। খবরটা পড়েছ তা হলে।’

‘জী, স্যর। খুবই দুঃখজনক ঘটনা। কারা যে এভাবে হঠাৎ...’

‘হাজি মাওলানা মোহাম্মদ আব্দুল হান্নানের নামটা আসেনি কোনও পেপারে,’ রানাকে থামিয়ে দিলেন রাহাত খান। ‘আসেনি, কিন্তু কাজটা ওদেরই। ওর সেকেন্ড-ইন-কমান্ড মুফতি আলাওয়াল হানিফী নিজে উপস্থিত ছিল হত্যাকাণ্ডের সময়।’

নাম দুটো শুনে ভিতর ভিতর চমকে গেল রানা। এরা ঘোর জঙ্গি। ধর্মভিত্তিক, প্রতিক্রিয়াশীল, সাম্প্রদায়িক রাজনীতিতে আব্দুল হান্নান ও আলাওয়াল হানিফী পরিচিত নাম। নিজ দলে প্রচণ্ড প্রভাব আছে আব্দুল হান্নানের। ধরে নেয়া যায়, আগামী পাঁচ বছরের মধ্যে দলের শীর্ষ অবস্থানে পৌঁছে যাবে। হানিফীও উঠে আসবে কাছাকাছি উঁচু কোনও পদে।

‘গত এক সপ্তাহে শুধু এটুকু জানা গেছে, এদের নামে কোনও ফাইল নেই, পুলিশ বা এনএসআই রিপোর্ট নেই,’ বললেন রাহাত খান।

লোক দুটোর ব্যাপারে খোঁজ নিতে গিয়ে একটা সপ্তাহ ব্যয় করেছেন বস! অবাক হলো রানা, জিজেস করল, ‘ওদের ব্যাপারে খোঁজ নিয়েছেন কি, স্যর, ওই হত্যাকাণ্ডের সঙ্গে ওরা জড়িত বলেই?’

সুইভেল চেয়ার ঘুরিয়ে জানালা দিয়ে শরৎ-আকাশের সাদা মেঘের দিকে তাকালেন রাহাত খান, কিছুক্ষণ চুপ করে থেকে বললেন, ‘আশরাফের অল্পবয়েসী একটা মেয়ে আছে, রানা। গত সপ্তাহে সন্ধ্যায় বাড়ি ফিরে বাবা-মার ক্ষতবিক্ষত লাশ পেয়েছে মেয়েটো। জানা গেছে, ওদের সম্পত্তি কিনে নেবে বলে পায়জামা-পাঞ্জাবী পরা তিনজন দাঢ়িওয়ালা লোক এসেছিল বাংলোয়। যে-গাড়ি নিয়ে এসেছিল, খুন করে সে-গাড়ি নিয়েই চলে যায় তারা। খুনিদের ব্যাপারে জানতে পারেনি পুলিশ কিছুই।’

‘কেন খুন করা হলো, স্যর?’

‘আশরাফের এস্টেট কিনে নেবার প্রস্তাব পাঠাচ্ছিল আব্দুল হান্নান বেশ কিছুদিন ধরে। আশরাফ তার এস্টেট বিক্রি করবে না জানানোর পর থেকে নানান ভাবে চাপ সৃষ্টি করা হচ্ছিল ওর ওপর। এবার পাঠিয়েছে আলাওয়াল হানিফীকে ওর শেষকথা জানবার জন্যে। কর্তব্যাজারের এসপি আরমান আজিজুল হকের কাছ থেকে জানা গেছে কিছুটা, বাকিটুকু আঁচ করে নিয়েছি আমি।’

‘উদ্দেশ্যটা কী, স্যর? শুধুই জমি দখল?’

‘না,’ দৃঢ় স্বরে বললেন রাহাত খান, ‘আমাদের বেহিঙ্গা এজেন্টের মাধ্যমে সামান্য যতটুকু তথ্য আমি পেয়েছি, তা থেকে জানা গেছে, টেকনাফের ওদিকে মায়ানমার সীমান্তের ওপারে দলীয় জঙ্গিদের প্রশিক্ষণ কেন্দ্র খুলেছে আব্দুল হান্নান বেশ অনেকদিন হলো। তবে মায়ানমার সরকারের চোখ পড়ে গেছে ইদানীং তাদের ওপর, শীত্রি অস্ত্রের মুখে বাংলাদেশে পুশইন করা হবে জঙ্গিদের। সে-কারণে বাংলাদেশের ভেতরে কোথাও নিজেদের আস্তানা সরিয়ে আনতে চাইছে আব্দুল হান্নান। শহর থেকে কাছে, অথচ জনবিরল একটা জঙ্গল ভরা পাহাড়ি অঞ্চল, পুবে

মায়ানমার সীমান্ত, পশ্চিমে বঙ্গোপসাগর দিয়ে অন্ত আনা-নেওয়া আর যখন খুশি সরে পড়ার সুবিধা—এই সবদিক বিবেচনা করে তার আস্তানার জায়গা হিসেবে বেছে নিয়েছে সে আশরাফের এস্টেট। পথ থেকে কঁটা সরিয়ে দিয়ে লোকটা ভাবছে এবার মেয়েটিকে বাধ্য করতে পারবে তার প্রস্তাব মেনে নিতে। ওর বোধহয় ধারণা হয়েছে, যা খুশি করে পার পেয়ে যাবে ও, অন্যায়ের প্রতিকার করার সাধ্য নেই কারও।’

‘স্যর, আমরা যদি...’

‘এই কেসে অফিশিয়ালি হস্তক্ষেপের কোনও এক্সিয়ার নেই আমাদের... অতত এখনও। এটা একটা ক্লিন মার্ডার কেস। সিভিল ক্রাইম। পুলিশ ডিল করবে।’ খুকখুক করে কাশলেন রাহাত খান। কিছুক্ষণ চুপ করে থেকে আবার মুখ খুললেন, ‘আশরাফ দম্পত্তিকে ঘনিষ্ঠ ভাবে চিনতাম আমি। খুব বড় মনের মানুষ ছিল আশরাফ। আমার চেয়ে বেশ কিছুটা জুনিয়ার হলেও ওর সঙ্গে সম্পর্কটা আমার ছিল বন্ধুর মতোই। ওর বিয়েতে গিয়েছিলাম আমি বরপক্ষ হয়ে। পারিবারিক সব অনুষ্ঠানে আমাকে জোর করে ধরে নিয়ে যেত ও। ওর মেয়ের জন্মদিনে দাওয়াত পেতাম প্রতিবছর। আমার কোলে উঠলে নামতে চাইত না পিচিটা। মাত্র তেইশ বছর বয়সে একদম এতিম হয়ে গেল আনিকা।’

নরম স্বরে জানতে চাইল রানা, ‘আব্দুল হান্নান আর মুফতি হানিফী এখন কোথায়, স্যর?’

রানার দিক থেকে চোখ সরিয়ে পাইপের বাটুলের দিকে তাকালেন রাহাত খান। ‘নাফ নদীর ওপারে, বার্মিজ এক জমিদারের শিকারের কুঠি ভাড়া নিয়েছে ওরা। মায়ানমারের ওদিকের মানচিত্র দেখে বের করেছি, খুরং নামে একটা গ্রামকে পাশ কাটিয়ে যেতে হয় ওখানে। পাহাড়-জঙ্গল ভরা দুর্গম নির্জন এলাকা।’

থেমে গেলেন রাহাত খান। পাইপটা নিতে গেছে, ওটা আবার ধরালেন। থমকে থমকে বললেন, ‘বুবাতে পারছি না কী করা উচিত।’

মাথা নিচু করে চিন্তা করছে রানা। ভুলে গেছে রাহাত খানের উপস্থিতি। ও জানে না, ওর দিকে একদৃষ্টে চেয়ে রয়েছেন বৃন্দ।

পরিষ্কার উপলব্ধি করল ও, আমার বন্ধুর হত্যাকাণ্ডের প্রতিশোধ নাও, এই নির্দেশ অফিশিয়ালি দেয়া যায় না। নির্দেশ দিচ্ছেন না রাহাত খান। তথ্য সংগ্রহ করেছেন, তারপর এমন একটা পর্যায়ে এসেছেন, যখন ন্যায়-বিচার করতে হলে কাউকে না কাউকে নিজের হাতে আইন ও অন্ত তুলে নিতে হবে। এখানটাতেই থমকে গেছেন নীতিবান জেনারেল। মুখ ফুটে বলতে পারছেন না: যাও রানা, দেশের শক্র ওই খুনি পিশাচগুলোকে খতম করে দিয়ে এসো।

কী করা উচিত তা নিয়ে কোনও দ্বিধা নেই রানার মনে। মেজের জেনারেল আলী আশরাফ বা তাঁর স্ত্রীকে ভালভাবে চেনে না ও, চিনবার দরকারও নেই। নিরীহ কয়েকজন বর্ষীয়ান মানুষকে খুন করেছে আব্দুল হান্নান আর মুফতি হানিফী। কেন? নিজেদের স্বার্থ সিদ্ধির জন্য! জঙ্গি ফ্যানাটিকদের ট্রেনিং দিয়ে এদেশের বুকে বিমাঙ্গ ছোবল হেনে ক্ষমতা দখলের মতলবে। ব্যাপারটা জানার পর ওর কী করা উচিত? অবশ্যই সাধ্যমত বাধা দেয়ার চেষ্টা করা উচিত—তা-ই না?

দেশের স্বার্থেই এদের উপর পাল্টা আঘাত হানা জরুরি। ওই নরপিশাচগুলো এখন গুলি করে নিরপরাধ মানুষ মারছে, এরপর বোমা ফাটিয়ে শত শত সাধারণ নির্বিরোধী মানুষের জীবন নেবে। এদেশে গণতন্ত্র যতদিন আছে, ক্ষমতায় বসতে পারবে না ওরা কিছুতেই; কিন্তু সংগঠিত হবার সুযোগ পেলেই খুন-জখম, বোমাবাজি, অন্যায়-অত্যাচার, মিথ্যাচার ও জুলুম-জবরদস্তির মাধ্যমে গোটা দেশে আসের রাজত্ব কায়েম করবে।

যার যেমন খুশি ফতোয়া দিয়ে গলা-রগ-হাত কাটবে মানুষের। দেশটাকে নিয়ে যাবে চরম জাহেলিয়াত ও অন্ধকার যুগে। থেমে যাবে জ্ঞান-বিজ্ঞান-বিদ্যা-বুদ্ধির চর্চা, অগ্রগতি, উন্নতি। আফগানিস্তান বা পাকিস্তানের মতো বসবাসের অনুপযোগী হয়ে পড়বে লাখো শহীদের রক্তে অর্জিত সোনার বাংলাদেশ।

জঙ্গি সৃষ্টিতে সরাসরি ভূমিকা রাখছে এই আব্দুল হান্নান আর আলাওয়াল হানিফী। ধর্মান্ধি এই অর্ধশিক্ষিত, স্বল্পবুদ্ধির লোকগুলো অধর্মকেই ধর্ম জ্ঞান করে এদেশেরই কিছু তরণকে ভুল পথে চালনা করে আত্মাতী বানাচ্ছে, সুখ-স্বাচ্ছন্দ্য-উন্নতি বিপ্লিত করতে চাইছে জনসাধারণের।

তিক্ত অনুভূতি হলো রানার মনে। এই তো সেদিন ও কাগজে দেখেছে চট্টগ্রামেরই কোথায় যেন নির্বিচারে মানুষ খুন করছে সীমান্তের ওপার থেকে আসা এক পাগলা হাতি—এরা তার চেয়েও ক্ষতিকর, ভয়ঙ্কর ও বিপজ্জনক। ঘাতক প্রাণী মেরে ফেললে দোষ হয় না হত্তার।

হঠাতে চোখ তুলে রানা দেখল, একদৃষ্টে ওর দিকে চেয়ে আছেন রাহাত খান, চুপচাপ লক্ষ করেছেন ওর ভাবান্তর। নিচু কর্পে ও বলল, ‘সাক্ষ্য-প্রমাণ না থাকায় আদালতে এদের বিচার বা শাস্তি হবে না, স্যর। কিন্তু বেঁচে থাকলে সেই আদালতেই বোমা মেরে খুন করবে ওরা বিচারককে।’

মেজের জেনারেলের দৃষ্টি ফাঁকা হয়ে গেল মুহূর্তের জন্য, নিজের ভেতরে জবাব খুজছেন যেন তিনি। তারপর নিয়ে ফেললেন সিদ্ধান্ত। ধীরে ধীরে পাশ ফিরে সরু একটা ফাইল তুলে টেবিলের উপর রাখলেন। ওটাতে কোনও টাইটেল নেই, টপ-সিক্রেট বোবাতে কোনও লাল ফিতেও নেই। ফাইলটা টেবিলের উপর দিয়ে ঠেলে দিলেন তিনি রানার দিকে। ‘মায়ানমারের সীমান্তে পাগলা হাতি শিকারে আগ্রহী হতে পারে তোমার জন্যে হাতি শিকারের একটা পারমিট করিয়ে

রেখেছিলাম। চিফ ফরেস্টারের সই করা পারমিট ফাইলেই পাবে। ডক্টর শামশের আলীর কাছ থেকে হান্টিং রাইফেল আর স্পেশাল গুলি গতকালই পেয়েছ। ওগুলো নিয়ে কী করবে, সে সিদ্ধান্ত তোমার।'

টেবিলের বামপাশ থেকে মোটাসোটা একটা ফাইল টেনে নিলেন বৃন্দ। তার মানে, এবার তুমি কেটে পড়ো বাঢ়া।

সরু ফাইলটা তুলে নিয়ে বৃন্দের অফিস থেকে বেরিয়ে গেল রানা নিঃশব্দে। হঠাৎ করে ঘুরলে ও দেখতে পেত, সঙ্গেই দৃষ্টিতে চেয়ে রয়েছেন কটুর বৃন্দ ওর দিকে।

টেকনাফ এলাকায় পাগলা হাতির উপদ্রবের খবরটা চোখ এড়ায়নি বুড়োর, ভাবল রানা। ওদিকের কয়েকটা গ্রামে আট-দশজন লোক মেরে ফেলেছে একটা পাগলা সাদাহাতি। নাফ নদী পেরিয়ে মায়ানমার থেকে আসে মর্দা হাতিটা, বেশ কিছুদিন ধরেই বাড়িঘর-থেতখামার নষ্ট করছে ওটা শহরের আশপাশের গ্রামগুলোতে। রাইফেল নিয়ে ওখানে যাবার মত ভালো একটা ছুতো বটে! ঘর থেকে বেরিয়ে ইলোরাকে কৌতুহল নিয়ে তাকাতে দেখে চোখ টিপল ও, মেয়েটার দিকে এগোবার ভঙ্গি করতেই ভয় পেয়ে মেয়েটা টেবিল থেকে মোটা একটা ঝুল তুলছে দেখে হাসিমুখে চলে গেল করিডর ধরে। এক ফ্লোর নীচে নেমে নিজের অফিস কামরায় ফিরছে ও। ঘড়ি দেখল, সকাল সাড়ে দশটা।

অফিসে ঢুকে প্রথমেই ওর সেক্রেটারি মিথিলাকে ছুটির দরখাস্ত টাইপ করতে বলল রানা, তারপর মন দিল ফাইলে। রাহাত খানের নিজ হাতে আঁকা সুন্দর মানচিত্রটা দেখে অবাক হলো ও। পথের দূরত্ব দেখানো হয়েছে সাড়ে দশ মাইল। তবে সেটা নাফ পেরোনোর পর। চোরাকারবারীদের ব্যবহৃত একটা মেটোপথের সংক্ষিপ্ত বর্ণনাও আছে। মানচিত্রটা স্যাত্তে পকেটে রেখে দিল ও। ওটা সংগ্রহের সেরা জিনিসগুলোর অন্যতম

হিসেবে মর্যাদা পাবে ওর কাছে বাকি জীবন।

ফাইলটা পড়া শেষ করে ড্রয়ারে রেখে তালা আটকাল রানা। সেক্রেটারি মিথিলা ছুটির দরখাস্ত নিয়ে আসায় চোখ ঝুলিয়ে দেখল ভুলভাল আছে কি না, তারপর প্রশংসার দৃষ্টিতে ওকে সিন্ত করে সই করে দিল। ওটা যাবে এবার চিফের কাছে।

কম্পাস, জাঙ্গল ফেটিগ, কমান্ডো নাইফ, কমব্যাট বুট, জাল বার্মিজ পরিচয়-পত্র, বার্মিজ গান-লাইসেন্স সহ ওর জন্য সাজিয়ে রাখা হ্যাভারস্যাক ব্যাগটা স্পেশাল এফেক্টস ডিপার্টমেন্ট থেকে সংগ্রহ করে নিল রানা, রওনা হয়ে গেল লিফটের দিকে। ওর পরিচয়পত্রে লেখা আছে, ও মায়ানমার ফরেস্ট ডিপার্টমেন্টের রেঞ্জার।

পাঁচ মিনিট পর প্রকাণ্ড দালানটার প্রশংস্ত গেট দিয়ে বিদ্যুৎেগে বেরিয়ে গেল রানার লরেল গ্রিন মেটালিক কালারের টয়োটা প্রিমিও সেডান।

## তিনি

চওড়া একটা বাঁক নিয়ে সাবলীল ভঙ্গিতে বাংলাদেশ বিমানের ফকার-২৮ নেমে এলো কঞ্চিবাজার এয়ারপোর্টের রানওয়েতে, সংক্ষিপ্ত দৌড় শেষে রাজকীয় ভঙ্গিতে থেমে দাঁড়াল টার্মিনাল ভবনের সামনে। সিঁড়ি লাগানো হতেই খুলে গেল দরজা, সুন্দরী

এয়ারহোস্টেস-এর মিষ্টি হাসি উপহার নিয়ে একে একে নামতে শুরু করল যাত্রীরা। সবার শেষে নামল সুদর্শন এক সুঠামদেহী যুবক—পিঠে একটা হ্যাভারস্যাক, হাতে কালো একটা লম্বা কেস। স্পেশাল পারমিশন নেওয়া আছে রানার, টারমিনাল ভবনে যেতে হবে না ওকে। টারম্যাকে পা রাখতেই ওর পাশে এসে থামল সবুজ একটা ঝরবারে জিপগাড়ি। ড্রাইভিং সিট থেকে লাফ দিয়ে নামল হাসি-খুশি এক সপ্রতিভ তরণ, রানার হাত থেকে প্রায় জোর করে কালো কেসটা নিয়ে জিপের পিছনের সিটে রাখতে রাখতে জিজেস করল, ‘কেমন আছেন, মাসুদ ভাই?’

‘ভাল,’ সংক্ষিপ্ত জবাব দিল রানা। ‘তোমার কী খবর, তুইন?’

‘চলছে, মাসুদ ভাই।’

রাইফেলের কেসের পাশে হ্যাভারস্যাক নামাল রানা, চলে এলো সরাসরি কাজের কথায়, ‘হোটেল-রুম বুক করা হয়েছে?’

‘জী, মাসুদ ভাই। নাফ হোটেলের দোতলায় আপনার রুম। সিঁড়ির ডান পাশেরটা।’ ইতস্তত করল তরণ। ‘ঢাকা থেকে সোহেল ভাই বললেন, জিপ নিয়ে সরাসরি টেকনাফে চলে যাবেন আপনি। ড্রাইভার হিসেবে আমিও কি আসব আপনার সঙ্গে? সারাদিন অফিস করার পর নিশ্চয়ই ক্লান্তি লাগছে আপনার?’

‘বিশ্রাম নিয়েছি দুপুরে,’ বলল রানা। ‘টেকনাফে পৌছেও অন্তত দু’ঘণ্টা রেস্ট নিতে পারব। তুমি পরে একসময় ওখান থেকে জিপটা সংগ্রহ করে নিয়ো—ঠিক আছে?’

‘ওকে, মাসুদ ভাই।’ ইগনিশন কী বাড়িয়ে দিল তুইন, ‘আমি তা হলে রিকশা নিয়ে শহরে চলে যাই।’

চাবিটা নিল রানা, বলল, ‘রিকশায় ফিরতে হবে না, আমিই বাসায় নামিয়ে দিয়ে যাব তোমাকে।’

খুশি হলো তরণ বিসিআই এজেন্ট। কিছুক্ষণ মাসুদ ভাইয়ের সঙ্গ পাওয়াও অনেক লাভ। হাসিমুখে উঠে বসল প্যাসেঞ্জার সিটে।

পনেরো মিনিট লাগল রিকশার ভিড়ে পথ করে চট্টগ্রাম-কল্পবাজারের প্রশস্ত, নতুন মহাসড়কে উঠতে। ডানে তাকিয়ে বিস্তৃত বঙ্গোপসাগরের গায়ে শেষ বিকেলের চোখ ধাঁধানো সোনালী সূর্যটাকে জুলজুল করতে দেখল রানা। তুইনকে ওর বাসায় নামিয়ে দিয়ে ছুটল জিপ। রামু পর্যন্ত চমৎকার রাস্তা, ওখান থেকে ডাইনে মোড় নিয়ে পড়ল টেকনাফের পথে। মিটারে চোখ বুলিয়ে নিশ্চিত হয়ে নিল রানা, ট্যাঙ্ক ভরা আছে ফিউয়েলে। একসেলেরেটার পেডালে চাপ দিয়ে আগেই টের পেয়েছে, দেখতে ঝরবারে হলে কী হবে, ফাইন টিউন করা রিকিপ্শন্ড ইঞ্জিন সাড়া দেয় সামান্য ইশারা পেলেই।

কিন্তু স্পিড তোলার উপায় নেই। সরু পথ।

একাটু পরেই সন্ধ্যা নেমে আসবে বলে রাস্তায় যানবাহনের সংখ্যা কম—হিমছাড়ি যাবার চাঁদের গাড়ির মতো প্রাচীন ছাদখোলা জিপ, ধোঁয়া তৈরির কারখানা নড়বড়ে বেবি ট্যাঙ্কি আর দু’একটা ছ্যাকরা বাস।

রাস্তার দু’পাশে ডানে-বামে ফসলের সবুজ খেত, কখনও দু’একটা ছনের ঘর, কখনও-সখনও নিচু টিলার উপর অপূর্ব সুন্দর ঐতিহাসিক বৌদ্ধ মন্দির। আঁকাবাঁকা সরু পথে একটানা কিছুক্ষণ চলার পর রানার মনে হলো, গোলকধাঁধায় পড়ে একই পথে ঘূরপাক খাচ্ছে বুবি ও, গন্তব্যে পৌছনো যাবে না কোনওদিন।

সূর্যটা আকাশ রাঙিয়ে দিয়ে ডুবে গেল দিকচক্রবালের ওপারে। তারপর অল্পক্ষণের মধ্যেই ঝপ্প করে নেমে এল অন্ধকার। ঘড়ি দেখল রানা, সোয়া ছ’টা। গতি আরও কমাতে হলো ওকে।

হেডলাইটের উজ্জ্বল আলোর আকর্ষণে ছুটে এসে জিপের উইন্ডশিল্ডে ঝাঁপিয়ে পড়ে ভর্তা হচ্ছে অজন্ম বেপরোয়া পোকা। আরও দু'ঘণ্টা পর সড়কের সবচেয়ে উচু খাড়াইটার উপর উঠে চালুশ-পঞ্চাশ ফুট নীচে ঢালের শেষে টেকনাফ শহরের বৈদ্যুতিক বাতির দেখা পেল রানা।

রাত নেমেছে বলে রাস্তাঘাট ফাঁকা হয়ে এসেছে শহরে। সাদা রং করা তিনতলা নাফ হোটেলে পৌঁছে যেতে দশ মিনিটও লাগল না ওর। হোটেলের লবিতে বরাবরের মতোই টিভি চলছে। সোফা, চেয়ার ও টুলে বসে বাংলাদেশ ক্রিকেট দলের খেলা দেখছে অনেকে। তাদের কেউ কেউ তাকাল নবাগত যুবকের দিকে, বুঝে নিল, আরও একজন ট্যুরিস্ট এসেছে; তারপর আবার মনোযোগ ফেরাল টিভিতে।

কাউন্টারের সামনে গিয়ে দাঁড়াল রানা। কোঁচকাণো শার্ট, লুঙ্গি ও নোংরা টুপি পরা দাঢ়িওয়ালা ম্যানেজারকে চোখ তুলে পান-খাওয়া খয়েরী দাঁতগুলো বের করতে দেখে বলল, ‘তিনদিনের জন্যে একটা রংম বুক করা হয়েছে আমার নামে। আমি মাসুদ রানা।’

ঘনঘন মাথা ঝাঁকাল ম্যানেজার, রেজিস্টার এগিয়ে দিয়ে দেখাল কোথায় রানাকে সই করতে হবে। সই করা হয়ে যেতেই পিছনের বোর্ড থেকে রংমের চাবিটা কাউন্টারের উপর রেখে মিশ আঘাতিক টানে বলল, ‘রংম নম্বর দুইশত এখুঁশ। খানা কি রংমে ফাড়াই দিমু?’

দুটি বাক্যেই রানা বুঝে নিল, লোক নোয়াখালির; তবে বহু বছর আছে এই অঞ্চলে। এখন কথা বলছে চট্টখালির ভাষায়।

‘না। রেস্টুরেন্টেই খেয়ে নেব।’ বেয়ারা সাহায্য করতে এগিয়ে আসছে দেখে কাউন্টারে ঠেস দিয়ে রাখা রাইফেলের কেসটা তাড়াতাড়ি হাতে তুলে নিল রানা।

ও পা বাড়াতেই ম্যানেজারের চোখ গেল লম্বাটে কালো

বাক্সটার দিকে। কৌতুহলের ছাপ পড়ল তার চেহারায়, জিজেস করল, ‘ওইডাত কী, বাই?’

ঘাড় ফিরিয়ে তার দিকে চাইল রানা। ‘অন্ত্র।’

‘অন্ত্র!’ ম্যানেজারের বিস্মিত কষ্টস্বর শুনে ঘরে উপস্থিত সবাই ফিরে তাকাল এদিকে। ‘অন্ত্র থীজিইন্য?’

খবরটা ছড়িয়ে পড়লে অসুবিধে নেই, তাই মৃদু হেসে বলল রানা, ‘হাতি। পাগলা হাতি মারার জন্যে।’ বুকপকেট থেকে একটা ভাঁজ করা কাগজ বের করে এমন ভাবে তুলে ধরল, যাতে কামরার সবাই দেখতে পায়। ‘সরকারী পারমিট। আমি এসেছি পাগলা হাতি শিকার করতে।’

অবাক চোখে দেখল ওকে সবাই।

‘আঁই তো মনো কইচিলাম সন্ত্রাসীই নি,’ স্বত্তি বোধ করে হাসল ম্যানেজার। ‘বালো, বালো, হাতিখান মাইন্যুষ মারি তরাস সিষ্টি করি লাইসে। খামের খাম ওইব ওইগারে মারি লাইলে।’

‘সে-চেষ্টাই করব,’ বলে সিঁড়ির দিকে রওনা হয়ে গেল রানা। ওর দিক থেকে আবার টিভির দিকে চলে গেল দর্শকদের দ্রষ্টি। চিংকার শুনে বোঝা গেল, ছক্কা মেরেছে বাংলাদেশি ব্যাটসম্যান।

অ্যাটাচ্ড-বাথরুম সহ ডাবল-বেড ঘরটা মাঝারী আকারের, তবে সাজানো-গোছানো। বিদেশি ট্যুরিস্টদের কথা মনে রেখে তৈরি।

শাওয়ার সেরে পরিচ্ছন্ন হয়ে আধিঘণ্টা পর নীচের রেস্টুরেন্টে নেমে এলো রানা, মেনু দেখে মুরগির মাংস, সবজি, ডাল ও ভাতের অর্ডার দিল।

ঝালের কারণে খাওয়া গেল না। একগ্রাম খাবারের সঙ্গে আধগ্নাস করে পানি গিলে কোনওমতে সিকিভাগ খাবার পেটে চালান দিয়ে উঠে পড়ল। বিল মিটিয়ে আবার নিজের ঘরে ফিরল রানা, হাত-ঘড়িতে অ্যালার্ম দিয়ে স্টান শুয়ে পড়ল বিছানায়,

চোখ বুজল। ঘড়িতে বাজে দশটা, রাত ঠিক বারোটার সময় রওনা হবে, স্থির করেছে ও। দু'ঘণ্টা বিশ্রাম নিলে তরতাজা হয়ে উঠতে পারবে।

ঘুমিয়ে পড়ল রানা দু'মিনিটের মধ্যে।

বারোটা বাজবার পাঁচ মিনিট আগে লবিতে নেমে ম্যানেজারকে দেখল না ও। লবি ফাঁকা হয়ে গেছে। টিভি বন্ধ। ম্যানেজারের চেয়ারের পাশে একটা টুলে বসে বিমাচ্ছে কমবয়সী একজন বয়। পিঠে হ্যাভারস্যাক, কাঁধে রাইফেল নিয়ে ওকে নামতে দেখে ধড়মড় করে সোজা হয়ে বসে ড্যাবড্যাব করে তাকাল সে।

‘ম্যানেজার সাহেবকে বোলো, আমি হাতি শিকারে বেরিয়ে গেছি,’ তাকে বলল রানা। ‘আমার গাড়িটা থাকল, যদি এদিক দিয়ে না ফিরি, তা হলে দু’একদিনের মধ্যে তুইন নামে এক ভদ্রলোক এসে নিয়ে যাবেন ওটা।’

‘জে, স্যর।’

বয়-এর হাতে রহমের চাবিটা দিয়ে লবি থেকে বেরিয়ে আঙিনা পার হয়ে অন্ধকার রাস্তায় চলে এলো রানা, রওনা হয়ে গেল নাফ নদীর সমান্তরাল একটা সরু রাস্তা ধরে। রাস্তার ওপার থেকে দাঁত খিঁচিয়ে ঘেউ-ঘেউ করে হৃষ্মকি দিল একটা নেড়ি কুত্তা, তবে প্রতিপক্ষের আচরণে ভয়ের ছাপ নেই দেখে উৎসাহ হারাতে দেরি করল না।

অন্ধসহ রানাকে হনহন করে হাঁটতে দেখে বিডিআর-এর টহলদার জওয়ানরা থামাল একবার মাঝপথে। শিকারের পারমিট আর অন্দ্রের লাইসেন্স দেখিয়ে ডিউটি অফিসারের হাত থেকে ছাড়া পেল ও, হাঁটার গতি বাড়াল আরও।

বাতাসে সাগরের লোনা গন্ধ। দূরে কোথাও রেডিওতে বাজছে হরিপ্রসাদ চৌরাসিয়ার বাঁশীতে মিয়া কি টোড়ি। অঁধার রাত। আকাশে মেঘ নেই। হাজারো লাল-নীল-হলুদ নক্ষত্র

জুলজুল করছে কালো মখমলের মসৃণ চাঁদোয়ার বুকে, আবছা আলো ছড়াচ্ছে।

শহর থেকে বেশ অনেকটা দূরে সরে এসে বাঁক নিয়ে পৌঁছে গেল রানা নাফের তীরে। অনেকগুলো চারদিক খোলা ছাপড়া ঘর দেখা গেল এখানে। সন্তুষ্ট সন্তাহের বিশেষ কোনও দিনে হাট বসে, এখন জনশূন্য, নিষ্কুরুম। পাড়ে বাড়ি থেয়ে মৃদু ছলাং-ছল আওয়াজ করছে নাফের পানি। দূর থেকে শোনা যাচ্ছে সাগরের গা ছমছম করা শোঁ-শোঁ গর্জন। সাগর থেকে নাফের উজানে এগিয়ে আসছে উজ্জ্বল একটা চোখ-ধাঁধানো বাতি। নেভির প্যাট্রুল বোট।

বেশ কয়েকটা জেলে নৌকা বাঁধা আছে ঘাটে। ছইওয়ালা নৌকাই বেশি। ওগুলোর একটাতেও কুপির আলো জুলছে না। কেউ যদি ছইয়ের ভিতরে থেকেও থাকে, এতক্ষণে ঘুমে বিভোর।

সিগারেট ধরিয়ে চারপাশে নজর বুলাল রানা। ঘাটে পাহারাদার নেই। বোধহয় ঘুমিয়ে হালাল করছে বেতনের টাকা। নৌকাগুলোর পাশ দিয়ে নদীর তীর ধরে কিছুদূর হেঁটে ঢেউয়ের দোলায় দোদুল্যমান ছোট্ট একটা ডিঙি পছন্দ হলো ওর। চোরের মতো আশপাশ দেখে নিয়ে ডিঙিতে উঠে পড়ল রানা। সিগারেট ফেলে দিয়ে কাঁধের বোৰা নামিয়ে বৈঠা খুঁজতে গিয়ে ওর ধারণা হলো, নৌকা-চোর বোধহয় আরও আছে এদিকে। পাটাতনের নীচেও বৈঠা নেই, ডিঙির মালিক বাড়ি নিয়ে গেছে তার বৈঠা।

একটু পর ঘাটের কাছে বাঁধা ছইওয়ালা একটা পেটমোটা নিঃসঙ্গ নৌকা তার দুটো বৈঠার একটাকে হারাল চিরতরে, ডিঙি নৌকার ছিঁশিয়ার মালিক হারাল তার ডিঙি। সার্চলাইট জ্বলে এক চোখে দানবের মতো পাশ কাটাল নেভির প্যাট্রুল বোট। আরও কিছুক্ষণ অপেক্ষার পর বৈঠা বেয়ে রওনা হয়ে গেল রানা উত্তর-পুব দিকে। স্রোত ওকে ঠেলে নিয়ে যেতে চাইল দক্ষিণে,

সাগরের দিকে, তবে রুখতে পারল না নৌকার অগ্রগতি। একটু একটু করে কাছে চলে এলো মায়ানমারের পাহাড়ি উপকূল।

কিছুক্ষণ পর বাঁকি খেল ডিঙি, ঘস্সস্ আওয়াজ করে তলা ঠেকে গেল বালিতে। হ্যাভারস্যাক ও রাইফেল তুলে নিয়ে নদীর তীরে নামল রানা, আঁচ করল, অনেকখানি সরে গেছে ও স্নোতের টানে—টিলাটকরের মাঝ দিয়ে ওকে যেতে হবে উত্তর-পুবে। ওদিকেই কোথাও থুরং গ্রাম।

গলুই ধরে ডিঙিটাকে জোরে একটা ঠেলা দিল রানা মাঝানদীর দিকে, যেন ফেরত পাঠাতে চায় ওটাকে মালিকের কাছে। আসলে, ওটা ভাসিয়ে দিয়ে ও কোথায় নেমেছে তার প্রমাণ নিশ্চিহ্ন করল। হেলে-দুলে চলল ওটা সাগরের দিকে। তীরে বসে কিছুক্ষণ বিশ্রাম নিল রানা, এটা নদী পারাপারের জায়গা নয় বলে মায়ানমার সীমাত্তরঙ্গীদের এদিকে থাকার কারণ নেই, তবুও ওর কান খাড়া। বিঁধি ডাকছে জোরেশোরে, বালির তটে পানির চাপড়ের মৃদু শব্দ, একটা বাদুড় উড়ে গেল নাফের উপর দিয়ে বাংলাদেশের দিকে। বিশ্রাম নিয়ে অপ্রশংস্ত সৈকত পেরিয়ে আগাছা ভরা টিলা বেয়ে উঠতে শুরু করল রানা, মেজর জেনারেল রাহাত খানের আঁকা মানচিত্র অনুযায়ী ওর গন্তব্য দশ থেকে এগারো মাইলের বেশি দূরে নয়। চোরাকারবারীদের ব্যবহৃত পথটা পাবার পর থুরং গ্রামে পৌছে যেতে হবে শেষরাতের আগেই। টিলার মাথায় উঠে কম্পাস দেখে দিক ঠিক করে নিয়ে দৌড়াতে শুরু করল রানা মাঝারি গতিতে।

রাত সোয়া একটার দিকে পৌছে গেল ও নির্দিষ্ট ল্যান্ডমার্ক-এর কাছে। বৃক্ষশূন্য উঁচু পাহাড়ের কোল জুড়ে বসে আছে প্রকাণ্ড বৌদ্ধ মন্দিরটা, বেশ দূর থেকেও দেখা যায়। পড়ো মন্দিরে বুদ্ধের আরাধনা করবার মতো কেউ এখন আর নেই বোধহয়। মন্দিরের গায়ে জন্মেছে কয়েকটা বটগাছ। ওগুলোর

বয়সও নেহায়েত কম নয়, জটা পাকানো দাঢ়ির মতো ঝুরি ছেড়ে দিয়ে থম মেরে আছে, যেন ছড়াচ্ছে অশুভ কোনও বার্তা।

মন্দিরের পায়ের কাছ দিয়ে গর্জন-চাপালিস-বয়রা গাছের ঘন জঙ্গলের বুক চিরে এঁকেবেঁকে পুবে চলে গেছে চোরাকারবারীদের ব্যবহৃত সেই মেটো পথ, বারবার উঁচু-নিচু হয়েছে ছোটখাটো টিলার কারণে। তিনমাইল ওই নির্জন পথেই থাকল রানা। পাহাড়ি গাছগুলোর পাতায় তৈরি ঘন আচ্ছাদনের ফাঁক দিয়ে নামল কৃষ্ণপক্ষের আধখানা চাঁদের ঝকঝকে ঝুপালী আলো, স্লান করে দিল নক্ষত্রগুলোকে। সুবিধে হলো পথ চলতে।

হাত-ঘড়ির লিউমিনাস ডায়াল দেখল রানা। দুটো পঁয়তাল্লিশ। পিছিয়ে পড়েনি ও। আরও আধমাইল ঘাবার পর চওড়া হলো জংলা পথ। দেড় মাইল হাঁটার পর পথের এ অংশে লোক চলাচল আছে বলে মনে হলো ওর, ছাঁটা হয়েছে পথের দু'ধারের গাছগুলোর ডালপালা। একটা বাঁক ঘুরে দেখতে পেল বাঁশ ও কাঠের তৈরি ছোট ছোট কুটির। কুকুর থাকতে পারে গ্রামে। তেড়ে এলে খুন করতে হবে ওগুলোকে। আওয়াজে ঘুম ভেঙ্গে জড় হয়ে যেতে পারে লোকজন।

নিরুম রাতের ঘূমত গ্রাম দূর দিয়ে পাশ কাটিয়ে আবার সরু, আঁকাৰ্বাঁকা পথে উঠল রানা, কম্পাস রিডিং দেখল, ঠিক পথেই আছে। জঙ্গলের মাঝ দিয়ে উত্তর-পুব দিকে গেছে উঁচু-নিচু রাস্তা। গতি বাড়াল চলার।

পৌনে চারটের দিকে লক্ষ করল, পাতলা হয়ে আসছে জঙ্গল। প্রথমে ওর মনে হলো প্রচুর বাঁশ ও কলাগাছ জন্মেছে এদিকটায়, তারপর এখানে-ওখানে ফসলের মাঠ ও বাড়ি-ঘর চোখে পড়তেই বুঝতে পারল, চলে এসেছে ও থুরং গ্রামের কাছে। পথ ছেড়ে সরে গিয়ে বর্ধিষ্ঠ গ্রামটা ঘুরে জঙ্গলের ভিতর দিয়ে এগোল রানা, লক্ষ রাখল রোহিঙ্গা বসতিটার দিকে।

থুরং গ্রামের বাড়িগুলো একটা থেকে অন্যটা খুব দূরে নয়, কিন্তু ডানদিকের চৌকো একটা বড় মাঠের একপাশে কুটিরের সংখ্যা অনেক বেশি মনে হলো ওর। কুটিরগুলো অপেক্ষাকৃত নতুনও। দু'চারটে তাঁবুও রয়েছে ছড়িয়ে ছিটিয়ে। ওগুলো বুঝিয়ে দিল, আসলে মাওলানা আব্দুল হান্নানের অনুসারী জঙ্গিদের আস্তানায় পৌঁছে গেছে ও।

পাহারাদার আছে জঙ্গিদের ক্যাম্পের সীমানার বাইরে, জঙ্গলের কিনারায়। তাদের একজনকে দক্ষিণমুখী হয়ে হাঁটু ভাঁজ করে বসে গাছের গোড়ায় পানি ঝরাতে দেখল ও। লোকটার সিগারেটের আগুন উজ্জ্বল হচ্ছে থেকে থেকে। কাজ সেরে সিগারেট ছুঁড়ে ফেলল সে, রাইফেলটা নেড়েচেড়ে কাঁধে ঠিকমত বুলিয়ে নিয়ে টহল দিতে শুরু করল মাঠের প্রান্ত ধরে।

নিশ্চিন্তে জঙ্গলের মাঝ দিয়ে পুবদিক লক্ষ্য করে পা বাড়াল রানা। পথগাশ ফুট যাওয়ার আগেই ওর গায়ে ঠাণ্ডা পরশ বুলিয়ে বয়ে গেল একবালক তাজা হাওয়া। একটু পরেই রক্তহিম করা গর্জন ছাড়ল কয়েকটা কুকুর। গলা উঁচিয়ে সঙ্গীকে কী যেন বলল প্রহরীদের একজন, কথাগুলো বুঝতে পারল না ও।

‘খাঁচা খুলে দে ছেড়ে,’ কুকুরের গর্জনের উপর দিয়ে শুনতে পেল কর্কশ কঢ়ের জবাবটা। ‘শিয়াল-টিয়াল হবে। তাড়িয়ে দিয়ে আসুক।’

এক বাটকায় পিঠ থেকে হ্যাভারস্যাক নামিয়ে চেইন টেনে ব্যাগ খুলল রানা, অস্ত হাতে বের করে আনল প্লাস্টিকের ছোট কৌটোটা, তারপর হ্যাভারস্যাক পিঠে বুলিয়ে কৌটার মুখ খুলে গুঁড়ো-মরিচ ছিটাতে ছিটাতে বেড়ে দৌড় দিল জঙ্গলের মাঝখান দিয়ে। বারকয়েক হোঁচ্ট খেল হ্যাভারস্যাকটা পিঠের উপর লাফাতে শুরু করায়। বোধহয় ঢিলে হয়ে গেছে স্ট্র্যাপ। ইংলিশ-উইন্টার থার্মোফ্লাক্সের ভেতরে ঝাঁকি খেয়ে চুক্তুক আওয়াজ তুলল পানীয়।

হঠাৎ কয়েকগুণ বেড়ে গেল কুকুরের হৃক্ষার। ছেড়ে দেয়া হয়েছে ওগুলোকে। গা শিউরানো গর্জন শুনে মনে হয় ডোবারম্যান। শিকার ও শিকারীদের দূরত্ব কমছে দ্রুত। সোৎসাহে জঙ্গলের মধ্যে চুকে পড়ল হিংস্র জষ্টগুলো।

পাশের ভয়ে উড়ে চলল রানা, তারপরও ধাওয়ারত ডোবারম্যানের সঙ্গে দূরত্ব কমল না ওর। কাছিয়ে এলো ঘেউ-ঘেউ আওয়াজ। দু'মিনিট বড়জোর, তারপরেই শিকারের সন্ধান পেয়ে যাবে খুনি ডোবারম্যানগুলো, নাগালে পেলেই ঝাঁপিয়ে পড়ে রানার কর্ণনালী ছিঁড়ে ফেলবে কোনও একটা, বাকিগুলো টুকরো টুকরো করবে ওকে। কয়েক সেকেন্ড পর আরও বেড়ে গেল গর্জন, এক জায়গায় ঘুরে ঘুরে গলা ফাটাতে লাগল হিংস্র জষ্টগুলো। খেপে গেছে মরিচের গুঁড়োর ঝাঁজাল গন্ধে দিক্ক্রান্ত হয়ে।

পাঁচ মিনিট একটানা প্রাণপণ দৌড়ে অনেকখানি সরে গেল রানা, তারপর কুকুরের চিংকার শুনতে না পেয়ে হাঁটতে শুরু করল বিড়ালের মতো নিঃশব্দে।

তবে ওর চেয়ে নিঃশব্দ বিড়ালও আছে। পাঁচফুট দূরে গাছের আড়াল থেকে লোকটাকে বের হতে দেখল রানা, রাইফেল তুলছে কাঁধে। ওকে দেখেছে আগেই, কাছে আসায় পোশাক দেখে নিশ্চিত হয়ে গেছে, এ-লোক তাদের দলের কেউ নয়। গর্জে উঠল, ‘হ্যান্স আপ!'

লাফ দিয়ে সামনে বেড়ে বাঁ হাতে রাইফেলের নলটা ধাক্কা মেরে সারিয়ে দিল রানা, কোমরে গেঁজা খাপ থেকে এক বাটকায় বের করে আনল কমান্ডো নাইফটা। কী ঘটতে যাচ্ছে বুঝতে পেরে সরে যেতে চাইল লোকটা, একইসঙ্গে চেষ্টা করছে রাইফেল তাক করতে।

মুহূর্তে এক পা সামনে এগিয়ে বামহাত বাড়িয়ে খাকি ফেটিগ পরা প্রহরীর লম্বা দাঢ়ি খামচে ধরল রানা, সজোরে নীচের দিকে

টান দিয়েই দেরি না করে ছোরার কোপ বসাল ঘাড়ে, একইসঙ্গে টান দিল এপাশ থেকে ওপাশ। ফচ শব্দ করে ফাঁক হলো লোকটার ঘাড়ের মাংস, কচকচ করে হাড় কেটে কঠনালী ছিঁড়ে দিয়ে বেরিয়ে এলো ছোরা। ছিন্ন মস্তকটা মাটিতে পড়ে গড়িয়ে গিয়ে স্থির হলো দু'ফুট দূরে। ঘড়ঘড় আওয়াজ বের হলো লোকটার কাটা গলার ভিতর থেকে। রাইফেল ছেড়ে দিয়েছিল আগেই, এবার নিঃশব্দে কাত হয়ে পড়ে গেল লোকটা মাটিতে, তড়পাতে শুরু করল জবাই করা গরুর মতো। একমিনিট পার হবার আগেই নিখর হয়ে গেল দেহটা।

একটা ঝোপের ভিতর তুকে অপেক্ষা করল রানা। আরও প্রহরী থাকতে পারে। পনেরো মিনিট পেরিয়ে গেল, জঙ্গলের স্বাভাবিক শব্দ ছাড়া অন্য কোনও আওয়াজ হলো না, এগিয়ে এলো না কেউ। মৃত লোকটার খোঁজ পড়েনি এখনও। গ্রামের সীমানায় টহল দেবার জন্য বেশ কয়েকজন লোক রেখেছে নিশ্চয়ই জঙ্গিরা, তাদের কেউ চলে আসবার আগেই দেহটার ব্যবস্থা করা দরকার।

মেটা একটা গাছের গুঁড়ির সঙ্গে ঠেস দিয়ে লাশটা বসিয়ে রেখে চারপাশ সাবধানে ঘুরে দেখে এলো রানা, তারপর লাশটা টেনে নিয়ে বারোফুট দূরের একটা ঝোপের মধ্যে ফেলল। মুগ্ধিটাও স্থান পেল খণ্ডিত দেহের পায়ের কাছে। এবার দ্রুতপায়ে এগিয়ে চলল রানা গ্রাম ও তার পাশের মাঠ পিছনে ফেলে, আগের চেয়ে অনেক বেশি সতর্ক।

রাতের অন্ধকারে জঙ্গলের মাঝাখানে নির্জন পড়ে আছে জঙ্গিদের ট্রেইনিং গ্রাউন্ড। ফিফিকাল ট্রেইনিংগের বিভিন্ন গ্যাজেটগুলো বাংলাদেশ আর্মির ট্রেইনিং গ্রাউন্ডের অনুকরণে তৈরি। ছোটখাটো একটা শুটিং রেঞ্জে চোখে পড়ল রানার। সবই থুরঙের ধারে-কাছে।

গ্রামটা অনেকখানি পিছনে ফেলে এসে নিশ্চিন্ত হলো রানা।

গভীর জঙ্গলে প্রহরী রাখার কথা নয় জঙ্গিদের।

বড়জোর দু'-আড়াই মাইল দূরে রয়েছে বার্মিজ জমিদারের সেই শিকারের কুঠি।

সামনের জঙ্গল আবার আগের মতই ঘন, জনবসতির চিহ্নও চোখে পড়ল না আর। বিশ্রাম নিতে থামল রানা, পিঠ ও কাঁধের বোৰা নামিয়ে বসল সেগুনগাছের গোড়ায়। ফ্যাকাসে হতে শুরু করেছে পুর আকাশের কালো রং। সূর্য উঠতে দেরি আছে, তবে একটু পরেই ধূসর হয়ে যাবে ওদিকটা। থমথমে অরণ্যে কানে এলো ছোটখাটো প্রাণীদের চলাফেরার মন্দু শব্দ। দূরে আউ-উ-উ-আওয়াজ করে নেকড়ের মতো ডাক ছাড়ল গোটা দুয়েক রামকুন্ত। উঠে পড়ল রানা।

দুটো টিলা টপকানোর পর দু'দিকের অজন্ম লতাগুল্মে ভরা ঘন জঙ্গলের কারণে গোলমত আরেকটা উঁচু টিলায় উঠতে বাধ্য হলো রানা। আকাশ ধূসর হয়ে গেছে, কিন্তু টিলার চূড়ার চেয়ে চারপাশের গাছগুলোর উচ্চতা বেশি হওয়ায় নীচের উপত্যকা চোখে পড়ল না ওর। কাছেই কোথাও থাকার কথা বার্মিজ জমিদারের শিকার-কুঠি। একটা গর্জন গাছের মগডালে বানরের মতো তরতর করে চড়ে বসবার পর চারপাশটা দেখতে পেল ও ছবির মতো পরিষ্কার।

টিলার ঢালের যেখানে শেষ, সেখান থেকে পাঁচ শ' মিটার দূরে আয়তাকার উপত্যকার মাঝাখানে টলটলে পানির গোলাকার দিঘিটা যেন ঝুপালী এক চকচকে আয়না। জমিদার বলে কথা, দিঘির ব্যাস ছয়-সাত শ' মিটারের কম হবে না। লেকের ওপারে, সবুজ ঘাসে ছাওয়া লনের পিছনে দোতলা কুঠিটা দেখে মনে হলো ঝুপকথার কোনও নিঃসঙ্গ রাজকন্যার অভিশপ্ত বন্দিশালা। পুবের চেউ খেলানো ধোঁয়াটে পাহাড়গুলোর ওপার থেকে বিরাট সোনালী গোলকের মতো মুখ তুলছে সূর্য। তারপরও আশপাশের সবকিছুতে হালকা কুয়াশার আলতো

## পরশ।

চারপাশটা আরও ভালভাবে রেকি করতে গাছের উপর আরও কিছুক্ষণ থাকবে, ঠিক করল রানা।

ধীরে ধীরে হামাগুড়ি দিয়ে পুবের কুয়াশামোড়া নীলচে পাহাড় ডিঙিয়ে সবুজ উপত্যকায় থাবা বাড়াল প্রথম-সকালের রোদ, বলমল করে উঠল দিঘির পানি।

সফ্টে সাজানো-গোছানো সব, কিন্তু মানুষজনের দেখা নেই। মনে হচ্ছে, যেন রোমাঞ্চ জাগানিয়া কোনও শূন্যমঞ্চ।

পকেট থেকে খুদে বিনকিউলার বের করে কুঠির আশপাশে চোখ বোলাল রানা। এই টিলা থেকে নেমে উপত্যকার কিনারায় যেতে হবে ওকে, তারপর উঁচু ঘাসবনের মাঝে দিয়ে পৌছতে হবে দিঘির পারে, নইলে রাইফেলের রেঞ্জের মধ্যে আসবে না ওই কুঠি। টিলার নীচে ঢালের যেখানে শেষ, সেখানেই থেমে গেছে চাপালিস, বয়রা, সেগুন, শাল ও গামারী গাছের সারি। ওখান থেকে হাঁটু-সমান ঘাসের আরও অন্তত পাঁচ শ' মিটার বিস্তৃতি পেরিয়ে তারপর ওই বিশাল জলাশয়ের তীর-ছাড়া ছাড়া ভাবে জন্মানো গাব, নারিকেল ও চাপালিস গাছগুলোর ওপাশে। ওপারের কুঠিটা তখনও থাকবে সাড়ে সাত শ' মিটার দূরে। কুঠির কাছাকাছি দিঘির উপর একটা ডাইভিং বোর্ডও দেখা যাচ্ছে। ওদিকটায় সামান্য কিছু ঝোপ-ঝাড় ও বড় কয়েকটা গাছ আছে বটে, কিন্তু ওগুলোর কাছে যাওয়া যাবে না, তাতে ঝুঁকি নিতে হবে অনেক বেশি। কুঠির কেউ ওকে দেখে ফেললে আড়াল থেকে গুলি করে খুন করতে পারবে সহজেই।

কুঠি-বাড়ির জানালাগুলোর কোনওটাতেই সরানো হয়নি পর্দা, চিমনি দিয়ে ধোঁয়া উঠছে না। তার মানে, নাস্তা আয়োজন করছে না কেউ।

লোক দেখানোর প্রয়োজন নেই বলে ফয়রের নামাজের জন্য ওঠেনি নাকি হজুরেরা? নাকি নামাজ পড়ে আবার ঘুমিয়েছে?

কখন উঠবে ঘুম থেকে? কী করবে উঠে? দিঘিতে জলকেলি করত বার্মিজ জিম্বার, সেজন্যই তীরে ওই শৌখিন ডাইভিং বোর্ড তৈরি করেছিল বোধহয়। হাজি আব্দুল হান্নান আর মুফতি আলাওয়াল হানিফীও কি দিঘিতেই গোসল করবে? করলে কখন? রোদের তেজে ভ্যাপসা গরম বাড়ছে। বিনকিউলারটা পকেটে রেখে দিয়ে সারাদিন অপেক্ষার মানসিক প্রস্তুতি নিল রানা। দিনশেষেও যদি দিঘির তীরে লোকগুলো না আসে, তা হলে ঝুঁকি নিয়ে কুঠির কাছে যাবার চেষ্টা করতে হবে ওকে।

কিছুক্ষণ পর কুঠির বামদিকের কোনায় ছোট একটা জানালা খুলে যেতে দেখে গর্জন গাছ থেকে নেমে পড়ল রানা, দ্রুতপায়ে নিঃশব্দে নামতে শুরু করল টিলার ঢাল বেয়ে। তবুও ওর অস্তিত্ব অজানা থাকল না জঙ্গলের প্রাণীদের কাছে—টি-টি করে ডাক ছেড়ে প্রতিবেশীদের সতর্ক করে দিল কয়েকটা হত্তিটি পাখি, সঙ্গে সঙ্গে কিচিরমিচির করে সাড়া দিল গাছে গাছে বানরের দল। টিলার ঢালের শেষে ঝোপ ভেঙে ক্ষুর দাপিয়ে ঘন জঙ্গলের দিকে দৌড়ে চলে গেল একটা মন্ত শিংওয়ালা গয়াল হরিণ, লাল ঝুঁটিওয়ালা একটা কাঠ-ঠোকরা পাখনায় উজ্জ্বল হলদে-সবুজের ছিট নিয়ে লুকিয়ে পড়ল অচেনা গাছের খেঁড়লে, ছোটাছুটি করে গাব গাছের নিবিড় পাতায় তৈরি বর্মের আড়ালে নিরাপদ আশ্রয় খুঁজল লম্বা লেজওয়ালা দুটো কালো রঙের দৈত্য-কাঠবিড়ালি।

বুনো প্রাণীদের সতর্কতাসূচক আওয়াজে কারও মনোযোগ আকৃষ্ট হয় কি না ভেবে শঙ্কা বোধ করল রানা। বিনকিউলার চোখে কেউ যদি আঙিনা থেকে এদিকে তাকায়, তা হলে ঘাসের বন পাড়ি দিয়ে গোপনে দিঘির তীরে যাওয়া প্রায় অসম্ভব হয়ে পড়বে ওর পক্ষে।

টিলার গোড়ায় পৌঁছে ঢালের শেষে একটা শিলকড়ই গাছের আড়াল থেকে উঁকি দিল রানা, কালো ধোঁয়ার সরু রেখা বের হতে দেখল কুঠির বামপাশের চিমনি থেকে। নাস্তা তৈরি হচ্ছে

ହେସେଲେ ।

ଡିମଭାଜା, ମାଂସ, ମଚମଚେ ବାଟାରଟୋଟ୍ ଆର କଫିର ସ୍ଵାଦ ମନେ ପଡ଼େ ଗେଲ ଓର । ଟେର ପେଲ, ଖିଦେଯ ଜୁଲଛେ ପେଟ । ଗାଛେର ଗୁଡ଼ିର ଆଡ଼ାଲେ ବସେ ହ୍ୟାଭାରସ୍ୟାକ ଥେକେ ରାଙ୍ଗାର ମା'ର ତୈରି ଚମର୍କାର ସ୍ଵାଦେର ହାନ୍ତାର ବିଫ ପୋରା ସ୍ୟାନ୍ଡୁଇଚ ବେର କରେ କାମଡ ବସାଲ ଓ, ମାଝେ ମାଝେ ଠୋଟେ ଫ୍ଲାକ୍ ଠେକିଯେ ଚୁମୁକ ଦିଲ ଆଧାଆଧି ବ୍ର୍ୟାନ୍ତି ମେଶାନୋ କଡ଼ା କାଳୋ କଫିତେ । ଗଲା ଜ୍ଞାଲିଯେ ନେମେ ଗେଲ ଗରମ ତରଳ, ଉଷ୍ଣ ହୟେ ଉଠିଲ ପେଟେର ଭିତରଟା । ଚାଙ୍ଗା ହତେ ସମୟ ନିଲ ନା କ୍ଲାନ୍ଟ ଶରୀର ।

ସ୍ୟାନ୍ଡୁଇଚ ଶେଷ କରେ ଘଡ଼ି ଦେଖିଲ । ସୋଯା ଛଟା । ଦିଘିର ଦିକେ ତାକିଯେ ଗାଛଗୁଲୋର ମାଝ ଥେକେ ଆଡ଼ାଲ ହିସେବେ ଓର ପଛନ୍ଦ ହଲୋ ମୋଟା ଏକଟା ଚାପାଲିସ ଗାଛ । ଓଟାର ପିଛମେ ଦାଁଡ଼ିଯେ ଦିଘି ଓ ବାଡ଼ିର ସେ-ଅଂଶଟା ଓର ଦେଖିତେ ପାଓୟା ଦରକାର, ଚୋଖ ବୋଲାନୋ ଯାବେ ସେଥାନେ । ଆଧମିନିଟ ପର କ୍ରଳ କରେ ଏଗୋଲ ଓ ଦେଡଫୁଟ ଉଁଚୁ ଘାସେର ଭିତର ଦିଯେ । ଏକ ଝଲକ ଉଚ୍ଚଳ ହାଓୟା ଘାସବନ ଦୁଲିଯେ ଦିଯେ ଚଲେ ଗେଲ ଦିଘିର ଦିକେ । ଭଲୋଇ ତୋ, ଘାସେର ବନେ ଓର ନଡ଼ାଚଡ଼ା କାରଓ ଚୋଖେ ପଡ଼ିବେ ନା ମାଝେ ମାଝେ ଏରକମ ହାଓୟା ବହିଲେ ।

ବାମଦିକେ କିଛୁଟା ଦୂରେ ଟିଲାର ଗୋଡ଼ାଯ ଘାସବନେର ପ୍ରାଣ୍ତେ ମଟ କରେ ଭାଙ୍ଗ ଗାଛେ ସରକ ଏକଟା ଶୁକନୋ ଡାଲ । ଜାଯଗାଯ ଜମେ ଗେଲ ରାନା । ତାରପର ଆର କୋନଓ ଶବ୍ଦ ନେଇ । ଲୁକିଯେ ଥାକା ଶିକାରୀ ଚିତାର ମତୋ କାନ ପେତେ ଆହେ ରାନା, ପାଥରେର ମୂର୍ତ୍ତି ହୟେ ଅପେକ୍ଷା କରଛେ । ଗଡ଼ିଯେ ଗେଲ ପୁରୋ ପାଂଚଟା ମିନିଟ ।

ବୁନୋ ଜନ୍ମ ବା ପାଖି ଗାଛେର ଡାଲ ଭାଙ୍ଗେ ନା । ମରା ଶୁକନୋ ଡାଲ ମାନେଇ ତାଦେର ଗୋପନୀୟତା ଓ ନିରାପତ୍ତାର ଜନ୍ୟ ହୁମକି । ଭେଙେ ଯେତେ ପାରେ ଏମନ କୋନଓ ଡାଲେ କଥନଓ ବସେଇ ନା କୋନଓ ପାଖି । ପାଲାନୋର ଜନ୍ୟ ନିତାନ୍ତ ବାଧ୍ୟ ନା ହଲେ ଶବ୍ଦ କରେ ନା ଏମନକୀ ଗ୍ୟାଲ ହରିଣେର ମତୋ ବଡ ପ୍ରାଣୀଓ । ତା ହଲେ କି ମାଓଲାନା

ଆଦୁଲ ହାନ୍ତାନ ଓ ଆଲାଓୟାଲ ହାନିଫୀ ନିଜେଦେର ପ୍ରହରାୟ ସଶ୍ରମ ଜଞ୍ଜି ରେଖେଛେ? କୋମର ଥେକେ ଓୟାଲଥାରଟା ନିଯେ ପ୍ୟାନ୍ଟେର ପକେଟ ଥେକେ ସାଇଲେପାର ବେର କରଲ ରାନା, ପିନ୍ଟଲେର ନଲେ ପେଂଚିଯେ ଆଟକେ ନିଲ ସାଇଲେପାର । ସେଫଟି ଅଫ କରେ ଅପେକ୍ଷାଯ ଥାକଲ । ଏକଟୁ ପରେ ଏକଟା କମବସ୍ୟୁସୀ ମାଦୀ ହରିଗ ବେରିଯେ ଏଲୋ ଟିଲାର ଗୋଡ଼ାର ଜଙ୍ଗଲ ଥେକେ, ଦୁଲକି ଚାଲେ ରାନ୍ଧା ହୟେ ଗେଲ ଉପତ୍ୟକାର ବା ଦିକ ଲକ୍ଷ କରେ । ବାରକଯେକ ପିଛନେ ତାକାଳ ଓଟା, ତବେ ସେଇସଙ୍ଗେ ଘାସ ଛିଡ଼େ ମୁଖେଓ ପୁରଲ । ଉପତ୍ୟକା ପେରିଯେ ଚଲେ ଗେଲ ହରିଗଟା ବା ଦିକେର ଜଙ୍ଗଲେର ଭିତର । କୋନଓ ଭୟ ବା ତାଡ଼ାହୁଡ଼ୋର ଚିହ୍ନ ଛିଲ ନା ଓଟାର ଆଚରଣେ । ଶୁକନୋ ଡାଲ ବୋଧହୟ ଓଇ ହରିଗେର କ୍ଷୁରେର ଚାପେଇ ଭେଙେଛିଲ । ବଡ କରେ ଶ୍ଵାସ ଫେଲେ ଚାପା ଉତ୍ତେଜନା ଦୂର କରତେ ଚାଇଲ ରାନା । ରାନ୍ଧା ହୟେ ଯାଓୟା ଦରକାର । କୋମରେ ଡାନଦିକେ ବେଲେଟର ନିଚେ ଗୁଜେ ରେଖେ ଦିଲ ସାଇଲେପାର ଲାଗାନୋ ପିନ୍ଟଲ ।

ଉଁଚୁ ଘାସେର ଭେତର ଦିଯେ ପାଂଚ ଶ' ଗଜ କ୍ରଳ କରେ ଯାଓୟା ସମୟ-ସାପେକ୍ଷ, କଟକର କାଜ । ହାଁଟୁ, ହାତ ଆର କନୁଇୟେର ବାରୋଟା ବେଜେ ଗେଲ ରାନାର । ଛୋଟ ଛୋଟ କୀ ପୋକା ଯେନ ଚୁକେ ଗେଲ ନାକେ, ହିମଶିମ ଖେତେ ହଲୋ ହାଁଚ ସାମଲାତେ । ହାତ ଠିକ ଜାଯଗାଯ ପଡ଼ିଛେ କି ନା ସେଦିକେ ଲକ୍ଷ ରେଖେ ଧୀର ଗତିତେ ଏଗିଯେ ଚଲଲ ରାନା । ଝିରିଝିରି ହାଓୟା ଦୁଲଛେ ଘାସେର ମାଥା, ଦୁଲନ୍ତ ସବୁଜ ସାଗରେ ଓର ନଡ଼ାଚଡ଼ା ଚୋଖେ ପଡ଼ିବାର କଥା ନୟ କୁଠିର କାରଓ । ଏକବାର ମାଥା ଏକଟୁ ଉଁଚୁ କରେ କୁଠି-ବାଡ଼ିର ଦିକଟା ଦେଖେ ନିଲ ରାନା । ବାମେ ଘାଡ଼ ଫେରାତେଇ ଆବଢା ଭାବେ ଓର ଚୋଖେ ପଡ଼ିଲ ଜଞ୍ଜଟା । ଘାସେର ଭିତର ଦିଯେ ଗୋପନେ ଏଗିଯେ ଚଲେଛେ ଓଟା । କୋନଓ ଭୋଦିତ, ଦିଘିତେ ନେମେ ମାଛ ଧରବେ ବୋଧହୟ । ନାକି ଓଟା ଅନ୍ୟ କୋନଓ ଜନ୍ମ? ଆରେ, ଓ ସେ-ଚାପାଲିସ ଗାଛଟା ବେହେ ନିଯେଛେ ଆଡ଼ାଲ ହିସେବେ ବ୍ୟବହାରେର ଜନ୍ୟ, ମନେ ହଚ୍ଛେ ସେଟାର ଦିକେଇ ଯାଚ୍ଛେ ଜନ୍ମଟା । ଓଟାରେ କି ଆଡ଼ାଲ ଦରକାର?

আবার রওনা হয়ে গেল রানা। এবার খুব সাবধানে। মাঝে মাঝে থেমে মুখ থেকে ঘাম-ধূলো মুছল। চাপালিস গাছটার আড়ালে পৌছতে পারলে বিশ্রাম নেয়া যাবে। দিঘির বিশ ফুটের মধ্যে পৌছে নির্দিষ্ট গাছটা পনেরো ফুট দূরে থাকতেই ষষ্ঠ ইন্দিয়ের তাগিদে ঘাসের আড়ালে থামল রানা, কান পাতল মাটিতে।

কোনও শব্দ নেই আশপাশে। তারপর ওর বাম কানের কাছে ফিসফিস করে হৃষিকি দিল একটা কর্তস্বর: ‘খবরদার! আধইঞ্জি নড়লেই খুন হয়ে যাবে!’

## চার

‘খবরদার?’

বুকের খাঁচায় বিরাট একটা লাফ দিল রানার হৎপিণ্ড।

ওকে হৃষিকি দিচ্ছে ভেঁদড়টা? তাও আবার ইংরেজিতে? তবে কর্তস্বরটা কোনও মেয়ের। বলবার ভঙ্গিতে স্পষ্ট বোঝা গেল, মিথ্যে হৃষিকি দিচ্ছে না।

ধীরে ধীরে ঘাড় ফিরিয়ে তাকাল ও বামদিকে। ওর মাথা থেকে পনেরো ইঞ্জি দূরে একটা তীরের তীক্ষ্ণ ধাতব ফল। তীরটা ছুটে এসে খুলি ফুটো করে মগজে গেঁথে যাবার অপেক্ষায় আছে।

ঘাসের ফাঁক দিয়ে দেখা গেল ধনুকটা। ট্রিগার মেকানিয়ম ছাড়া একটা ক্রস-বো। দেশি মাল মনে হয়। ছিলা টেনে আটকে রাখা হয়েছে তীর। তীরের লেজের কাছে ধরে থাকা বাদামি আঙুল দুটোর ডগা ধ্বনিবে সাদা দেখাচ্ছে, ওই আঙুল দুটো

তীরের লেজ ছেড়ে দিলেই ও শেষ। হাওয়ায় ঘাস দুলে ওঠায় এবার মেয়েটাকে দেখতে পেল রানা। মেয়ে, নাকি রাক্ষসী? গভীর কালো চোখ দুটো যেন জ্বলন্ত অঙ্গার, পুরুষ নীচের ঠোঁটে চেপে বসেছে ওপরের পাতলা ঠোঁট। বাদামি মুখে বিন্দু বিন্দু ঘাম। ঘাসের কারণে আর কিছু দেখতে পেল না পর্যন্ত রানা।

কে মেয়েটা? কুঠির প্রহরীদের কেউ? হাঙ্গান বা হানিফীর অতি বিশ্বস্ত চরমপন্থী কোনও নারী জিঃ?

ধীরে ধীরে ডানহাতটা কোমরের কাছে সরাতে শুরু করল রানা। ওয়ালথারটা বের করতে পারলে... জিভেস করল নরম সুরে, ‘কে তুমি?’

তীরধনুক দুলিয়ে ভয় দেখানো হলো ওকে। ‘ডানহাত নাড়িয়ো না, নইলে কাঁধে তীর মারব। ...পাহারাদার নাকি তুমি?’

স্বস্তি বোধ করল রানা, শক্রপক্ষের কেউ বলে তো মনে হচ্ছে না মেয়েটাকে। ‘আমি পাহারাদার নই। ...তুমি কি পাহারাদারনী?’

‘বোকার মতো কথা বোলো না! ...এখানে কী করছ?’ মেয়েটার কর্ত থেকে উত্তেজনার পরিমাণ কমেছে, তবে কথার সুর মোটেই নরম হয়নি। সন্দেহ নিয়ে জিভেস করল, ‘জবাব দিচ্ছ না কেন, শুনি?’

মেয়েটাকে সামলানোর প্রয়োজনীয়তা অন্তরের গভীর থেকে অনুভব করল রানা। ওই নীলচে-কালো তীরের তীক্ষ্ণ ফলাটা বিশ্রী হীনমন্যতার অনুভূতি সৃষ্টি করছে ওর মনে। নিচু স্বরে বলল রানা, ‘আগে তোমার তীরধনুক সরাও, রবিনা, তারপর বলছি আমি কে।’

‘কথা দিচ্ছেন... দিচ্ছ পিস্তলের দিকে হাত বাড়াবে না?’

‘দিচ্ছ। এবার এসো, আগে গাছের আড়ালে যাই।’ মেয়েটার জন্য অপেক্ষা না করে ক্রল শুরু করল রানা চাপালিস

গাছটা লক্ষ্য করে। নিজের কাজ করে যেতে হবে ওকে, মেয়েটাকে প্রশ্ন দিলে মুশ্কিল হয়ে যাবে। কে এ? সন্দেহ নেই, উটকো ঝামেলা। গোলাগুলি শুরু হবার আগেই যেভাবে হোক একে ভাগাতে হবে এখান থেকে। নিজের কাজ সারাই যেখানে মুশ্কিল, সেখানে দেখা দিয়েছে গোদের ওপর বিষফোঁড়া!

চাপালিসের পায়ের কাছে গিয়ে উঠে দাঁড়াল রানা, গুঁড়ির পাশ দিয়ে উঁকি দিয়ে দেখল কুঠিটা। কয়েকটা জানালা থেকে সরে গেছে পর্দা। আঞ্চিনার সবুজ ঘাসে দু-পাশে দুটো চেয়ার পাতা নাস্তার টেবিলটাতে খাবার ভরা প্লেট এনে রাখছে উড়িন্ন-যৌবনা দুই স্বল্পবসনা বার্মিজ যুবতী। পরিষ্কার দেখা যাচ্ছে তাদের দেহের খাঁজ-ভাঁজ। লোকচক্ষুর অন্তরালে বেশ মৌজে আছে দেখছি মাওলানা হান্নান আর মুফতি হানিফী! কে জানে, নিজেদের বিলাসী আরব শেখ ভাবছে হয়তো!

রাইফেল-হ্যাভারস্যাক নামিয়ে রেখে গাছের গুঁড়িতে পিঠ ঠেকিয়ে বসল রানা।

ঘাসের বনের শেষে চাপালিসের গোড়ার কাছে এসে উঠে দাঁড়াল রবিনা হৃড, দ্বরত্ব বজায় রাখছে রানার কাছ থেকে। তীরটা এখনও ধনুকে জোড়া আছে, তবে ধনুকের ছিলা টান্টান হয়ে নেই।

পরম্পরের দিকে গরম চোখে তাকাল দু'জন।

জলপাই রঙা কোঁচকানো, ধুলো-কাদা মাথা প্যান্ট-শার্ট পরে আছে মেয়েটা, মনে হলো যেন সুন্দরী কোনও বেপরোয়া দস্যু-রানী। কুচকুচে কালো ঘন চুলে বাচ্চা মেয়েদের মতো দুটো বেণী করে রেখেছে। পানপাতার মতো মুখটা নিখুঁত, খাড়া নাক, পাতলা ঠোঁট। চোখে তীব্র সন্দেহের দ্রষ্টি। ডান কনুই ছিলে রক্ত বরছে ফেঁটায় ফেঁটায়। বাঁ কাঁধের পিছন থেকে উঁকি মারছে তীর ভরা তৃণ। দেশি ক্রস-বো ছাড়া অন্ত্র বলতে একটা ছোরা

আছে শুধু মেয়েটার কাছে, কোমরের চওড়া চামড়ার বেল্টে ঝুলিয়ে রেখেছে। ডান কোমরের কাছে কাপড়ের থলে, ওটাতে বোধহয় খাবার। বুনো জংলা পরিবেশে তরণীকে বেমানান লাগল না, যেন এখানে এই অরণ্য-প্রকৃতির মাঝে বিচরণ করে সে অভ্যন্ত।

বন্য রূপসী, মনে মনে বলল রানা, মৃদু হাসল মেয়েটার দিকে চেয়ে। নরম কঢ়ে আশ্বাসের সুরে বলল, ‘খুশি হলাম রবিনা হৃডের মতো নারী তীরন্দাজের সঙ্গে পরিচিত হয়ে—আমি মাসুদ রানা।’

‘ভাল ইংরেজি বলছ... কোন্ দেশি?’

‘বাংলাদেশি। তুমি?’

অবাক দৃষ্টিতে রানাকে দেখল মেয়েটি।

‘আরে! আমিও তো!’

হ্যাভারস্যাক খুলে ফ্লাক্ষ বের করে বাড়িয়ে দিল রানা। পরিষ্কার বাংলায় বলল, ‘বসো। চলবে একটু গরম পানি? ব্র্যান্ডি আর কফি মেশানো। ...স্যান্ডউইচও আছে আমার কাছে। দেব?’

মাথা নাড়ল মেয়েটি। আরেকটু এগিয়ে রানার কাছ থেকে একগজ দূরে হাঁটু ভাঁজ করে আয়েসী ভঙ্গিতে বসল, হাত বাড়িয়ে ফ্লাক্ষ নিয়ে কর্ক খুলে এক চুমুকে খালি করে ফেলল প্রায় অর্ধেক তরল। ফ্লাক্ষটা ফিরিয়ে দিয়ে মন্তব্যের সুরে বলল, ‘এর চেয়ে দোচুয়ানির তেজ অনেক বেশি। স্বাদও চের ভাল। তবুও, ধন্যবাদ।’ ক্রস-বো থেকে তীর খুলে তৃণে রেখে দিয়ে তাকাল সে বিস্মিত রানার চোখে, তারপর জিজেস করল, ‘চোরা শিকারী নাকি তুমি?’

‘বাপরে, এ দেখি মদ বিশেষজ্ঞ,’ মনে মনে বলল রানা, জবাব দিল না তরণীর প্রশ্নের, পাল্টা জানতে চাইল, ‘তুমিও কি তা-ই? চোরা শিকারী?’

মাথা নাড়তেই মোটা মোটা বেণী দুলল তরঁণীর। ‘না, চোরা শিকারী নই আমি।’

‘আমার নাম বলেছি তোমাকে,’ বলল রানা। ‘তোমার নামটা তুমি বলোনি।’

‘আনিকা আশরাফ।’

চমকটা সামলাতে কষ্ট হলো রানার। আনিকা? ...আশরাফ? মেজর জেনারেল আলী আশরাফ সাহেবের মেয়ে? আস্তে আস্তে উপলক্ষ্মিটা এলো ওর—বাবা-মার খুনের বদলা নিতে এই ভিন্দেশের দুর্গম জঙ্গে চলে এসেছে মেয়েটা তীর-ধনুক নিয়ে। ...একা এসেছে? ...তা-ই তো মনে হচ্ছে!

‘একা এসেছ এখানে?’

‘হঁ।’ সন্দেহের চোখে রানাকে একবার দেখে নিল আনিকা। সুদর্শন যুবকের কোনও বদ মতলব আছে কি না বুঝতে চাইছে।

‘তোমাদের এস্টেট থেকে অনেক দূরে চলে এসেছ তুমি,’ গম্ভীর হয়ে গেল রানা। ‘হয়তো ভাবছ, তীরধনুক দিয়ে খুনিগুলোকে খতম করে দিতে পারবে? চিনের একটা প্রবাদ বলি শোনো, প্রতিশোধ নিতে চাইলে আগে দুটো কবর খুঁড়ে নিয়ো—একটা নিজের জন্যে।’

চোখে প্রশ্ন আর বিস্ময় নিয়ে রানাকে দেখল আনিকা আশরাফ। ‘তোমাকে তো চোরা শিকারী বলে মনে হচ্ছে না! আসলে কে তুমি? এখানে কী করছ? আমি কোথেকে এসেছি তা জানলে কী করে?’

দ্রুত চিন্তা করে দেখল রানা, এই বিদঘুটে সমস্যা থেকে বেরিয়ে আসতে হলে মেয়েটার সঙ্গে হাত মেলানো ছাড়া আর কোনও উপায় খোলা নেই ওর। দীর্ঘশ্বাস চেপে নরম সুরে বলল ও, ‘আমার নাম তো বলেছি তোমাকে। ঢাকা থেকে পাঠানো হয়েছে আমাকে টেকনাফের ওই খুনগুলোর জন্য দায়ী নরপিশাচগুলোকে খতম করতে। আমাকে পাঠিয়েছেন মেজর

জেনারেল...’

‘রাহাত চাচা?’

মাথা ঝাঁকাল রানা। ‘তোমাকে বিপদমুক্ত করাও আমার একটা দায়িত্ব। মেজর জেনারেলের ধারণা, ওই কুঠি-বাড়িতে যারা আছে, ওরা তোমার ওপর চাপ সৃষ্টির চেষ্টা করবে, আর জমিটা পেয়ে গেলে মেতে উঠবে দেশের সর্বনাশ করার কাজে। তাই, যেমন করে হোক ঠেকাতে হবে ওদের।’

‘আপনি রাহাত চাচার কাছ থেকে...’

‘আবার আপনি কেন? তুমিই তো বেশ ছিল।’

রাহাত খানের নাম শুনে মেয়েটির চোখে রানার প্রতি সমীহের ভাব ফুটল। পা থেকে মাথা পর্যন্ত দেখল ও রানাকে। কিন্তু ও জানে, ও যে ভয়ঙ্কর সমস্যায় পড়েছে তার কোনও সমাধান হবে না এই যুবকের দ্বারা—কারও সাহায্য কোনও কাজে আসবে না এখন। নিজের অবস্থা চিন্তা করে চেহারায় তিক্ততার ছাপ পড়ল তরঁণীর, নিচু স্বরে বলল, ‘ওই সন্ধ্যায়—আবু-আম্মু আর কালাম কাকুর লাশ যখন পড়ে আছে মেঝেতে—ওরা ফোনে হৃষি দিল আমাকে। তারপর থেকে প্রতিদিন টাইপ করা চিঠি পাচ্ছি আমি, স্বাক্ষরছাড়া। এস্টেট বিক্রি করে সরে পড়ো, নইলে খুন হয়ে যাবে তোমার বাবা-মা’র মতো। আমার কুকুরটাকে গুলি করে মেরে রেখে গেছে একদিন, পোষা খরগোশ দুটোকে মেরেছে ঘাড় মুচড়ে। খুনের পরদিন সকালে আবু-আম্মু আর কাকুকে কবর দিয়ে পুলিশের কাছে গিয়েছিলাম, ওরা আমাকে খুব বেশি হলে জেলখানার নিরাপত্তা দিতে চাইল। অনেক অনুরোধের পর পুলিশ সুপার আরমান আজিজ সাহেবের কাছ থেকে জানতে পেরেছি, খুনি মাওলানা মোহাম্মদ আব্দুল হান্নান মায়ানমারের এইদিকটায় আড়ডা গেড়েছে। তারপর এখানে-ওখানে খোঁজ নিয়ে বের করেছি লোকটার আস্তানা।’

রানা জিজেস করল, ‘তুমি এখানে পৌছলে কী করে?’

‘গত পরশু রাত সাড়ে দশটায় নাফ সাঁতরে পার হয়ে একটা গ্রামে পৌছাই, ওখানেই গ্রামের সর্দারের কাছে শুনি কোন্ পথে এই জমিদার-কুঠিতে আসতে হবে। তারপর সারারাত হেঁটে এখানে এসে পৌছেছি গতকাল ভোরের আগে। তখন থেকেই নজর রাখছি।’

আমদের আগে দেখা না হওয়াটা দুঃখজনক, নইলে এখানে আসতে পারার আগেই ভাগিয়ে দিতে পারতাম তোমাকে, ভাবল রানা, মুখে বলল, ‘এখন কী করবে ভাবছ?’

‘আব্দুল হান্নান আর আলাওয়াল হানিফীকে খুন করে নাফ পেরিয়ে আবার ফিরে যাব দেশে।’ তরংণীর বলবার ভঙ্গ এমনই যে, রানার মনে হলো, হাঁটতে হাঁটতে পথের ধার থেকে দুটো বুনো ফুল ছিঁড়ে নেবার কথা বলছে মেয়েটা।

দিঘির শাস্তি পানির উপর দিয়ে ভেসে এলো পুরুষমানুষের অস্পষ্ট কর্তৃপক্ষ। গুঁড়ির পাশ থেকে উঁকি দিল রানা। তিনজন লোক বেরিয়ে এসেছে বাড়ি থেকে। কথা বলতে বলতে নাস্তার টেবিলে এসে বসল একজন। পাঞ্জাবী পরিহিত দু’জনের কাঁধে একে-ফোরাটিসেভেন, একহাতে তিনটে করে বোম্বে টোস্ট, অপর হাতে কফির কাপ। গোগ্রাসে গিলছে আর হাসছে লোকগুলো, স্বল্পবসনা বার্মিজ যুবতীদের একজনের নিতম্বে চাপড় মারল চেয়ারে বসা সুইমিং কস্টিউম পরা লোকটা। এর কাছে কোনও অস্ত্র নেই। টেবিলের ওপাশের চেয়ারটা এখনও খালি। বিনকিউলার বের করে আরও ভাল ভাবে দেখল রানা। সশস্ত্র দু’জনকে স্ট্রেফ কিলার মনে হলো ওর। দেহরক্ষী। বার্মিজ যুবতীর নিতম্বে চাপড় মেরেছে যে লাল চকচকে হাফপ্যান্ট পরা নিরস্ত্র, লম্বা, ফর্সা লোকটা, সে-ই মুফতি আলাওয়াল হানিফী।

তরংণী পিছনে এসে দাঁড়িয়েছে টের পেয়ে সরে তার হাতে বিনকিউলার দিল রানা। বলল, ‘লম্বা লোকটা মুফতি হানিফী।

অন্য দু’জন ওর বিশ্বস্ত অনুচর বোধহয়। ছজুরদের পাহারাদার। আব্দুল হান্নান এখনও আসেনি।’

বিনকিউলারের ভিতর দিয়ে তাকাল তরংণী। রানা ভাবল, মেয়েটার কী অনুভূতি হচ্ছে বাবা-মার হত্যাকারীদের স্বচক্ষে দেখে?

বার্মিজ মেয়ে দুটো ঘুরে তাকিয়েছে কুঠির দিকে। তাদের একজন মগ ভাষায় কী যেন বলল। বোধহয় স্বাগত জানাচ্ছে কাউকে। আরব শেখদের নকলে ছাঁটা চিরুকে সামান্য সাদা দাঢ়ি, মোটাসোটা, তেলতেলে, স্বাস্থ্যবান, সুইমিং কস্টিউম পরা এক লোক দরজা দিয়ে আঙিনার রোদে বেরিয়ে এলো হেলেদুলে। লোকটার গলা খাটো বলে দেখতে অনেকটা কোলাব্যাঙ্গের মত লাগে। পত্রিকায় ভিন্ন লেবাসে এই লোকের ছবি মাঝে মাঝে দেখেছে রানা। এ-ই সেই হাজি মাওলানা মোহাম্মদ আব্দুল হান্নান। নাস্তার টেবিলের একপাশে আঙিনায় স্টেশনারি জগিং শুরু করল লোকটা দ্রুত তালে, থামল পনেরো মিনিট পর। ঘেমে একেবারে তর-ব-তর।

আনিকার দিকে ফিরে তাকিয়ে রানা দেখল, ঠোঁটের দু’কোণ বেঁকে নেমে গেছে মেয়েটার। চোখে তীব্র ঘৃণার দৃষ্টি। বাবা-মা’র হত্যাকারীকে নিষ্পলক দেখছে তরংণী। রানা ভাবতে চেষ্টা করল মেয়েটার ব্যাপারে কী করবে। সমস্যা অনেকগুণ বাড়িয়ে তুলতে পারে মেয়েটা। এমনকী ওর পরিকল্পনাতেও বাগড়া দিয়ে বসতে পারে তীরধনুক দিয়ে মানুষ শিকার করতে চেয়ে। এখন আর কোনও ঝুঁকি নেয়া যায় না। পিস্টলটা বের করে মাথার তালুতে হালকা একটা বাড়ি দিয়ে মেয়েটাকে অঙ্গান করে ফেললে কেমন হয়? তা হলে ওর হাত-মুখ বেঁধে নিজের কাজে মনোযোগ দিতে পারবে। ডানহাতটা নামিয়ে দিল রানা কোমরের পাশে।

নিঃশব্দে, দ্রুত কয়েক পা পিছিয়ে গেল আনিকা আশরাফ,

ঘাসের উপর থেকে তুলে নিল ধনুক। তীর জুড়ে ছিলায় টান দিয়ে রানার দিকে তাক করে বলল, ‘কোনও চালাকি না! কাছে আসতে চেষ্টা কোরো না! তোমার মতো কোনও শহুরে চিত্রনায়ক আমার মাথায় বাড়ি দিয়ে অঙ্গান করে ফেলে রাখবে বলে এতো কষ্ট করে এখানে আসিনি আমি।’ চোখের ইশারায় ক্রস-বো দেখাল। ‘এক শ’ গজ দূর থেকে কখনও টার্গেট মিস করি না আমি। পঞ্চাশ গজ দূর থেকে উড়ত্ত পাখি শিকার করতে পারি। আমি চাই না তোমার পায়ে তীর মারতে হোক, তবে বাধ্য হবো তুমি বাড়াবাড়ি করলে।’

কী করবে ভাবতে গিয়ে সময় নষ্ট করেছে বলে নিজের উপর রাগ হলো রানার, নিচু কঢ়ে বলল, ‘বোকামি কোরো না, আনিকা। তীরধনুক নামিয়ে রাখো। চারজন হিংস্র লোকের বিরুদ্ধে তীরধনুক দিয়ে কিছুই করতে পারবে না তুমি।’

চোখ গরম করে রানাকে দেখল আনিকা আশরাফ, ডান পা পিছিয়ে তীরন্দাজদের মতো করে দাঁড়িয়ে হিসহিস করে বলল, ‘মরোগে যাও। আমাকে বাধা দিতে আসবে না, খবরদার! শুয়োরগুলো আমার আবু-আমুকে খুন করেছে, তোমার কাউকে নয়। গতকাল থেকে ওদের ওপর চোখ রাখছি আমি, জানি শয়তানগুলো কখন কী করে। আব্দুল হান্নান আর হানিফীকে চাই আমার।’ ধনুকটা রানার উরুর দিক থেকে না সরিয়ে ভিন্ন সুরে এবার বলল, ‘হয় আমাকে আমার কাজ করতে দেবে তুমি, না হলে বিপদে পড়বে। তুমি যার কাছ থেকেই আসো না কেন, ভেবো না তোমার পায়ে তীর মারতে একটুও বাধবে আমার। শপথ করেছি প্রতিশোধ নেব, কাজেই কেউ ঠেকাতে পারবে না আমাকে।’ সুন্দর মাথাটা ঝাঁকিয়ে বরদাত্তি দেবীর মতো করে রানার দিকে তাকাল সে। ‘বলে ফেলো, কী চাও!'

মেজাজটা তেতে উঠল রানার। অবাধ্য, সুন্দরী তরণীর আপাদমস্তক দেখল ও। মিষ্টি কথায় কাজ হবে বলে মনে হলো

না ওর। একে বোঝানোর চেষ্টা বৃথা। রাগে-দুঃখে হিস্টিরিয়ার পর্যায়ে চলে গেছে মেয়েটা, নিজের কাজে বাধা সৃষ্টি হবে বুবালে ওকে আহত করতে বাধবে না। আত্মরক্ষার উপায় নেই ওর। মেয়েটার অস্ত্র নিঃশব্দ, ইচ্ছে হলেই মেরে দেবে। ওকে ঠেকাতে আগ্নেয়ান্ত্র ব্যবহার করা সম্ভব নয় রানার পক্ষে। না, এর সঙ্গে সহযোগিতা করা ছাড়া আর কোনও উপায় নেই। পাগলা কুকুর হত্যায় অংশ নিক মেয়েটা, যা করতে পারে করুক, বাকিটা ও করবে ওর সাধ্যমত।

নিচু স্বরে বলল রানা, ‘শোনো, আনিকা, আমরা যদি এক দলে থাকি, তা হলে সুবিধা পাব দু’জনেই। প্রাণ নিয়ে দেশে ফেরার সম্ভাবনাও তাতে বাড়বে অনেক। এখানে আমি যা করতে এসেছি, সেটা আগেও করেছি আমি বহুবার। আমার পেশাই এ-ধরনের কাজ করা। তোমার পরিবারের খুব ঘনিষ্ঠ একজন এদের শায়েস্তা করতে পাঠিয়েছেন আমাকে, তুমি জানো। বিশ্বাস করতে পারো আমাকে। প্রয়োজনীয় অস্ত্রও নিয়ে এসেছি আমি। তোমার তীরধনুকের চেয়ে অস্তত দশগুণ বেশি দূর থেকে কাজ সারতে পারবে আমার রাইফেল। এখান থেকেই আঙ্গিনার ওই লোকগুলোর যে-কোনও একজনকে ফেলে দিতে পারি, কিন্তু তা হলে অন্যরা পালিয়ে যেতে পারে। মনে হচ্ছে অপেক্ষা করলে বাড়তি সুবিধা পাব। সাঁতার কাটতে দিঘির তীরে আসবে বোধহয় ওই কোলাব্যাঙ আর তার চ্যালা। তখনই কাজ সারব আমি।’ খুকখুক করে কাশল রানা। ‘তুমি আমাকে সে-সময় অনেক সাহায্য করতে পারবে তীর ছুঁড়ে।’

‘না।’ দৃঢ়তার সঙ্গে মাথা নাড়ল আনিকা আশরাফ। ‘তোমার কথায় সূক্ষ্ম চালাকির গন্ধ পাচ্ছি আমি। তুমিই বরং গুলি ছুঁড়ে আমাকে সাহায্য কোরো পারলে। ... তবে, ঠিকই বলেছ, সাঁতার কাটতে নামবে পিশাচ দুটো। গতকালকে সকাল এগারোটার দিকে দিঘিতে নেমে মেয়েগুলোর সঙ্গে...’ মুখটা লাল হয়ে গেল

তরংণীর, তাড়াতাড়ি প্রসঙ্গ পরিবর্তন করল, ‘আজকেও গতকালকের মতোই গরম পড়েছে। পানিতে নামবে মনে হয় আজও। দিঘির পাড় দিয়ে ঘুরে ডাইভিং বোর্ডের কাছে চলে যাব আমি, বোপঝাড়ের আড়ালে অপেক্ষা করব। কাল রাতে চমৎকার একটা জায়গা বেছে রেখেছি। কোথেকে কী হলো বুঝে গার্ড দু’জন তাদের রাইফেল তুলতে তুলতে সরে যেতে পারব আমি অনেক দূরে। আমি তীর মারার পর গুলি চালিয়ো তুমি। সবকিছু পরিকল্পনা করা হয়ে গেছে আমার। ...ঠিক আছে তা হলে, রওনা হয়ে যাব আমি এখন। এতক্ষণে ওখানে পৌছেও যেতাম তোমার সঙ্গে বকবক করতে না হলে। যা বললাম, সেভাবে যদি না চলো, তা হলে তোমার পায়ে তীর মারা ছাড়া আমার আর কোনও পথ খোলা থাকবে না।’ তীরধনুকটা সামান্য তুলল তরংণী।

মেয়েটার মাথায় সর্বনাশ জেদ চেপেছে, বুঝল রানা। রাগ সামলে বলল, ‘ঠিক আছে, যাও। কোলাব্যাঙ্টা বাদে অন্য যেগুলো আছে, সেগুলোর ব্যবস্থা আমিই করব। সরে আসতে পারলে এখানে আমার সঙ্গে দেখা কোরো—তখন বেত মেরে তোমার পাছার ছাল তোলা যাবে। আর যদি না-ই আসতে পারো, আমিই খুঁজে নেব তোমার লাশটা।’

‘মাথাটা খাটাচ্ছ দেখে ভাল লাগল,’ শুকনো স্বরে বলল তরংণী। ধনুকটা নামিয়ে নিল। ‘মাংসে বিধলে সহজে বের করা যায় না তীর। ...আমার ভাল-মন্দ নিয়ে চিন্তা করে নিজের মগজের বারোটা বাজিয়ে ফেলো না, সাবধানে থেকো। আর... তোমার বিনকিউলারে সুর্যের আলোর যেন প্রতিফলন না হয়। সাবধান।’ শেষকথা বলে দেয়া রাজরানীর ভঙ্গিতে করংগা মেশানো দৃষ্টিতে রানাকে একবার দেখে নিয়ে শুয়ে পড়ল আনিকা আশরাফ, ক্রল করে এগিয়ে চলল ঘাসের ভিতর দিয়ে। দিঘির ডানদিকের তীর লক্ষ্য করে চলেছে।

সবুজ আকৃতিটাকে গাছের আড়ালে চলে যেতে দেখল রানা, তারপর বিনকিউলার তুলে আবার তাকাল কুঠি-বাড়ির দিকে। বিড়বিড় করে বলল, ‘মরংক ছেমড়ি! সমস্ত চিন্তা মাথা থেকে ঝোড়ে ফেলে কাজে মন দিতে হবে, কিন্তু আনিকা আশরাফের কথা মনের মাঝে ঘুরপাক খেল ওর—আর কোনওভাবে কি মেয়েটাকে সামলানোর উপায় ছিল? আনিকা তীর ছুঁড়বার পর গুলি করবে, কথা দিয়েছে ও। কাজটা ভুলই হয়ে গেল। কী হবে ও আগে গুলি করলে? নাহ, সেটা বোধহয় ঠিক হবে না। মাথাগরম মেয়েটাকে ওর ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করা উচিত হবে না কিছুতেই। তা হলে কী করে বসবে কে জানে! হয়তো কাভার ছেড়ে বেরিয়ে পড়বে ওদের আঘেয়ান্ত্রের মুখে। মনে মনে আচ্ছামত আনিকা আশরাফের কান ডলে দিয়ে একটু ভাল লাগল রানার। কুঠি-বাড়ির সামনে নড়াচড়া দেখে আবার মনোযোগ দিল ওদিকে।

নাস্তা খাচ্ছে মাওলানা হান্নান আর মুফতি হানিফী। বার্মিজ যুবতীরা তাদের পাশ থেকে এটা ওটা এগিয়ে দিচ্ছে। অন্ত কাঁধে দুই প্রহরী পাহারায় আছে টেবিলের দু’দিকে, এদিক ওদিক তাকাচ্ছে। ওদের দু’জনেরই বেল্টে চারটে করে স্পেয়ার-ম্যাগাজিন গেঁজা রয়েছে। এখন একটা গুলি করলেই চারজনের যে-কোনজনকে খুন করা যায়। কিন্তু বাকিরা পালাবার সুযোগ পাবে। অপেক্ষা করবে, ঠিক করল রানা।

পঁচিশ মিনিট পর চিমসে চেহারার এক হাতিসার বার্মিজ বুড়ো নাস্তার টেবিল থেকে বাসন-পেয়ালা সরিয়ে নিয়ে গেল। সশস্ত্র লোক দুটো নড়েছে না কোলাব্যাঙ আবুল হান্নানের কাছ থেকে। বার্মিজ যুবতীরাও রয়েছে ধারেকাছেই। বাগানের একটা বেঞ্চিতে গিয়ে শুয়ে পড়ে অপেক্ষাকৃত দীর্ঘাস্তিনী যুবতীকে দিয়ে হাত-পা টেপাচ্ছে আর, কী যেন বলছে হানিফীকে। ঘনঘন মাথা দোলাচ্ছে হানিফী, কিন্তু তাকিয়ে আছে অপর যুবতীর দিকে।

একে-ফোরটিসেভেন কাঁধে প্রহরী দু'জনকে কিছু বলল আব্দুল হান্নান। প্রহরীদের একজন তার অস্ট্রটা বাড়িয়ে দিল। উঠে বসে ওটা নিল জঙিনেতা, চারপাশে তাকিয়ে কী যেন খুঁজল।

হঠাতে বিশ্বী আওয়াজে গর্জে উঠল লোকটার হাতের রাইফেল। উড়ত অবস্থায় গুলি খেয়ে দিঘির তীরে মুখ খুবড়ে পড়ল একটা ছিন্নভিন্ন মাছরাঙা।

আব্দুল হান্নানের দক্ষতায় ‘মারহাবা, মারহাবা’ বলে প্রশংসা করল দেহরক্ষীরা। মুফতি হানিফী মাথা দুলিয়ে তার বক্তব্য জানাল। কথা শেষ করল জোরে ‘মাশ্আন্নাহ!’ বলে।

আব্দুল হান্নানের পুরু, লালচে, কামুক ঠোঁট হাসিতে প্রসারিত হতে দেখল রানা। অস্ট্রটা প্রহরীর হাতে ফিরিয়ে দিয়ে মেয়ে দুটোকে নির্দেশ দিল সে। দৌড়ে বাড়ির ভিতর চলে গেল দুই যুবতী, দু'মিনিটের মধ্যে ফিরে এলো দুটো খালি সেভেন আপের বোতল নিয়ে।

আব্দুল হান্নানের পিছু নিয়ে দিঘির দিকে হাঁটতে শুরু করল সবাই।

রাইফেল কাঁধে তুলে চাপালিসের গুঁড়িতে ঠেস দিয়ে ক্ষোপের আইপিসে চোখ রাখল রানা, প্রস্তুত। বামহাত রাখার মতো একটা গিঁঠ রয়েছে গাছের গায়ে, ফলে লক্ষ্যস্থির করতে সুবিধে হবে ওর।

ডাইভিং বোর্ডের কাছাকাছি এসে থামল জঙিনেতা ও তার অনুগত সঙ্গীরা। আব্দুল হান্নানের পুরু ঠোঁট ফাঁক হলো কিছু একটা নির্দেশ দিতে গিয়ে। দুই যুবতীর দিকে লোলুপ দৃষ্টিতে একমুহূর্ত তাকিয়ে প্রহরী দু'জন চলে গেল ডাইভিং বোর্ড থেকে তিরিশ গজ দূরে। পাশাপাশি দাঁড়াল তারা দিঘির দিকে মুখ করে। কাঁধে বোলানো অস্ত্র নামিয়ে তৈরি হলো দু'জন। মনে হয় ওদের মধ্যে লক্ষ্যভেদের কোনও প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

আব্দুল হান্নানের নির্দেশে বোতল ধরা হাত ঘোরাতে শুরু করল দুই অর্ধ-নগ্ন বার্মিজ যুবতী।

ক্ষোপের ভিতর দিয়ে সশস্ত্র লোকগুলোর উত্তেজনায় অধীর চেহারা দেখতে পেল রানা।

হঠাতে ঘেউ করে উঠল আব্দুল হান্নান। দক্ষতার সঙ্গে আকাশে বোতল ছুঁড়ে দিল মেয়ে দুটো।

এক থেকে তিন পর্যন্ত গুল কোলাব্যাঙ। তার ‘তিন’ উচ্চারণের সঙ্গে সঙ্গে একে-ফোরটিসেভেন তুলে বোতল লক্ষ্য করে গুলি ছুঁড়ল দেহরক্ষীরা। কর্কশ বিস্ফোরণের আওয়াজে খানখান হয়ে গেল চারপাশের প্রশান্ত পরিবেশ। গাছগুলো থেকে চমকে উড়াল দিল পাখিরা, দিঘির তীরে জন্মানো একটা গাছ থেকে গুলির আঘাতে ভেঙে পড়ল সবুজ পাতাসহ সরঁ একটা ডাল। রানা ভাবল, ভালই হলো, বোঝা যাচ্ছে, ট্রেইনিং ক্যাম্প থেকে ওরা এরকম গুলির শব্দ পেয়ে অভ্যন্ত—ওর গুলির শব্দে ছুটে আসবে না কেউ।

বামদিকের বোতলটা চুর্ণবিচূর্ণ হয়ে গেছে। একটা গুল লেগে মাঝখান থেকে ভেঙে গেছে ডানদিকেরটা। কাঁচের টুকরোগুলো দিঘির পানিতে পড়ে ডুবে গেল।

বামপাশের দেহরক্ষী জিতেছে প্রতিযোগিগতায়।

গানফায়ারের ধূসর ধোঁয়া উড়িয়ে নিয়ে গেল মৃদু হাওয়া। দূর থেকে দূরে মিলিয়ে গেল বিস্ফোরণের প্রতিধ্বনি।

দুই প্রহরী এগিয়ে এলো দলনেতার দিকে, বামদিকের লোকটা হাসছে, তার সঙ্গীর চেহারা মলিন। বিজয়ীকে কিছু একটা জিজেস করল আব্দুল হান্নান, লোকটা দীর্ঘাস্নিনী যুবতীকে দেখাল আঞ্চল তাক করে। চাঁচ করে আব্দুল হান্নানের দিকে ফিরে তাকাল যুবতী, আপত্তির ভঙ্গিতে মাথা নাড়ল। হো-হো করে হেসে উঠল আব্দুল হান্নান। হাসছে আলাওয়াল হানিফীও। যুবতীর কবজি চেপে ধরে নিজের কাছে টানল লক্ষ্যভেদ-

প্রতিযোগিতায় বিজয়ী দেহরক্ষী ।

সিঁড়ি বেয়ে উঠে ডাইভিং বোর্ডের উপর দাঁড়াল আব্দুল হান্নান, শেষপ্রাপ্তে গিয়ে দিঘির সবুজ পানির দিকে তাকাল ।

ট্রিগারে আঙ্গুল রাখল রানা । এখন থেকে যে-কোনও মুহূর্তে তীর ছুঁড়বে আনিকা । সঙ্গে সঙ্গে গুলি শুরু করতে হবে ওকে । দু'সেকেণ্ড পর রানার মনে হলো, করছে কী মেয়েটা ?

মনস্থির করে ফেলেছে আব্দুল হান্নান, হাঁটু সামান্য নাড়াল সে, মাথার উপর তুলল দু'হাত । বুকের কাঁচা-পাকা লম্বা লম্বা লোমগুলো দেখা গেল পরিষ্কার, দিঘির পানিতে টেউ তোলা জোরালো বাতাসে নড়ছে । ডাইভ দেবে লোকটা এক্ষুনি । মনে হলো নাচের ভঙ্গি করছে পেটমোটা, মস্ত একটা কোলাব্যাঙ । দোল দিয়ে বোর্ডের উপর থেকে উঠে গেল লোকটার পা, শরীরটা কিছুদূর উঠে বাঁকা হয়ে মাথা নিচু অবস্থায় রওনা হবে পানির দিকে, ঠিক তখনই তার বুকের কাছে ঝুপালী একটা ঝিলিক দেখতে পেল রানা । নিখুঁত ডাইভ দিল আব্দুল হান্নান ।

ডাইভের ফলে আলোড়িত পানির দিকে অনিশ্চিত চোখে তাকাল হানিফী । হাঁ হয়ে গেছে মুখটা । অপেক্ষা করছে । বুঝতে পারছে না, অস্বাভাবিক কিছু সত্যিই তার চোখে পড়েছে কি না । তবে সশন্ত প্রহরী দু'জন বিপদ ঠিকই আঁচ করেছে । অন্ত হাতে তৈরি হয়ে গেল তারা । হানিফীর উপর থেকে তাদের দৃষ্টি চলে গেল দিঘির ডানদিকের পারে জন্মানো মোটা একটা গাছের দিকে ।

পানির আলোড়ন থেমে গেল, বুদ্ধু উঠল কিছু । মনে হচ্ছে, গভীর ডাইভ দিয়েছে আব্দুল হান্নান ।

মুখের ভিতরটা শুকনো ঠেকল রানার । জিভ দিয়ে ঠোঁট ভিজিয়ে নিল । স্লাইপার ক্ষোপের মাঝ দিয়ে দেখা যাচ্ছে ডাইভের জায়গাটায় পানির তলা থেকে ধীরে ধীরে উঠে আসছে টকটকে লাল কী যেন । তারপর আব্দুল হান্নানের উপুড় হয়ে

থাকা দেহটা ভেসে উঠল পানির উপর, টেউয়ের দোলায় দুলছে মৃদু মৃদু । পিঠ দিয়ে বেরিয়ে এসেছে তীরের আধফুট দীর্ঘ শাফট, ঝুপালী ঝিলিক দিচ্ছে সূর্যের আলোয় ।

তীক্ষ্ণ চিংকার করে উঠল দুই বার্মিজ যুবতী, ঘুরেই দৌড় দিল কুঠি লক্ষ্য করে ।

চেঁচিয়ে কী যেন নির্দেশ দিল মুফতি হানিফী । সঙ্গে সঙ্গে প্রহরীদের একে-ফোরাটিসেভেনের নলে ঝিকিয়ে উঠল কমলা আগুন । টানা গুলিবর্ষণের আওয়াজটা কর্কশ শোনাল । দিঘির ডান তীরের বোপ-ঝাড় ও গাছের ডালপালা ভেঙে পড়ছে ।

চিমসে ঝুঁড়ো বেরিয়ে আসছিল, তাকে ঠেলে নিয়ে দরজা দিয়ে চুকে পড়ল বার্মিজ যুবতীরা । দড়াম করে বন্ধ হলো দরজা ।

রানার হাতে বাঁকি খেল .২৫০-৩.০০০ স্যাভেজ ল্যাঙ্গেফ । ডানদিকের সশন্ত দেহরক্ষী স্লো-মোশন ছায়াছবির ঢঙে ধীরে ধীরে পড়ে গেল উপুড় হয়ে । দ্বিতীয় লোকটা দৌড় দিল বাঁ দিকে, কোমরের কাছ থেকে গুলি ছুঁড়ছে দিঘির ডান পারের গাছগুলো লক্ষ্য করে । তারপর কোন্দিক থেকে গুলি আসছে বুবাতে পেরে আড়াল পাবার জন্য ছুটল সে কয়েকটা ঘন ঝোপের দিকে । তাকে মিস করল রানা, আবার গুলি করল । হাঁটুর কাছে পা ভাঁজ হয়ে গেল দেহরক্ষীর, তবুও দৌড়ের গতি তাকে এগিয়ে দিল খানিকটা । ধুপ করে মাটিতে পড়ে ঢাল বেয়ে গড়িয়ে দিঘির পানিতে গিয়ে থামল সে, তখনও ট্রিগারে পেঁচিয়ে থাকল আঙ্গুল । পানি চুকে মেকানিয়ম নষ্ট হয়ে যাওয়ার আগ পর্যন্ত কয়েক সেকেণ্ড নীল আকাশে গুলি ছুঁড়ল তার কালাশনিকভ ।

রানা দ্বিতীয় গুলিটা মিস করায় বিরাট একটা সুযোগ পেয়ে গেছে মুফতি হানিফী, প্রথম দেহরক্ষীর অন্তর্টা তুলে নিল সে, কোমর থেকে টেনে বের করে নিল দুটো গুলি ভরা ম্যাগাজিন ।

পরমুহূর্তে শুয়ে পড়ল মাটিতে। মৃতদেহটাকে আড়াল হিসেবে ব্যবহার করে গুলি ছুঁড়ল রানার অবস্থান আন্দাজ করে নিয়ে। রানাকে দেখে থাকুক, বা স্যাভেজের মায়লফ্যাশ চোখে পড়ুক, লক্ষ্যভেদে খারাপ করছে না লোকটা। তবে গুলির রেঞ্জ কম হওয়ার কারণে দিঘির শেষ প্রান্তে পানিতেই পড়ছে ওগুলো, তারপর লাফিয়ে উঠে রানার কানের পাশ দিয়ে বেরিয়ে যাচ্ছে, কোনওটা আবার বেশি উঁচুতে উঠে উপর থেকে ছেট ছেট ডালপালা ভেঙে ফেলছে ওর গায়ে, চাপালিসের কাণে লেগে কাঠের কুচি গাঁথছে গালে।

এরই ফাঁকে দু'বার গুলি করল রানা। তাড়াছড়োয় লক্ষ্যস্থির করতে পারেনি বলে মুফতি হানিফীর কাছ থেকে বেশ কয়েক ফুট সামনে মাটিতে নাক গুঁজল বুলেট। আবার লক্ষ্যস্থির করতে চাইল রানা। একটা ভাঙ্গা ডাল পড়ল রাইফেলের নলের উপর। ঝটকা দিয়ে ওটা সরিয়ে দিল ও। ততক্ষণে লনের টেবিলটার দিকে ছুটতে শুরু করেছে মুফতি হানিফী। দু'বার তার গোড়ালির কাছে মাটি খুঁড়ল রানার বুলেট। শেষ লাফে পৌঁছে গেল লোকটা রট আয়রনের টেবিলের কাছে, ওটা উল্টে ফেলে দিয়ে আড়াল নিল ওপাশে। নিরেট লোহার পিছনে অবস্থান নিয়ে নিরাপত্তার অনুভূতি তার লক্ষ্যভেদের দক্ষতা বাড়িয়ে দিল, একে-ফোর্টিসেন্ট সিঙ্গেল শট-এ নিয়ে অনেকটা উঁচু করে ধরে কখনও টেবিলের ডান কোনা থেকে, কখনও বাম কোনা থেকে চাপালিস গাছ লক্ষ্য করে গুলি ছুঁতে শুরু করল সে।

ম্যাগায়িন পাল্টে নিল রানা। ওর গুলি লোহার টেবিলে লেগে টং-টং আওয়াজ তুলল, তীক্ষ্ণ আওয়াজ তুলে দু'একটা বুলেট পিছলে বেরিয়ে গেল মুফতি হানিফীর মাথার উপর দিয়ে। স্নাইপার স্কোপ দিয়ে বারবার এদিক-ওদিক লক্ষ্য স্থির কর্তৃত। ধূর্ততার সঙ্গে জায়গা পাল্টাচ্ছে মুফতি হানিফী, তার গুলি এসে বিঁধে চাপালিসের গুঁড়িতে। ডানদিকে হামাগুড়ি দিয়ে

সরতে শুরু করল রানা, ঠিক করেছে দিঘির পাড় ঘুরে কোনাকুনি গুলি করবে। কয়েক পা এগিয়েই মুফতি হানিফীকে দেখতে পেল ও, টেবিলের আড়াল ছেড়ে ত্রুল করে ডানদিকে বোপ-ঝাড়ের আড়াল নেবে বলে সরছে সে-ও। এগিয়ে এসে রানার মুখোয়াখি হতে চায়। উঠে দাঁড়িয়ে রাইফেল তুলল রানা। মুফতি হানিফীও দেখেছে রানাকে, হাঁটুমুড়ে বসে পরপর কয়েকটা গুলি করল সে তাড়াছড়ো করে। পাথরের মূর্তির মতো দাঁড়িয়ে গুলির শব্দ শুনল রানা, ওর স্নাইপার স্কোপের ক্রস-হেয়ার মুফতি হানিফীর বুকের বাঁ পাশে স্থির হতেই চাপ দিল ট্রিগারে। সরে গেছে হানিফী, তার ডানহাতের কনুইয়ে চুকল বুলেট। ঝাঁকি খেল লোকটার হাত, ছিটকে পড়ে গেল একে-ফোর্টিসেন্টেন। বামহাতে ডান কনুই চেপে ধরে হাঁ করে রানার দিকে তাকাল হানিফী, চেহারায় প্রকাশ পেল তীব্র আতঙ্ক। কী যেন বলতে চাইল সে, হয়তো প্রাণভিক্ষা চায়—ঠিক তখনই তার হাঁ করা মুখের ভিতরে চুকে ঘ্যাচ করে ঘাড় ফুটো করে বের হলো আনিকার ছোঁড়া দ্বিতীয় তীর। ঘুরে গেল লোকটা, সোনালী রোদে তার ঘাড়ের বাইরে ঝিকিয়ে উঠল তীরের ফলাটা। মুখ খুবড়ে মাটিতে উপুড় হয়ে পড়ে স্থির হয়ে গেল হানিফী।

খুনে পিশাচটা আবার উঠে দাঁড়াবে ভেবে রাইফেল সরাল না রানা। তারপর কয়েক সেকেন্ড পরেও নড়াচড়া না দেখে নামিয়ে নিল অস্ত্র, হাতের উল্টোপিঠে মুছল কপালের জমে ওঠা ঘাম।

পাহাড়ে পাহাড়ে বাড়ি খেয়ে প্রতিধ্বনি তুলছে গোলাগুলির শব্দ, ধীরে ধীরে মিলিয়ে গেল আওয়াজটা। কুঠির দরজাটা বন্ধ। দুই ঘুবতী ও বার্মিজ বুড়োর দেখা নেই।

ডানদিকে পা বাড়িয়ে আধমিনিট পর আনিকাকে আসতে দেখল রানা। ওকে দেখে ছুটে এলো আনিকা, রক্তশূন্য মুখটা কাগজের মতো সাদা ওর। কাঁদছে ঝরবার করে। হাত থেকে ধনুকটা ছুঁড়ে ফেলে ফুঁপিয়ে উঠল, বিড়বিড় করে বলল,

‘জানতাম না মানুষ খুন করতে এত খারাপ লাগবে! ’

তরংগীর কাঁধে হাত রাখল রানা, নরম সুরে বলল, ‘তুমি তো  
মানুষ মারোনি, আনিকা। মেরেছ নরপিশাচ। আমরা ওদের না  
মারলে ভয়ঙ্কর ক্ষতি করত ওরা দেশের সবার। নিজেকে সামলে  
নাও, এখনই রওনা হতে হবে আমাদের। এত গোলাগুলির শব্দ  
শুনে জঙ্গিদের ক্যাম্প থেকে লোক ঢলে আসতে পারে। ’

‘কিন্তু ওদের ডিঙিয়েই তো যেতে হবে আমাদের, তা-ই না? ’  
আয়ত ভেজা চোখ রাখল আনিকা রানার চোখে।

‘না, আপাতত আরও উভয়ের সরে যাব আমরা,’ বলল রানা।  
‘ওদিক দিয়ে নাফ পেরোব। ওখানে একটু কাজ আছে, ওটা  
শেষ করেই তাকায় ফিরে যাব আমরা। ’

ধনুকটা তুলে নিয়ে মেয়েটির হাত ধরে বাঁ দিকে পা বাড়াল  
রানা।

## পাঁচ

নাফ নদীটা ডাইনে বাঁক নিয়েছে ওখানে, খুব বেশি হলে এক শ’  
গজ চওড়া হবে। নির্জন একটা জায়গা, দু’পাশে মাঝারি  
উচ্চতার পাহাড়। জনবসতি নেই। নদীর ধারে বুনো কলাগাছের  
পাশে বসে রাঙ্গার মা’র তৈরি স্যান্ডউইচ ও কফি ভাগাভাগি করে  
লাখ্ম সেরে নিল রানা ও আনিকা। কলাগাছ কেটে ভেলা বানিয়ে  
নদীটা পার হতে প্রায় বিকেল হয়ে গেল ওদের। পাহাড়-জঙ্গল  
পাড়ি দিয়ে সেই শিকার-কুঠি থেকে এরইমধ্যে সাত মাইল  
উভয়ের সরে এসেছে ওরা। জঙ্গিদের কাছে ওদের উপস্থিতি ফঁস  
হয়ে যেতে পারে ভেবে পথে এড়িয়ে গেছে দুটো রোহিঙ্গা গ্রাম।

বিকেল সাড়ে তিনটায় বাংলাদেশের মাটিতে পা রাখল ওরা,  
পশ্চিম দিকে হেঁটে চলল ক্লান্ত শরীর টেনে। ঢাকা থেকে রওনা  
হবার আগে যে তথ্য সংগ্রহ করেছে রানা, তা থেকে জানে,  
এদিকে কাছেই চাকমাদের গ্রাম আছে কয়েকটা। গত কদিন  
ধরে ওই গ্রামগুলোতেই হামলা করেছে পাগলা হাতি। প্রথম  
দুটো গ্রামে লোক জড় হয়ে গেল ওদের দেখে। বিশেষ করে  
রাইফেলধারী রানা তাদের মনোযোগের কেন্দ্রবিন্দুতে পরিণত  
হলো। বুঝে ফেলেছে কেন ওদের আগমন। বাংলা জানে না  
গ্রামবাসী, আভাসে-ইঙ্গিতে উভর-পশ্চিমে দেখাল তারা। একটু  
বিশ্রাম নিয়ে তাদের নির্দেশিত পথে রওনা হয়ে গেল রানা ও  
আনিকা।

বিকেল পৌনে পাঁচটার দিকে ছোট ছোট অনেকগুলো পাহাড়  
ডিঙিয়ে উঁচু একটা পাহাড়ের মাথায় বড়সড় একটা গ্রামে প্রবেশ  
করল ওরা। ঘন বসতি এখানে। আশপাশে, কিছুটা নীচে  
ছড়ানো-ছিটানো বেশ কয়েকটা গ্রাম দেখা গেল। টিলার মাথায়  
কয়েকটা বাড়ি নিয়ে একেকটা গ্রাম। টিলার গায়ে জুম চাষ, আর  
সমতলে ধানের খেত করেছে গ্রামবাসী। নদীর ধারে কিছু ধ্বংস  
যজ্ঞের নমুনা দেখতে পেল ওরা পরিষ্কার। বুঝতে পারল, নদীর  
ধার মেঁষে এগোলে দেখা পাওয়া যাবে শ্বেতহস্তির। কচিকচ্ছের  
হইচই শুনে বামে তাকাল ওরা। বাচ্চাদের চোখেই আগে  
পড়েছে—চিল চিত্কার দিয়ে দৌড়ে তো নয়, উড়ে আসছে ওরা  
বিদেশিদেরকে কাছ থেকে দেখতে। নিমেষে ঘিরে ধরল ওরা  
রানা ও আনিকাকে। বাচ্চাদের উভেজিত চিত্কার শুনে  
পাঁচমিনিটও লাগল না গ্রামবাসীদের সবার জড় হয়ে যেতে।  
চাকমা ভাষায় কথা বলছে সবাই হড়বড় করে, উভর-পশ্চিম  
দিকে গ্রামের শেষপ্রান্ত দেখাচ্ছে বারবার।

আনিকার দিকে তাকাল রানা, কাঁধ বাঁকাল। ‘কী বলছে  
ওরা?’

‘জানি না,’ ক্লাস্ট স্বরে বলল আনিকা। ‘এদের ভাষা কিছু বুঝি না।’

দু’হাত দু’দিকে প্রসারিত করে কয়েকবার ‘হাতি’ শব্দটা উচ্চারণ করল রানা, কাজ না হওয়ায় হাতির বৃংহিত অনুকরণের ব্যর্থ চেষ্টা করল। বেখান্না ‘পোঁ’ আওয়াজ শুনে সবাইকে হেসে উঠতে দেখে একটা হাত নাকের কাছে তুলে দোলাল ও হাতির শুঁড়ের নকল করে। রাইফেল তুলে দেখাল, ওটাকে মারতে চায় ও। কিন্তু হাসি আর থামে না।

বয়স্ক এক শুঁটকি লোক একহাত তুলে চড়া গলায় বলল কিছু, সঙ্গে সঙ্গে চুপ হয়ে গেল সবাই। মুখের চামড়া কুঁচকে কয়েক শ’ ভাঁজ হয়ে গেছে বুঢ়োর। বোধহয় গ্রামের হেড-ম্যান, পাশের এক যুবকের দিকে তাকিয়ে কিছু বলার পর সন্তুষ্টির সঙ্গে মাথা দোলাল নিজেই, হাতের ইশারা করল রানার রাইফেলের দিকে, তারপর আঙুল তুলে দেখাল উভর-পশ্চিমের অনেকগুলো বাঁশবাড়ের দিকে—যেদিকটায় ধ্বংসের আলামত দেখেছে ওরা একটু আগেই। এখান থেকে বেশ অনেকটা দূরে, মনে হচ্ছে ফসলী জমির ওধারে ওটা বাঁশবন নয়, আখের খেত। রানার অনুকরণে হাতির ডাক ছাড়ল বুঢ়ো। গলার আওয়াজটা তেমন জোরাল নয়, কিন্তু অনুকরণটা এতই চমৎকার যে কাছেপিঠে থাকলে খোদ হস্তিনী ছুটে আসত ওই মদ্দা পাটকাঠির কাছে।

‘বুঢ়ো মনে হয় বলছে হাতিটা ওদিকে কোথাও আছে,’ বলল আনিকা।

বাঁশবাড়ের দিকে রানাকে তাকাতে দেখে গুঞ্জন উঠল গ্রামবাসীর মধ্যে। খপ্ করে রানার হাত ধরল বুঢ়ো, তারপর বাঁশবাড়ের দিকে টেনে নিয়ে যেতে চাইল ওকে। এবার এক বুড়িকে ভিড় ঠেলে কাছে চলে আসতে দেখা গেল। আনিকার কজি ধরে টান দিল সে, শুঁটকি বুঢ়োর খপ্পরে পড়া রানার সঙ্গে নিয়ে যেতে চাইছে ওকেও।

‘চলো, যাওয়া যাক, আনিকা,’ বুঢ়োর পাশে পা বাড়াল রানা।

রানা ও আনিকা রওনা হতেই গ্রামের লোক পিছু নিল ওদের। কাউকে নিজের পাশে আসতে দিল না বুঢ়ো। বুড়ি হাত ছাড়ল না আনিকার। ঘুরে দাঁড়িয়ে নির্দেশের সুরে কিছু বলল বুঢ়ো, হাতের ঝাপটায় বুঝিয়ে দিল আর কেউ তাদের সঙ্গে আসুক সেটা সে মোটেই চায় না। পালন করা হলো বুঢ়োর নির্দেশ, অনিচ্ছুক চেহারায় ঠায় দাঁড়িয়ে থাকল আবাল-বৃদ্ধ-বনিতা।

বুঢ়ো-বুড়ির পাশে পঁচিশ মিনিট একটানা জুমখেতের মাঝ দিয়ে পথ করে এগোল রানা ও আনিকা। বাঁশবাড়ের এক শ’ গজের মধ্যে পৌছে হৈ-চৈ-হট্টগোল কানে এলো ওদের। এইমাত্র ঠন্ঠন করে টিন পেটাতে শুরু করেছে কারা যেন, সেইসঙ্গে চেঁচিয়ে গলা ফাটাচ্ছে অজানা ভাষায়। রানার পাশ থেকে দৌড়ে সামনে বাড়ল বুঢ়ো। বুড়ি কী যেন বলল তাকে চেঁচিয়ে।

দৌড়ে বুঢ়োর পাশে চলে এলো রানা। আনিকাও যোগ দিল ওর সঙ্গে। বুড়ি পিছন থেকে চেঁচাল তারম্বরে, তবে আর আগে বাড়ছে না।

বাঁশবাড়টার পঞ্চাশ গজের মধ্যে চলে এসে অদ্ভুত এক দৃশ্য দেখতে পেল রানা। একহাতে বুকের কাছে লুঙ্গিটা তুলে অপর হাতে বদনা নিয়ে বাঁশের বন থেকে ছিটকে বেরিয়ে এসেছে মোটাসোটা এক লোক, ছুটছে উর্ধ্বরশ্বাসে। তার পিছনে মড়মড় করে ভেঙে পড়ল কয়েকটা বাঁশ। তার পরপরই শোনা গেল ক্রুদ্ধ হাতির গর্জন, দেখা দিল ধূসর একটা প্রকাণ দাঁতাল হাতি। সোজা লোকটাকে লক্ষ্য করে ছুটছে ওটা। শুঁড় দিয়ে পেঁচিয়ে ধরে আছাড় মেরে পায়ের তলায় পিষতে চায়।

পঞ্জীয়াজ ঘোড়ার মতো ছুটছে বদনাওয়ালা, তারপরেও

উন্নত হাতির সঙ্গে দ্রুত কমছে তার দূরত্ব। লোকটা বদনা ফেলতে ভুলে গেছে, নাকি সাধের জিনিসটা হারাতে রাজি নয়, বুবাতে পারল না রানা। কাঁধে রাইফেল তুলে ধনুকের ছিলার টক্ষার শুনতে পেল ও পাশ থেকে। ততক্ষণে ওকে পাশ কাটিয়ে তীরবেগে ফিরতি পথ ধরেছে হেড-ম্যান বুড়ো।

পাগলা হাতিটার বিশাল নিতম্বে গিয়ে গাঁথল তীর। থমকে দাঁড়াল ওটা, মোটা ঘাড় ফিরিয়ে তাকাল রানা ও আনিকার দিকে। ঘুরে দাঁড়াল মুহূর্তে। তারপর জুম খেতের কচি ফসল মাড়িয়ে সোজা ছুটে এলো ওদের দিকে। অন্তত দশ ফুট উঁচু হবে ওটা, ওজন কয় টন কে জানে। কপাল সই করে গুলি করল রানা, ঠিক সেই মুহূর্তে ভেজো জমিতে পা পিছলে গেল ওর। ফলে হাতির কান ফুটো করে বেরিয়ে গেল হাই ভেলোসিটি বুলেট। ছোট্ট একটা গর্জন ছেড়ে আকাশে শুঁড় তুলল ওটা, দু-পেয়ে জন্মগুলো পালাচ্ছে না দেখে রেগে গেল আরও। বিকট গর্জন ছেড়ে ছুটছে যেন এক্সপ্রেস ট্রেন। দূরত্ব আর ত্রিশ গজ। মাঝখানের ফাঁকটুকু পার হলেই ও-দুটোকে পিংপড়ের মতো পিষে ফেলতে পারবে বুবো গজপতির ছেটার গতি বাড়ল আরও।

‘যাহ্, দৌড়াচ্ছে বলে পাঁজর মিস করেছি,’ লজিত কষ্টে বলল আনিকা। পরক্ষণেই জরুরি সুরে তাগাদা দিল, ‘পালাও, রানা! মেরে ফেলবে!’ পিছাতে শুরু করল ও, তবে রানা অনড় দেখে ঘুরে দৌড়াতে শুরু করল না। একের পর এক তীর মারছে, কিন্তু লাগাতে পারছে না কোনও ভাইটাল পয়েন্টে।

আনিকার কথায় কোনও জবাব দিল না রানা, ক্ষোপের পাওয়ার ছয়-এ নামিয়েও পুরো হাতিটা দেখা যাচ্ছে না। অনেকটা আন্দাজের উপরই গুলি করতে হলো। সই করেছিল ওটার দু’চোখের মাঝখানে, উঁচু করা শুঁড় ভেদ করে ঠিক জায়গামতই চুকল বুলেট, কিন্তু আটকে গেল কপালের হাড়ে, ব্রেন পর্যন্ত পৌঁছল না।

এবার সত্য-সত্যই ব্যথা পেয়েছে হাতি। থমকে গেল একটু। হয়তো ভাবল, এরা তো দেখা যাচ্ছে লোক ভাল না, পালালে কেমন হয়? একটু পাশ ফিরলেই কানের পাশে হাতির দুর্বলতম জায়গায় গুলি করতে পারত রানা, কিন্তু জাতৰ ক্রোধেরই জয় হলো শেষপর্যন্ত। আকাশ ফাটানো গর্জন ছেড়ে ওদের দিকে তেড়ে এল শ্বেতহস্তি। আর দশ গজ, তারপরই পিষে ফেলবে বেয়াদব জানোয়ার দুটোকে।

আবার গুলি করল রানা। ওকে গুলি করতে হচ্ছে আন্দাজের উপর, সাধের ক্ষোপ এখন কাল হয়ে দাঁড়িয়েছে, ওটা দিয়ে দেখা যাচ্ছে না কিছুই।

দানব হাতির ডান চোখ থেকে ফিনকি দিয়ে রক্ত বের হতে দেখল রানা। আবার হাঁক ছাড়ল পাগলা হাতি, কিন্তু সেটা তীব্র যন্ত্রণার।

টলতে টলতে এগিয়ে আসছে হাতি, যেন একটা ধূসর পাহাড়, চাপা দেবে ওকে।

আর পনেরো ফুট দূরেও নেই পাগলা হাতি। শুঁড় বাড়িয়ে রেখেছে সামনে, আর একটু এগিয়েই ধরবে শিকার।

পিছাল না রানা, স্থির হয়ে দাঁড়িয়ে আবারও গুলি করল ও, এবার পয়েন্ট-ব্ল্যাক রেঞ্জ থেকে হাতিটার মাথায়।

থমকে দাঁড়িয়ে দুলে উঠল পাহাড়, পড়ে যাচ্ছে। বসল, তারপর কাত হয়ে দড়াম করে পড়ল মাটি কাঁপিয়ে। একটা পা নাড়ল কয়েকবার। মোটা শুঁড়টা আছড়ে পড়ল রানার পায়ের উপর।

তাতেই ধরাশায়ী হলো রানা। পড়ে গেল হাতিটার মাথার পাশে। নাকের কাছে দেখতে পেল ওটার কুঁতকুঁতে লালচে বাম চোখ। তারপর হঠাৎই শিউরে উঠল পাগলা হাতি, প্রাণের আলো দপ করে নিভে গেল ওটার চোখ থেকে।

আধমিনিট পর ধীরে ধীরে উঠে বসল রানা। ওর হাত ধরে

টেনে তুলতে চেষ্টা করছে আনিকা। আবার ওর দিকে তুফানবেগে ছুটে আসছে বুড়ো হেডম্যান, রানাকে টেনে তুলে জড়িয়ে ধরল বজ্র আঁটুনিতে। খুশিতে নাচতে শুরু করেছে বুড়ো, একই সঙ্গে অনর্গল চলছে তার মুখ। সন্দৰ্ভত প্রশংসাবাক্য আউড়ে চলেছে নিজের ভাষায়।

একদল আদিবাসী পুরুষ ছুটে এলো বাঁশঝাড়ের ওপাশ থেকে। শুধু বদনাওয়ালা সেই লোকটা দৌড়ে গিয়ে ঢুকল আবার বাঁশঝাড়ে।

রানাকে ছেড়ে সামনে বেড়ে নবাগতদেরকে কী যেন সব বলতে শুরু করল বুড়ো উত্তেজিত কঢ়ে। তার বুড়িও চলে এসেছে। এক হাতে আনিকা অপর হাতে রানার কবজি চেপে ধরে টেনে নিয়ে চলল সে ওদের।

হেড-ম্যানের বাঁশের কুটিরের সামনে প্রশংস্ত উঠানে জড়ো হলো গ্রামের লোক। রানা ও আনিকাকে বেতের দুটো মোড়া দেয়া হলো বসতে। হেড-ম্যান বসল তার রঞ্চঙ্গা উঁচু মোড়ায়। আর সবাই গোল হয়ে বসল উঠানে। দেরি না করে হেড-ম্যানের স্ত্রী দুকে গেল কুটিরের ভেতর, বেরিয়ে এলো জগ ও কাঁচের একটা গ্লাস নিয়ে। কনুইয়ের ভাঙ্গে বাঁশের মোটা একটা খণ্ড।

গ্লাসে সাদাটে তরল টেলে হাসি-হাসি চেহারা করে রানার দিকে বাড়িয়ে দিল বুড়ি।

‘কী দিচ্ছে?’ আনিকার দিকে তাকাল রানা।

‘দোচুয়ানি,’ জানাল আনিকা। রানাকে শিউরে উঠতে দেখে বলল, ‘গিলে নাও, স্বাদটা খারাপ না। তোমার মত উপকারী একজন মানুষ ওটা না খেলে দুঃখ পাবে ওরা, মনে করবে হেলা করছ ওদের।’

‘দোচুয়ানি’ শব্দটা শুনে বারকয়েক আনন্দিত চেহারায় মাথা দোলাল হেড-ম্যান। গ্রামবাসীরা কৌতুহল নিয়ে তাকিয়ে থাকল রানার দিকে।

নড়েচড়ে বসল রানা। ‘আর বুড়ির হাতে ওই বাঁশের মধ্যে কী?’

নির্বিকার চেহারায় আনিকা বলল, ‘পোকা। সম্মানিত অতিথিদের জন্যে বিশেষ মুখরোচক খাবার।’

‘আমি দোচুয়ানিতে একটা চুমুক দিতে পারি, যদি তুমি একটা পোকা খাও,’ মনের মধ্যে শয়তানি খেলে যাওয়ায় বলল রানা।

বিনা দিঘায় বাঁশটা বুড়ির হাত থেকে নিল আনিকা, ওটার ভিতর থেকে জ্যান্ত একটা ঘাসফড়িং বের করে মুখে পুরে কচমচিয়ে চিবিয়ে গিলে ফেলল অবলীলায়। চেহারা দেখে মনে হলো না স্বাদটা ওর খারাপ লেগেছে।

আর কোনও উপায় নেই, শ্বাস বন্ধ করে দোচুয়ানিতে চুমুক দিল রানা, মুখটা বিকৃত হয়ে গেল ওর। মনে মনে বলল, এ দেখি র হইক্ষির বাপ, কেরুর সাক্ষাৎ নানা! খকখক করে কাশতে শুরু করল ও বিষম খেয়ে।

হেসে উঠে ওর পিঠে বেদম একটা চাপড় মারল বুড়ো হেড-ম্যান, চমকে উঠল রানা। কাশি থেমে গেল সঙ্গে সঙ্গে।

ততক্ষণে চারপাশে খবর হয়ে গেছে। চাকমা গ্রামের আশপাশের সবাই জেনে গেছে দুর্দান্ত সাহসী এক শিকারী এসে শয়তান হাতিটাকে মেরে ফেলেছে।

পাটকাঠির মতো সরু এক লোক উঠানে এসে হাজির হতেই নড়েচড়ে বসল সবাই। সামনে এসে বিনীত ভঙ্গিতে হেড-ম্যানের সঙ্গে আলাপ করলেন, তারপর ভাঙ্গা ভাঙ্গা বাংলায় বললেন, ‘আমি অদ্বি চাকমা। গ্রামের পাঠশালার মাস্টার। হেড-ম্যান আগাস চাকমার ভাই। অতিথি শিকারীরা আজ রাতটা গ্রামে কাটালে সম্মানিত বোধ করবে গ্রামের সবাই। হাতিটা কাটা হচ্ছে, রাতে ভোজ হবে।’

আপত্তি করল রানা, জানাল দেরি না করে রওনা হয়ে যেতে

চায় ওরা। টেকনাফ-কল্পবাজার সড়কে কোন্দিক দিয়ে গেলে তাড়াতাড়ি পৌছনো যাবে জানতে চাইল ও।

হেড-ম্যানকে কী যেন বললেন মাস্টার সাহেব। বুড়োর জবাব শুনে আবার তাকালেন তিনি রানার দিকে, আরও অনেক নরম সুরে অনুরোধ করলেন থেকে যেতে।

রানা আবারও আপন্তি করায় হেড-ম্যানের সঙ্গে আরেকদফা আলাপ সেরে বললেন, ‘আমাদের হেড-ম্যান আগাশ চাকমা বলছে, আপনাদেরকে রাস্তার ধারে পৌছে দেয়া যাবে মোষের গাড়িতে করে।’

‘ওখান থেকে কল্পবাজারের গাড়ি পাওয়া যাবে তো?’  
জানতে চাইল রানা।

‘যাবে,’ মাথা দোলালেন মাস্টার সাহেব। ‘ওখানে হেড-ম্যানের ভাইপো পেলে চাকমার গ্যারেজ আছে। আগাশ চাকমার কথা শুনলেই জিপগাড়িতে করে পৌছে দেবে সে আপনাদেরকে কল্পবাজারে। হাতির দাঁতদুটোও তুলে দেয়া হবে ওই গাড়িতে।’

মাথা নাড়ল রানা। দাঁত নেবে না ওরা। ও-দুটো হেড-ম্যান ও তাঁর অতিথিপরায়ণা স্তৰীর জন্য থাকবে এখানেই। কথাটা তর্জমা করে শোনাতেই হাসি ফুটল বুড়ো-বুড়ির ভাঁজ পড়া গালে। বুঝে নিয়েছে ওরা, কোনও কিছুর আশায় নয়, নিছক ওদের উপকার করতেই পৃথিবীর আরেক প্রাত, ঢাকা থেকে এসেছে ছেলেমেয়ে দুটো। কৃতজ্ঞতায় চোখে জল এসে গেল অনেকের।

‘আমি একটা কথা ভাবছি,’ রানাকে বলল আনিকা। ‘জঙ্গি-নেতা দুটো তো খতম হয়ে গেছে। আমি বরং আমাদের এস্টেটেই ফিরে যাই।’

‘না,’ মাথা নাড়ল রানা। ‘আগে ঢাকায় গিয়ে তোমার রাহাত চাচার সঙ্গে দেখা করা উচিত। তোমার কথা ভেবে কী পরিমাণ উদ্বেগে রয়েছেন তিনি, তা তুমি কল্পনাও করতে পারবে না।

তোমার জন্মদিনে তোমার আবু জোর করে ধরে নিয়ে যেতেন স্যরকে। তুমি নাকি তাঁর কোল থেকে নামতেই চাইতে না?’

ঝরবার করে কেঁদে ফেলল আনিকা। এখনও ওকে সত্যিই এতটা ভালবাসেন রাহাত চাচা!

‘জঙ্গি দলটাকে আমরা ছাড়ব না,’ নরম গলায় বলল রানা। ‘ওরা নিশ্চিহ্ন না হওয়া পর্যন্ত ঢাকায় তুমি সম্পূর্ণ নিরাপদে থাকবে। তারপর তোমরা চাচা-ভাইকি মিলে ঠিক করবে কোথায় যাবে, কী করবে।’

চোখের পানি মুছে মাথা ঝাঁকাল আনিকা। যাবে ঢাকায়।

একাটু পরে হেডম্যানের কাছ থেকে বিদায় চাইল রানা। বিভিন্ন গ্রামের হেড-ম্যানদের পক্ষ থেকে আবারও অনুরোধ করা হলো ওদেরকে আজকে রাতটা থেকে যেতে। বিশেষ লোভ দেখানো হলো, হাতির মাংসের সুস্বাদু ভোজ হবে আজ, আশপাশের দশ গ্রামের সবাই আসবে, নাচ হবে, গান হবে, বাঁশের চোঙা ভরা পোকা থাকবে, সেইসঙ্গে গেলাস-গেলাস দোচুয়ানি...

এবার ওদের অনুরোধের জবাব দিল আনিকা। বলল, যেমন করে হোক, আজই কল্পবাজার থেকে প্লেন ধরে ঢাকায় ফিরতে হবে ওদের, উৎসবে থাকতে পারলে সত্যিই খুশি হতো ওরা, চাকমাদের উৎসবে উপস্থিত থাকতে পারা অত্যন্ত সৌভাগ্যের ব্যাপার, কিন্তু...

হেড-ম্যানের নির্দেশে মোষের গাড়ির ব্যবস্থা করতে গেলেন অদ্বি চাকমা। পালোয়ান দুই মহিষ নিয়ে এসে পড়ল বারো বছর বয়েসী খুদে এক গাড়িয়াল।

আধঘন্টা পর মোষের গাড়ির দুলুনিতে চুলতে চুলতে রওনা হয়ে গেল পরিশ্রান্ত রানা ও আনিকা। একসময় রানার কাঁধে মাথা রেখে ঘুমিয়ে পড়ল ক্লান্ত মেয়েটি।

---

## এক

সকাল সাড়ে দশটা । একটু আগেই থেমেছে অসময়ের টিপ-টিপ বৃষ্টি । একটানা উত্তরে হাওয়ায় বঙ্গোপসাগরের দিকে ফিরে চলেছে ধূসর মেঘের দল, ভেজা কুয়াশার চাদর মুড়ি দিয়ে জরুর্থে হয়ে আছে শীতের আকাশ ।

মতিবাল বাণিজ্যিক এলাকা, ঢাকা ।

বাংলাদেশ কাউন্টার ইন্টেলিজেন্স-এর হেডকোয়ার্টার ।

দেশের বিরংদৈ দুনিয়ার কোথাও কোনও ষড়যন্ত্র হলে সেটা নস্যাংৎ করবার জন্য গড়া হয়েছে এই প্রতিষ্ঠান । সেই পাকিস্তানী আমলে আর্মি থেকে রিটায়ার করবার পরপরই প্রায় জোর করে এই সংস্থাটি পরিচালনার দায়িত্ব চাপিয়ে দেয়া হয়েছিল তীক্ষ্ণধী মেজর জেনারেল রাহাত খানের উপর—আজও, দেশ স্বাধীন হয়ে যাওয়ার পরও, আছেন তিনি সেই একই পদে । নিজ তত্ত্বাবধানে মনের মতন করে গড়ে-পিটে নিয়েছেন তিনি প্রতিরক্ষা বাহিনীর তিন শাখার দুর্ধর্ষ কয়েকশো যুবককে । চোখ-কান খোলা রেখে দেশ-বিদেশে ছড়িয়ে রয়েছে প্রতিষ্ঠানের দক্ষ এজেন্টরা । দেশের স্বার্থ বিস্তৃত হওয়ার সামান্যতম সম্ভাবনা দেখা দিলেই প্রাণের পরোয়া না করে ঝাপিয়ে পড়ে তারা সে-ষড়যন্ত্র নস্যাংৎ করতে । শুধু স্বদেশী নয়, বিদেশেও শ্রদ্ধা-সমীক্ষা কেড়েছে অকুতোভয় এইসব বাঙালি ছেলেরা ।

কনফারেন্স হল ।

কালো চামড়ার গদিমোড়া চেয়ারে বসে সামনে দাঁড়ানো তরংণের দিকে একদৃষ্টে চেয়ে আছেন মেজর জেনারেল (অব.) রাহাত খান, মন দিয়ে শুনছেন বিসিআই-এর প্রথমসারির কয়েকজন এজেন্ট-এর প্রশ্নের জবাবে কী বলে তরংণ । চুরংট নিভে গেছে তাঁর, সেদিকে খেয়াল নেই ।

বিশাল ঘরটাতে বিরাজ করছে পরীক্ষা-হলের থমথমে চাপা

## বিদেশি বৈজ্ঞানিক

উভেজনা।

পাশাপাশি তিনটে চেয়ারে বসে বিশ্ববিদ্যালয়ের ভাইভাভোচির মত করে ক্যাপ্টেন তারেক মাহমুদের পরীক্ষা নিচ্ছে সলিল সেন, সোহানা ও রূপা। ইন্টারভিউ-এর প্রায় শেষ পর্যায়ে চলে এসেছে ওরা। পর্যবেক্ষক হিসেবে উপস্থিত রয়েছে বিসিআই-এর চিফ অ্যাডমিনিস্ট্রেটর সোহেল আহমেদ। দুর্দান্ত এজেন্ট ছিল সে একসময়, দুর্ঘটনায় একটা হাত কাটা পড়ায় এখন বিসিআই-এ প্রশাসনের দায়িত্বে কাজ করছে। চিফের পাশেই একটা চেয়ারে বসে আছে সে চুপচাপ।

আর্মি ও ন্যাভাল ইন্টেলিজেন্স থেকে চৌকশ দশজন তরুণ অফিসারকে পাঠানো হয়েছিল তিনমাস ব্যাপী বিসিআই ফিল্ড এজেন্টস' ট্রেইনিং-এ অংশ নেবার জন্য। সবাই আসতে চায়, দেশপ্রেমে উন্নত তরুণরা বাংলাদেশের জন্য প্রয়োজনে প্রাণ দিতে চায়, বিপজ্জনক সব মিশনে অংশ নিয়ে প্রমাণ করতে চায় নিজ-নিজ সততা ও যোগ্যতা। ট্রেইনিং শেষে দশজন তরুণ অফিসারের মধ্য থেকে সন্তোষজনক ফলাফল করতে পেরেছে মাত্র দুজন: ক্যাপ্টেন তারেক মাহমুদ তাদেরই একজন। আনআর্মড কমব্যাট, রাইফেল ও পিস্টল শুটিং, দৈহিক শক্তি ও এনডিউর্যাস, সাহস, বুদ্ধিমত্তা, দ্রুত সিদ্ধান্ত নেবার ক্ষমতা, অনুসরণের দক্ষতা, ক্যামেরা-ওয়ায়েরলেস-কমপিউটার সহ বিভিন্ন গ্যাজেটস ব্যবহারে পারদর্শিতা ইত্যাদি নানান বিষয়ের পরীক্ষায় বেশ ভাল করেছে সে। খুব অল্প সময়েই কাজ চালাবার মতো শিখে নিয়েছে কয়েকটি ভাষা; সেইসঙ্গে ইউরোপিয়ান, আমেরিকান ও প্রাচ্যের বিভিন্ন দেশের কালচার, চালচলন ও রীতনীতি শিক্ষায় প্রমাণ করেছে নিজের যোগ্যতা। আশা করা যায়, বিদেশে অ্যাসাইনমেন্টে গেলে সহজেই নিজেকে মানিয়ে নিতে পারবে ও পরিবেশের সঙ্গে।

আজকের পরীক্ষায় উত্তরে গেলে বাংলাদেশ কাউন্টার

ইন্টেলিজেন্সের ফিল্ড এজেন্ট হিসাবে নিয়োগ পাবে ও, আরও উন্নত ট্রেইনিংগের পাশাপাশি বিভিন্ন দেশে পাঠানো হবে ওকে হাতে-কলমে কাজ শেখার জন্য।

উভেজিত, সতর্ক চেহারা দেখেই বোঝা যাচ্ছে, বিসিআই-এ যোগ দিয়ে দেশসেবার সুযোগ পাওয়ার জন্য কী পরিমাণ উদ্গ্রীব হয়ে আছে এই স্বাস্থ্যবান, টগবগে তরুণ।

‘এবার দেখা যাক কুইক অবয়ারভেশন ট্রেইনিং তোমাকে কী শেখাল,’ ক্যাপ্টেন মাহমুদের চোখের দিকে তীক্ষ্ণদৃষ্টিতে চাইল সলিল সেন। ‘দরজার কাছে চলে যাও। ওখানে একটা পিপহোল আছে। ওটা দিয়ে ঠিক পাঁচ সেকেন্ড তাকানোর সুযোগ পাবে তুমি। যা দেখবে, দেখে যা বুঝবে তার পুঞ্জানুপুঞ্জ রিপোর্ট করতে হবে পরীক্ষকদের সামনে।’

দৃঢ় পায়ে হেঁটে গেল ক্যাপ্টেন দরজার সামনে, চোখ রাখল পিপহোল-এ।

ঘড়ির দিকে তাকাল সলিল, পাঁচ সেকেন্ড পর টিং শব্দে বাজাল একটা ঘণ্টি, ‘সময় শেষ।’

ফিরে এসে টেলিফোনের খুঁটির মত অ্যাটেনশন হয়ে দাঁড়াল ক্যাপ্টেন মাহমুদ, নিষ্পলক তাকিয়ে রয়েছে সামনের নীলরঙা দেয়ালের দিকে।

নীরবতা ভাঙ্গল সলিল, ‘কী দেখলে বলো।’

‘ওটা আউটার লাউঞ্জ,’ আড়ষ্ট কঠে বলল ক্যাপ্টেন মাহমুদ। ‘একজন লোক পায়চারি করছে ওখানে। লাউঞ্জের দেয়াল হলদে রঙের...’

‘ওসবের বর্ণনা থাক,’ বাধা দিল রূপা, ‘ওই লোকটার বর্ণনা দাও।’

শুরু করল ক্যাপ্টেন মাহমুদ: ‘পাঁচ ফুট এগারো ইঞ্চি, বা ছ’ফুট হবে লোকটা লম্বায়, ওজন অন্তত দু-শো আশি পাউন্ড। সন্তো বেল্টের ওপর দিয়ে উপচে পড়েছে বিশাল ভুঁড়ি। কাঁধদুটো

গোলচে । ঘাড় প্রায় নেই বললেই চলে । যতটুকু আছে, সেটা  
লাল একটা ময়লা মাফলার দিয়ে ঢাকা । মুখটা স্পষ্ট দেখতে  
পাইনি । ...চুলগুলো উক্ষো-খুক্ষো । খুঁড়িয়ে হাঁটে । বামপায়ে  
সমস্যা আছে ।'

'গুড়,' কৃতী-ছাত্রের পর্যবেক্ষণ ক্ষমতার পরিচয় পেয়ে মন্দু  
হাসল সলিল । 'এবার জামা-কাপড়ের বর্ণনা শোনা যাক ।'

'মাফলারটা বেশ পুরনো । কোটও তা-ই । ইন্তি করা দরকার  
ওটা । প্যান্টও পুরনো, বেশি আঁটো, শার্টের একটা বোতাম  
নেই । পাম্পশু কালো রঙের । মনে হলো, প্লাস্টিকের তৈরি খুবই  
সন্তা জিনিস । রাজমিঞ্চি বা জোগালেরা সাধারণত যেরকম  
পরে ।' সলিলের দিকে তাকাল তারেক মাহমুদ ।

'এবার ওই লোকের বয়স ও পেশা সম্বন্ধে তোমার ধারণা  
বলো ।'

'বয়স ঠিক বোঝা গেল না—মনে হয়, পঁয়ত্রিশ থেকে  
চল্লিশের মত হবে; পঁয়তালিশও হতে পারে । সারাদিন শুয়ে-বসে  
থাকে, পুরনো বইয়ের দোকানদার; কিংবা লটারির ক্যানভাসারও  
হতে পারে । রাজমিঞ্চি, তালামিঞ্চি, বা ছাতা মিঞ্চীরাও শীতকালে  
ওরকম কোট গায়ে দেয় । লোকটাকে একজন তালা... না, ছাতা  
সারাইওয়ালাই মনে হয়েছে আমার ।'

'ওকে ভেতরে আসতে বলো, ক্যাপ্টেন,' সিগারটা জ্বেলে  
ধোঁয়া ছাড়লেন মেজের জেনারেল রাহাত খান, তাঁর ঠোঁটের  
কোণে হাসির সূক্ষ্ম একটা রেখা দেখা দিয়েই মিলিয়ে গেল ।

দরজা খুলে একপাশে সরে দাঁড়াল ক্যাপ্টেন মাহমুদ, স্মার্ট  
ভঙ্গিতে হাতের ইশারায় ডাক দিয়ে বলল, 'এই যে, মিয়া!  
এদিকে আহেন । বরো সাবে ডাকে ।'

খুঁড়িয়ে খুঁড়িয়ে অফিসে ঢুকল জীর্ণ কোট পরা স্কুলদেহী  
লোকটি, থতমত খেয়ে থমকে দাঁড়াল দরজার কাছে । বারবার  
এদিক-ওদিক তাকানো দেখে মনে হলো, বিশাল ঘরটাতে ঢুকতে

ভয়ই পাচ্ছে বেচারা ।

সোহানা নরম সুরে বলল, 'ক্যাপ্টেন, তুমি কি একবারও  
ভেবেছ, এই লোকটা বিদেশি কোনও স্পাই হতে পারে? এমন  
কি হতে পারে না, আমাদেরকে খুন করতেই পাঠানো হয়েছে  
একে?'

হাসি-হাসি হয়ে গেল ক্যাপ্টেন মাহমুদের চেহারা, তবে  
হাসল না । 'এই লোক স্পাই?' স্পষ্ট অবিশ্বাস বারল তার কঢ়ে ।  
'হতে পারে না, আপা । এরকম খোঁড়া আর বিদঘুটে মোটা  
একটা লোক ইচ্ছে করলেই তো আর স্পাই...'

গন্তব্য হয়ে গেল সোহানা । 'তবুও ওকে সার্চ করে দেখো  
কোনও অস্ত্র পাওয়া যায় কি না । এখানে চিফ আছেন, তোমার  
সাবধান থাকা উচিত নয়? ওর পেটে হয়তো কোনও কুবুদ্ধি  
আছে ।'

কথাটা শুনে লোকটার গোবেচারা চেহারায় স্নান হাসি দেখা  
দিল ।

দক্ষ হাতে নবাগতের কাঁধ থেকে তল্লাসী শুরু করল ক্যাপ্টেন  
মাহমুদ, চাপড়ে দেখল কোঁচকানো কোট । থলথলে পেটে হাত  
দিয়েই থমকে গেল হঠাৎ । বড় বড় হয়ে উঠল তার চোখ । কোট  
সরিয়ে শিপ্রং হোলস্টার থেকে টেনে বের করে নিল সে নিয়মিত  
তেল দেওয়া একটা .38 ওয়ালথার পিপি পিস্টল ।

এবার আরও অনেক যত্ন ও খানিকটা সমীহের সঙ্গে ছাতা  
মিঞ্চীকে সার্চ করল সে । বিশেষ মনোযোগ দিল শার্টের কনুই ও  
প্যান্টের পায়া দুটোর দিকে । কাজটা সেরে সন্তুষ্ট হয়ে ফিরে  
তাকাল সলিলের দিকে । 'আর কিছু নেই, স্যর । পকেটে  
টুকিটাকি কিছু খুচরো পয়...'

হঠাৎ চমকে থেমে গেল সে । শক্তিশালী একটা ইস্পাত-দৃঢ়  
বাহু তার গলা পেঁচিয়ে ধরেছে । ছাতা সারাইওয়ালার আরেক  
হাতে একটা ফোন্ডিং নাইফ । ওটা এখন আর ফোল্ড করা নেই ।

সাড়ে চার ইঞ্চি ক্ষুরধার বাঁকানো ফলা স্পর্শ করেছে শিকারের কঠনালী। কানের কাছে লোকটার ভরাট, পুরুষালী কঠস্বর শুনতে পেল ক্যাপ্টেন মাহমুদ: ‘খবরদার! একচুল নড়লেই দু’ফাঁক করে দেব গলাটা!’

মেজর জেনারেল রাহাত খানের দিকে তাকাল সলিল, সোহানা ও রূপা। সোহেল আহমেদও চেয়ে আছে তাঁর দিকে।

দরজার কাছে মূর্তির মত স্থির দাঁড়ানো ক্যাপ্টেন ও তার পিছনের ছাতা মিঞ্চির দিক থেকে চোখ ফেরালেন রাহাত খান, গমগম করে উঠল তাঁর কঠ: ‘ওকে ছেড়ে দাও, রানা।’

বজ্র আঁটুনি শিথিল হয়েছে, টের পেল ক্যাপ্টেন মাহমুদ, কয়েক পা সরে দাঁড়াল। মুখ রক্তশূন্য। এখন বুঝতে পারছে, হাঁদা বনে গেছে সে; আসলে ওই লোকটা ভেঁদাই-মাল সেজে ঠকিয়েছে ওকে, এমনকী তার গোলচে কাঁধ আর বিরাট ওই ভুঁড়িটা পর্যন্ত নকল!

‘কিন্তু... কিন্তু... ছুরিটা কোথেকে...’ এতক্ষণে বাকস্ফূরণ হলো ক্যাপ্টেন মাহমুদের।

‘ওটা আমার মাফলারের ভাঁজে ছিল,’ বলল মাসুদ রানা। ‘গলার সামনের দিকে মাফলারের তলায় রাখার জন্যে বিশেষ ভাবে তৈরি।’

‘তিরিশ ফুট দূর থেকে তোমার যে-কোনও চোখে ওটা বিঁধিয়ে দিতে পারবে রানা,’ গর্বের সঙ্গে বললেন রাহাত খান, ‘একশোবারে একশোবারই।’ কথাটা বলে ফেলেই বুঝলেন, রানার প্রতি দুর্বলতা প্রকাশ পেয়ে যাচ্ছে। মুহূর্তে গল্পীর হয়ে গেলেন, কটমট করে তাকালেন তিনি ওর দিকে। ‘হাঁ করে কী শুনছ, আর কী কী আছে দেখাও ওকে।’

নির্দেশ পালন করতে ব্যস্ত হয়ে উঠল রানা। ওর মাফলারের তলা থেকে বের হলো সরু একপ্রস্তুত তার। ওটার দু’প্রাণে দুটো রিং। ‘শ্বাস আটকে মারার জন্যে। কীভাবে, দেখবে? এই যে...’

লাফ দিয়ে সরে গেল মাহমুদ তিন হাত তফাতে, সজোরে মাথা নাড়ল। দেখবে না। কীভাবে এটা দিয়ে খুন করা হয়, দেখেছে ও গড়ফাদার ছায়াছবিতে লুকা ব্রাসির খুনের দৃশ্যে। বাপরে-বাপ!

এবার নির্বিকার চেহারায় জানাল রানা। ‘আমার হাত-ভুঁড়িটা টাইম তো দেয়ই, প্রয়োজনে একে টাইম-বোমা হিসেবেও ব্যবহার করা যায়। বেল্টের বাকলের তেতরে গোপন কুঠুরিতে আছে যে-কোনও সাধারণ তালা খোলার জন্যে লক-পিক। জুতোর সোলের ভেতরে রয়েছে মিনি ট্র্যান্সমিটার আর একটা চার ভাঁজ করা স্টিলেটো... ব্যস, আপাতত এ-ই।’

‘বিরাট বড় একটা ভুল করে ফেলেছ তুমি, ক্যাপ্টেন,’ মাপা স্বরে বলল সলিল। ‘এরকম ভুল করলে তো বেঘোরে মারা পড়বে তুমি শক্র হাতে।’

ভগ্নহৃদয় ক্যাপ্টেন মাহমুদ ফ্যাকাসে চেহারায় তাকাল পরীক্ষকদের দিকে। কোনও মন্তব্য করল না কেউ, নম্বর টুকছে যার-যার নেট প্যাডে।

‘বিসিআই-এ তুমি নিয়োগ পাবে কি না সেটা অনেকখানিই নির্ভর করে তোমার সপ্ত্রতিভ, সদাসতর্ক ও সদাপ্রস্তুত থাকার ওপর,’ কিছুক্ষণ চুপ করে থেকে টাইপ করা কাগজে অন্যান্য পরীক্ষায় ক্যাপ্টেনের ফলাফল দেখলেন মেজর জেনারেল। ‘আর সব বিষয়ে তো খারাপ করোনি দেখছি। যাক, বাকিটুকু নির্ভর করবে পরীক্ষকদের নম্বরের ওপর।’

সিগারটা অ্যাশট্রেতে টিপে নেভালেন রাহাত খান, উঠে দাঁড়িয়ে বললেন, ‘ওয়েল, তোমাদের দেয়া নম্বরগুলো বন্ধ খামে করে আমার অফিসে পাঠিয়ে দিয়ো।’ দরজার কাছে চলে গিয়ে জানালেন, ‘রানা, ওকে নিয়ে পনেরো মিনিট পর আমার অফিসে এসো।’ লাউঞ্জে বেরিয়ে গেলেন তিনি কনফারেন্স হল থেকে। স্বন্তির নিঃশ্বাস বহিল কনফারেন্স রুমে। রানার ভুঁড়িতে কনুইয়ের

একটা গুঁতো লাগিয়ে দিয়ে, পাল্টা আক্রমণ আসবার আগেই লাফ দিয়ে কেটে পড়ল সোহেল।

বের হলো অন্যরাও। বেশ কিছুটা দূরত্ব বজায় রেখে মেজর জেনারেলের পিছু নিল রানা, তারপর তারেক মাহমুদকে নিয়ে সটকে পড়ল করিডরের প্রথম বাঁকে।

তেরো মিনিট পর রাহাত খানের আউটার-অফিসে হাজির হয়ে গেল ওরা, পেট ও কাঁধের প্যাডিং খুলে আবার আগের সুঠাম দেহ ফিরে পেয়েছে রানা।

রানাকে দেখে সুন্দর মুখটা গন্তব্য হয়ে গেল ইলোরার। ব্যাটা কখন কী করে বসে, ঠিক আছে? কক্ষন-রিনিঝিনি স্বরে বলল, ‘খবরদার, এখানে দাঁড়াবে না! স্যর এক্সুনি তোমাদের তেতরে যেতে বলেছেন।’

ইলোরাকে একফালি মিষ্টি হাসি উপহার দিয়ে দরজায় দু’বার নক করে বিসিআই চিফের অফিসে ঢুকল রানা, ওর পিছনে তারেক মাহমুদ।

‘টেক সিট্স,’ সিগার তাক করে টেবিলের উল্টোপাশে চেয়ারদুটো দেখালেন রাহাত খান। তাঁর সামনে টেবিলের উপর দেখা যাচ্ছে পরীক্ষকদের রিপোর্ট।

পাশাপাশি বসল ওরা। বুকের খাঁচায় লাফাচ্ছে ক্যাপ্টেনের হৃৎপিণ্ড।

কাঁচাপাকা ভুরুর নীচ দিয়ে ক্যাপ্টেনের দিকে সরাসরি তাকালেন বৃন্দ তীক্ষ্ণদৃষ্টিতে।

‘যদি মনে করো ট্রেইনিং মাত্র শুরু হয়েছে তোমার, আরও বহুকিছু শিখবার আছে, তা হলে হয়তো কোনও অ্যাসাইনমেন্টে মাসুদ রানার সঙ্গে শিক্ষানবীশ হিসেবে থাকতে পারবে তুমি। এটাও পরীক্ষার একটা অংশ। সুযোগটা নিতে চাও?’

‘আমি একেবারেই নতুন, স্যর,’ হড়বড় করে বলল ক্যাপ্টেন মাহমুদ, একটা সুযোগ পেতে পারে জেনে কৃতজ্ঞ, ‘মাত্র শিখতে

শুরু করেছি। কোনও অ্যাসাইনমেন্টে যাবার সুযোগ পেলে সত্যিই নিজেকে ধন্য মনে করব।’

‘আমিও,’ মনে মনে বলল রানা। ‘নইলে বাঘা বুড়োটা অ্যাসাইনমেন্টের সামান্য একটু আভাস দিতেই এমন উভেজনা অনুভব করছি কেন!’

রিমোট তুলে কয়েকটা সুইচ টিপলেন মেজর জেনারেল, একপাশে সরে গেল দেয়ালের খানিকটা অংশ। ওখানে বড় একটা ক্রিন, তাতে ফুটে আছে মানচিত্র। কোন্ দেশের ম্যাপ, আকৃতি দেখে চিনতে পারল না রানা।

‘বাঙ্গেরা লেক, আর আশপাশের দুই বর্গমাইল এলাকা,’ রানার না-করা প্রশ্নের জবাবেই যেন বললেন রাহাত খান। ‘আসামের সীমান্ত থেকে বেশ কয়েক মাইল তেতরে, বড়সড় একটা পাহাড়ি হৃদ বাঁধেরা। চারপাশে ঘন জঙ্গল। আসাম লিবারেশন আর্মির মুভমেন্ট থাকায় এলাকাটা প্রায় জনশূন্য। এয়ারপোর্ট তো নেই-ই, হৃদে পৌছানোর জন্যে কোনও পাকা সড়কপথও নেই। যেতে হবে প্লেন। সি-প্লেন নামতে পারবে হৃদে। বাঙ্গেরার পুব তীরে তাঁরু ফেলেছেন এক পাকিস্তানি ফিয়িসিস্ট, ডষ্টার ইসমাইল ইমতিয়াজ। ওখানেই ওঁর সঙ্গে দেখা করবে তোমরা।’

‘ডষ্টার ইসমাইল ইমতিয়াজ!’ বলল বিস্মিত রানা, ‘ইনিই কি সেই বিশ্ববিখ্যাত পাকিস্তানি বিজ্ঞানী, স্যর?’

‘হ্যাঁ। দুনিয়ার সেরা দশজনের একজন। আলট্রা-সাউড ওয়েপন, অ্যাটম ফিউয়িং আর অ্যারোনটিক্স ফিল্ডে মন্তব্য অবদান আছে তাঁর। মাস চারেক আগে সরকারী টিভি চ্যানেলে পাকিস্তানে মাথা চাড়া দেয়া ইসলামি জঙ্গিবাদ ও ফ্যানাটিক মৌলবাদের বিরুদ্ধে জোরালো বক্তব্য দিয়ে মহা বিপাকে পড়ে গিয়েছিলেন ভদ্রলোক। সেসময় কয়েকটা ডেইলি পেপারেও তাঁর সাক্ষাৎকার বেরিয়েছিল। ধর্মান্তর বিরুদ্ধে কঠোর বক্তব্য দিয়ে

আলোচিত-সমালোচিত হয়ে পড়েছিলেন তিনি গোটা পাকিস্তানে। প্রথমে প্রাণনাশের হৃষকি দিল তাঁকে কয়েকটা জঙ্গি সংগঠন। এর পরপরই হামলা হলো তাঁর বাড়ি ও গাড়িতে। এমনকী আত্মাত্বা বোমাসহ ধরা পড়ল তিনজন তাঁর ল্যাবের আশপাশ থেকে। নানান ঝামেলায় ব্যতিব্যস্ত পারভেজ মুশারাফ সরকার তাঁকে প্রোটেকশন দিতে পারবে না বুঝে পালালেন তিনি পাকিস্তান থেকে, বিশ্বস্ত এক দেহরক্ষীকে সঙ্গে নিয়ে চুকে পড়লেন ভারতে। তারপর থেকে ভারতের বিভিন্ন ইন্টেলিজেন্সের চোখ ফাঁকি দিয়ে এখানে-ওখানে পালিয়ে বেড়াছিলেন।'

'কেন?' মাহমুদের মুখ ফসকে বেরিয়ে গেল প্রশ্নটা।

জ্ঞ কুঁচকে ওকে দেখলেন বৃন্দ, তবে সহজ ভাবেই বলে চললেন, 'ওরা যত আদর-খাতির করণ্ক, কিছুতেই ভারতে থাকবেন না তিনি। বন্ধবার বিবৃতি দিয়েছেন, জিসিবাদ, মৌলবাদ ও ধর্মীয় গোঢ়ামির কারণেই বর্তমান বিশ্বে মুসলমানদের এই করণ, অপার্টেন্স অবস্থা। চিন্তার স্বাধীনতায় বিশ্বাসী মুক্তমনের মুসলিম তিনি, তাই মৌলবাদ-জিসিবাদ নেই এমন কোনও মুসলিম দেশে বাস করতে চান। ...বাংলাদেশকেই আসলে তাঁর প্রথম পছন্দ। পড়ে দেখো...'

একটা ফাইল এগিয়ে দিলেন রাহাত খান। ওটাতে উক্ত ইসমাইল ইমতিয়াজের পক্ষে-বিপক্ষে প্রকাশিত পাকিস্তানী বেশ কিছু দৈনিক পত্রিকার কাটিং রয়েছে।

রানা ও তারেক মাহমুদ ওগুলো পড়ে মুখ তোলার পর রাহাত খান আবার শুরু করলেন, 'কয়েকদিন আগে আমাদের স্পেশাল বিসিআই ফিকোয়েপিতে যোগাযোগ করেছেন উনি।'

'কীভাবে?' তাজব হয়ে গেল রানা। 'আমাদের ফিকোয়েপিতে উনি কোথায় পেলেন, স্যর?'

'আমাদের লোকই দিয়েছে, ইসলামাবাদে,' আরও গস্তির হয়ে গেল রাহাত খানের চেহারা। রানার চোখে প্রশ্ন দেখে

জবাবটা নিজেই দিলেন, 'আমার অনুমতি নিয়েই। উক্ত ইমতিয়াজের সঙ্গে যোগাযোগের পরদিনই আততায়ীর ভয়ে গাঢ়াকা দিতে বাধ্য হয় সে। তার পরের রাতে কোনও ট্রেস না রেখে উধাও হয়ে যান বিজ্ঞানী। হৈ-চৈ পড়ে যায় পাকিস্তান সরকারের ওপর মহলে। খবরটা লিকআউট হতে না দিয়ে খুঁজতে শুরু করে তাঁকে পাকিস্তান ইন্টেলিজেন্স। খুঁজতে শুরু করে ইন্ডিয়ান সিক্রেট সার্ভিসও। ...দেড়মাস পর আমাদের সঙ্গে যোগাযোগ করেছেন উনি তাঁর গোপন আন্তর্নাথ থেকে। শুধু আমরাই জানি ওর লোকেশন। যা আভাস দিয়েছেন, তার সার-সংক্ষেপ হলো: নিজের যুগান্তকারী একটা আবিষ্কার তুলে দিতে চান তিনি বাংলাদেশের হাতে, তার বদলে চান এখানে নিরাপদ রাজনৈতিক আশ্রয়।'

'জিনিসটা কী, স্যর?' সামনে ঝুঁকে আগ্রহের সঙ্গে জিজেস করল ক্যাপ্টেন মাহমুদ।

বিরক্ত হলেও সেটা প্রকাশ করলেন না মেজর জেনারেল, গস্তির চেহারায় বললেন, 'ওটার নাম দিয়েছেন তিনি সনিক মিরাক্লু। ওর বর্ণনা থেকে আন্দাজ করছি, জিনিসটার আকৃতি সাধারণ কোনও হান্টিং রাইফেলের মত। সরু রেখায় আলট্রাসনিক বিম ছুঁড়ে দেয় ওটা—অনেকটা কনেসেন্ট্রেটেড লেয়ার বিমের মত। ভদ্রলোক জোর দিয়ে বলছেন, কোনকিছুর দিকে লক্ষ্য করে ছুঁড়লে সেটার অ্যাটমিক স্ট্রাকচার-এ চরম বিন্ধ ঘটায় ওই শব্দতরঙ্গ। ফলাফল: বোমা যেমন করে ফাটে, ঠিক তেমনি করে বিক্ষেপিত হয় টার্গেট। মাইন্ড ইট, অস্ট্রটার রেঞ্জ পাঁচ হাজার মিটার।'

'বাপরে! শুনলে বিশ্বাস হতে চায় না!' বিড়বিড় করে বলল ক্যাপ্টেন মাহমুদ।

'আমাদের বিজ্ঞানীরাও একই কথা বলছেন,' সিগার ধরালেন রাহাত খান। 'তবে ওরকম কোনও অস্ত্র তৈরি করা একেবারে

অসন্তুষ্ট বলেও মনে করছেন না তাঁরা।' রানার দিকে তাকালেন তিনি। 'তোমাকে দেখতে হবে সনিক মিরাকল অস্ত্র হিসেবে কতখানি কার্যকর। যদি সত্যিই কাজের জিনিস হয়, আর ওটার ধ্বংসক্ষমতায় তুমি সন্তুষ্ট হও, তা হলে সনিক মিরাকলের প্রোটোটাইপ আর নকশার বদলে ডক্টরকে রাজনৈতিক আশ্রয়ের আশ্বাস দেবে তুমি। উনি যদি অন্য কোনও শর্ত দেন, বিসিআইয়ের টপ সিক্রেট টেন ফ্রিকোরেন্সির যে-কোনও একটায় আমার সঙ্গে যোগাযোগ করবে পরবর্তী নির্দেশের জন্যে।'

'জী, স্যর।'

পাশ থেকে একটা ফাইল টেনে নিয়ে খুললেন রাহাত খান, ফাইলে চোখ নামিয়ে বললেন, 'আগামীকাল সকালে রওনা হচ্ছ তোমরা কুমিল্লা থেকে। ট্র্যাভেলিং অ্যারেঞ্জমেন্ট-এর ডিটেইলস্ জেনে নিয়ো সোহেলের কাছ থেকে। ...এবার তোমরা এসো।'

রানার পাশে হেঁটে বের হলো তারেক মাহমুদ, পিছনে দরজাটা বন্ধ হয়ে যাবার পর লজিত চেহারায় স্বীকার করল, 'একেবারে বোকা বানিয়ে দিয়েছিলেন, মাসুদ ভাই।'

'আরে, ও কিছু না! বিসিআইতে এসে প্রথম প্রথম আমরাও কম বোকা বনিনি,' সান্ত্বনার সুরে বলল রানা। 'চলো, ক্যান্টিনে যাওয়া যাক। চা খাব। জাঁদরেল বুড়োর ভয়ে গলা একেবারে শুকিয়ে কাঠ!'

ওর বলবার ভঙ্গি দেখে হেসে ফেলল ক্যাপ্টেন মাহমুদ। অনেক সহজ বোধ করছে ও রানার আন্তরিক ব্যবহারে।

## দুই

চবিবশ ঘণ্টা পর সি-প্লেনের পাইলট, লেফটেন্যান্ট নেভি, আলতাফ নাদ্ভীর পাশে ককপিটে বসে বিভিন্ন দোয়া-দরংদ পড়ে বুকে ঝুঁ দিতে শুরু করল ক্যাপ্টেন মাহমুদ। ভারত সীমান্ত কাছাকাছি আসতেই রেইডার ফাঁকি দেবার জন্য সি-প্লেনটাকে একেবারে নীচে নামিয়ে এনেছে লেফটেন্যান্ট নাদ্ভী, তারপর ঢুকে পড়েছে ভারতীয় ভূখণ্ডে। উইভেন্টিন দিয়ে তাকালে মনে হয়, এই বুরী সবুজ পাহাড়গুলো গুঁতো মারবে প্লেনের পেটে, দূরের পাহাড়সারি দ্রুত ধেয়ে আসছে ওদের বাধা দিতে। একটার পর একটা সবুজ দেয়াল টপকে ছুটে চলেছে খুদে বিমান, মাঝে মাঝে বাঁক নিয়ে ঢুকে পড়েছে দুই পাহাড়ের মাঝখানে, উড়ে চলেছে পাহাড়ের গা ঘেঁষে। বুকে আশঙ্কা জাগে, একটা দেয়াল হয়তো টপকাতে পারবে না শেষপর্যন্ত, কিংবা এই বুরী পাশ থেকে গুঁতো খাবে পাহাড়ের গায়ে।

পিছনের সিটে বসে মাসুদ ভাইকে নিশ্চিন্তে খবরের কাগজ পড়তে দেখে স্টর্চা হলো মাহমুদের। স্থির করল, যত কঠোর ট্রেইনিংই নিতে হোক, ওরকম খাঁটি টাইটেনিয়ামের মত পোক স্নায় চাই ওরও।

আধঘণ্টা পর উইভেন্টিনে টোকা দিল লেফটেন্যান্ট নাদ্ভী, ইঞ্জিনের গর্জনের উপর দিয়ে চেঁচিয়ে বলল, 'ওই দেখুন বান্দেরা লেক। আমরা যেখানে নামব, সেখান থেকে রাঁদেভু পয়েন্ট কয়েকশো গজের বেশি নয়।'

শান্ত হৃদের নীল জলরাশির বুকে রাজহংসের মত রাজসিক ভঙ্গিতে নামল নেভির সি-প্লেন। পুর তীরের একশো গজ দূরে ছোট বিমানটাকে থামাল আলতাফ, বন্ধ করে দিল ইঞ্জিন। সিটে হেলান দিয়ে বলল, 'আর কাছে যেতে সাহস পাচ্ছি না, স্যর। তীর ঘেঁষে অসংখ্য ডুরো-পাথর রয়েছে।'

এবড়োখেবড়ো উঁচ-নিচ দাঁতের মতো চূড়াগুলো দ্রু থেকে ঘিরে রেখেছে সবুজ ঘাসে ছাওয়া অগভীর বাটির মতো জায়গাটাকে। পিরিচের বুকের মাঝখানে যেন বসে আছে গাঢ় নীল পানির শান্ত হৃদ। হৃদের তীরে পড়ে আছে বড় বড় পাথর। ওগুলোর ফাঁকে ফাঁকে জন্মেছে বিশাল সব গাছ, বাঁশঝাড়। কোথাও কোথাও হৃদের তীরে দেয়াল তৈরি করেছে ঘন সবুজ গাছের গহীন জঙ্গল।

আলতাফ নাদ্ভীর কথা শেষ হতে না হতে ছোট একটা নৌকা এগিয়ে আসতে দেখল রানা। তীরবর্তী জঙ্গলে নিশ্চয়ই সরু কোনও খাল আছে, সেটা থেকে বেরিয়ে সোজা সি-প্লেনের দিকে আসছে নৌকাটা। একজন মাত্র লোক বৈঠা বাইছে। তবে তাকে মানব না বলে দানব বললে একটুও মিথ্যে বলা হবে না। কাঁধ পর্যন্ত লম্বা বাবরি চুল। নৌকা বাইতে গিয়ে হাতের পেশিগুলো কিলবিল করছে।

মিনিট পাঁচেক পর সি-প্লেনের স্টারবোর্ড পন্টুনের গায়ে ট্প করে ভেঁতা একটা শব্দ হলো। পাশের ছোট জানালা দিয়ে তাকাল রানা, মুখ উঁচু করে ওর দিকেই চেয়ে আছে খাকি পোশাক পরা পুরুষ গোঁফওয়ালা দৈত্যটা। লম্বায় ওর চেয়ে একমাথা বেশি হবে লোকটা, চওড়ায় দেড় কি দুইগুণ।

তারেকের সামনে দিয়ে হাত বাড়িয়ে প্লেনের দরজা খুলল রানা, গলা বের করে জিজ্ঞেস করল, ‘আপনি কি ডক্টর মমতাজের কাছে নিয়ে যাবেন আমাদের?’

‘হাঁ,’ উর্দুতে জবাব দিল লোকটা। পরমুহূর্তে ভুল সংশোধন করল রানার, ‘আরে, ন্যাহি, উনকা নাম মামতাজ ন্যাহি, ডাক্টার ইমতিয়াজ। হাম ডাক্টার সাহাবকা সেরকেটারি-কাম-বিডিগার্ড হুঁ। আইয়ে, ডাক্টার সাহাব আপ দোনোকে লিয়ে বহুত পেরেশানিসে ইন্তেয়ার ক্যার রাহে হ্যায়।’

দু'মিনিট পর রানা ও তারেক মাহমুদকে নিয়ে তীরের দিকে

রওনা হয়ে গেল সে। পিছনে সি-প্লেনের ইঞ্জিনের গর্জন শুনতে পেল ওরা। রওনা হয়ে গেল আলতাফ, ভিনদেশি রেইডার ফাঁকি দিয়ে ফিরে যাবে স্বদেশে।

রানার ধারণাই ঠিক, জঙ্গলে চুকেছে সরু একটা খাল, দুই তীরে উঁচু শালগাছ ও বাঁশঝাড়ের ঘন সারি। খাল না বলে ওটাকে প্রশংসন্ত নালাও বলা যায়। কিছুটা এগিয়ে বামদিকের পাড়ে কাঁচাহাতে তৈরি করা কাঠের নড়বড়ে ডক দেখতে পেল ওরা। পানির উপর সামান্য এগিয়ে আছে ওটা। শেষপ্রাণে দাঁড়িয়ে আছেন নীল স্ট্রাইপ্ড সুট পরা এক মাঝবয়সী সুদর্শন ভদ্রলোক। রানা ও মাহমুদ ডকে নামতেই চোন্ত ইংরেজিতে বললেন তিনি, ‘খুব খুশি হয়েছি, আপনারা এসেছেন। গাফ্ফার খান আপনাদের তাঁবুটা দেখিয়ে দেবে। ওখানেই বিশ্রাম নেবেন আপনারা আগামী তিন-চারটে দিন।’

‘এখানে আসতে কোনও খাটনি হয়নি আমাদের, তাই বিশ্রামের কোনও দরকার নেই, ডক্টর ইমতিয়াজ,’ পরিচয়-পর্ব সেরে ভদ্রলোকের বাড়ানো হাতটা ঝাঁকিয়ে ছেড়ে দিল রানা, ‘বরং আপনার সনিক মিরাকলটা দেখতে পেলে খুশি হব।’

‘পরেও দেখতে পারবেন ওটা,’ ভদ্রতা করে হাসলেন ডক্টর ইসমাইল ইমতিয়াজ। ‘বিশ্রাম নিন, শীতের আসামের অপূর্ব সুন্দর প্রকৃতি দেখুন, যত খুশি মাছ ধরুন লেকে, সাঁতার কাটুন।’ রানা আপত্তি করে কিছু বলতে যাচ্ছে বুঝে এবার বললেন, ‘আসলে অস্ত্রটার দু-একটা যন্ত্রাংশ ঠিকমত কাজ করছে না, মিস্টার রানা। ওটা মেরামত করার আগে কোনও ডেমনস্ট্রেশন দেখানো সম্ভব নয়।’

‘পাটস্ক্রিপ্ট চেহারায় মাথা নাড়লেন ডক্টর। ‘আসলে ব্যাপারটা অত সহজ নয়। সাধারণ অস্ত্রে যেসব পার্টস থাকে, সেগুলো

দিয়ে তৈরি করিনি আমি সনিক মিরাকল। মিরাকলের প্রতিটা অংশ আমার নিজের হাতে বানানো। বাংলাদেশ সরকার যদি আমার তৈরি অস্ত্রটার ব্যাপারে আগ্রহী হয়, তা হলে ওটার ম্যাস প্রোডাকশন চাইতেই পারে। সেক্ষেত্রে আপনাদের কোনও আধুনিক ল্যাবোরেটরিতে কাজ করবার সুযোগ দিতে হবে আমাকে, তা নইলে জটিল ইলেকট্রনিক সার্কিট আর সূক্ষ্ম পার্টসগুলো তৈরি করা অসম্ভব। কিছু মনে করবেন না, মিস্টার রানা, আশা করছি আমার অপরিহার্যতাই এনে দেবে আমাকে কাঙ্ক্ষিত নিরাপত্তা।'

মূল প্রসঙ্গে ফিরে গেল রানা, 'পার্টস মেরামত করতে কতক্ষণ লাগবে আপনার, ডেন্টের ?'

'দুই... বড়জোর তিনদিন।' ইতস্তত করলেন ডেন্টের ইসমাইল ইমতিয়াজ। 'আমার অপারগতা ক্ষমা করবেন, মিস্টার মাসুদ রানা।' হাতের ইশারা করলেন বিজ্ঞানী। 'আসুন আপনারা, তাঁবুতে চলুন।'

পথ দেখাল দৈত্য, ঘন বাঁশবাঢ় ও শালগাছের জঙ্গলের ঘার দিয়ে এগিয়ে চলল দ্রুত। বাঁশগাছগুলোতে ফুল আসেনি এখনও। রানা শুনেছে, পঞ্চাশ বছর পরপর নাকি ফুল আসে ওগুলোতে, ওই সময় দেখা দেয় লক্ষ লক্ষ হাঁদুর, সমস্ত ফসল খেয়ে সাফ করে দেয় ওরা। জঙ্গল মরে যায় তখন, এবং শুরু হয় পাহাড়ি দুর্ভিক্ষ। আগামী দু'এক বছরের মধ্যেই আসছে বাঁশগাছে ফুল ধরবার সেই ভয়ঙ্কর সময়। মিজোরামের দিকে দুর্বিষহ দুর্ভিক্ষের প্রস্তুতি নিয়ে রেখেছে ভারত সরকার, রানা জানে। বাংলাদেশ সরকার এ-ব্যাপারে এখনও উদাসীন।

আকাশ-ছোয়া কয়েকটা তেঁতুল গাছের নীচে ফাঁকা জায়গায় তাঁবু দুটো দেখতে পেল ওরা মিনিট বিশেক হাঁটবার পর। কথায় কথায় বিজ্ঞানী জানালেন, বড় তাঁবুটা ব্যবহার করছেন তিনি তাঁর ল্যাবোরেটরি ও কোয়ার্টার হিসেবে।

ওদের কাছ থেকে বিদায় নিয়ে চৌকো আকৃতির আরবী তাঁবুটাতে ঢুকে পড়লেন তিনি। গাফ্ফার খানের সঙ্গে ছোটটায় গিয়ে ঢুকল রানা ও মাহমুদ। মেঝের দু'দিকে ফেলা দুটো তেরপল দেখাল খান, বিশ্বী উচ্চারণে ইংরেজিতে বলল, 'আপনারা শোবেন ওখানে।'

পিঠ থেকে হ্যাভারস্যাক নামিয়ে বামপাশের তেরপলের উপর রাখল রানা, ঘুরে দাঁড়িয়ে জিজ্ঞেস করল, 'আচ্ছা, মিস্টার খান, এখানে আসবার আগে বা পরে ডেন্টের ইমতিয়াজের কোনওরকম বিপদ হয়েছিল ?'

সরাসরি রানার চোখে অস্তর্ভেদী খয়েরী চোখদুটো রাখল দেহরক্ষী। 'কী বলতে চাইছেন বুঝলাম না, জনাব মাসুদ রানা।'

'বলতে চাইছি, ডেন্টের ইমতিয়াজ তো তাঁর দেশের, মানে পাকিস্তানের, নামকরা একজন বিজ্ঞানী। দেশ ছেড়ে তাঁর পালানোটা নিশ্চয়ই সহজভাবে নেয়নি পাকিস্তান সরকার? এমন কি হতে পারে, তারা ডেন্টের ইমতিয়াজের খোঁজে কাউকে বা কোনও দলকে পাঠিয়েছে?'

আত্মবিশ্বাসের সঙ্গে হাসল খান। 'হয়তো পাঠিয়েছে, হামি জানে না। তবে, আপ ইত্মিনান্সে রাহিয়ে, দুনিয়ার কোঙ্গভি জানে না হামলোগ কঁহা হ্যায়।'

'তারপরও, যদি কেউ টের পেয়ে যায় ?'

'কুছ ন্যহি হোগা। হামার নয়র বাচাকে ক্যাম্পকে নযদিগ আসতে পারবে না কোঙ্গ দুশ্মন,' দৃঢ়তার সঙ্গে বলল খান। শোল্ডার হোলস্টার থেকে একটা পাকিস্তানী .32 মিন্টী খান রিভলভার বের করল সে, রানা ও মাহমুদকে ইশারা করে তাঁবু থেকে বেরিয়ে বাইরে গিয়ে দাঁড়াল। 'হাম হ্যায় ডাষ্টার সাহাবকা পাহারাদার। তার জান্যে হামার জান কবুল। আসুক দেখি কেউ। জান লিয়ে ওয়াপস যাতে পারবে না। ...দেখিয়ে উধার।' তিরিশ গজ দূরে একটা ঝাড়ে ওপড়ানো গাছ দেখাল সে

রিভলভারের নল দিয়ে। গাছের কাণ্টার ব্যাস একফুটের বেশি হবে না। ‘খেয়াল দিজিয়ে। উধার এক ছোটা গিটু দেখা যায়? ও-ই উধার?’

গিঁঠের উপর রানার দৃষ্টি স্থির হবার সঙ্গে সঙ্গে এক ঝটকায় রিভলভারটা তুলল খান, কজির নীচে বাম হাতের ঠেকা দিয়ে এক সেকেন্ড তাক করেই গুলি করল পরপর দু’বার। গুলির আওয়াজ মিলিয়ে যাবার পর অস্ত্রটা নামিয়ে নিয়ে আত্মবিশ্বাসের সঙ্গে বলল, ‘দুইটা গুলির একটাও যদি ওই গিটুর এক ইঞ্চিসে যিয়াদা দূরে লাগে, আপনা কান কাটকে কুত্তাকো খিলাব হামি।’

‘দারণ শুটিং করেছেন তো!’ আন্তরিক প্রশংসা ঝরল তারেক মাহমুদের কঢ়ে, ‘একেবারে টার্গেটেই লেগেছে আপনার একটা গুলি।’

‘ঠিক,’ বলল রানা। ‘সতিই দারণ হাত আপনার।’

‘এবার আমি দেখি তো চেষ্টা করে,’ শোল্ডার হোলস্টার থেকে বিসিআই ইশ্যু ওয়ালথারটা বের করল মাহমুদ, পাশ ফিরে পিস্টল তাক করল কাণ্ডের ওই গিঁঠের দিকে, তারপর হালকা ভাবে স্পর্শ করল হেয়ার-ট্রিগার। কড়াৎ শব্দে লাফিয়ে উঠল .38 ওয়ালথার পিপি। মনটা খারাপ হয়ে গেল বেচারার, গাছের গায়ে তৃতীয় গুলির চিহ্ন নেই কোথাও। সেফটি-ক্যাচ তুলে দিয়ে অস্ত্রটা হোলস্টারে চুকিয়ে রেখে লজিত ভঙ্গিতে মাথা নিচু করল মাহমুদ।

রানা বলল, ‘চলুন, দেখা যাক কার গুলি কোথায় লাগল।’

খানের গুলির তৈরি ফুটো আর ওই গিঁঠটাকে এক টাকার একটা কয়েন দিয়ে ঢেকে দেয়া যাবে। একটা গুলি তো সরাসরি গিঁঠের মাঝখানে লেগেছে। দ্বিতীয় গুলিটা লেগেছে প্রথম গুলির সিকি ইঞ্চিং দূরে।

‘অওর দেখনা ক্যাম হয়? ইয়াহাঁসেই দিখাই যা রয়হা, আপ মিস কিয়া,’ টিটকারির সুরে মাহমুদকে বলল গাফ্ফার।

‘বোঙালি বাবু হ্যায় তো, বান্দুক-পিস্টল হাথ্মে উঠানা আপলোগোঁকা কাম ন্যাহি।’

‘গাছের ওপাশে গিয়ে ওদিকটা একটু দেখুন,’ পরামর্শ দিল গন্তীর রানা।

‘ক্যাম হোগা দেখনেসে?’ গোঁফে তা দিয়ে তাচ্ছিল্যের সঙ্গে হাসল গাফ্ফার খান। ‘আপ বোঙালিলোগ টার্গেটমে গোলি লাগানেকা লায়েকহি ন্যাহি হ্যায়! বোঙালি কাভি হাথিয়ার পাকাড়না সিখা?’ হেসে উঠে ক্যাপ্টেন মাহমুদকে দেখল সে আপাদমস্তক।

রানার মনে হলো, সেঁটে এক চড় মেরে ফাটিয়ে দেয় হামবাগ লোকটার বাম কান। বলতে ইচ্ছে হলো, তা হলে মুক্তিযুদ্ধের সময় মুকুতের ভয়ে ইঁদুরের মত গর্তে লুকিয়েছিলি কেন তোরা? ইভিয়ান আর্মির কাছে আত্মসমর্পণ করেছিলি কাদের ভয়ে? কিন্তু মেজাজটা সামলে নিল ও। মাথা গরম করে মারামারিতে জড়িয়ে পড়তে এখানে পাঠানো হয়নি ওকে।

কিন্তু বাঙালিদের প্রতি ছুঁড়ে দেয়া পাকিস্তানী দানবের অপমান আর সহ্য হলো না তরুণ ক্যাপ্টেন তারেকের, রানা ঠেকাবার আগেই ‘বেন্টমিজ! বেন্লিক! ব্যাটা বদমাশের ছাও!’ বলে হৃক্ষার ছেড়ে বাঁপিয়ে পড়ল সে পৌনে সাতফুটি গাফ্ফারের উপর, প্রতিপক্ষকে ক্ষণিকের জন্য অপ্রস্তুত অবস্থায় পেয়ে দুইহাতে ধুপধাপ চার-পাঁচটা ঘুসি বসিয়ে দিল তার বুকে আর চোয়ালে।

ঘুসির ধাক্কায় কয়েক পা পিছিয়ে থমকে দাঁড়াল গাফ্ফার, তারপর ভালুকের মত দীর্ঘ দু’হাতের মুঠো পাকাল পাল্টা ঘুসি ছুঁড়তে।

প্রতিপক্ষ প্রস্তুতি নিচ্ছে দেখে তার দিকে সোংসাহে এগোল তরুণ ক্যাপ্টেন; দেড়গুণ আকারের শক্র মুখোমুখি হতে ভয় পাচ্ছে না বিন্দুমাত্র।

মাহমুদকে থামাতে গিয়েও থামাল না রানা। দেখাই যাক না, এই দৈত্যের বিরহে আনআর্মড কমব্যাট কতটা কাজে লাগাতে পারে মাহমুদ।

ভালুকের মতো হেলেদুলে দু'ফুটের মধ্যে পৌছে গেল গাফফার খান, তারপর ডানহাত ঘুরিয়ে কাঁধের জোরে ঘুসি মারল মাহমুদের চোয়াল লক্ষ্য করে। বসে পড়ে ঘুসিটা এড়িয়ে গেল মাহমুদ, দুটো আপারকাট মেরে বিস্মিত খানকে একটু পিছাতে বাধ্য করে কাঁধ দিয়ে গুঁতো বসিয়ে দিল তার পেটে। ওর মনে হলো, পাথরের দেয়ালে বাড়ি খেয়েছে কাঁধ। উঠে দাঁড়িয়ে লাফ দিয়ে শক্রুর লম্বা হাতের আওতার বাইরে সরে যেতে চেষ্টা করল ও। তারই ফাঁকে পাশ থেকে আবার ঘুসি মারল খানের পাঁজর লক্ষ্য করে।

মাহমুদের হাতের মুঠিটা এবার খপ্প করে ধরে ফেলল গাফফার খান তার বিশাল থাবায়, তারপর সন্তুষ্টির গর্জন ছেড়ে মোচড় দিল জোরে। তীব্র ব্যথায় বাঁকা হয়ে গেল মাহমুদ, মাটিতে হাঁটু গেড়ে বসে পড়তে বাধ্য হলো। বাঁ হাত তুলে শক্রুর কড়ে আঙুল ধরতে গিয়ে বুঝল, আনআর্মড কমব্যাটে গাফফার খানও কম দক্ষ নয়। পাশ থেকে এক্ষুনি ওর ঘাড়ের ওপরে নেমে আসবে লোকটার হাতের তালুর শক্ত কিনারা, প্রচণ্ড আঘাতটা ঠিকমত লাগলে জ্বান হারাবে ও। কাঁধে ব্যথা বাড়বে বুরোও ঝাটকা মেরে ডানহাতটা ছুটিয়ে নিতে চেষ্টা করল মাহমুদ, পারল না। তারপরেই দেখতে পেল, ভোজবাজির মত খানের হাতে চলে এসেছে একটা ক্ষুরধার ছোরা। কারাতের কোপ নয়, ওর ঘাড় বরাবর নেমে আসছে গাফফার খানের হাতে ধরা ছোরাটা। হাসছে লোকটা, গলার গভীর থেকে ঘড়ঘড় আওয়াজ বের হচ্ছে, বীভৎস দেখাচ্ছে চেহারা।

মৃত্যু আর কয়েক সেকেন্ডের ব্যাপার, বুরো ফেলল মাহমুদ। কারও সাহায্য চাওয়া বা পাওয়ার আগেই কল্লাটা গড়াগড়ি খাবে

ঘাসের উপর। চোখের কোণ দিয়ে বামপাশে ঝাপসা মত কী যেন দেখল মাহমুদ। পরমুহূর্তে টের পেল, বিদ্যুৎ-বেগে কাছে চলে এসেছে মাসুদ ভাই। গোক্ষুরের ছোবল দেয়ার ভঙ্গিতে রানার ডানহাতটা ধরে ফেলল গাফফার খানের ছুরি ধরা হাতের কবজি, ছুরিটাকে থামিয়ে দিল মাঝপথে। ক্রুদ্ধ গর্জন করে উঠল গাফফার খান, বিশ্বি কয়েকটা গালাগালি দিয়ে মাহমুদের হাত ছেড়েই দেরি না করে বামহাতে ঘুসি ছুঁড়ল রানার চোয়াল লক্ষ্য করে।

মাথাটা সামান্য সরিয়ে নিয়ে কাঁধের উপর দিয়ে ঘুসিটা বেরিয়ে যেতে দিল রানা। ফসকানো ঘুসির বেগে ভারসাম্য হারিয়ে দানবটা ডানদিকে ঘূরে যাচ্ছে দেখেই সুযোগটা নিল ও—এক টানে কবজিধরা হাতটা ওর মাথার উপর দিয়ে নিয়ে এল নিজের ডানপাশে। রানার সামনে ওর দিকে পিছন ফিরে রয়েছে এখন দানব। ডানহাতের কবজি রানার মুঠ থেকে ছাড়িয়ে নেয়ার চেষ্টা করছে, একইসঙ্গে বাম কনুইয়ের আঘাতে রানার পাঁজরের চার-পাঁচটা হাড় ভেঙে দেয়ার জন্য উপরে তুলছে হাতটা। থাবা দিল রানা খানের বাবরি লক্ষ্য করে, আচমকা হ্যাচকা টান খেয়ে আকাশের দিকে উঠে গেল দানবের দৃষ্টি। পরমুহূর্তে পিছনদিকে হেলে পড়ে যেতে শুরু করল রানা—একটা পা তুলে দিয়েছে লোকটার কোমরে। ওর সঙ্গে পিছনে হেলে পড়ছে গাফফার খানও। নিজের কোমর মাটিতে ঠেকতেই দ্বিতীয় পা-টাও দৈত্যের চওড়া কোমরে তুলল রানা; তারপর একইসঙ্গে ছুঁড়ল দুই পা আসমানের দিকে। এবার নিশ্চিন্তে ছেড়ে দিল লোকটা ছুরিধরা কবজি।

রানার উপর দিয়ে উড়ে চলে গেল চারমণী বস্তা, শূন্যে ডিগবাজি খেয়ে ধড়াস করে পড়ল উপুড় হয়ে, কপাল টুকে গেল শক্ত মাটিতে। উঠে দাঁড়িয়েছে রানা, অবাক হয়ে দেখল, রক্তাক্ত নাক-মুখ নিয়ে উঠে দাঁড়াচ্ছে দানবও। মুখ দিয়ে পাঞ্জাবী গালাগালির তুফান বের হচ্ছে। চোখ নামিয়ে একবার দেখল

ছোরা ছুটে গেছে তার হাত থেকে, তারপর নিচু একটা গর্জন ছেড়ে পাগলা ষাঁড়ের মতো আবার তেড়ে এলো সে রানার দিকে। ধারণা করেছিল পালাবে রানা, কিন্তু লোকটাকে অনড় দেখে চরম বিস্মিত হলো। আওতার মধ্যে পৌছে যেতেই লাফিয়ে শুন্যে উঠল রানা, প্রাণপণ শক্তিতে ফ্লাইং কিক ঝেড়ে দিল ওর নাক-মুখ সহ করে। কড়মড় করে আওয়াজ হলো কয়েকটা দাঁত ভাঙার। চিৎ হয়ে পড়ল লোকটা এবার। পড়েই বের করল ওর রিভলভার।

তীক্ষ্ণকষ্টের আদেশ ভেসে এল রানার পিছন থেকে: ‘খান! এক্ষুনি অন্ত ফেলো! ওদের হাতের দিকে চেয়ে দেখো, গাধা কোথাকার!’

ধীরে ঘাড় ফিরিয়ে রানা ও মাহমুদের হাতে দুটো পিস্তল দেখতে পেল গাফফার খান। দুটোই চেয়ে রয়েছে ওর দিকে।

সামনে চলে এলেন ডষ্টর ইসমাইল ইমতিয়াজ। শাস্তি স্বরে বললেন, ‘আপনার ফিটনেসের প্রশংসা করতে হয়, মিস্টার রানা। আর মিস্টার মাহমুদের সাহসের। বোঝাই যাচ্ছে দোষটা বদরাগী, বেয়াড়া গাফফারের। কিন্তু এত তাড়াতাড়ি কী নিয়ে লাগল ও আপনাদের সঙ্গে?’ আরও কয়েক পা এগিয়ে গাফফারের রিভলভারটা তুলে নিলেন বৈজ্ঞানিক। ‘তোমার অস্ত্রটা আপাতত সিজ করলাম আমি, খান। আর কোনও গোলমাল চাই না আমি, খবরদার!’

রানা ও মাহমুদও নিজ নিজ অন্ত ভরে রাখল হোলস্টারে। থোক করে তিনটে রক্তাঙ্গ দাঁত মাটিতে ফেলল খান।

‘গোটা বাঙালির জাত তুলে যা-তা বলছিল গওরটা,’ নিচু স্বরে বলল ক্যাপ্টেন মাহমুদ বিজ্ঞানীর প্রশ্নের উত্তরে। ‘ছোরা বের করেছিল আমাকে খুন করবে বলে। মাসুদ ভাই বাধা না দিলে আজ আমার লাশ পড়ে যেত এখানে।’

‘পরে ওকে শাসন করব আমি,’ বলে তাঁবুর ভিতর চলে

গেলেন বিজ্ঞানী।

নিজেদের তাঁবুতে ফিরল রানা ও মাহমুদ। যে-কোনও মুহূর্তে আবার আক্রমণ আসতে পারে মনে করে সতর্ক রয়েছে দুজনেই। চুপচাপ বসে থেকে ধকলটা কাটিয়ে উঠল গাফফার খান। মিনিট পাঁচেক পর ধীর পায়ে এসে দাঁড়াল তাঁবুর খোলা ফ্ল্যাপের সামনে। রানা ও মাহমুদকে শাসিয়ে চাপাকষ্টে উর্দুতে বিশোদার করল কিছুক্ষণ, কিন্তু আগ বাড়িয়ে মারামারি করবার আর কোনও ইচ্ছে দেখা গেল না লোকটার মধ্যে। মারামারি করাটা মালিকের স্বার্থবিবৃত্তি হয়ে যাবে, বুঝেছে বোধহয়। উর্ততে যাচ্ছিল মাহমুদ, কিন্তু কাঁধে রানার হাত পড়তেই বসল আবার। কোনও জবাব দিল না কেউ খানের অশ্রাব্য খিস্তির।

গাফফার খানের কঠ শুনে আবার তাঁবু থেকে বেরিয়ে এলেন ডষ্টর ইসমাইল ইমতিয়াজ।

বিজ্ঞানীর নির্দেশে রানা ও মাহমুদের কাছে দুঃখপ্রকাশ করতে বাধ্য হলো গাফফার খান। অপছন্দের কাজটা সেরে মুখ গোমড়া করে রাখল সে। দৃষ্টির আগনে ক্যাপ্টেন মাহমুদকে ভস্ম করে দিয়ে অন্তত শুটিতে যে ওর জয় হয়েছে, সেটা প্রমাণ করে ওই বোঙালি দুজনকে কিছুটা শায়েস্তা করতে চাইল। বাঁকা হেসে বলল, ‘দেখা যাক, গাছের পিছে আপনাদের কালিজার কওন টুকড়া আছে।’

তাঁবু থেকে বেরিয়ে এল রানা ও মাহমুদ।

বিজ্ঞানীও এগিয়ে এলেন। দুটো গুলির দাগ দেখে প্রশংসা করলেন বডিগার্ডে। কিন্তু গাছটা ডিঙিয়ে ওপাশে গিয়েই বিস্ফারিত হয়ে গেল দেহরক্ষীর দু’চোখ। তার রিভলভারের সফ্ট-নোজ গুলি গাছের গুঁড়ির ভিতরে রয়ে গেছে, এটা ভাল করেই জানে সে। কিন্তু দেখা গেল, মাহমুদের ওয়ালথারের হলো-পয়েন্ট বুলেট গুঁড়ি ফুটো করে বেরিয়ে গেছে—বেরোনোর জায়গাটা দিয়ে চুকে যাবে তার মুঠো পাকানো হাত! তার যে

গুলিটা সেন্টার থেকে সিকি ইঞ্জিন দূরে লেগেছে, ওটার ভিতর দিয়েই গেছে ক্যাপ্টেন মাহমুদের গুলি।

বোঙালি বাবুর দক্ষতা দেখে কালচে হয়ে গেল গাফ্ফার খানের চেহারা।

রানা বলল, ‘ওর বুলেটের গর্তের ভেতর দিয়ে গেছে তোমার গুলি, মাহমুদ। তাই দেখা যাচ্ছিল না।’

‘আপনি এবার দুটো কথা শোনাবেন না বুদ্ধিটাকে, মাসুদ ভাই?’ হাসি হাসি চেহারায় জিজ্ঞেস করল মাহমুদ।

জবাব না দিয়ে সামান্য একটু মাথা নাড়ল রানা।

এই ঘটনার পর থেকে পরম্পরাকে গরম চোখ দেখাল খান ও ক্যাপ্টেন মাহমুদ, কথা বলল না কেউ কারও সঙ্গে, তবে বিরোধটা বাড়লও না আর। বোঙালিদের হাতে পর্যন্ত হয়ে গাফ্ফার খান বাহাদুরের বেলুন থেকে বেরিয়ে গেছে বেশ অনেকটা গরম বাতাস।

দুপুরে খাওয়ার পর বেশ কিছুক্ষণ গড়িয়ে নিল ওরা। তারপর সৃষ্টা ঢলে পড়তেই পাহাড়ের সবচেয়ে উঁচু চূড়াটার ওপাশে মিলিয়ে যেতে শুরু করল দিনের আলো, প্রশান্ত হৃদের গাঢ় নীল পানির বুকে এসে পড়ল ভাঙচোরা কয়েক ফালি সোনালী রোদ। তারপর সন্ধ্যা গড়িয়ে রাত নামল একসময়। কালোর সঙ্গে নীলের মিশেল দেয়া নরম মখমলের চাঁদোয়ার মতো মাথার উপর ঝুলে থাকল আকাশ, তাতে মিটমিট করল লক্ষ লাল-নীল-হলুদ নক্ষত্র। অল্পক্ষণেই সেগুলোকে স্নান করে দিয়ে পুর-পাহাড়ের মাথায় উঠে পড়ল চাঁদটা। হৃদের স্থির পানিতে চতুর্দশী চাঁদের নিখুঁত প্রতিবিম্ব দেখা দিল। তারপর একসময় শিরশিরে ঠাণ্ডা হাওয়া মৃদু কাঁপন তুলল নিখর পানির বুকে, প্রথমে হেলেদুলে উঠল হাসিখুশি চাঁদমামা, তারপর খিলখিল করে হেসে কুটিপাটি। হৃদের বুক ছুঁয়ে পাহাড়ে-জঙ্গলে সরে এলো হাওয়ার শিহরন। একাকী হাওয়া প্রশান্তির আলতো

পরশ বোলাল জঙ্গলের পাতায় পাতায়, ফিসফিস করে বলল কত কী গোপন কথা। রানার মনে হলো, এ যেন পৃথিবীর বুকে অন্তুত সুন্দর এক অপার্থিব অভিজ্ঞতা।

পরবর্তী দুটো দিন কাটল অলস ভাবে। মেঘহীন নীল আকাশে বালমল করল মাঘের সূর্য। ঝিরিবিবিরি বাতাস বইল প্রায় সর্বক্ষণ, হৃদের পানিতে চেউ উঠল ছোট ছোট। রানা ও মাহমুদ সময় কাটাল মাছ ধরে, নৌকা নিয়ে বেড়িয়ে, সাঁতার কেটে। ডষ্টের ইমতিয়াজ ব্যস্ত থাকলেন তাঁর ল্যাবোরেটরিতে, এলাকার চারপাশে টহল দিয়ে বেড়াল গাফ্ফার সতর্ক বুলডগের মত।

তৃতীয় দিনটা এলো কেমন যেন বিষণ্ণতা নিয়ে। তোর থেকেই শুরু হলো জোরালো উত্তরে হাওয়া, সরসর আওয়াজে শিহরন তুলল গাছের পাতায়, শীতল স্পর্শে কাঁপুনি ধরিয়ে দিল গায়ে। আকাশে কালো মেঘের আনাগোনা দেখে মনে হলো বৃষ্টি নামতে পারে। বিকেলের দিকে হাসিমুখে ওদের তাঁবুতে এসে চুকলেন ডষ্টের ইসমাইল ইমতিয়াজ, তাঁর সনিক মিরাকল তৈরি, প্রদর্শনীর আগে ল্যাবোরেটরিতে রানা ও মাহমুদকে দেখাতে চান জিনিসটা।

তাঁবু থেকে বেরিয়ে জ্যাকেটের কলার উপরে তুলে দিয়ে গলা পর্যন্ত চেইন টানল রানা, তারপরও পাহাড়ি শীত অনায়াসে কামড় বসাল ওর হাড়ে-মজ্জায়। জগিং করতে করতে ওর পাশে চলল তারেক মাহমুদ।

ডষ্টের ইসমাইল ইমতিয়াজ গোছানো স্বভাবের মানুষ, তাঁর ল্যাবোরেটরিটাও পরিপাটি করে সাজানো। তাঁবুর গোটানো ঝ্যাপ পার হয়ে হাতের ডানদিকে বাইরের দুনিয়ার সঙ্গে যোগাযোগের একমাত্র মাধ্যম টু-ওয়ে ট্র্যান্সমিটারটা দেখতে পেল ওরা। বামদিকে মেরেতে ডষ্টেরের বিছানা। তাঁবুর মাঝখানে পেটমোটা একটা চুলোয় আগুন জুলছে। পিছন-দেয়ালের কাছে ওর্ক-বেঁও। ওটার উপর পড়ে থাকা জিনিসটা দৃষ্টি কাড়ল

রানার।

‘এ-ই আমার সনিক মিরাকল, মিস্টার রানা,’ গবের সঙ্গে বললেন ডষ্ট্র ইমতিয়াজ।

বিগগম হান্টিং রাইফেলের চেয়ে আকারে বড় হবে না ওটা, স্টকটাও কোনও একটা রাইফেলেরই, তবে ওখানেই শেষ হয়ে গেছে সব সাদৃশ্য। আড়াই ফুট দীর্ঘ ব্যারেলটার ব্যাস দুইপিং, ব্যারেলের শেষে ফিট করা হয়েছে প্যারাবোলিক রিফ্লেক্টর, লক্ষ্যস্থির করবার জন্য ওটার গায়ে একটা খাঁজ। স্টকের নীচে প্রায় কাঁচের মত স্বচ্ছ একটা প্লাস্টিকের বাল্ব, ওটার ভিতরে কয়েকটা প্রিটেড সার্কিট বোর্ড, ইলেক্ট্রনিক কম্পোনেন্ট ও সরু তামার তারের কয়েল।

‘খেয়াল করলে দেখবেন ওটাতে কোনও ট্রিগার নেই,’ বললেন ডষ্ট্র ইমতিয়াজ। ‘ট্রিগারের কোনও দরকারই নেই আসলে। স্টকের এই বাটন টিপলেই প্রয়োজনীয় ইলেক্ট্রিকাল সার্কিটগুলো অ্যাকটিভেটেড হয়।’ অন্তর দিক থেকে রানার দিকে তাকালেন ডষ্ট্র, বুবো নিয়েছেন বাংলাদেশি প্রতিনিধি দলের নেতা ও। ‘আপনি হয়তো জানতে চাইবেন সনিক মিরাকল কীভাবে কাজ করে। খুব সহজ ভাষায় বলছি। মিয়া তানসেনের কথা নিশ্চয়ই শুনেছেন—সুরের সাহায্যে কাঁচ ফাটিয়ে দিতে পারতেন তিনি। ঠিকভাবে উপযুক্ত শব্দ-তরঙ্গ পাঠাতে পারলে শুধু কাঁচ কেন, যে-কোনও কঠিন পদার্থকেই চুরমার করে দেয়া সম্ভব। অনেক দূর থেকেও। আল্ট্রাসনিক তরঙ্গ নিয়ে আমার গবেষণায় আমি দেখেছি, এমন একটি অন্তর তৈরি করা সম্ভব, যেটা দিয়ে ক্যামেরার মত অটো-ডিস্ট্যান্স সেট করা যাবে, যে-পদার্থকে ডিফিনিটেট করতে চান, অটোমেটিকালি তার অলিকিউলার ফরমেশন নির্ধারণ এবং রিফ্র্যাকশনের মাধ্যমে নির্খুঁত...’

‘ডষ্ট্র,’ খুকখুক করে কাশল রানা, ‘ভুল লোককে বলছেন আপনি এসব। আমার ব্রেনওয়েভের অনেক উপর দিয়ে চলে

যাচ্ছে তথ্যগুলো।’

‘ও, আচ্ছা, আচ্ছা! আপনি জানতে চান জিনিসটা কাজ করে কি না, এই তো?’ মৃদু হাসলেন ডষ্ট্র ইমতিয়াজ, বুবতে পেরেছেন, উলুবনে মুঝে ছড়াতে যাচ্ছিলেন তিনি। একটা ওভারকোট গায়ে চড়ালেন তিনি। মাথা ঝাঁকিয়ে বললেন, ‘করে। আপনার সহকারীকে নিয়ে তৈরি হয়ে আসুন, দেরি না করে রওনা হয়ে যাব আমরা টার্গেট প্র্যাকটিস করতে।’

তাঁবুতে ফিরে আরও একটা করে সোয়েটার গায়ে দিল রানা ও তারেক মাহমুদ, তারপর আবার বের হলো। খানকে আশপাশে কোথাও দেখতে না পেয়ে আপনমনে জিজেস করল রানা, ‘গেল কোথায় লোকটা?’

‘দুপুরে দেখলাম ছিপ-বড়শি নিয়ে হৃদের দিকে যাচ্ছে,’ বলল মাহমুদ, ‘রাতে রান্নার জন্যে মাছ ধরতে বোধহয়।’

ডষ্ট্র ইসমাইল ইমতিয়াজের ‘টার্গেট রেঞ্জ’ প্রায় একমাইল দূরে। ক্রমে উপরে উঠে যাওয়া অব্যবহৃত পাহাড়ি হাঁটা-পথে একটানা একঘণ্টা চড়াই ভেঙে তিনটে মাঝারি উচ্চতার পাহাড় ডিঙিয়ে চতুর্থ পাহাড়ের ঢাল বেয়ে উপরে উঠে ওখানে পৌছাতে হলো ওদের।

‘এসে গেছি,’ গভীর একটা চওড়া খাদের কিনারায় থেমে বললেন ডষ্ট্র। অল্ল অল্ল হাঁপাচ্ছেন।

কিনারা থেকে সরাসরি অস্তত আটশো ফুট নীচে নেমে গেছে খাদের খাড়া দেয়াল। দুশো গজ দূরে একই সমান উচ্চতায় খাদের ওদিকের কিনারা। ওখানে বড় ধরনের ভূমিধস হয়েছিল। কিনারা থেকে ঝোপঝাড়, বড়বড় গাছ ভেঙে নিয়ে নীচে গড়িয়ে পড়েছে প্রকাণ্ড সব পাথর-খঙ্গ, দগদগে ঘায়ের মত ক্ষত-বিক্ষত করে দিয়েছে জায়গাটা।

‘ওই দেখুন, ওটা আমার সনিক মিরাকলের কার্যকারিতার জলজ্যান্ত প্রমাণ,’ আঙুল তুলে ভূমিধসের জায়গাটা দেখালেন

ডষ্টর ইমতিয়াজ।

‘আমরা নিজেরা একবার অন্তর্টা পরীক্ষা করে দেখতে চাই, ডষ্টর,’ নরম সুরে বলল রানা। তবে বলবার সুরে বুঝিয়ে দিল, এ ছাড়া শুধু লেকচারে সন্তুষ্ট হবে না ও।

মাথা দোলালেন ডষ্টর, মাফলারটা একহাতে ভালমত পেঁচিয়ে নিলেন গলায়। ‘নিশ্চয়ই দেখবেন, মিস্টার রানা। ওদিকের ঢালে ওই গাছটা দেখতে পাচ্ছেন? ওই যে, যেটার মাথায় দুটো শকুন বসে আছে?’

‘পাচ্ছি।’

‘এবার খেয়াল করে দেখুন।’ অন্তর্টা কাঁধে তুললেন ডষ্টর ইমতিয়াজ, ডানহাতের কনুই ভাঁজ করে উপরে উঠিয়ে বুড়ো আঙুলের ডগা দিয়ে চাপ দিলেন স্টকের লাল বাটনে। মনে হলো স্টকের ভিতরে ব্যস্ত হয়ে গুঞ্জন তুলেছে অসংখ্য ভ্রমর।

খাদের ওদিকে তাকিয়ে গাছটাকে ছিটকে হাজারো টুকরো হয়ে যেতে দেখল বিশ্মিত রানা ও মাহমুদ। ঘন কালো ধোঁয়ার কুণ্ডলীটা ছিঁড়েখুঁড়ে দক্ষিণে ভাসিয়ে নিয়ে গেল জোরালো বাতাস।

‘মিস্টার মাহমুদ, এবার আপনি ধরুন দেখি,’ ক্যাপ্টেনের হাতে সনিক মিরাকল ধরিয়ে দিলেন ডষ্টর ইমতিয়াজ, কপালে জমে ওঠা ঘাম মুছলেন হাতের উল্টোপিঠে। ‘ওই পাথরটায় তাক করুন। দেখতে পাচ্ছেন? ওই যে ওটা—সবচেয়ে বড়টা। যেটার একটা পাশ চ্যাপ্টা। দেখুন লাগাতে পারেন কি না! রিকয়েল নেই, নিশ্চিন্তে মারুন।’

নার্ভাস চেহারায় সনিক মিরাকল কাঁধে ঠেকিয়ে লক্ষ্যস্থির করল ক্যাপ্টেন মাহমুদ, তারপর ডষ্টরের মত করে চাপ দিল লাল বোতামে। গুঞ্জন উঠল স্টকের ভিতর।

এবারের বিক্ষেপণের আওয়াজটা হলো আগের চেয়ে অনেক তীক্ষ্ণ, অনেক জোরালো। চারটে অসমান খণ্ডে ভেঙ্গে টুকরো হয়ে গেল নিরেট বোন্দার।

রানার দিকে তাকালেন ডষ্টর ইমতিয়াজ। ‘এবার আপনি, মিস্টার রানা। নিজে ব্যবহার করে দেখুন এই মিরাকলের ক্ষমতা কতখানি। আপনার সঙ্গীর চেয়ে আপনি নিশ্চয়ই লক্ষ্যভেদে আরও দক্ষ, কাজেই কঠিন টার্গেটই দিচ্ছি—ওই দূরের টিলার চূড়ায় একটা মরা গাছ দেখতে পাচ্ছেন? পারবেন ওটা উড়িয়ে দিতে?’

‘চেষ্টা করে দেখতে পারি।’ ক্যাপ্টেন মাহমুদের হাত থেকে অন্তর্টা নিয়ে কাঁধে তুলল রানা। ওভারকোটের পকেটে দু’হাত ভরে নিশ্চিন্ত চেহারায় দূরের গাছটার দিকে তাকালেন ডষ্টর ইমতিয়াজ।

বাটন স্পর্শ করল রানা। আবার সেই গুঞ্জন উঠল, তার পরপরই টুকরো টুকরো হয়ে নানাদিকে ছিটকে গেল দূরের ওই গাছ। বিক্ষেপণের আওয়াজটা এসে পৌছুল দেড় সেকেন্ড পর।

‘সন্তুষ্ট?’ কৌতুকভরে রানার চোখে তাকালেন প্রতিভাবান বিজ্ঞানী। ‘চলুন, ফেরা যাক। মনে হচ্ছে বৃষ্টি আসবে।’ রানার হাত থেকে অন্তর্টা নিয়ে নিলেন তিনি, তারপর বললেন, ‘ফেরার আগে একটা কাজ বাকি রয়ে গেছে।’

কয়েক পা সরে পাহাড়ের মাথায় খাদের ধারে পড়ে থাকা পাথরগুলোর কাছে থামলেন ডষ্টর ইমতিয়াজ, দু’হাতে শক্ত করে ব্যারেলটা ধরে মাথার উপর তুলে ফেললেন সনিক মিরাকল, তারপর রানা কিংবা তারেক বাধা দেবার আগেই গায়ের জোরে নামিয়ে আনলেন ওটা পাথরগুলোর উপর। ফেটে গেল প্লাস্টিকের বাক্স, ওটা ভিতর থেকে খসে খাদের মধ্যে গিয়ে পড়ল ভাঙা ট্র্যানফিস্টর, ক্যাপাসিটর ও অসংখ্য ইলেক্ট্রনিক সার্কিট ও যন্ত্রাংশ।

আরও কয়েকবার আছড়ে অন্তর্টাকে ভাঙ্গাচোরা ধাতব নল ও কাঠের জঞ্জল বানিয়ে ফেললেন ভদ্রলোক, যখন বুবালেন ওটা আর কারও কোনও কাজে আসবে না, তখন ছুঁড়ে ফেলে দিলেন

খাদের ভিতর। চোখের পলকে নীচের দিকে রওনা হয়ে গেল সনিক মিরাকলের ধ্বংসাবশেষ। একটু পর শক্ত কিছুর উপর ওটার পতনের আওয়াজ ভেসে এলো আবছাভাবে।

‘কেন, ডষ্টর?’ নীরবতা ভেঙে জিজ্ঞেস করল রানা।

‘ফিরে চলুন, তারপর বলব,’ ঘুরে দাঁড়ালেন ডষ্টর ইমতিয়াজ, গম্ভীর চেহারায় রওনা হয়ে গেলেন ফিরতি পথে।

বামবাম করে বৃষ্টি নামল আকাশ ভেঙে। বাড়ল বাতাসের জোর।

রানার পাশে হাঁটতে হাঁটতে ক্যাপ্টেন মাহমুদ বলল, ‘পাগল নাকি লোকটা!'

জবাব দিল না রানা।

ওরা তাঁবুতে ফিরে পোশাক পাল্টানোর পনেরো মিনিট পর নড়ে উঠল তাঁবুর ফ্লাপ, ভিতরে ঢুকলেন ডষ্টর ইসমাইল ইমতিয়াজ।

‘বসুন,’ তাঁকে নিজের বিছানাটা দেখাল রানা।

মাথা নাড়লেন ডষ্টর। ‘বসব না। আলাপটা সেরে ফেলতে এলাম।’

‘বলুন?’

‘আমি কি বাংলাদেশে রাজনৈতিক আশ্রয় পাচ্ছি?’ রানার চোখে তাকালেন ডষ্টর ইমতিয়াজ, রানা চুপ করে থাকায় আবার বললেন, ‘অত্যাধুনিক একটা ল্যাবোরেটরি দিতে হবে আমাকে, সেই সঙ্গে সমস্ত নাগরিক সুযোগ-সুবিধা। বদলে আপনাদের হাতে তুলে দেব আমি সনিক মিরাকল তৈরির নকশা।’

চুপচাপ কিছুক্ষণ চিন্তা করল রানা, তারপর বলল, ‘আমাদের দেশে একটা মাত্র ল্যাবোরেটরি আছে, যেটাতে আধুনিক সবরকম ইকুইপমেন্ট পাবেন আপনি। তবে ওখানে যিনি গবেষণা করেন, তাঁকে কাজ করতে হয় কড়া নিরাপত্তা ও প্রহরার মধ্যে, ল্যাবোরেটরির সমস্ত নিয়ম মেনে। ওখানে

অ্যারোনটিক্সের ওপর রিসার্চ করছেন...’

‘কোনও আপত্তি নেই আমার। ...অ্যারোনটিকাল সেন্টারেও কিছু কাজ করব আমি। আমার যে-কোনও আবিষ্কার নিজেদের প্রয়োজনে ব্যবহার করতে পারবেন আপনারা। কথা দিতে পারি, কোনও আপত্তি করব না।’

‘ডষ্টর নাদিরার নাম শুনেছেন?’ জিজ্ঞেস করল রানা। জবাবের অপেক্ষা না করে নিজেই বলল, ‘চিনের কাছ থেকে উপহার পাওয়া দুটো স্টগল ফাইটার জেট নিয়ে আমাদের একমাত্র টপ-প্রায়োরিটি সিক্রেট ল্যাবোরেটরিতে গবেষণা করছেন তিনি। আপনি নিজেও হয়তো আগ্রহী হবেন তাঁর কাজে। “দুরন্ত স্টগল” প্রজেক্টে আপনার মত প্রতিভাবান বিজ্ঞানীকে পেলে বোধহয় কৃতজ্ঞ বোধ করবে আমাদের সরকার।’

একটু দ্বিধায় ভুগলেন ডষ্টর ইমতিয়াজ, জ্ঞ কুঁচকে বললেন, ‘নামটা চেনা চেনা লাগছে। একটা গুজব কানে এসেছে বটে আমার, বাংলাদেশ নাকি চিনের সাহায্য-সহযোগিতায় একটা সুপার ফাইটার জেট তৈরি করেছে। ডষ্টর নাদিরা বোধহয় ওগুলোর ডেভেলপমেন্ট নিয়েই কাজ করছেন? ল্যাবোরেটরি শেয়ার করতে ভাল লাগবে না, তবে এর চেয়ে অনেক কঠিন শর্তেও রাজি না হয়ে আসলে উপায় নেই আমার। পালাতে পালাতে পেরেশান হয়ে গেছি আমি।’

‘আপনি চান আমরা আপনাকে নিয়ে যাই আমাদের দেশে,’ বলল ক্যাপ্টেন মাহমুদ, ‘আর সেজন্যেই নষ্ট করে ফেললেন আপনার সনিক মিরাকল?’

‘হ্যাঁ।’ নিজের মাথায় টোকা দিলেন ডষ্টর ইমতিয়াজ। ‘ওটার ডিয়াইন আছে শুধু এখানে। আমাকে রাজনৈতিক আশ্রয় আর নিজের ইচ্ছেমত গবেষণার সুযোগ দেবার বদলে ডিয়াইনটা পেতে পারে বাংলাদেশ।’

‘ভালমত না ভেবে ঝটপট এতবড় একটা সিদ্ধান্ত নেয়া

আমার পক্ষে সন্তুষ্ট নয়,’ বলল রানা। ‘বসের সঙ্গে যোগাযোগ করব, আশা করি কালকেই জানতে পারবেন আমাদের সিদ্ধান্ত।’

মাথা দোলালেন ডষ্টের ইমতিয়াজ। ‘বেশ। বহু পথ হেঁটেছি আমি! ক্লান্ত ভঙ্গিতে ঘুরে দাঁড়ালেন তিনি, মনে হলো হঠাতে করেই যেন রিক্ত-নিঃস্ব হয়ে পড়েছেন। তাঁর থেকে বেরিয়ে যাবার আগে বললেন, ‘আমাকে আমার ল্যাবোরেটরিতেই পাবেন।’

‘সিদ্ধান্ত যা-ই হয়, কাল দুপুরের আগে আপনাকে জানিয়ে দেব আমি,’ পিছন থেকে বলল রানা।

কেটে গেল বাদলবারা সন্ধ্যা, নামল নিকষ কালো রাতের অঁধার। এখনও বারবার ঝারছে বারিধারা।

পরদিন তোরে ঘূম থেকে উঠে অস্তির বোধ করল ক্যাপ্টেন মাহমুদ, বারবার ভাবল মাসুদ ভাইকে ডেকে তোলে, কিন্তু এত গভীর ঘূম থেকে তুলতে শেষপর্যন্ত ইচ্ছে হলো না। হঠাতে এত ঘূম কেন, ভেবে একটু অবাকাই লাগল ওর।

দুপুরের আগে অবশ্যে গভীর ঘূম থেকে জাগল রানা। শুয়ে থেকেই হাই তুলে আড়মোড়া ভাঙল ও, বিড়বিড় করে বলল, ‘মরে গেছি! বাবারে! হাড় মুড়মুড়ি ব্যারামে ধরেছে আমাকে! সারা শরীর টিস্টিস করছে ব্যথায়! আস্তে আস্তে উঠে বসল ও শক্ত মেঝেতে, চোখ পিটপিট করে দেখল ক্যাপ্টেন মাহমুদকে, তারপর ঘূম-জড়ানো স্বরে বলল, ‘আলতাফকে রেডিও করে বলো, এসে নিয়ে যাক আমাদেরকে এখান থেকে।’

হ্যাভারস্যাক খুলে খুদে ট্র্যান্সমিটারটা বের করল ক্যাপ্টেন মাহমুদ। ‘সঙ্গে নিশ্চয়ই ডষ্টের ইমতিয়াজকেও নিছি আমরা?’

আড়ষ্টভঙ্গিতে মাথা দোলাল রানা। ‘সেটাই তো আমাদের মিশন, তা-ই না?’

## তিনি

পরদিন সকাল সাড়ে নটা।

বসের ডাক পাওয়ার জন্য নিজের অফিস কামরায় তারেক মাহমুদকে নিয়ে অপেক্ষা করছে রানা। একটু আগে দু-কাপ কফি রেখে গেছে রানার সেক্রেটারি মিথিলা। কফির কাপে মৃদু চুমুক দিয়ে টেবিলের ওদিকে বসা ক্যাপ্টেনের দিকে মেজর জেনারেলের ভঙ্গিতে তাকাল রানা। এপাশ-ওপাশ মাথা নেড়ে বলল, ‘দোয়া-দরং যা জানো পড়তে থাকো, মাহমুদ। একটু পরেই পরীক্ষার চূড়ান্ত ফলাফল জানিয়ে দেয়া হবে তোমাকে।’

কফির কাপটায় তৃতীয় চুমুক দিতে যাচ্ছিল রানা, খ্যানখেনে সুরে বেজে উঠল ইন্টারকম। একটা বাটন টিপে স্পিকার অন করল ও। ইলোরার কঠ ভেসে এল। তাগাদার ভঙ্গিতে বলল সে, ‘মাসুদ রানা, ক্যাপ্টেন মাহমুদকে সঙ্গে নিয়ে এক্সুনি তোমাকে দেখা করতে বলেছেন বস্। ইমিডিয়েটলি।’

‘ও, বস্?’ হাসি ফুটল রানার ঠোঁটে। মধু-বারানো কঠে বলল, ‘তোমার আর্জেন্সি দেখে আমি ভেবেছিলাম ডাকছ তুমি!’

‘সাবধান!’ নিচুকঠে বলল ইলোরা। ‘বসের লাইন কিন্তু খোলা।’

হেসে উঠল রানা। ‘ওসব চাপাবাজি রাখো তো, সুন্দরী। আগে বলো আজ রাতে কোথায় আমরা একসঙ্গে ডিনার...’

‘ডিনারের অনেক দেরি আছে,’ ভারী, গম্ভীর কঠ ভেসে এল ইন্টারকমে। আঁৎকে উঠল রানা। লাফিয়ে উঠে দাঁড়াল চেয়ার হেঁড়ে, কাপ থেকে ছলকে টেবিলের উপর পড়ল কফি।

‘আপাতত এসো, হাতের কাজটা সেরে নেয়া যাক,’ বলেই খটাস্ক করে রিসিভার নামিয়ে রাখলেন রাহাত খান।

খিলখিল করে হেসে উঠল মিথিলা।

হাস্যরতা সেক্রেটারির দিকে ঝুঁকে কটমট করে তাকিয়ে তিন সেকেন্ডে ওকে ছাই বানিয়ে দিল রানা, তারপর তারেক মাহমুদকে ইশারা করে বেরিয়ে পড়ল নিজের অফিস-কামরা থেকে। কফি ফেলেই ছুটল ওরা লিফটের দিকে।

ইলোরার কৌতুকপূর্ণ তর্যকদৃষ্টি গায়ে না মেখে মেজর জেনারেলের দরজার সামনে গিয়ে দাঁড়াল রানা, টাইয়ের নট ঠিক করে নিয়ে দু'বার টোকা দিল দরজায়।

‘কাম ইন!’ ভেসে এলো পরিচিত গুরুগন্ধীর কষ্ট।

রানার পিছু নিয়ে ঢুকল তারেক মাহমুদ, মুখটা শুকনো।

‘বসো।’ সিগার তাক করে চেয়ার দেখালেন রাহাত খান। ওরা বসতেই রানার দিকে তাকালেন। ‘ডষ্টর ইমতিয়াজকে ছেড়ে এসেছ কোথায়?’

‘কুমিল্লা ক্যান্টনমেন্টে, স্যর,’ জবাব দিল রানা। ‘আমাদের তুইন আর রূপম তার দায়িত্ব বুঝে নিয়েছে।’

‘বডিগার্ডকে ওই দুর্গম এলাকায় ফেলে আসতে গড়িমসি করেনি ডষ্টর?’

‘সামান্যই। যুক্তিবাদী মানুষ, স্যর। বডিগার্ড লোকটা হরিণ শিকার করতে বেরিয়ে গেছে, কখন ফিরবে তার ঠিক নেই; এদিকে সি-প্লেন হাজির। ভারতীয় এলাকায় তার অপেক্ষায় অনিদিষ্ট সময় বসে থাকা আমাদের পক্ষে সম্ভব নয়, এসব বিবেচনা করে অখুশি হলেও ওর জন্যে একটা চিঠি লিখে রেখে রাখলা হয়ে গেছে।’

সিগারের ধোঁয়া ছেড়ে মুখটা আড়াল করলেন মেজর জেনারেল। ‘মাহমুদ, রিপোর্ট লেখা হয়েছে তোমার?’

‘জী, স্যর।’

‘তা হলে, মাহমুদ, রিপোর্ট যা লিখেছ তা মুখে শোনাও আগে।’

নড়েচড়ে বসল ক্যাপ্টেন।

‘আমাদের পুরো অ্যাসাইনমেন্ট পরিকল্পনা-মাফিক এগিয়েছে, স্যর,’ সন্তুষ্টির সঙ্গে বলল সে। ‘অ্যাসাইনমেন্ট টোটালি সাকসেসফুল, স্যর। সনিক মিরাকলটা অবশ্য সঙ্গে করে আনতে পারিনি আমরা। তবে ডষ্টর ইমতিয়াজ যেহেতু ওটার নাড়ি-নক্ষত্র জানেন, কাজেই বড় কোনও ক্ষতি হয়নি। শীঘ্র আমরা আরেকটা সনিক মিরাকল...’

‘ওটা যে-কেউ বানাতে পারে,’ উৎসাহী তরঙ্গকে থামিয়ে দিলেন নিরাসক রাহাত খান।

‘স্যর?’ চোখ বড় বড় করে একবার রাহাত খান, আরেকবার রানাকে দেখল ক্যাপ্টেন মাহমুদ। ‘কিন্তু ওরকম একটা অস্ত্র...’

রানার দিক থেকে তারেকের দিকে সিগার তাক করলেন মেজর জেনারেল। ‘রানা, ওকে বলো ওটা কী।’

‘তুমি একটা খেলনা দেখেছ, মাহমুদ,’ বলল রানা। ‘খেলনাটা গুঞ্জন তোলে, আর গাছ বা পাথর বিস্ফোরিত হয়। তুমি একবারও খেয়াল করোনি কোথায় আমরা লক্ষ্যস্থির করব, সেটা ঠিক করে দিচ্ছিল স্বয়ং ইসমাইল ইমতিয়াজ। গোটা ব্যাপারটা ছিল একটা পাকিস্তানী ধাঙ্গাবাজি।’

‘জী?’

‘ধাঙ্গাবাজির খেলায় ওর বেঁধে দেয়া নিয়মে না খেললে তুমিও ধরতে পারতে,’ বলল রানা। ‘যখন আমার পালা এলো, মরা গাছটায় তাক করতে বলল আমাকে, মনে আছে?’ মাহমুদ মাথা ঝাঁকানোয় বলে চলল রানা, ‘ওই গাছ থেকে পপগশ গজ দূরে ফাঁকা জায়গায় তাক করলাম আমি। তাতে ফলাফল পাল্টায়িনি, ঠিকই ছিন্নভিন্ন হয়ে গেছে গাছটা।’

বারকয়েক হাঁ করে আবার মুখ বন্ধ করল ক্যাপ্টেন মাহমুদ,

কথা বলতে পারল না। তারপর ভাষা ফিরে পেল, ‘কিন্তু...  
কিন্তু...’

‘ডিনামাইট,’ এক কথায় জবাব দিল রানা। ‘আর সেজন্যেই  
আমাদের দিক থেকে টার্গেটের দিকে বাতাস বয়ে যাবে এমন  
একটা দিন বেছেছিল লোকটা। নইলে ধোঁয়ার গন্ধ নাকে আসত,  
ওর চালিয়াতি ধরে ফেলতাম আমরা। নিজেদের পছন্দমত  
কোনও টার্গেট বেছে নিয়ে আরও একটা-দুটো গুলি করার  
আবদার যাতে না করতে পারি, সেজন্যে ডেমনস্ট্রেশন হয়ে  
যেতেই তাড়াতাড়ি ভেঙে ফেলেছিল খেলনাটা, পরে পরীক্ষা করে  
দেখার সুযোগ রাখেনি। বৃষ্টির ছুতোয় আমাদের নিয়ে ফিরতি  
পথ ধরেছিল ঘটপট।’

রানা চুপ করে যাওয়ার পরও কিছু বললেন না রাহাত খান।  
ইতস্তত করে জিজেস করল ক্যাপ্টেন মাহমুদ, ‘যা বললেন  
সেসব কি অনুমান, নাকি প্রমাণও আছে এসবের, মাসুদ ভাই?’

‘প্রমাণ আছে,’ বলল রানা। ‘রাতে তুমি যখন ঘুমিয়ে  
পড়লে, চড়াই-উত্তরাই ভেঙে আমি ফিরে গিয়েছিলাম ওই খাদের  
ধারে। খাদ পার হয়ে টার্গেটগুলোর গোড়া থেকে প্রমাণ সংগ্রহ  
করেছি। ওখানে একজনের সঙ্গে দেখা করে ফিরতে ফিরতে প্রায়  
ভোর হয়ে গিয়েছিল। সেজন্যেই গতকাল ঘুম থেকে উঠতে দেরি  
হয়েছে আমার। সংগ্রহ করা নমুনাগুলো আমাদের ল্যাবে পরীক্ষা  
করা হয়েছে। ফুলার্স আর্থ আর মোম মাখানো কাগজ পাওয়া  
গেছে ওগুলোতে।’

‘ফুলার্স আর্থ?’

‘তিনভাগ নাইট্রোগ্লিসারিনের সঙ্গে একভাগ ফুলার্স আর্থ  
দেয়া হয় এ-ধরনের ডিনামাইটে। মিশ্রণটাকে একসঙ্গে রাখতে  
মুড়ে রাখা হয় মোম মাখানো কাগজ দিয়ে।’

সিগারে টান দিয়ে ওটা নিভে গেছে দেখে অ্যাশট্রেতে  
নামিয়ে রাখলেন মেজের জেনারেল রাহাত খান, তারপর জিজেস

করলেন, ‘ঠিক সময়ে ওগুলো ফাটাল কী করে ওই নকল  
ইসমাইল ইমতিয়াজ?’

‘ও ফাটায়নি, স্যর। ও শুধু ইশারা দিয়েছে। নিজে যখন  
লক্ষ্যস্থির করল, তার আগে মাফলার ঠিক করেছিল। তারেকের  
বেলায় কপাল থেকে ঘাম মুছেছিল। আমার বেলায়  
ওভারকোটের পকেটে পুরে দিয়েছিল দু’হাত। খাদের ওদিকের  
পাড়ে ফিল্ডগ্লাস নিয়ে লুকিয়ে বসে ছিল তার সহকারী। ইশারা  
অনুযায়ী নির্দিষ্ট ডেটোনেট অ্যাকটিভেট করেছে সে।’

বিস্ময় কাটিয়ে উঠে জিজেস করল ক্যাপ্টেন মাহমুদ,  
‘আপনি কি শিওর, না আন্দাজ করছেন, মাসুদ ভাই?’

‘শিওর। রাতে ওখানে গাফ্ফার খানের ক্যাম্পে গিয়েছিলাম  
আমি।’

‘কপাল ভাল যে বেঁচে ফিরতে পেরেছেন,’ অঙ্কুট স্বরে বলল  
তরুণ ক্যাপ্টেন। ‘লোকটার হাতের টিপ সাজ্যাতিক।’

ওর কথাটা শুনতে পেয়ে রানা বলল, ‘সত্যিই, হাতের টিপ  
খারাপ ছিল না লোকটার।’

রানার মুখে “ছিল” শব্দে একটু থমকে গেল ক্যাপ্টেন  
মাহমুদ। তার মানে বদমাশটা খতম! সামলে নিয়ে জিজেস  
করল সে, ‘এতসব কেন করল ওরা, মাসুদ ভাই?’

‘আসাম থেকে নকল বিজ্ঞানীকে নিয়ে ফেরত আসবার  
আগেই ওই প্রশ্নের জবাবটা বুঝে ফেলা উচিত ছিল তোমার,’  
গম্ভীর চেহারায় বললেন রাহাত খান।

‘কিন্তু আমাদেরকে ডষ্টেরের যে ডোশিয়ে দেখানো হয়েছে,  
তাতে সাঁটা ছবি আর ওই লোকের চেহারা তো একদম  
একইরকম, স্যর!’ বিড়বিড় করল মাহমুদ।

‘ট্রু কপি,’ বলল রানা। ‘কিন্তু নিখুঁত প্লাস্টিক সার্জারিতেও  
সূক্ষ্ম সাদা দাগ থেকে যায়। ওই লোকটার মুখের বামপাশেও  
ওরকম একটা চুলের মত সরু দাগ ছিল। ইসমাইল ইমতিয়াজ

দুনিয়ার অন্যতম সেরা একজন ফিফিসিট। কয়েক মাস আগে নিখোঁজ হয়ে গেছেন তিনি, অথচ তাকে জোরেশোরে খুঁজছে না পাকিস্তান সরকার, এটা কি বিশ্বাসযোগ্য ব্যাপার? বিজ্ঞানী-উদ্বারের ব্যাপারে পাকিস্তানি ইন্টেলিজেন্সের সেরকম কোনও তৎপরতার খবর আসেনি আমাদের কাছে। ওরকম কোনও তথ্য পাওয়া গেলে ব্রিফিংয়ের সময় উল্লেখ করা হতো। এ থেকে আমি ধরে নিই, আসল বিজ্ঞানী পালাননি। তা হলে ওই লোকটা কে? অ্যাসাইনমেন্ট দেবার সময় এই অফিসেই আমরা জানতে পারি, ট্র্যাসমিশনটা আর কারও রিসিভ করার কথা নয়। লোকটার তাঁরুতে আমরা যখন চুকলাম তখন একটা ট্র্যাসমিটার দেখেছিলাম। ওই আমেরিকান ট্র্যাসমিটার বলে দিচ্ছে লোকটার পরিচয়।’

‘ঠিক!’ ঘন ঘন কয়েকটা ঢোক গিলল ক্যাপ্টেন মাহমুদ। ‘সিআইএ!’ চট করে রাহাত খানের দিকে তাকাল সে। ‘স্যর, আমি কি একটা কথা জিজ্ঞেস করতে পারি?’

‘করো।’

‘আমাদের ফ্রিকোয়েন্সি তো জেনে গেছে ওরা! এ-ক’দিনে যত গোপন তথ্য...’

হাসির সূক্ষ্ম রেখা দেখা দিয়েই মিলিয়ে গেল মেজের জেনারেলের ঠোঁট থেকে। ‘যখন বিজ্ঞানীকে ফ্রিকোয়েন্সি জানানো হয়, তার পরপরই আমাদের অফিশিয়াল ফ্রিকোয়েন্সি পাল্টে ফেলেছি আমরা।’ তাকালেন তিনি রানার দিকে। ‘গো অন, রানা।’

‘নকল বিজ্ঞানী বলেছিল, পার্টসগুলো তৈরি করতে হবে অত্যাধুনিক গবেষণাগারে, তার ব্যক্তিগত তত্ত্বাবধানে। রাজনৈতিক আশ্রয় ও গবেষণার সুযোগ চেয়েছিল সে। আসলে চেয়েছিল আমাদের টপ সিকিউরিটি গবেষণাগারে চুক্তে। অ্যারোনটিকাল সেক্টরেও কাজ করতে চায় জানিয়ে আমাকে খেলিয়ে তুলতে চাইল নকল ডষ্টর ইমতিয়াজ। আমিও টোপ

ফেললাম, বললাম: ডষ্টর নাদিরার সঙ্গে দুরন্ত টাঙ্গল প্রজেক্টে হয়তো রিসার্চ করতে পারবে সে। গড়িমসির ভাব করে টোপটা গিলল। দুরন্ত টাঙ্গলের ব্যাপারে চিনের কাছ থেকে কোনও তথ্য সংগ্রহ করতে পারবে না সিআইএ, কাজেই নজর দিয়েছিল ওরা আমাদের ওপর। হয়তো ধরে নিয়েছিল, তৃতীয় বিশ্বের গরীব এই দেশটা থেকে গোপন তথ্য সংগ্রহ করা সহজ হবে। আমরা যখন জানতে পারতাম বিস্ময়কর অস্ত্র সনিক মিরাকল আসলে ভুয়া, ততক্ষণে আমেরিকার দালাল নকল ইসমাইল ইমতিয়াজ চলে যেত ধরা-ছোয়ার বাইরে। অ্যাকসেস কোড জেনে নিয়ে ল্যাবোরেটরির কম্পিউটার টার্মিনালে বসতে পারলে ডিভিডিতে গোপন গবেষণার যাবতীয় তথ্য রাইট করে নিয়ে সরে পড়ার প্ল্যান ছিল ওর। তার পালানোর ব্যবস্থা আগে থেকেই করে রাখা হয়েছিল নিশ্চয়ই। টপ প্রায়োরিটি রিসার্চ ল্যাবোরেটরির সিকিউরিটি সিস্টেম নতুন করে দেলে সাজাচ্ছেন আমাদের বিশেষজ্ঞরা। আমরা আশা করছি সিকিউরিটি ফ্ল-র ব্যাপারে শীঘ্র মুখ খুলবে নকল বিজ্ঞানী, জানা যাবে কীভাবে কী করার ইচ্ছে ছিল তার। এরইমধ্যে সিআইএ-র প্লাটিং সমষ্টে মুখ খুলেছে লোকটা। জানা গেছে পাকিস্তানি সামরিক সরকার আমেরিকার সুনজরে থাকতে সিআইএ-র কথায় নেচেছে। পত্রিকার খবর, গাড়িবোমা, আত্মাঘাতী বোমা—সব ভুয়া।’

রানা চুপ করে যাওয়ার পর নীরবতা নামল বিসিআই চিফের অফিসে। মাঘের শীতেও দরদর করে ঘামছে তারেক মাহমুদ, বারকয়েক ঢোক গিলল। পরিষ্কার বুঝতে পারছে, ওকে নেয়া হবে না বিসিআই-এ। জীবনের প্রথম অ্যাসাইনমেন্টেই সম্পূর্ণ ব্যর্থ হয়েছে ও। লজ্জায় মাটিতে মিশে গেল ছেলেটা, মুখ নিচু করে কোলের উপর ফেলে রাখা হাতের দিকে চেয়ে বসে থাকল চুপচাপ।

‘তুমি এসো, তারেক,’ জলদ গল্পীর স্বরে বললেন রাহাত

ଖାନ ।

ଚମକେ ଉଠେ ଦାଁଡ଼ାଳ ତରଣ କ୍ୟାଗେଟନ, ବୁକେର କାହେ ଝୁଲେ  
ପଡ଼େଛେ ମାଥା । ସାଲାମ ଦିଯେ ସ୍ଵଳିତ ପାଯେ ବେରିଯେ ଚଲେ ଗେଲ ।

ରାନାର ଦିକେ ତାକାଳେନ ବିସିଆଇ ଚିଫ । ‘ଓୟେଲ, ରାନା?  
ହୋଯାଟ ଅୟାବାଉଟ ହିମ?’

‘ଓକେ ଦିଯେ ହବେ, ସ୍ୟର,’ ନିର୍ଦ୍ଧାଯ ବଲଲ ରାନା, ‘ସାହସ ଆଛେ  
ଓର । ଦେଶପ୍ରେମେରୀ କମତି ନେଇ, ସ୍ୟର । ବାକିଟୁକୁ ଠିକଇ ଶିଖେ  
ନେବେ ।’

‘ଆଛା । ଚିଠି ପରେ ଯାବେ, ତବେ ଓର ପରୀକ୍ଷାର ଫଳାଫଳ  
ଆନଅଫିଶିଆଲି ଓକେ ଜାନିଯେ ଦିତେ ପାରୋ ତୁମି ।’ ପାଶ ଥେକେ  
ମୋଟା ଏକଟା ଫାଇଲ ଟେନେ ନିଲେନ ରାହାତ ଖାନ, ମନୋନିବେଶ  
କରଲେନ ଓତେ ।

ଏର ମାନେ, ଏବାର ବିଦାୟ ହୋ, ବାଢା । ଆମାର କାଜ ଆଛେ ।

ନିଃଶବ୍ଦେ ଚେଯାର ଛେଡେ ଉଠେ ଦାଁଡ଼ାଳ ରାନା, ପା ଟିପେ ବେରିଯେ  
ଏଲୋ ବୁଡ଼ୋ ରଯ୍ୟାଲ ବେଙ୍ଗଲ ଟାଇଗାରେର ଖାଚା ଥେକେ । ଦରଜାଟା  
ଭିଡ଼ିଯେ ଦେଯାର ଆଗେ କାନେ ଏଲ, ମୃଦୁକଟ୍ଟେ ବଲଲେନ ଓର ପିତ୍ତସମ  
ବ୍ୟକ୍ତି, ‘ଇଟ ଉଅୟ ଆ ଗୁଡ ଜବ, ମାଇ ବସ୍ୟ !’

‘ଥ୍ୟାଙ୍କ ଇଟ୍, ସ୍ୟର,’ ବଲେ ଦରଜା ବନ୍ଧ କରେ ଦିଲ ରାନା । କଟ୍ଟର  
ବୁଡ଼ୋର ପ୍ରଶଂସା ପେଯେ ବୁକଟା ଭରେ ଗେଛେ ଓର ଆନନ୍ଦେ ।

\*\*\*